The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 873 | 06 June 2025 | শুক্রবার ২৩ জ্যৈষ্ঠ ১৪৩২



Paladino calls for Mamdani's deportation, prompting backlash from mayoral candidate → Page 19

Pakistani TikToker shot dead at home → Page 19





FIFA Club World Cup Teams will be Training in New Jersey → Page 18

Trump's foreign policy frustrations are piling up → Page 19



### বাংলাদেশ সংকট

# ঘরে-বাইরে চাপের মুখে ইউনূস

মাসুদ করিম, *ঢাকা থেকে*



গণতন্ত্রে উত্তরণের পথে কঠিন সংকটে পড়েছে বাংলাদেশ। অর্ন্তবর্তি সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস নির্বাচন অনুষ্ঠানে ডিসেম্বরের মধ্যে কী অগ্রগতি সাধন করেন সেদিকে তাকিয়ে প্রভাবশালী মহল। বিএনপি চায় ইউনূসই নির্বাচন করুন। শান্তিপূর্ণ উপায়ে নির্বাচিত রাজনৈতিক দলের কাছে ক্ষমতা হস্তান্তর করুক। কারণ, নির্বাচন হলে অনেকটা প্রতিপক্ষহীন ফাঁকা মাঠে গোল দেবার মতো পরিবেশে বিএনপিই একমাত্র পক্ষ। অর্ন্তবর্তি সরকার আওয়ামী লীগের কর্মকান্ড নিষিদ্ধ করে সেই পথ উন্মুক্ত করে দিয়েছে। সরকারের পথ ধরে নির্বাচন কমিশন দলটির নিবন্ধন স্থগিত করে নির্বাচনে অংশগ্রহণের পথও রুদ্ধ করেছে। ফলে মাঠে একমাত্র খেলোয়ার বিএনপি। বিএনপি তাই পানি ঘোলা না করে ভালোয় ভালোয় নির্বাচন চাইছে। তাছাড়া, ইউনূসের সামনে নির্বাচন দেওয়া ছাড়া কোনও পথও খোলা নেই। বিএনপি তাই 'ওয়েট অ্যান্ড সি' পলিসি নিয়েছে।

সেনাবাহিনী ডিসেম্বরের মধ্যে নির্বাচনের সময়সীমা বেঁধে দিয়ে ইউনূসের সরকারকে চাপে রেখেছে। সম্প্রতি অফিসার্স এড্রেসে সেনাপ্রধান জেনারেল ওয়াকার উজ জামান একথা পুর্নব্যক্ত করেছেন। বাংলাদেশ সেনাবাহিনীর ক্ষমতা দখলের অভিলাশ নেই। শেখ হাসিনার পতনের আগে কিংবা পরে ক্ষমতা দখলের অনেক সুযোগ পেয়েছে। কিন্তু ক্ষমতা দখল করেনি। বরং সেনাপ্রধান বারবারই সৈন্যদের ব্যারাকে ফিরিয়ে নেবার লক্ষ্যে দ্রুততম সময়ে নির্বাচন চাইছেন। তাছাড়া, বাংলাদেশে সেনাবাহিনীর ক্ষমতা দখলের ইতিহাস থাকলেও তার পরিণতি খুব সুখকর নয়। ওয়ান ইলেভেনে তৎকালীন সেনাপ্রধান জেনারেল মঈন ইউ আহমেদ সেনাসমর্থিত ↘ *এরপর ২২ পৃষ্ঠায়*

# ঐক্যবদ্ধ ফোবানার আসর নায়াগ্রা ফলসে

আজকাল রিপোর্ট

ঐক্যবদ্ধ ফোবানার ৩৯তম আসর বসবে নায়াগ্রা ফলসে। দৃষ্টি নন্দিত বিশ্বের অন্যতম আর্কষনীয় নায়েগ্রা ফলছে চলছে বাংলাদেশিদের এই উৎসবের প্রস্তুতি। যার নেতৃত্ব দিবেন বাংলাদেশি কমিউনিটির পরিচিত মুখ ও বিশিষ্ঠ ব্যবসায়ী শাহ নেওয়াজ এবং গিয়াস আহমেদ। গত ২টি বছর নেতৃত্বের ভুল বোঝাবুঝির কারনে শাহ নেওয়াজ ও গিয়াস আহমেদের নেতৃত্বে পৃথক পৃথকভাবে ফোবানা অনুষ্ঠিত হয়। ২০২৩ সালে কানাডাতে ২টি ও ২০২৪ সালে নিউইয়র্ক এবং ম্যারিল্যান্ডে এ ফোবানা অনুষ্ঠিত হয়েছে। সময়ের প্রয়োজনে ও শুভাকাংখিদের অনুরোধে ফোবানা নেতৃবৃন্দ গত ২ ↘ *এরপর ২২ পৃষ্ঠায়*

# ১২ দেশের নাগরিকরা ট্রাম্প নিষেধাজ্ঞায়

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের জন্যে হুমকি হিসেবে বিবেচিত আফ্রিকা ও মধ্যপ্রাচ্যের মুসলিম অধ্যুষিত ১২ দেশের নাগরিকের প্রবেশেধিকার পুরোপুরি নিষিদ্ধ (ট্র্যাভেল ব্যান) এবং আরো ৭ দেশের নাগরিকের জন্যে আংশিক নিষেধাজ্ঞা জারি করেছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ৯ জুন সোমবার থেকে কার্যকর হবে এই নিষেধাজ্ঞা এবং এর আওতামুক্ত থাকবে ঐসব দেশের গ্রীণকার্ডধারী অথবা ইতিমধ্যেই পাওয়া নন-ইমিগ্র্যান্ট/ইমিগ্র্যান্ট ↘ *এরপর ২২ পৃষ্ঠায়*



# সম্পাদকের ঈদ শুভেচ্ছা

আজ পবিত্র ঈদুল আজহা। একই সঙ্গে আজ পবিত্র জুমার দিন। ঈদ মুসলিম উম্মার কাছে দিনটি আনন্দঘন। আমাদের সম্মানিত পাঠক, বিজ্ঞাপনদাতা ↘ *এরপর ২২ পৃষ্ঠায়*

# ইলন মাস্ককে ডিপোর্ট করার দাবি

## বিলিয়ন বিলিয়ন ডলার সরকারি ভর্তুকি বাতিলের হুমকি ট্রাম্পের

হাসান মাহমুদ



প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অত্যন্ত ঘনিষ্ঠ ও তাঁর সদ্য সাবেক উপদেষ্টা ইলান মাস্ককে ঘিরে সরকারের 'ইনার সার্কেলে' ব্যাপক আলোড়ন চলছে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বৃহস্পতিবার তার ট্রুথ সোশ্যালে লিখেছেন, ইলান মাস্কের প্রতিষ্ঠানের জন্য বরাদ্দ করা বিলিয়ন বিলিয়ন ডলারের ফেডারেল সুবিধা কাটছাঁট করা প্রয়োজন। এদিকে গতকাল দুপুরে হোয়াইট হাউসের সাবেক প্রভাবশালী কর্মকর্তা স্টিভ ব্যাননন-এর বক্তব্য বিভিন্ন মিডিয়ায় অতি গুরুত্বসহকারে প্রকাশিত হয়। তিনি প্রেসিডেন্ট ডোনাল্ড জে. ট্রাম্পকে ইলন মাস্কের 'ইমিগ্রেশন অবস্থা' তদন্ত করার এবং তাকে 'অবিলম্বে' যুক্তরাষ্ট্র থেকে ডিপোর্ট করার আহ্বান জানিয়েছেন। উল্লেখ্য ইলান মাস্ক দক্ষিণ আফ্রিকার নাগরিক। স্টুডেন্ট ভিসায় তিনি যুক্তরাষ্ট্রে এসেছিলেন। প্রেসিডেন্ট ট্রাম্পের প্রথম মেয়াদে সরকারের প্রধান ↘ *এরপর ২২ পৃষ্ঠায়*

# ঈদ জামাত যেখানে

আজকাল রিপোর্ট

আজ পবিত্র ঈদুল আজহা, ৬ জুন ২০২৫। মুসলমানদের জন্য এক মহা আনন্দের ↘ *এরপর ২২ পৃষ্ঠায়*

# ঘন্টায় ২০ ডলার বেতনের পক্ষে কুমো



আজকাল রিপোর্ট

নিউইয়র্ক স্টেটের সাবেক গভর্নর ও সিটির মেয়র পদ প্রার্থী এন্ড্রু কুমো প্রতি ঘন্টায় ২০ ডলার ন্যূনতম মজুরি নির্ধারণের প্রস্তাব করছেন। ২০২৭ সাল থেকে এই বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। ↘ *এরপর ২২ পৃষ্ঠায়*

# তারেকের হুঁশিয়ারি দুদু ও বুলুকে

আজকাল রিপোর্ট

বিএনপির ভাইস চেয়ারম্যান বরকত উল্লাহ বুলু ও শামসুজ্জামান দুদুকে সতর্ক করেছে ↘ *এরপর ২২ পৃষ্ঠায়*

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
সরকারী অনুদানে $8000-$10000
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave,Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377
RAJIB AHMED, PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
CenterLight Health System
Anthem.
Hamaspik MANAGED CARE
MetroPlusHealth
S W H Senior Whole Health.
FUHAD HUSSAIN
LIFE & HEALTH INSURANCE AGENT
MOHAMMAD ZAHID ALAM
CHIEF FINANCIAL OFFICER
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suite C
Ozone Park, NY 11416



সোহরাব হাসান-এর কলাম
বিএনপি কি তাহলে এক দফার আন্দোলনে গেল
০৫ পৃষ্ঠায়



মালিহা লোধি-এর কলাম
পাকিস্তানের সামনে নতুন চ্যালেঞ্জ
১২ পৃষ্ঠায়



মাসুদ কামাল-এর কলাম
কেন প্রশ্ন দ্বৈত নাগরিকত্ব নিয়ে
০৭ পৃষ্ঠায়





# নিউইয়র্ক সিটি কম্পট্রোলার পদে মার্ক লেভিন

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের জ্যাকসন হাইটস-এ হয়ে গেলো সিটি কম্পট্রোলার পদে মার্ক লেভিনকে ঘিরে এনডোর্স অনুষ্ঠান। 'কমিউনিটি ইউনাইটেড ডেমোক্র্যাটিক ক্লাব' (সিইউডিসি)-এর উদ্যোগে সানাই রেস্টুরেন্টে আয়োজিত এক অনুষ্ঠানে বাংলাদেশি ছাড়াও অন্যান্য কমিউনিটির মানুষ উপস্থিত ছিলেন। গত সোমবার আয়োজকদের পক্ষ থেকে ডা. সৈয়দ আল আমিন এই অনুষ্ঠানে বলেন, মার্ক ডি. লেভিন একজন আমেরিকান রাজনীতিবিদ এবং শিক্ষাবিদ। যিনি বর্তমানে ২৮তম ম্যানহাটন বরো প্রেসিডেন্ট হিসেবে ২০২২ থেকে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছেন। এর আগে তিনি সাউথ ব্রঙ্কসের একজন শিক্ষক ছিলেন। বাসস্থান এরপর ৪০ পৃষ্ঠায়

# কনস্যুলারের ফি বাড়ানোয় বাংলাদেশ সোসাইটির উদ্বেগ

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের বাংলাদেশ কনস্যুলেট ও মিশনের কনস্যুলার সার্ভিসের ফি অস্বাভাবিক হারে বৃদ্ধির প্রতিবাদ জানিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে যুক্তরাষ্ট্রে বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের শীর্ষ সংগঠন বাংলাদেশ সোসাইটি, ইনক। ফি বৃদ্ধির সিদ্ধান্তকে সম্পূর্ণ অযৌক্তিক ও প্রবাসী বিরোধী আখ্যা দিয়ে অবিলম্বে তা প্রত্যাহারের দাবি জানিয়েছে সোসাইটি। সাম্প্রতিক সময়ে বাংলাদেশের কনস্যুলেট সার্ভিসে কিছু সেবার ফি ৭৬ শতাংশ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। তবে একে প্রবাসীদের জন্য এক ধরনের আর্থিক শাস্তি বলে মনে করছে বাংলাদেশ সোসাইটি।

এদিকে ফি বৃদ্ধির প্রতিবাদ ও প্রবাসীদের জন্য বিভিন্ন সুযোগ-সুবিধার দাবি জানিয়ে পররাষ্ট্র মন্ত্রী তৌহিদ হোসেন বরাবর স্মারক লিপি দিয়েছে সোসাইটি। গত এরপর ৪০ পৃষ্ঠায়

## হোয়াইট হাউজ ছাড়তেই হলো ইলানকে

# ট্রাম্প-ইলান মাস্কের মধুচন্দ্রিমা শেষ

আজকাল রিপোর্ট



প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও বিলিয়নেয়ার ইলন মাস্কের মধুচন্দ্রিমা শেষ হয়েছে। অনেকটা আকস্মিকভাবেই হোয়াইট হাউজ থেকে তাকে বিদায় নিতে হয়েছে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইলান মাস্কের বিদায় উপলক্ষে এক সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন। হোয়াইট হাইজ থেকে বিদায় নেয়ার কয়েকদিন পরই ইলান মাস্ক ট্রাম্পের কঠোর সমালোচনা করতে শুরু করেন। বিশেষ করে বাজেট ঘোষণার পর ইলান মাস্ক একে জনগণের ওপর বোঝা চাপিয়ে দেয়া হয়েছে বলে মন্তব্য করেন। হোয়াইট হাউজে শুক্রবার দুপুর ১টা ৩০ মিনিটে ট্রাম্প ও মাস্কের একটি যৌথ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছিল। এদিন প্রেসিডেন্ট ট্রাম্প এই বিদায়ের বিষয়টিকে ইতিবাচকভাবে উপস্থাপন করার চেষ্টা করেন।

৭৮ বছর বয়সী প্রেসিডেন্ট ট্রাম্প গত বৃহস্পতিবার তার নিজস্ব সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম 'ট্রুথ সোশ্যাল'-এ মাস্কের প্রশংসা করে বলেন, 'আজই ওর শেষ দিন, তবে আসলে এটা বিদায় নয়, কারণ সে সব সময়ই আমাদের সঙ্গে থাকবে, সর্বদা সহযোগিতা করবে।' মার্কিন ভাইস প্রেসিডেন্ট জে ডি ভ্যান্স 'ডিপার্টমেন্ট অব গভর্নমেন্ট এফিশিয়েন্সির অধীনে মাস্কের কাজকে 'অবিশ্বাস্য' বলে আখ্যা দেন এবং বলেন, এই কর্মসূচি চালু থাকবে। এবারের সংবাদ সম্মেলনের পরিবেশ ছিল গত ফেব্রুয়ারিতে মাস্কের সেই নাটকীয় আগমনের চেয়ে অনেকটাই ভিন্ন। যখন মাস্ক তার ছোট সন্তানকে নিয়ে এরপর ৪৮ পৃষ্ঠায়

# বেঙ্গল ক্লাবের জমজমাট বাংলা বর্ষবরণ

আজকাল রিপোর্ট

নিউ জার্সির বেঙ্গল ক্লাব অব আটলান্টিক সিটির উদ্যোগে জমজমাট বাংলা 'বর্ষবরণ উৎসব' গত ২৮ মে এগ হারবার টাউনশিপের ৭০০৪ রিজ এভিনিউস্থ হলি ট্রিনিটি গির্জার মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সন্ধ্যা থেকে রাত এগারোটা পর্যন্ত এ 'বর্ষবরণ উৎসব' অনুষ্ঠানের বিভিন্ন আয়োজনের মধ্যে ছিল কথামালা, সংগীত, আবৃত্তি, বীর মুক্তিযোদ্ধা সম্বর্ধনা, র‍্যাফেল ড্র ও মেলা। মেলায় বাংলার ঐতিহ্যবাহী চারুকারু, খাবার-দাবার, বুটিক, পোশাক-পরিচ্ছদ ও গয়নাসহ নানারকম দেশীয় পণ্যের সমাহার ছিল। হল ভর্তি প্রবাসীদের নিয়ে বৈশাখী উৎসবের উদ্বোধন করেন বেঙ্গল ক্লাবের সভাপতি রানা কবির। স্থানীয় এরপর ৪৮ পৃষ্ঠায়



# এনওয়াইপিডিতে ৫ বাংলাদেশি আমেরিকান'র পদোন্নতি

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্টে (এনওয়াইপিডি) পদোন্নতি পেয়েছেন বাংলাদেশি আমেরিকান পাঁচ পুলিশ কর্মকর্তা। সম্প্রতি এনওয়াইপিডি সদর দপ্তরে আনুষ্ঠানিকভাবে তাদেরসহ সংস্থাটিতে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাদের হাতে সনদ তুলে দেন কমিশনার জেসিকা টিচ।

কমিশনার জেসিকা টিচ এ সময় সময় পদোন্নতিপ্রাপ্তদের স্বাগত জানানোর পাশাপাশি সিটিকে নিরাপদ রাখতে তাদের আরও দায়িত্বশীলতার সঙ্গে কাজ করার তাগিদ দেন। একই সঙ্গে কর্মকর্তাদের নিজেদের এরপর ৪৮ পৃষ্ঠায়

# আটলান্টিক সিটিতে মার্টি স্মলের উদ্যোগে সুহৃদ সমাবেশ

আজকাল রিপোর্ট

নিউ জার্সি রাজ্যের আটলান্টিক সিটিতে সিটি কাউন্সিলের প্রাইমারি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী মেয়র মার্টি স্মল ও তাঁর প্যানেলের নির্বাচনী প্রচারণার অংশ হিসেবে 'সুহৃদ সমাবেশ' এর আয়োজন করা হয়।

গত ২ জুন সিটির ২৭০৯ ফেয়ারমাউন্ট এভিনিউস্থ বাংলাদেশ কমিউনিটি সেন্টারে দুপুর তিনটা থেকে সন্ধ্যা সাতটা পর্যন্ত অনুষ্ঠিত সুহৃদ সমাবেশে ছিল কথামালা , শুভেচ্ছা বিনিময়, বারবিকিউ, আড্ডা, প্রার্থীদের সাথে মতবিনিময় ইত্যাদি। অনুষ্ঠানে মেয়র মার্টি স্মল, কাউন্সিল এট লার্জ প্রার্থী স্টিফেনি মার্শাল, প্যাটিসিয়া রেইলি, সোহেল আহমেদ বক্তব্য রাখেন।

তাঁরা আগামী ১০ জুন, মঙ্গলবার অনুষ্ঠিতব্য প্রাইমারি নির্বাচনে মেয়র প্যানেল সহ এরপর ৪৮ পৃষ্ঠায়



# আলোয় ঝলমল কুইন্স ঈদ বাজার

আজকাল রিপোর্ট

কুইন্সের জ্যামাইকায় অনলাইনভিত্তিক গ্রুপ দ্য বিউটিফুল লেডিস অফ ইউএসএ ও আল-আকসা পার্টি হলের যৌথ উদ্যোগে গত ৩১ মে এবং ১ জুন অনুষ্ঠিত হয়ে গেল 'কুইন্স ঈদ বাজার ২০২৫'। ছুটির দিন থাকায় ক্রেতা-দর্শনার্থীরা শেষ মুহূর্তের ভিড় এড়িয়ে স্বস্তিতে নিজেদের পছন্দের জিনিসপত্র কেনাকাটা করেছেন। কুইন্সের আল-আকসা পার্টি হলে দুইদিন ব্যাপী চলা এই ঈদ বাজার প্রতি দিন দুপুর ২টা থেকে রাত ১২টা পর্যন্ত সবার জন্য উন্মুক্ত ছিল। যেখানে ক্রেতারা এসে আনন্দ ও কেনাকাটার সুযোগ গ্রহণ করেন। মেলার এরপর ৪৬ পৃষ্ঠায়

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনে বাড়ি
পাবলিক অকশনে বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শরট-সেল ও REO প্রপার্টি
কল করুন:
৫১৬ ৪৫১ ৩৭৪৮
150 Groat Nack Road, Groat Nack, New York-11021
nurulazim67@gmail.com
Nurul Azim

Video & Photo
PRODUCTION SERVICES
Brand Videos
Event Coverage
Product Demos
Corporate Videos
Video Editing
Website www.dfcreative.org
Location Jamaica, NY 11432

আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যাবস্থা করে থাকি।
শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়
Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com

OPEN 24 HOURS
PANSHI NEVER SLEEP
আমরা সব ধরনের ক্যাটারিং করি
ভাল খাবার, সুন্দর পরিবেশ, ভাল সার্ভিস, কমদামে উপভোগ করুন।
$6.99 Midnight & Driver Special
PANSHI RESTAURANT & PARTY HALL
168-37/39 Hillside Ave, Jamaica, NY 11432
Tel: 718-480-8516, Fax: 718-480-8531

US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646-361-0250
Authorized IRS e-file Provider
One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com
Services : Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.

# NY INSURANCE BROKERAGE INC

NY I
NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: ihopeprint.com, 929-538-7903




**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

বিশেষ সম্পাদকীয়

## ৯ মাসে একটি জাতির জন্ম হয়
# সংস্কার শেষ হয় না!

তাজউদ্দীনরা পারলেন। সাড়ে সাত কোটি মানুষ পারলো। ৯ মাস সশস্ত্র যুদ্ধ করলো। লাখো মানুষের আত্মাহুতি ও ত্যাগে দেশ স্বাধীন হলো। তা ৯ মাসেই। বঙ্গবন্ধু দেশে ফিরলেন। ৭০ এর নির্বাচনে বিজয়ী বঙ্গবন্ধুর হাতে দেশটির শাসনভার তুলে দিলেন তাজউদ্দীন আহমেদের অস্থায় সরকার। ৯ মাসের যুদ্ধে একটি জাতির জন্ম হলো। আর ৯ মাসে একটি সংস্কারই করতে পারলেন না ইউনূসের সরকার। হাসিনামুক্ত ঐক্যবদ্ধ দেশবাসীকে হতাশ করলেন। সংস্কার সংস্কার করে পুরো জাতিকে কনফিউজড করছেন।

> তিনি অভ্যুত্থানের নায়কদের যমুনায় তলব করে বলেছেন, তোমরা সংযত হও নইলে আমি পদত্যাগ করবো। এ খবর প্রকাশের সঙ্গে সঙ্গে তামাম দুনিয়ায় তোলপাড় চলছে। কী হচ্ছে আসলে যমুনার ভেতরে? তবে সবশেষ খবর পাওয়া পর্যন্ত আপাতত পদত্যাগ নয় নতুন ভাবে পরিকল্পনা সাজাচ্ছেন ড. ইউনূস। দেখার বিষয় সামনের দিনগুলোতে চলমান সঙ্কটের সুরাহা কিভাবে করেন।অনেকে বলছেন, পদত্যাগের হুমকি নাটক ছাড়া কিছু নয়। এটি একটি টেস্ট কেস ছিল

অনুগতদের দিয়ে ৫ বছর থাকার টেস্ট বয়ান ভুমিতে পড়ে গেছে। ডিসেম্বরে নির্বাচনের কথা বলেও সংস্কারের অজুহাতে সরে আসলেন। এখন বলছেন, ডিসেম্বর থেকে জুলাই এর কথা। এতে রাজনৈতিক দলগুলোর মধ্যে আপনার প্রতি বিশ্বস্ততার মাত্রায় ভাটা পড়েছে। জাপানে গিয়ে বিএনপির উদ্দেশ্যে বললেন, একটি মাত্র দল ছাড়া কেউ ডিসেম্বরে নির্বাচন চায় না। অথচ এক সপ্তাহ পরেই রাজনৈতিকদলগুলোর সভায় আপনার উপস্থিতিতেই ৩০টি রাজনৈতিক দল ডিসেম্বরের মধ্যে নির্বাচন চেয়েছে। জামায়াত আকার ইঙ্গিতে চেয়েছে ফেব্রুয়ারি নাগাদ। এমন হলে আপনার মুখ থাকে কোথায়? নবেল লোরিয়েটতো আমাদের একটাই। সমালোচকরা আবার বলবেন, কম কথা বলাই শ্রেয়।

ইতিমধ্যেই যমুনায় জল গড়িয়েছে অনেক দূর। নির্বাচন নিয়ে সুস্পষ্ট রোডম্যাপ না আসা, সংস্কারের নামে কালক্ষেপণ, মানবিক করিডোর, বন্দর নিয়ে সরকারের ঘোলাটে অবস্থান, মব ভায়োলেন্স অব্যাহত থাকা নিয়ে ব্যাপক সমালোচনায় ড. ইউনূসের সরকার। সেনাপ্রধান জেনারেল ওয়াকার কঠোর বার্তা দিয়েছেন সরকারকে। তিনি সরকারকে মনে করিয়ে দিয়েছেন, ডিসেম্বরের মধ্যেই নির্বাচন হওয়া উচিত। মানবিক করিডোর, বন্দরের মতো স্পর্শকাতর ইস্যুগুলোর সিদ্ধান্ত নেয়ার বিষয় নির্বাচিত রাজনৈতিক সরকারের বলে তিনি মত দিয়েছেন। মব ভায়োলেন্স নিয়ে কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করেছেন। তারেক রহমানের বার্তাও স্পষ্ট। বিএনপি ইতিমধ্যেই নির্বাচন বিলম্বের প্রশ্ন তুলেছে। দৃশ্যত, বিএনপি ও নতুন দল এনসিপির মধ্যে চলছে ঠান্ডা যুদ্ধ। দু পক্ষই বেশকজন উপদেষ্টার পদত্যাগ দাবি করেছে।

অন্যদিকে, বিএনপি সরকারে থাকা দুজন ছাত্র উপদেষ্টার নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তুলেছে। এনসিপি তিনজন উপদেষ্টার পদত্যাগ দাবি করেছে। বাইরে তীব্র সমালোচনা, অন্তর্বর্তী সরকারের এখতিয়ার নেই এমন অনেক কাজে হাত দিয়েছেন বর্তমান উপদেষ্টা পর্ষদ। অথচ মূল কাজ হচ্ছে একটি সুষ্ঠু নির্বাচন আয়োজন। সে বিষয়ে 'রা' নেই। যতদিন দিন যাচ্ছে, রাজনৈতিক দলগুলোর সঙ্গে দূরত্ব বাড়ছে ড. ইউনূসের।

বিএনপি সরকারে থাকা দুজন ছাত্র উপদেষ্টার নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তুলেছে। এনসিপি তিনজন উপদেষ্টার পদত্যাগ দাবি করেছে। বাইরে তীব্র সমালোচনা, অন্তর্বর্তী সরকারের এখতিয়ার নেই এমন অনেক কাজে হাত দিয়েছেন বর্তমান উপদেষ্টা পর্ষদ। অথচ মূল কাজ হচ্ছে একটি সুষ্ঠু নির্বাচন আয়োজন। সে বিষয়ে 'রা' নেই। যতদিন দিন যাচ্ছে, রাজনৈতিক দলগুলোর সঙ্গে দূরত্ব বাড়ছে ড. ইউনূসের।

প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস পদত্যাগ করতে চেয়েছিলেন তার সামনে এর বিকল্প খুবই কম। পরিবর্তিত পরিস্থিতে ড. ইউনূসের নেতৃত্ব কঠিন চ্যালেঞ্জের মুখে। তিনি অভ্যুত্থানের নায়কদের যমুনায় তলব করে বলেছেন, তোমরা সংযত হও নইলে আমি পদত্যাগ করবো। এ খবর প্রকাশের সঙ্গে সঙ্গে তামাম দুনিয়ায় তোলপাড় চলছে। কী হচ্ছে আসলে যমুনার ভেতরে? তবে সবশেষ খবর পাওয়া পর্যন্ত আপাতত পদত্যাগ নয় নতুন ভাবে পরিকল্পনা সাজাচ্ছেন ড. ইউনূস। দেখার বিষয় সামনের দিনগুলোতে চলমান সঙ্কটের সুরাহা কিভাবে করেন।অনেকে বলছেন, পদত্যাগের হুমকি নাটক ছাড়া কিছু নয়। এটি একটি টেস্ট কেস ছিল।

# বিএনপি কি তাহলে এক দফার আন্দোলনে গেল

সোহরাব হাসান



দেশের শাসনক্ষমতায় অন্তর্বর্তী সরকার। কিন্তু ঢাকা শহরের সড়কের শাসন করে কখনো বিএনপি, কখনো জাতীয় নাগরিক পার্টি, কখনো জামায়াতে ইসলামী কিংবা অন্য কোনো দল।

নয়াপল্টনে দলীয় কার্যালয়ের সামনে তারুণ্যের সমাবেশে ১৫ লাখ লোকসমাগমের ঘোষণা দিয়েছিল বিএনপি। কিন্তু সাপ্তাহিক কর্মদিবসে ১৫ লাখ লোকসমাগম যে আরও কত লাখ লোকের অবর্ণনীয় ভোগান্তি ডেকে আনতে পারে, সেটা তাদের মাথায় ছিল বলে মনে হয় না। তারা মানিক মিয়া অ্যাভিনিউ কিংবা প্যারেড গ্রাউন্ডেও তারুণ্যের সমাবেশটি করতে পারত। তাতে নগরবাসীর দুর্ভোগ অনেক কম হতো। এ বিষয়ে বিএনপির এক কেন্দ্রীয় নেতার দৃষ্টি আকর্ষণ করলে তিনি কৈফিয়তের সুরে বললেন, তাঁরা ডিএমপিকে ১৫ লাখ লোকের উপস্থিতির কথা জানিয়ে চিঠি দিয়েছিলেন। কিন্তু তাদের পক্ষ থেকে কোনো বিকল্প স্থান কিংবা সময়ের কথা জানানো হয়নি। তাঁর দাবি, আওয়ামী লীগ আমলে ডিএমপিকে সমাবেশ করার জন্য চিঠি দিলে কমিশনার না হলেও তার নিচের কর্মকর্তারা কথা বলতেন। অন্তর্বর্তী সরকারের ডিএমপি পুরোপুরি নীরব।

> ডিসেম্বরে নির্বাচন না করার পক্ষে সরকারের যুক্তি হলো বর্তমানে আইনশৃঙ্খলা পরিস্থিতি যে অবস্থায় আছে, তাতে একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচন করা সম্ভব হবে না। বিএনপি মনে করে, নির্বাচন নিয়ে অনিশ্চয়তা আছে বলেই সবখানে অস্থিরতা চলছে। নির্বাচনের রোডম্যাপ ঘোষণা করতে সরকার যত দেরি করবে, পরিস্থিতি সামাল দেওয়া ততই কঠিন হবে

বুধবার সকালে শাহবাগে জামায়াতে ইসলামীও একটি সমাবেশ করে তাদের দলীয় নেতা এ টি এম আজহারুল ইসলামের মুক্তি উপলক্ষে। সেটির প্রভাব পড়ে সকালের যানজটে। পরে বিএনপির সমাবেশের কারণে সেই যানজট তীব্র আকার ধারণ করে। সন্ধ্যার পর ঢাকার বেশির ভাগ সড়ক স্থবির হয়ে পড়ে। সমস্যা হলো, যাঁরা জনগণের কল্যাণের কথা বলে রাজনীতি করেন, তাঁরা তাঁদের সমস্যা নিয়ে কম ভাবেন।

বুধবার তারুণ্যের সমাবেশ থেকে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান যে ঘোষণা দিয়েছেন ডিসেম্বরের মধ্যে নির্বাচন হতেই হবে, সেটা সরকারের জন্য কঠিন বার্তা বলেই মনে হয়। কোনো কোনো রাজনৈতিক বিশ্লেষক তাঁর এই ঘোষণাকে বিএনপির 'এক দফা দাবি' বলে অভিহিত করেছেন। তারেক রহমান নির্বাচনের বিষয়ে সরকারের আন্তরিকতা নিয়েও সংশয় প্রকাশ করেছেন। বলেছেন, সংস্কারের নামে সরকার অযথা সময়ক্ষেপণ করছে এবং সরকারের ভেতরে ও বাইরে কারও কারও ভিন্ন উদ্দেশ্য আছে।

নির্বাচন কমিশনের গেজেট বিজ্ঞপ্তির পরও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র পদে বিএনপিদলীয় প্রার্থী ইশরাক হোসেনকে শপথ না পড়ানোয় উষ্মা প্রকাশ করে তারেক রহমান বলেন,'যারা আইনের প্রতি শ্রদ্ধা দেখায় না, যারা আদালতের নির্দেশকে অবজ্ঞা করে, তাদের কাছ থেকে কতটুকু সংস্কার আশা করতে পারি?'

এই প্রশ্নের মাধ্যমে বিএনপির দ্বিতীয় প্রধান নেতা অন্তর্বর্তী সরকারকে সরাসরি আসামির কাঠগড়ায় দাঁড় করিয়েছেন। বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া, যিনি অন্তর্বর্তী সরকার আসার পর কোনো রাজনৈতিক বক্তব্য দেননি, তিনিও জিয়ার মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক আলোচনা সভায় অভিযোগ করেছেন, এখনো গণতন্ত্রের যাত্রা পদে পদে বাধাগ্রস্ত হচ্ছে।

কয়েক দিন আগে জুলাই ঐক্য নামের একটি সংগঠন শাহবাগে মার্চ ফর ইউনূস কর্মসূচি পালন করে। ওই সংগঠনের নেতারা আওয়াজ তুলেছেন ইউনূস সরকার পাঁচ বছর ক্ষমতায় থাকুক। সামাজিক যোগাযোগমাধ্যমেও ইউনূস সরকার পাঁচ বছর থেকে সংস্কারকাজ সম্পন্ন করুক বলে অনেকে আশা প্রকাশ করেছেন। এসব প্রচার বিএনপির নেতাদের সন্দেহ-সংশয় বাড়িয়ে দিয়েছে।

যুক্তির খাতিরে যদি ধরেও নেওয়া হয় ইউনূস সরকার পাঁচ বছর থাকবে, সেটা কীভাবে হবে? কেউ কেউ গণভোট নেওয়ার কথা বলেছেন। কিন্তু বাংলাদেশে গণভোটের অভিজ্ঞতা সুখকর নয়। দুজন সামরিক শাসক তাঁদের ক্ষমতা প্রলম্বিত করার জন্য গণভোট করেছিলেন। আর ১৯৯১ সালে রাষ্ট্রপতিশাসিত ব্যবস্থা থেকে সংসদীয় পদ্ধতিতে ফিরে আসার জন্য যে গণভোট হয়, সেটা ছিল আনুষ্ঠানিকতামাত্র। এর আগে জাতীয় ঐকমত্যের ভিত্তিতে জাতীয় সংসদে দ্বাদশ সংশোধনী পাস হয়।

তারুণ্যের সমাবেশে বিপুল জনসমাগম ঘটিয়ে বিএনপি দেখাতে চাইছে যে তরুণদের বৃহৎ অংশ তাদের সঙ্গে আছে। কিন্তু বিএনপির নেতাদের বুঝতে হবে লাখ লাখ টাকা খরচ করে বড় বড় সমাবেশ করার চেয়ে সেমিনার-ভিত্তি বিতর্ক অনেক বেশি কার্যকর। ঢাকার সমাবেশের আগের দিন বিএনপি যে এরপর ২৬ পৃষ্ঠায়

# হঠাৎ বদলে গেলো দৃশ্যপট

লুৎফর রহমান

অন্তর্বর্তীকালীন সরকার দায়িত্ব নেয়ার ৯ মাসের মাথায় পরিস্থিতি অনেকটা ঘোলাটে,টালমাটাল। অভ্যুত্থানের শক্তিগুলো বিভক্ত, বিভাজিত। স্বার্থের দ্বন্দ্ব, অবিশ্বাসে রাজনৈতিক দলগুলো পাল্টাপাল্টি অবস্থানে। বহুল প্রত্যাশিত একটি জাতীয় নির্বাচন নিয়ে ধোঁয়াশা সর্বত্র। পরিবর্তন আর সংস্কারের মধ্যদিয়ে নতুন বাংলাদেশ গড়ার আপামর মানুষের প্রত্যাশা অনেকটা ছাই চাপা পড়ার অবস্থা। এই পরিস্থিতিতে চরম অস্বস্তি দেখা দিয়েছে খোদ সরকারেই। প্রবল জনসমর্থন নিয়ে ক্ষমতা গ্রহণ করা অন্তর্বর্তীকালীন সরকারের প্রতি মানুষের হতাশা এখন চরমমাত্রায়। দলগুলো দ্রুত নির্বাচন চাইছে। সংস্কার প্রক্রিয়া নিয়ে হ-য-ব-র-ল অবস্থা। জাতীয় ঐক্যের সম্ভাবনা দলগুলোর রেষারেষিতে ম্রিয়মাণ হয়ে আসছে। প্রশাসনের পুরনো চিত্র খুব একটা বদলায়নি। সেবার খাতগুলো সেই আগের মতোই চলছে। অনিয়ম, দুর্নীতির হাতবদল ছাড়া আর কিছু দেখা যাচ্ছে না। অভ্যুত্থানে নেতৃত্ব দেয়া শিক্ষার্থীদের দল এবং সংগঠন নিয়ে নানা বিতর্ক-আলোচনা। ঐক্যের ভিত্তিতে যাত্রা শুরু করা অন্তর্বর্তীকালীন সরকারের বিরুদ্ধে রাজনৈতিক দল ও সংগঠনের একের পর আন্দোলন। উপদেষ্টাদের কারও কারও কার্যক্রম নিয়ে জনমনে অসন্তোষ, প্রশ্ন। এই অবস্থায় দুনিয়াজোড়া পরিচিত ব্যক্তিত্ব প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস সরকার প্রধান হিসেবে ক্ষুব্ধ-হতাশ। পরিবর্তনের প্রত্যাশা পূরণে জাতিকে দেয়া ওয়াদা রক্ষা করতে পারবেন কিনা এ নিয়ে সংশয়ে পড়েছেন এই বিশ্ব বরেণ্য অর্থনীতিবিদ। তিনি এখন কী করবেন এটি এখন মিলিয়ন ডলারের প্রশ্ন। মানবজমিনের রাজনৈতিক ভাষ্যকারের মতে তার সামনে এখন দুটি পথ খোলা। হয় তাকে পদত্যাগ করতে হবে। না হয় শক্ত পায়ে দাঁড়িয়ে পরিস্থিতি মোকাবিলা করতে হবে। বলা হচ্ছে অনেক চ্যালেঞ্জ প্রফেসর ইউনূসের সামনে ঘুরপাক খাচ্ছে। হতাশার মাত্রা এতটা বেড়েছে যে, প্রফেসর ইউনূস বৃহস্পতিবার পদত্যাগের সিদ্ধান্ত চূড়ান্তও করে ফেলেছিলেন। জাতির উদ্দেশ্যে ভাষণ দিতে প্রস্তুতি নিয়েছিলেন। ক্রিপ্ট তৈরির নির্দেশনা দিয়েছিলেন। একইদিন উপদেষ্টা পরিষদের বৈঠকে তিনি দায়িত্ব থেকে সরে দাঁড়ানোর বিকল্পটি উপস্থাপন করেন। সরাসরি কয়েকজন উপদেষ্টাকে নিয়ে ক্ষোভ প্রকাশ করেন। বলেন, দলগুলো প্রয়োজনীয় সহায়তা করছে না। শিক্ষার্থীরা বিতর্কিত কর্মকাণ্ডের মাধ্যমে পরিস্থিতি ঘোলা করে তুলছে। এই অবস্থায় জাতিকে দেয়া ওয়াদা তিনি পূরণ করতে পারবেন কিনা তা নিয়ে সন্দিহান। এখন যে পরিস্থিতি তাতে একটি নিরপেক্ষ নির্বাচন আয়োজনও কঠিন হবে। এ অবস্থায় তিনি দায়িত্ব ছেড়ে দিতে চান। নতুন একটি অন্তর্বর্তীকালীন সরকার হতে পারে- এমন কথাও বলেন তিনি।



উপদেষ্টা পরিষদের বৈঠকে দীর্ঘ আলোচনায় উপদেষ্টারা প্রধান উপদেষ্টাকে দায়িত্ব চালিয়ে যাওয়ার অনুরোধ করেন। পরিস্থিতি উত্তরণে তারা নিজেরা চেষ্টা চালাবেন বলে প্রতিশ্রুতি দেন। এই বৈঠকের পরই আসলে গুঞ্জন ছড়ায় পদত্যাগ করতে চাইছেন প্রধান উপদেষ্টা। সংশ্লিষ্ট সূত্রের দাবি প্রধান উপদেষ্টা বৈঠকে যে আবেগ থেকে দায়িত্ব ছাড়ার অভিপ্রায় ব্যক্ত করেন কয়েকজন উপদেষ্টা বাইরে ভিন্নভাবে তা প্রকাশ করেন। প্রফেসর ইউনূস পদত্যাগের সিদ্ধান্ত নিয়েছেন এমন তথ্য বাইরে আনা হয়। কেউ কেউ বলছেন বিশেষ মতলবে এটি করা হয়েছে। এই পক্ষটি নানা সুযোগ-সুবিধা নিয়ে পরিস্থিতি জটিল করে তুলেছে। রাজনৈতিক দলগুলোর সঙ্গে সরকারের দূরত্বের কারণও এই পক্ষটি। তারা প্রফেসর ইউনূসকে এক ঘরে রেখে তাদের মতলব আদায় করতে চাইছে। খবর এসেছে, দেশের প্রধান রাজনৈতিক দল বিএনপি নেতারা কয়েকদিন চেষ্টা চালিয়েও প্রফেসর ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করতে পারেননি। কিন্তু পদত্যাগের গুঞ্জন ওঠার দিন সন্ধ্যায় তার সঙ্গে নতুন দল জাতীয় নাগরিক পার্টির নেতারা দেখা করেন। বাইরে এসে তারা গণমাধ্যমে প্রফেসর ইউনূসের পদত্যাগের অভিপ্রায়ের বিষয়ে খোলামেলা কথা বলেন। চেষ্টা করেও বিএনপি প্রধান উপদেষ্টার সাক্ষাৎ পাচ্ছে না মানবজমিন-এ এমন খবর প্রকাশের কয়েক ঘণ্টার মধ্যেই অবশ্য জানা যায় বিএনপি এবং জামায়াত নেতাদের যমুনায় আমন্ত্রণ জানানো হয়েছে।

অতি সম্প্রতি পরিস্থিতি ঘোলা করার পেছনে এনসিপি নেতারা বড় ভূমিকা রেখেছেন। বিএনপি, জামায়াতসহ অন্যান্য রাজনৈতিক দলের সঙ্গে তারা বিতর্কে জড়িয়েছেন। বক্তৃতা-বিবৃতির মাধ্যমে বিদ্বেষমূলক কথা প্রচার করেছেন। এমনকি গণ- অভ্যুত্থানের পর আইনশৃঙ্খলা রক্ষায় সবচেয়ে বড় ভূমিকা রাখা সশস্ত্র বাহিনীর বিষয়েও কোনো কোনো নেতা তীর্যক কথাবার্তা বলেছেন। অনেকে বলছেন, রাজনৈতিক অভিজ্ঞতা না থাকা তরুণ নেতৃত্ব সামনে পেছনের অনেক কিছুই বুঝতে পারছেন না। এতে তারা পুরো রাজনৈতিক পরিস্থিতি যেমন জটিল করে তুলছেন তেমনি নিজেদের ভবিষ্যৎও অন্ধকারের দিকে ধাবিত করছেন। কিন্তু অবস্থা এমনটা হওয়ার কথা ছিল না। এই তরুণরা গণ-অভ্যুত্থানে নেতৃত্ব নিয়ে আপসহীন অবস্থান ধরে রেখে সারা দেশের মানুষের আশার বাতি জ্বেলে দিয়েছিলেন। মানুষ আশা করেছিল তাদের মাধ্যমে রাজনীতিতেও বড় পরিবর্তন আসবে। গণতান্ত্রিক প্রক্রিয়া উন্নত হবে। অনিয়ম-দুর্নীতির বিরুদ্ধে তরুণদের দল এরপর ৪২ পৃষ্ঠায়

> প্রধান উপদেষ্টা পদত্যাগ করছেন না এটা তার ঘনিষ্টজনরা নিশ্চিত করেছেন। পদত্যাগ না করলেও তিনি নতুন করে ভাবছেন। উপদেষ্টা পরিষদে পরিবর্তনের আভাস পাওয়া যাচ্ছে। পরিস্থিতি নিয়ে বিএনপি ও জামায়াত নেতাদের সঙ্গে বৈঠক করেছেন প্রফেসর ইউনূস। সর্বদলীয় বৈঠকও ডাকা হতে পারে। তবে পরিস্থিতি কোন দিকে যাবে তা এখনও নিশ্চিত করে বলা যাচ্ছে না

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্‌ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# সেই ৯ মাস, এই ৯ মাস

মোজাম্মেল হোসেন

অর্ধ শতাব্দী, না, সঠিক হিসেবে বললে ৫৪ বছরের ব্যবধানে দেশে ঐতিহাসিক দুটি ঘটনার একটি দিকের তুলনা মনে আসছে। তা হলো রাজনীতি ও রাষ্ট্রীয় ক্ষেত্রে ভিন্ন পরিস্থিতিতে ৯ মাসে কতখানি কার্য সমাধা করা যায়?

ধাঁধা লাগছে? ধাঁধার কিছু নেই। খুলে বলছি। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ ও ২০২৪ সালে ছাত্রদের নেতৃত্বে জুলাই অভ্যুত্থান। প্রথম ঘটনায় দেশ স্বাধীন হয়েছে বা বিশ্বের মানচিত্রে একটি নতুন দেশের জন্ম হয়েছে, যার নাম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ। আর দ্বিতীয় ঘটনায় এই দেশটিতে একটি নিপীড়নকারী দুর্নীতিবাজ কঠোর কর্তৃত্ববাদী সরকারের পতন ঘটেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ দলীয় সরকার উৎখাত হয়েছে, যারা অতিরিক্ত কারচুপিতে নির্বাচনী ব্যবস্থা ধ্বংস করে ১৬ বছর একচ্ছত্রভাবে ক্ষমতা আঁকড়ে ছিল এবং সরকারপ্রধানসহ মন্ত্রীরা অধিকাংশ দেশত্যাগ করেছেন।

এক নিঃশ্বাসে দুই ঘটনার উল্লেখ করলেও মুক্তিযুদ্ধের ব্যাপ্তি, গভীরতা, ঐতিহাসিক মাত্রা ও তাৎপর্য অনেক বেশি। তবে দ্বিতীয় ঘটনাটিও শুধু সরকার পরিবর্তন নয়, জনগণের আকাঙ্ক্ষা অনুযায়ী রাষ্ট্রীয় ব্যবস্থার সংস্কার করে অধিকতর গণতন্ত্রায়নের সম্ভাবনাপূর্ণ। আবার চিত্তাকর্ষক তুলনাটি হচ্ছে মুক্তিযুদ্ধের স্থায়িত্ব ছিল ৯ মাস। ১৯৭১ সালে ২৫শে মার্চ থেকে ১৬ই ডিসেম্বর পর্যন্ত। ২৬৪ দিনের লড়াইয়ে দেশটি স্বাধীন হয়েছে বাংলাদেশে থাকা হানাদার পাকিস্তানী বাহিনীর ৯৩ হাজার সেনা ঢাকায় মুক্তিবাহিনী ও ভারতীয় মিত্রবাহিনীর যৌথ কমান্ডের কাছে আত্মসমর্পণ করায়, যাকে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে সর্বাধিক সংখ্যক সৈন্যের আত্মসমর্পণ বলা হয়। জুলাই অভ্যুত্থানের পরে ৮ই আগস্ট ক্ষমতা গ্রহণকারী অন্তর্বর্তী সরকার ঠিক ৯ মাস পরে এমন একটি সংকটে পড়েছেন যে নিজেরাই বলছেন কাজ করতে পারছেন না। শপথ নিয়ে দায়িত্ব গ্রহণের ২৮৯ দিনের মাথায় সরকারপ্রধান একজন নোবেল জয়ী বিশ্বমানের ব্যক্তিত্ব হতাশ ও ক্ষুব্ধ হয়ে সহকর্মীদের কাছে পদত্যাগের ইঙ্গিত দেন। গত ২২শে মে বৃহস্পতিবার উপদেষ্টা পরিষদের এমনি একটি সভার পরে সন্ধ্যায় তাঁর ঘনিষ্ঠ স্নেহভাজন অভ্যুত্থানের ছাত্রনেতা ও ছাত্রদের গঠিত নতুন রাজনৈতিক দলের আহ্বায়ক তাঁর সঙ্গে দেখা করে এসে বিবিসিকে জানান, তিনি পদত্যাগের বিষয়ে ভাবছেন। এ সবই সকল সংবাদমাধ্যমে প্রায় একই বিবরণে প্রকাশিত এবং রাজনৈতিক মহল ও জনগণের মধ্যে তুমুল আলোচিত। তবে পরবর্তী দুই দিনে পদত্যাগ হয়নি এবং হাসিনা উৎখাতের আন্দোলনের সমর্থক সকল রাজনৈতিক ও ছাত্র মহল থেকে তাঁকে পদত্যাগ না করার অনুরোধ জানিয়ে নিজেদের মধ্যে ঐক্য দৃঢ় করার আহ্বান জানানো হচ্ছে। যদিও অস্থিরতার পূর্ণ অবসান ঘটেছে বলা যায় না।

এই পটভূমিতে আমার তুলনা করার বিষয় হলো ঐতিহাসিক ভিন্ন পরিস্থিতিতে হলেও সেই ৯ মাস ও এই ৯ মাসের অনুরূপ দুটি সরকারের কাজের পরিমাণ ও ফলাফল। সরকারের কাজ ও মেয়াদ শেষ না হলেও যেহেতু অপারগতা ও পদত্যাগের কথা বলছেন তাই হিসেবটি করা হলো।



আমরা চাই সরকার থাকুক এবং কাজ শেষ করুক। 'অনুরূপ' বলছি এই জন্য যে দুটি সরকারই পরিবর্তনশীল অবস্থায় অস্থায়ী বা অন্তর্বর্তীকালীন সরকার, স্বাভাবিক নির্দিষ্ট সময়ের জন্য নির্বাচিত সরকার নয়। প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমদে নেতৃত্বে মুক্তিযুদ্ধ পরিচালনাকারী মুজিবনগর সরকার বা অস্থায়ী প্রবাসী সরকারের পেছনে শক্তিশালী জন-অনুমোদন ও বৈধতা ছিল ১৯৭০ সালে নির্বাচিত বলে। নির্বাচিত জনপ্রতিনিধিরা আর প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তীকালীন সরকারও ছাত্র-গণঅভ্যুত্থানের মাধ্যমে ক্ষমতাসীন হয়েছে জনসমর্থন নিয়েই। আইনিভাবে সংবিধানে অন্তর্বর্তী সরকারের বিধান না থাকায় আপৎকালে সংবিধানের ১০৬ ধারায় রাষ্ট্রপতির পাঠানো রেফারেন্সে সুপ্রিম কোর্টের পরামর্শে এই সরকার গঠিত। সঙ্গত কারণে উচ্ছেদ হয়ে যাওয়া আওয়ামী লীগ বাদে বাকি সকল রাজনৈতিক দল ও জনগণের সমর্থনও এই সরকারের প্রতি আছে। তাদের সকলের অপেক্ষা একটি যথার্থ সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে নিয়মিত সরকার গঠন।

তাজউদ্দিন আহমেদ ছিলেন অর্থনীতিতে অনার্সসহ বিএ পাশ, মাস্টার্স সমাধা করতে পারেননি নির্বাচনী রাজনীতিতে যোগ দেওয়ায় এবং পরে জেল থেকে পরীক্ষা দিয়ে পাশ করেন এলএলবি। জনগণের অধিকার আদায়ের মাঠের সংগ্রামী রাজনীতি ও স্বল্পকালীন আইন ব্যবসা ছাড়া তাঁর বিস্তৃত পর্যায়ের কোনো অভিজ্ঞতা ছিল না। বাংলাদেশের বাইরে পৃথিবীর ক'টা লোক তাঁকে চিনতো বলা মুশকিল। তাঁর নেতা ও বাংলাদেশের জনগণের অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানে কারাবন্দী। প্রবাসী সরকারের দায়িত্ব নিয়ে কলকাতায় থিয়েটার রোডে সাদামাটা বাড়িতে তাঁর অফিস। আমি নিজেই তাঁকে আগস্ট মাসে ওই অফিসে দেখেছি গরমে ঘেমে নিজের কামরায় শার্ট খুলে জানালায় ছড়িয়ে রেখে গেঞ্জি গায়ে কাজ করছেন।

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা প্রফেসর ড. ইউনূস নিজ দেশ ছাড়া সারা দুনিয়ায় বড় বড় দেশের বড় বড় পরিসরে কাজের ও বিশ্ব নেতৃবৃন্দের সঙ্গে ওঠাবসার অভিজ্ঞতাসম্পন্ন, নানা পুরস্কার ও বহুসংখ্যক সম্মানসূচক ডক্টরেট ডিগ্রিতে ভূষিত। সত্য যে সরাসরি রাজনীতি করার ও রাষ্ট্র পরিচালনার অভিজ্ঞতা তাঁর নেই।

এরপর ৪২ পৃষ্ঠায়



> বলা বাহুল্য সরকারের দৈনন্দিন রুটিন শাসনকার্য তথা আইন-শৃঙ্খলা ঠিক রাখা, দ্রব্যমূল্য ও অর্থনীতির সূচকগুলি নিয়ন্ত্রণে রাখা প্রভৃতি তো আছেই। বিচার ও সংস্কারের প্রক্রিয়া সঠিকভাবে করে যেতে পারলে ভবিষ্যত সরকারের সময় তা চালু থাকবে। কিন্তু অন্তর্বর্তী সরকার এখনই হাঁফিয়ে গেলেন কেন? গত বৃহস্পতিবার প্রধান উপদেষ্টা যে সমস্যাগুলির কথা বলেছেন তার সবই অন্যদের দোষ। তাঁকে কাজ করতে দিচ্ছে না। প্রতিবন্ধকতা তৈরি করা হচ্ছে। নিজেদের সক্ষমতা-অক্ষমতার মূল্যায়ন কোথায়? সম্ভবত প্রশ্ন করতে হয়, আপনাদের নিয়ত ঠিক আছে তো? এখানেই মুক্তিযুদ্ধের তাজউদ্দিন সরকারের সঙ্গে তুলনা। তাঁদের নিয়ত ঠিক ছিল, কাজ যতই দুরূহ হোক। আপনাদের কাজ যতটুকুই হোক, নিয়ত আছে তো?

# আল্লাহর মাইর দুনিয়ার বাইর

শামীমুল হক

> শ্রমজীবী মানুষের শ্রমের ন্যায্যমূল্য আদায় করতে চায়। এ রকম আরও অনেক চাওয়া রয়েছে। জনগণ বিশাল মব নিয়ে প্রধান উপদেষ্টার সরকারি বাসভবন ঘেরাও করতে পারে না। জনগণ পরিকল্পিতভাবে যোগসাজশ করে কৌশলী খেলা খেলতে পারে না। সেই ইচ্ছাও তাদের নেই। তারা রাজনীতির এই বিশৃঙ্খল খেলা দেখতে দেখতে ত্যক্ত-বিরক্ত হয়ে গেছে। দলবাজি, চাঁদাবাজি, মিথ্যা ইত্যাদির চাপে আশা-আকাঙ্ক্ষার পূর্ণ ভরাডুবি হওয়ার আগেই জনগণ অন্তত স্বাভাবিক জীবনযাপনের গ্যারান্টি চায়। এ দেশে একটা মুক্তিযুদ্ধ হয়েছিল, সে-কথা দেশের জনগণের শিরায় শিরায় প্রবাহিত হয়। সেই মুক্তিযুদ্ধকে অপমান বা অবমাননা করার হাত থেকে বাঁচাতে চায় জনগণ। সে কথা জনগণের সেবক তথা রাজনীতিবিদদের বুঝতে হবে



শ্রদ্ধেয়, হাসু আপা। প্রথমেই আমার সালাম নিবেন। জানি রাজা থেকে একেবারে অন্য দেশের আশ্রিতা হয়ে আপনি ভালো নেই। তারপরও ভদ্রতার খাতিরে বলতে হয়, কেমন আছেন আপনি? এর উত্তরেরও আশা করছি না। কারণ আপনি মহাজ্ঞানী। আপনার জ্ঞানের ভাণ্ডারের যত ক্যারিশমা বাংলাদেশকে দেখিয়ে গেছেন তা ইতিহাস হয়ে রইবে। পৃথিবী যতদিন থাকবে আপনার ইতিহাস ততদিন থাকবে। এটা নিশ্চিত করে বলতে পারি। আমরা যখন শত বছর পর এসে মোঘল সম্রাট আর নবাবদের নিয়ে ইতিহাস চর্চা করি ঠিক আপনাকে নিয়েও এমন চর্চা হবে। হিটলারের কথা কিন্তু মানুষ এখনো উদাহরণ হিসেবে টানে। সে যাকগে আপা, ওসব কথা বলে এখন আর লাভ নেই। বাংলাদেশের বেশির ভাগ পুলাপাইন বড্ড আজাইরা। ওরা সারাদিন শুধু ফেসবুক আর সামাজিক যোগাযোগমাধ্যম নিয়ে ব্যস্ত থাকে। কতো কিছু যে বানায় আপনারে লইয়া? এসব নিয়ে লাখ লাখ ভিউ হয়। এতে বুঝা যায় আপনাকে নিয়ে মানুষের আগ্রহ আছে। আপনি দেশ থেকে পালানোর পর ওরা আপনার বক্তব্যের চুম্বক অংশ কেটে তা ফেসবুকে ছেড়ে দিচ্ছে। যেখানে শুধু বিরোধী দলের উদ্দেশ্যে খিস্তিখেউর। আবার ওইদিন দেখলাম সংসদে দাঁড়িয়ে আপনি বলছেন, বাংলাদেশে এমন কোনো শক্তির পয়দা হয় নাই যে, আওয়ামী লীগকে দেশ ছাড়া করবে। আওয়ামী লীগ কখনো পালায় না। আওয়ামী লীগ পালাবে না। কিন্তু আপনার একটি বক্তব্যের জেরেই পালাতে হলো আপনাকে। কোটা সংস্কার নিয়ে গত বছরের জুলাই মাসে শুরু হয় আন্দোলন। প্রথমদিকে শিক্ষার্থীরা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে শান্তিপূর্ণ কর্মসূচি চালিয়ে আসছিলেন। মধ্য জুলাইয়ে তা সহিংসতায় রূপ নেয়। আন্দোলন দমাতে আপনার নির্দেশনায় নামানো হয় পুলিশ, বিজিবি ও সেনাবাহিনী। চারশ'র বেশি মানুষকে বাহিনীগুলো নির্বিচারে গুলি করে হত্যা করে। সরকারি চাকরিতে কোটা নিয়ে আন্দোলনের মধ্যে ১৪ই জুলাই আপনি এক সংবাদ সম্মেলনে প্রশ্নের জবাবে বলে বসলেন, মুক্তিযোদ্ধার নাতিপুতিরা কোটা পাবে না তো কি রাজাকারের নাতিপুতিরা পাবে? কোটাবিরোধী আন্দোলন নিয়ে আপনার এমন বক্তব্যে মর্মাহত ও অপমানিত বোধ করায় স্লোগানে স্লোগানে প্রতিক্রিয়া দেখান শিক্ষার্থীরা। এদিনই রাত ১০টার পর প্রথম ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের ভেতরে জড়ো হয়ে স্লোগান আর বিক্ষোভ দেখাতে থাকেন তারা। রাত ১১টার পর থেকে ১টা পর্যন্ত বিভিন্ন হল থেকে মিছিল নিয়ে এসে জড়ো হন বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্যের সামনে। কোটার বিরোধিতা নিয়ে আপনার বক্তব্যের বিরোধিতায় তারা টিএসসি ও এর আশপাশে অবস্থান নিয়ে বিক্ষোভ দেখাতে থাকেন। মাঝেমধ্যেই স্লোগানে উচ্চকিত হয়ে ওঠে পুরো এলাকা। ছাত্রদের সঙ্গে ছাত্রীরাও বিভিন্ন হল থেকে বেরিয়ে যোগ দেন মধ্যরাতের এ বিক্ষোভে। শিক্ষার্থীদের একটি অংশ মিছিল নিয়ে উপাচার্যের বাসভবনের সামনে অবস্থান নেন। মিছিলে শিক্ষার্থীরা 'চেয়েছিলাম অধিকার, হয়ে গেলাম রাজাকার', 'তুমি নও, আমি নই, রাজাকার, রাজাকার', 'লাখো শহীদের রক্তে কেনা, দেশটা কারও বাপের না' ইত্যাদি স্লোগান দেন। তাদের ক্ষোভ কোটা আন্দোলন নিয়ে আপনার বক্তব্যকে ঘিরে। তবে পরদিন সকালে ওবায়দুল কাদের এক বক্তব্যে বলেন, 'ঢাকা বিশ্ববিদ্যালয়ে ঔদ্ধত্যের জবাব দেবে ছাত্রলীগ'। সেদিনই ঢাকা বিশ্ববিদ্যালয়ে কোটা আন্দোলনকারীদের সঙ্গে ছাত্রলীগের সংঘর্ষ হয়। এর প্রতিবাদে পরদিন ১৬ই জুলাই সারা দেশের শিক্ষাঙ্গনে বিক্ষোভের ডাক দেয়া হয়। সেদিন রংপুরে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে গুলিতে আবু সাঈদ নামের এক শিক্ষার্থীর মৃত্যুতে পরিস্থিতি আরও ঘোলাটে হয়। ১৭ই জুলাই জাতির উদ্দেশ্যে ভাষণে আপনি শিক্ষার্থীদের শান্ত থাকার আহ্বান জানিয়ে বলেন, আপনার বিশ্বাস শিক্ষার্থীরা আদালতে ন্যায়বিচার পাবে।



পরের দিন কমপ্লিট শাটডাউন কর্মসূচির ডাক আসে শিক্ষার্থীদের পক্ষ থেকে। সেদিন ঢাকার বাড্ডা, রামপুরা ও উত্তরায় সংঘাতে বেশ কয়েকজন শিক্ষার্থীর মৃত্যুর পর পরিস্থিতির অবনতি ঘটে। দুপুরের পর রাষ্ট্রীয় বিভিন্ন স্থাপনায় হামলা হতে থাকে। পরের তিন/চারদিন ধরে চলে সংঘর্ষ। সরকারি হিসাবে নিহতের সংখ্যা ১৫০ জন হলেও বেসরকারি হিসাবে এ সংখ্যা ৩শ'র কাছাকাছি। কারফিউ জারি করেও পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পারেননি। আন্দোলনে নেতৃত্ব দেয়া বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন অসহযোগ আন্দোলনের ডাক দেয়। সরকার পতনের দাবিও সামনে আসে। আপনি সে সময় আলোচনার জন্য ডাকলেও শিক্ষার্থীরা তা প্রত্যাখ্যান করেন। এরইমধ্যে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক মো. নাহিদ ইসলাম ঢাকায় কেন্দ্রীয় শহীদ মিনারে বিক্ষোভ সমাবেশ থেকে সরকার পদত্যাগের একদফা দাবি ঘোষণা করেন। জনসমুদ্রে পরিণত হয় এ বিক্ষোভ সমাবেশ।

'মার্চ টু ঢাকা' কর্মসূচির তারিখ পরিবর্তন করে মঙ্গলবারের পরিবর্তে সোমবার পালনের ঘোষণা দেয় তারা। এতে সারা দেশ থেকে আন্দোলনকারীদের ঢাকায় আসার আহ্বান জানানো হয়। এসব ঘটনায় রোববার সন্ধ্যা ৬টা থেকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত

এরপর ৪২ পৃষ্ঠায়

# কেন প্রশ্ন দ্বৈত নাগরিকত্ব নিয়ে

> কারণ এরই মধ্যে এদেশের বিপুল সংখ্যক মানুষ যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য বা অন্য কোনো দেশের নাগরিকত্ব নিয়ে ফেলেছে। তাই আমি দ্বৈত নাগরিকত্বের বিপক্ষে নই। কেউ দ্বৈত নাগরিক হয়ে থাকলে থাকুন, কোনো সমস্যা নেই। তবে তাকে রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ বা নীতিনির্ধারণী কোনো পদে বসানো যাবে না। এই যে বর্তমানে সংস্কার কার্যক্রম চলছে, এর দায়িত্বে কোনো দ্বৈত নাগরিক কেন থাকবেন? বিদেশ থেকে এসে তারা আমাদের পলিসি তৈরি করে দিয়ে যাবেন? এটা হয় না। দ্বৈত নাগরিকত্ব নিয়ে এরই মধ্যে যথেষ্ট আলোচনা হয়েছে। আমরা মনে করি, মানুষের মনে থাকা এবং উচ্চারিত হওয়া সন্দেহগুলোর নিরসন হওয়া দরকার। একাজটা সরকারকেই করতে হবে। আর যদি এ বিষয়ে নীরব থাকার সিদ্ধান্ত নেয় সরকার, তাহলে বুঝতে হবে ডাল মে কুচ কালা হ্যায়

মাসুদ কামাল



প্রশ্নটা উঠেছিল দ্বৈত নাগরিকত্ব নিয়ে। কোন কোন ব্যক্তির দ্বৈত নাগরিকত্ব আছে- সেটা মূল প্রশ্ন নয়। তার চেয়েও গুরুতর প্রশ্ন ছিল রাষ্ট্রের গুরুত্বপূর্ণ পদগুলোতে এমন লোকদেরকে বসানো উচিত কি-না।

দু'একটি জায়গা-যেমন সংসদ সদস্য, মন্ত্রী, বা সরকারি কর্মচারী, এসব পদ ছাড়া অন্য দায়িত্বে দ্বৈত নাগরিকত্ব রয়েছে এমন ব্যক্তিকে বসানোর ক্ষেত্রে সম্ভবত আইনগত তেমন কোনো বাধা নেই। কিন্তু নৈতিকতা বা অতীত অভিজ্ঞতা বলেও তো একটা বিষয় রয়েছে। আগের সরকারের আমলে এনিয়ে প্রচুর অনিয়ম হয়েছে, সেসব নিয়ে প্রশ্নও উঠেছে। কিন্তু একটা অনিয়ম তো আর একটি অনিয়মকে বৈধতা দেয় না। ড. ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তীকালীন সরকার যখন দায়িত্ব নিলো, দেখা গেল এদের মধ্যেও সেই একই প্রবণতা। বরং বলা যায় কিছু কিছু ক্ষেত্রে আগের যেকোনো সময়ের চেয়েও বেশি। বেশ কিছু নাম এরই মধ্যে উচ্চারিত হয়েছে। ড. খলিলুর রহমান, সৈয়দা রিজওয়ানা হাসান, লুৎফে সিদ্দিকী, আশিক চৌধুরী, ড. আনিসুজ্জামান চৌধুরী, মোহাম্মদ সুফিউর রহমান, শেখ মইনউদ্দিন, ফয়েজ আহমেদ তৈয়্যব, আশিক চৌধুরী, ড. আলী রীয়াজ, ড. বদিউল আলম মজুমদার, ড. মোশতাক হুসেন খান, লামিয়া মোরশেদ, মনির হায়দার, মুশফিকুল ফজল আনসারী, শাজিব এম খায়রুল ইসলাম- এমন অনেককে নিয়ে প্রশ্ন ওঠেছে। এরা কি দ্বৈত নাগরিক? এই প্রশ্নগুলো যখন ওঠেছে, তখন সরকারের কিংবা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের উচিত ছিল বিষয়টা পরিষ্কার করা। কিন্তু তারা তা করেননি। বরং প্রধান উপদেষ্টার প্রেস সেক্রেটারি, যিনি বিভিন্ন সময় সরকারের মুখপাত্রের মতো ভূমিকায় অবতীর্ণ হয়ে থাকেন, উল্টো প্রমাণ দাবি করেছেন। বলেছেন-অভিযোগগুলো যারা করেছেন তারা কেন প্রমাণ হাজির করছেন না?

আচ্ছা মানুষ প্রশ্নগুলো করছে কেন? কেন ওই লোকগুলোর নামই উল্লেখ করছে? কারণ, এই লোকগুলো দীর্ঘ সময় টানা বিদেশে অবস্থান করেছেন। তাহলে সেখানে তারা কীভাবে, কোন স্ট্যাটাসে ছিলেন? অবৈধভাবে নিশ্চয়ই ছিলেন না। হয় সেই দেশের নাগরিকত্ব লাভ করেছেন, অথবা গ্রিনকার্ড বা পারমানেন্ট রেসিডেন্ট পেয়েছিলেন। কিছু একটা তো নিশ্চয়ই ছিল। মূল কথা হচ্ছে, সেই স্ট্যাটাসটা বললেই হয়। তাহলেই তো সব সন্দেহের অবসান হয়ে যায়। কিন্তু তারা তা বলবেন না। বিষয়টাকে তারা অন্ধকারেই রাখবেন। তাহলে কীভাবে হবে? মানুষের জানার কি অধিকার নেই? মানুষ কি প্রশ্ন করতে পারবেন না? সরকারই তো পারে এসব প্রশ্নের জবাব দিতে। কেন দিচ্ছে না? ওই লোকগুলো, যাদের সম্পর্কে প্রশ্ন উঠেছে, তারাও কেন চুপ করে আছেন? এই নীরবতাই কি প্রকারান্তরে মানুষের সন্দেহগুলোকে আরও তীব্র করে তুলছে না?



এদের মধ্যে একজন, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ড. খলিলুর রহমান অবশ্য এর মধ্যে মুখ খুলেছেন। তিনি দু'বার বিষয়টা নিয়ে কথা বলেছেন। একবার বললেন- তিনি বাংলাদেশের নাগরিক। এই একটি বাক্য কিন্তু সন্দেহের অবসান ঘটায় না। কারণ যিনি দ্বৈত নাগরিক, তিনি কিন্তু একই সঙ্গে দুটি দেশের নাগরিক। কাজেই তিনি যেমন বিদেশের নাগরিক, ঠিক তেমনি একই ভাবে বাংলাদেশেরও নাগরিক। পরে অবশ্য ড. খলিল অপর একটি সংবাদ সম্মেলনে জানালেন, তিনি বাংলাদেশ ছাড়া অন্য কোনো দেশের নাগরিক নন। এই কথা বলার পরও আমি অনেককে পুরোপুরি সন্দেহমুক্ত হতে দেখিনি। তারা বলেছেন, এই কথাটি তিনি প্রথমবার বলেননি কেন? তাহলে কি তিনি ওই সময় যুক্তরাষ্ট্রের নাগরিক ছিলেন, এই সময়ের মধ্যে সেটি সারেন্ডার করেছেন? আবার অন্য প্রশ্নও উঠছে। বলা হচ্ছে-উনি যুক্তরাষ্ট্রে আছেন আজ তিন দশকেরও বেশি সময় ধরে। এত দীর্ঘ সময় সেখানে উনি থাকছেন কীভাবে? পরিবারের সঙ্গে থাকলেও ওনার নিজের স্ট্যাটাসটা কী ছিল?

প্রশ্ন উঠতে পারে, কেউ দ্বৈত নাগরিক হলে সমস্যাটি কোথায়? সমস্যা আছে। সমস্যা আছে বলেই প্রশ্নগুলো উঠছে। একজন মানুষ অন্য একটা দেশের নাগরিকত্ব কখন নেয়? যখন সে মনে করে তার নিজের দেশ তার থাকার উপযুক্ত নয়, তখনই তো? এই অনুপযুক্ততা বিভিন্ন ভাবেই হতে পারে। কেউ কেউ এই প্রসঙ্গে বলতে পারেন, বিদেশে যেভাবে তার মেধা বা যোগ্যতার মূল্যায়ন করছে, সেটা তার নিজের দেশের পক্ষে করা সম্ভব নয়। তাই তাকে বিদেশে চাকরি করতে হচ্ছে। এই যুক্তিকে আমি একেবারে উড়িয়ে দিচ্ছি না। অর্থ উপার্জনের জন্য যদি কেউ বিদেশে যায়, যেতেই পারে। কিন্তু সে জন্য সেই দেশের নাগরিকত্ব গ্রহণ করতে হবে কেন? অথবা যদি নাগরিকত্ব গ্রহণ করতেই হয়, তাহলে যখন সে নিজ দেশে গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় দায়িত্ব নিতে চাইবেন তখন ভিন্ন দেশের সেই নাগরিকত্ব ছেড়ে আসতে গড়িমসি কেন করবেন? ওই নাগরিকত্ব ছেড়ে আসুন, আমাদের কোনো আপত্তি নেই।

আসলে দ্বৈত নাগরিকত্বের সমস্যাটা কোথায়? আমরা এই সমস্যাগুলো আগেও বহুবার দেখেছি। বিগত সরকারের অনেকেরই দ্বৈত নাগরিকত্ব ছিল। ক্ষমতায় থাকার কারণে তারা অবাধে লুটপাট করতে পেরেছে, তার সেই লুট করা অর্থ-সম্পদ তাদের সেই দ্বিতীয়

এরপর ২৬ পৃষ্ঠায়



# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স
## একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন।

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



Moin Choudhury, Esq

# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাস্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

**917-282-9256**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



Moin Choudhury
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# প্রশ্নবিদ্ধ জাপা'র রাজনৈতিক ভবিষ্যৎ কোন পথে

পিয়াস সরকার



কাওরান বাজার। দেশ-দশ নিয়ে সাধারণ মানুষের ভাবনা জানতে এই এলাকা অতুলনীয়। এখানে চায়ের কাপে ঝুঁ দেন ভিন্ন শ্রেণি, অর্থনীতি, চিন্তার মানুষ। মানবজমিন অফিসের পাশেই রুবেল ভাইয়ের চায়ের দোকান। এই তো সেদিন বৃষ্টির মাঝে আটকা। তুমুল আলোচনা চলছে রাজনীতি নিয়ে। পাশেই ভাগ্য ফেরানোর জাদুমন্ত্র আংটি বিক্রি চলছে। দাম মাত্র ১০১ টাকা। আলোচনায় একটু ঘি ঢাললাম। জাতীয় পার্টির কথা বলতেই, সবার মুখে একটা মুচকি হাসি। এই দোকানের চারপাশে আগে দেখতাম আওয়ামী লীগের পোস্টার। এখন আর সে পোস্টার নেই। তবে একটি পোস্টারে চোখ আটকে গেল। জাতীয় পার্টির অর্ধেক ছেঁড়া, ময়লা একটা পোস্টার। এসময় হঠাৎ একটা গান বেজে উঠলো। বাউল কবি রাধারমণ দত্তের অমর গান-

জলের ঘাটে দেখিয়া আইলাম, কি সুন্দর শ্যামরায়।
শ্যামরায় ভোমরা গো, ঘুরিয়া ঘুরিয়া মধু খায়।
নিতি নিতি ফুল বাগানে, ভ্রমর আসে মধু খায়
আয় গো ললিতা সখি, আবার দেখি শ্যামরায়।

৫ই আগস্ট ২০২৪। বাংলাদেশের ইতিহাসে স্মরণীয় একটি দিন। 'লৌহ মানবী' শেখ হাসিনা দেশ ছেড়ে উড়াল দেন। এরপর কতো পরিবর্তন এলো দেশে। কিন্তু জাতীয় পার্টি? বর্তমান অবস্থানে তাকানোর আগে একটু পেছনে তাকানো যাক। ৭ই জানুয়ারি ২০২৪ অনুষ্ঠিত হয় নির্বাচন। এই নির্বাচনের আগে বেশ কয়েকমাস নিয়মিত যাতায়াত ছিল জাতীয় পার্টি চেয়ারম্যানের রাজনৈতিক কার্যালয়ে।

ওরে নাটক... এই শুনি নির্বাচনে যাবো না। আবার বিক্রি শুরু হলো নমিনেশন ফরম। আবার ঘোষণা এলো ৩০০ আসনে নির্বাচন করবে। এবার শুরু হলো দেন-দরবার। সেখানে কতোটি আসন বাগিয়ে নেয়া যায়। হঠাৎ চুপ হয়ে গেলেন জাতীয় পার্টি চেয়ারম্যান। আর কোনো কথা নাই, দেখা নাই। অদ্ভুত এক সময়। শেষ পর্যন্ত ২৬টি আসনে সরানো হলো আওয়ামী লীগের প্রার্থী। কান পাতলে শোনা যায়, স্ত্রীর আসনের জন্য শেষ পর্যন্ত হয়েছে দেন- দরবার। এরশাদ পত্নী রওশন এরশাদ, এরশাদপুত্র সাদ এরশাদ এলেন না নির্বাচনে। মহাসচিব পোস্টারে লিখলেন- আওয়ামী লীগ মনোনীত প্রার্থী।

যাক আওয়ামী লীগ ছাড়া সেই নির্বাচনে জাতীয় পার্টি পেলো মাত্র ১১ আসন। এনিয়ে আলোচনা করতে গেলে শেষ হবে না। তারপরও বলতে হয়, জাতীয় পার্টির শীর্ষ নেতাদের পদত্যাগ ও বহিষ্কারের হিড়িক লেগে গেল। অদৃশ্য এক ক্ষমতায় সামনে এলেন রওশন এরশাদ। নির্বাচন করা নেতারা টাকার ভাগ চাইলেন সংবাদ সম্মেলন করে। নির্বাচন নিয়ে নানান কথা বললেও, ঠিকই বিরোধীদলীয় নেতা হলেন জিএম কাদের। আওয়ামী লীগ মনোনীত প্রার্থী হওয়ার পরও বহাল তবিয়তে রইলেন মহাসচিব মুজিবুল হক চুন্নু। দলটির নেতাদের দীর্ঘদিনের বিরোধী দলে থাকার অভিনয়... কেয়া বাত, কেয়া বাত।

৫ই আগস্ট পরবর্তী জাতীয় পার্টি- এ যেন ঢাল তলোয়ারহীন সৈনিক। আওয়ামী লীগের প্রত্যক্ষ সুবিধাভোগী হয়েও বীরদর্পে মুখ চালাতে লাগলেন চেয়ারম্যান। জাতীয় পার্টির গণমাধ্যমকর্মীদের তথ্য দেয়ার হোয়াটসঅ্যাপ গ্রুপ 'জাপা নিউজ'। একটু চোখ রাখলাম সেখানে। গত ১০ই মে জিএম কাদের বলেন, কোনো দলকে নিষিদ্ধ করার পক্ষে নয় জাতীয় পার্টি। নিয়মতান্ত্রিক রাজনীতি করতে চায় এমন কোনো দলকে নিষিদ্ধ করার পক্ষে আমরা নই। এখানে ২০২৪ সালের নির্বাচনে জোরপূর্বক নিয়ে যাওয়া হয়েছে বলে উল্লেখ করা হয়। আবার বলা হয়, নির্বাচনে গিয়ে কোনো বেআইনি কাজ করিনি।

আবার প্রায়শই জিএম কাদের একটা বিষয় বারংবার বলে আসছেন, সরকার দেশের ৫০ ভাগ মানুষকে বাদ দিয়ে সংস্কার প্রস্তাব করছে। একথায় তিনি কী বোঝাতে চান? তিনি কী আওয়ামী লীগের জনসমর্থন ৫০ শতাংশ বলে উল্লেখ করছেন?

বাংলাদেশের রাজনীতিতে সবসময়ই একটা দ্বৈত অবস্থান ধরে রেখেছে দলটি। ১৯৮৬ সালে সাবেক সেনাপ্রধান ও প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ কর্তৃক গঠিত এই দলটি দেশের রাজনৈতিক ইতিহাসে একদিকে যেমন ক্ষমতার স্বাদ পেয়েছে, তেমনি বিরোধী রাজনীতিতেও ছিল তার উপস্থিতি। সময়ের আবর্তে দলটি তার চরিত্র বদলেছে বহুবার। এটাই যেন দলটির প্রধান কাজ। ১৯৯০ সালে গণ-আন্দোলনের মুখে এরশাদ পদত্যাগে বাধ্য হন এবং গ্রেপ্তার হন। এরপর থেকেই জাতীয় পার্টি এক দ্বৈত বাস্তবতার মধ্যে পড়ে। হয়ে ওঠে কিংস পার্টির উৎকৃষ্ট উদাহরণ।

এরশাদ জীবদ্দশায় দলটির একাধিকবার বিভাজন ঘটে- রওশন এরশাদ, আনোয়ার হোসেন মঞ্জু, কাজী জাফর আহমদের নেতৃত্বে ভিন্নমত গড়ে ওঠে। এমনকি এরশাদের মৃত্যুর পরও নেতৃত্ব নিয়ে বিতর্ক চলছে। ক'দিন পরপরই চেয়ার টানাটানি লাগে জিএম কাদের ও রওশন এরশাদের মাঝে।

২০০৮, ২০১৪, ২০১৮ ও ২০২৪ সালের নির্বাচনগুলোতে জাতীয় পার্টি মূলত আওয়ামী লীগ নেতৃত্বাধীন জোটের সহায়ক শক্তি হিসেবে অংশ নেয়। বিশেষত ২০১৪ সালে তো সংসদকে বৈধতা দেয় জাতীয় পার্টি।

দলটির নেই কোনো আদর্শিক এরপর ২৬ পৃষ্ঠায়

তাকে আমি ছোটবেলা থেকেই চিনি। তার নাম আসলাম। এরশাদ ও লাঙ্গল বলতে পাগল। ভীষণ ভালোবাসেন, শ্রদ্ধা করেন এরশাদকে। সাবেক এই প্রেসিডেন্টের রংপুর ঈদগাহ মাঠের জানাজায় তার কান্না অনেকেরই নজর কেড়েছিল। তিনি একটা কথা বলতেন- রংপুরের ছাওয়াক ভোট দেমো নাতো কাক দেমো? লাঙ্গল হামার মার্কা। লাঙ্গল মার্কাত যায় দাঁড়াক তাকে হামরা ভোট দেমো। গত ঈদে চাচার সঙ্গে কথা হলো। জাতীয় পার্টির কথা বলতেই, ভীষণ বিরক্ত। আসলাম চাচার মতো মানুষও যে জাতীয় পার্টি, লাঙ্গল বিমুখ হতে পারেন তা ভাবাই যায় না। তিনি বললেন, নেতারা হামার কথা ভাবে না। ওরা বউক এমপি বানাইলেই খুশি। তাওতো পারলো না। এরপর যা যা বলেছেন, তা লেখা যায় না




# ৯ মাসেই কেন এমন বিরোধ, অবিশ্বাস

মনোজ দে

বাংলাদেশের সমাজ তীক্ষ্ণভাবে রাজনৈতিক বিশ্বাসে বিভাজিত হলেও রাজনীতিবিদদের সঙ্গে জনতার সম্পর্কটা সমানভাবে বিচ্ছিন্ন। বিশেষ করে ক্ষমতাসীনদের সঙ্গে এই বিচ্ছিন্নতা প্রবলভাবে দৃশ্যমান। কেননা ক্ষমতাসীন রাজনৈতিক নেতৃত্ব ও জনতার মধ্যে এসে কংক্রিটের শক্ত দেয়াল তৈরি করে গোষ্ঠীতন্ত্র। চিরস্থায়ী বন্দোবস্তের আমল থেকে আমাদের অর্থনীতি যেমন মধ্যস্বত্বনির্ভর, এখানকার রাজনীতিও গোষ্ঠীস্বার্থনির্ভর।

রাজনৈতিক দলগুলোর কর্মসূচি, বক্তব্য-বিবৃতিকে আমরা রাজনীতি বলে চিনি ও জানি। কিন্তু সরকারের নীতিনির্ধারণে নিয়ন্ত্রণের ক্ষমতা কোন গোষ্ঠীগুলোর হাতে থাকছে, সেটাও রাজনীতির বড় প্রশ্ন।

দু-একটি ব্যতিক্রম ছাড়া আমাদের এখানে কাউকে ক্ষমতা থেকে সরানোর একমাত্র পথ রাজপথে শক্তির প্রদর্শন। আবার বিরোধী অবস্থান থেকে সরকারে বসলেই সবার ভাষা ও ভঙ্গি নাটকীয়ভাবে বদলে যায়। জনতার ভাষার জায়গাটায় চলে আসে গোষ্ঠীতন্ত্রের ভাষা।

জনতার আকাঙ্ক্ষা, প্রভাবশালী গোষ্ঠীগুলোর চাওয়ার সঙ্গে রাজনীতিবিদদের প্রত্যাশা ও কর্মসূচি যখন একবিন্দুতে এসে মেলে, তখনই রাজনীতিতে বড় কোনো পরিবর্তনের শর্ত তৈরি হয়। যেমনটা আমরা দেখেছি চব্বিশের ছাত্র-জনতার অভ্যুত্থানের সময়।

বিএনপিসহ বিরোধী রাজনৈতিক দলগুলোর চাওয়ার সঙ্গে জনতার আকাঙ্ক্ষার মিল থাকলেও সাম্প্রতিক বছরগুলোতে বিএনপির কর্মসূচিগুলোতে দলীয় সমর্থকগোষ্ঠীর বাইরে সাধারণ মানুষ নামেনি। এর কারণ হলো রাজনৈতিক দলের সঙ্গে জনগণের বিচ্ছিন্নতা ও অবিশ্বাসের সম্পর্ক। ক্ষমতায় গেলে কোনো দলই গোষ্ঠী নিরপেক্ষতার ঊর্ধ্বে উঠে জনতার সরকার হয়ে উঠতে পারেনি।

চব্বিশের গণ-অভ্যুত্থান সেই পুরোনো রাজনৈতিক বন্দোবস্তটা ভেঙে ফেলার সম্ভাবনা নিয়ে এসেছিল। অভ্যুত্থানের সবচেয়ে বড় শক্তি ছিল একমাত্র আওয়ামী লীগের সুবিধাভোগী ছাড়া সবাই রাস্তায় নেমে এসেছিলেন। এমনকি ঐতিহ্যগতভাবে আওয়ামী লীগের রাজনীতি করেন, এমন মা-বাবার সন্তানেরাও নির্বিচার হত্যার প্রতিবাদে, হাসিনা সরকারের পতনের দাবি জানিয়ে রাস্তায় নেমেছিলেন। সেখানে নারী-পুরুষ, ছোট-বড়, বাঙালি-বাংলাদেশি-আদিবাসীর মধ্যে কোনো বিভাজন ছিল না। সবখানেই অন্তর্ভুক্তিমূলক ও গণতান্ত্রিক বাংলাদেশের স্বপ্ন, আকাঙ্ক্ষার কথা জোরেশোরে বলা হয়েছিল। অন্তর্বর্তী সরকার জন-আকাঙ্ক্ষা বাস্তবায়নকে নিজেদের দায়িত্ব হিসেবে নিয়েছিল।

১৯৭১ ও ১৯৯০-দুবার বড় পরিবর্তনের সুযোগের মুখোমুখি হয়েছিল এ ভূখণ্ডের মানুষ। কিন্তু দুবারই আমরা নিদারুণভাবে ব্যর্থ হয়েছি। একবার মুক্তিযুদ্ধের পক্ষের শক্তিগুলোর দ্বন্দ্ব ও রক্তক্ষয়ী সংঘাত, আরেকবার অভ্যুত্থানের পক্ষের শক্তিগুলোর অনৈক্য, সেই ব্যর্থতাকে ডেকে এনেছিল। চব্বিশের গণ-অভ্যুত্থানে ইতিহাসের পুনরাবৃত্তি হবে কি না, সেটা সময়ই বলে দেবে।

প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের প্রথম ভাষণে আমরা সেই বাস্তবতারই প্রতিধ্বনি শুনতে পেয়েছিলাম। তিনি বলেছিলেন, 'গণরোষের মুখে ফ্যাসিবাদী সরকারপ্রধান দেশ ত্যাগ করার পর আমরা এমন একটি দেশ গড়তে চাই, যেখানে প্রতিটি নাগরিকের মানবাধিকার থাকবে পুরোপুরি সুরক্ষিত। আমাদের লক্ষ্য একটিই-উদার, গণতান্ত্রিক, বৈষম্যহীন, অসাম্প্রদায়িক বাংলাদেশ। আমরা এক পরিবার।আমাদের এক লক্ষ্য। কোনো ভেদাভেদ যেন আমাদের স্বপ্নকে ব্যাহত করতে না পারে, সে জন্য আমরা প্রতিজ্ঞাবদ্ধ।'



এ বক্তব্য সবাইকেই সমানভাবে আশাবাদী করেছিল। কিন্তু ছাত্র-জনতার রক্তের দাগ শুকাতে না শুকাতে রাজনৈতিক দলগুলোর মধ্যে অভ্যুত্থানের ওপর মালিকানা প্রতিষ্ঠার হিড়িক পড়ে গেল। অভ্যুত্থানকে জাতীয় ঐক্য ও সংহতি হিসেবে না দেখে দলীয় অবদান ও হিস্যা হিসেবে দেখা শুরু হলো। রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, সংস্থা, আদালতের কেন্দ্রীয় পদগুলোতে যোগ্যতা, মেধার বদলে রাজনৈতিক বিবেচনায় ভাগাভাগি করে নিয়োগ দেওয়া হয়। বিশ্ববিদ্যালয়গুলোতে মূলত ডানপন্থীদের জায়গা করে দেওয়া হলো।

অন্তর্বর্তী সরকারকে প্রচলিত অর্থে রাজনৈতিক সরকার বলা যাবে না। কিন্তু যত দিন গড়াচ্ছে, ততই সরকারের কর্মকাণ্ডে গোষ্ঠীস্বার্থের প্রশ্নটি সামনে আসছে। প্রশ্ন উঠছে, সরকারের আচরণ কোথাও কি ঠান্ডা, কোথাও কি গরম? কেননা শুরু থেকেই কোনো কোনো গোষ্ঠী নির্বিঘ্নে মাজার ভাঙচুর, ওরস বন্ধ, মেলা বন্ধ, গাছ কাটা, অগ্নিসংযোগ, বাড়ি ঘেরাও করে আটক থেকে শুরু করে এমন কোনো মব সহিংসতা নেই যে তা করেনি। বিবৃতি দেওয়া ছাড়া এগুলো বন্ধে কোনো ব্যবস্থা নিতে দেখা যায়নি।

এই আশঙ্কা শেষ পর্যন্ত জনপরিসরে নারীর চলাফেরা ও পোশাকের ওপর মোরাল পুলিশিংয়ে রূপ নিল। সব মিলিয়ে এটা এমন এক মবক্রেসি তৈরি হলো, যার জের আরও অনেক দিন বাংলাদেশের সমাজকে টানতে হবে।

সরকারের ঠান্ডা ও গরম আচরণের দৃষ্টান্ত আমরা সর্বসম্প্রতিও দেখা গেল। আওয়ামী লীগ নিষিদ্ধের দাবিতে এনসিপি ও ইসলামি দলগুলোর 'মার্চ টু যমুনা' কর্মসূচিতে সিটি করপোরেশনের পক্ষ থেকে ঠান্ডা এরপর ৩০ পৃষ্ঠায়



অন্তর্বর্তী সরকার, বিএনপি, এনসিপি- কারও কর্মকাণ্ডেই এর প্রতিফলন দেখা যাচ্ছে না। প্রশ্ন হলো, দুনিয়াকাঁপানো চব্বিশের গণ-অভ্যুত্থান বাংলাদেশকে বদলে দেওয়ার যে অভূতপূর্ব সম্ভাবনা নিয়ে এসেছিল, মাত্র ৯ মাসের মাথায় এসে সেটা কেন এত বড় অনিশ্চয়তার মুখে পড়ল? গোষ্ঠীতান্ত্রিক রাজনৈতিক সংস্কৃতি থেকে আমরা কি কখনই বের হতে পারব না? ১৯৭১ ও ১৯৯০-দুবার বড় পরিবর্তনের সুযোগের মুখোমুখি হয়েছিল এ ভূখণ্ডের মানুষ। কিন্তু দুবারই আমরা নিদারুণভাবে ব্যর্থ হয়েছি। একবার মুক্তিযুদ্ধের পক্ষের শক্তিগুলোর দ্বন্দ্ব ও রক্তক্ষয়ী সংঘাত, আরেকবার অভ্যুত্থানের পক্ষের শক্তিগুলোর অনৈক্য, সেই ব্যর্থতাকে ডেকে এনেছিল। চব্বিশের গণ-অভ্যুত্থানে ইতিহাসের পুনরাবৃত্তি হবে কি না, সেটা সময়ই বলে দেবে



বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯+
JFK-Dhaka-JFK Return
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
ওমরাহ ভিসা - এয়ার টিকেট - হোটেল
Mohammad B Hossain (Belal)
President & CEO
SAUDI ARABIAN AIRLINES
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD
Emirates
QATAR AIRWAYS
KUWAIT AIRWAYS
দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ
কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ
কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
১৮ বছরের অভিজ্ঞ
মাহির
ট্রাভেল কনসালটেন্ট
৮ বছরের অভিজ্ঞ
জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ
7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)
Phone: 917-396-4140, 917-592-7828
Price Can Be Change Anytime.
digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com
OPEN 7 DAYS: 11AM -10PM
*Terms & Condition may apply. See store for details.

# রাজনীতি কোনো ব্যবসা না

আব্দুর রাজ্জাক

গত কয়েক দশকের রাজনীতি ও রাজনীতিবিদদের আচার-আচরণ মোটের ওপর বিশ্লেষণ করলে মোটা দাগে বলা যায়, গত শতাব্দীর রাজনীতিবিদদের চেয়ে তাঁরা আলাদা বৈশিষ্ট্যের। রাজনীতি ও রাজনীতিবিদদের এই পরিবর্তনের কারণগুলো বিশ্লেষণ করা দরকার।

রাজনীতিবিদেরাই রাজনীতি করবেন। রাজনীতিবিদদের মনে রাখতে হবে, রাজনীতি কোনো ব্যবসা না। বলতে পারেন রাজনীতি সমাজসেবা, জনসেবা অথবা রাষ্ট্রসেবাও বটে। লোভ-লালসা, নিজের স্বার্থ, পরিবারের স্বার্থ-সবকিছু বিসর্জন দিয়েই রাজনীতিবিদদের উচিত রাজনীতি করা। রাজনীতির ব্যাকরণও তা-ই বলে। গত শতাব্দী ও তার আগে থেকে, রাজনীতিবিদদের চরিত্র বিশ্লেষণ করলে দেখা যায়, নিঃস্বার্থভাবে সমাজ বা রাষ্ট্রকে সামনের দিকে এগিয়ে নেওয়ার জন্য তাঁদের চিন্তা-চেতনায়, মনোজগতে কাজ করত দেশসেবা, জনসেবা অথবা সমাজসেবা। শত বছরের ঐতিহ্য বিশ্লেষণ করলে আমাদের দেশের, আমি বলতে চাইছি এই উপমহাদেশের বহু রাজনীতিবিদ আছেন ভাবসাইটে, তাঁদের মেধা-প্রজ্ঞা-জ্ঞান-গরিমা ছিল প্রশ্নাতীত। এইসব রাজনীতিবিদ সম্পর্কে বহু গবেষণা হয়েছে, যুগ যুগ ধরে গবেষণা চলছে তাঁদের কৃতকর্ম নিয়ে, তাঁদের আদর্শ নিয়ে। তাঁদের আদর্শ, কৃতকর্ম বিশ্লেষণ করে পাওয়া গেছে তাঁদের নিঃস্বার্থ ত্যাগ, জাতি ও দেশকে ভালোবাসার গল্প।

মহাত্মা গান্ধী, কায়েদে আজম মোহাম্মদ আলী জিন্নাহ, শেরেবাংলা এ কে ফজলুল হকসহ এই উপমহাদেশের রাজনীতিবিদদের সবকিছু বিশ্লেষণ করলে তাঁদের সম্পর্কে যে ব্যাখ্যা দাঁড়াবে, সেটা হলো তাঁদের কৃতকর্মের চিন্তা-চেতনার ফসল বর্তমান সমাজ, রাষ্ট্রব্যবস্থা ও আমাদের স্বাধীন দেশমাতৃকা। যাঁদের নাম বললাম তাঁরা যে খুব একটা অর্থসম্পদ রেখে গেছেন, তা কিন্তু বলা যাবে না। মহাত্মা গান্ধী বা জিন্নাহর ক্ষেত্রে এর তেমন কোনো প্রমাণ নেই। আমরা দেখেছি, শেরেবাংলা এ কে ফজলুল হক এত বড় আইনজীবী ছিলেন, বাংলার প্রধানমন্ত্রী, মুখ্যমন্ত্রীসহ বিভিন্ন পদে ৫০ বছর অধিষ্ঠিত ছিলেন; মৃত্যুর পরে তাঁর সম্পদের মধ্যে ছিল সেই সময়ের গোপীবাগের জরাজীর্ণ দোতলা বাড়ি।

বিগত শতকের রাজনীতিবিদদের পোশাক-আশাক, চলন-বলন, ভ্রমণ, খাদ্য গ্রহণ-সবকিছুই ছিল অনুকরণীয়। তাঁরা সব মানুষকে সম্মান করে কথা বলতেন, অন্য দলের রাজনীতিবিদদেরও তাঁরা সম্মান করতেন। দ্বিমতের কারণে কোনো দিনই কারও ওপর চড়াও হতেন না। ভিন্নমতের ভিন্ন দলের লোকজনের সামাজিক অনুষ্ঠানে যোগ দিতেন। সেই উদাহরণ আমরা শেখ মুজিবুর রহমানের মধ্যেও দেখেছি।

মওলানা ভাসানী, হোসেন শহীদ সোহরাওয়ার্দী, কমরেড মণি সিংহ, প্রফেসর মোজাফফর আহমদ, জিয়াউর রহমান-এইসব মহান রাজনীতিবিদদের কিছু কর্ম বিশ্লেষণ করলে পাওয়া যাবে তাঁদের ত্যাগ-তিতিক্ষার কথা; চিন্তা-চেতনায়, মননে সব সময় ছিল দেশমাতৃকার কথা; সমাজের উন্নতি, সমাজকে এগিয়ে নেওয়ার স্বপ্ন। নিজের সম্পত্তি কত আছে, কত ছিল আর কত সম্পত্তি করতে হবে, এসবের কোনো ভাবনা ছিল না তাঁদের। একেবারেই সাদামাটা জীবন ছিল এইসব জ্ঞানীগুণী ব্যক্তির। দল-মতনির্বিশেষে উল্লিখিত ব্যক্তিবর্গকে আমরা শ্রদ্ধা করি আজীবন। মনে হয়, আমাদের পরবর্তী প্রজন্মও তাঁদের ইতিহাস জেনে শ্রদ্ধায় মস্তক অবনত করে।



আমাদের দেশে জাতীয় পর্যায়, এমনকি জেলা পর্যায়েও বহু রাজনীতিবিদ ছিলেন-দুই-তিন দশক আগেও-যাঁদের চরিত্র বিশ্লেষণ করলে একই রকম ফলাফল পাওয়া যাবে। তাঁরা কোনো সম্পদ অর্জনের জন্য, নিজের ব্যক্তিগত লোভ-লালসার জন্য, পরিবারের সুখ-সমৃদ্ধির জন্য রাজনীতি করেননি। এখনো সে রকম রাজনীতিবিদ জাতীয় পর্যায়ে এবং মফস্বল পর্যায়ে আছে, তবে তাঁদের সংখ্যা দিন দিন কমে যাচ্ছে বলেই আজকের এই লেখার অবতারণা।

দুই-তিন দশক ধরে প্রায়ই শোনা যায়, কোন দল থেকে আপনি নমিনেশন পাবেন, সেই দল থেকে আপনাকে নমিনেশনটি কিনে আনতে হবে। বাস্তবে এটা কতটা সত্য জানি না, তবে বেশির ভাগ মানুষই মনে করে, নমিনেশন বেচাকেনার ব্যাপার, যিনি অধিক দাম দেবেন তাঁর কপালেই জুটবে নির্দিষ্ট দলের প্রতীক! সব ক্ষেত্রে না হলেও উল্লেখযোগ্য ক্ষেত্রে এটা হচ্ছে বলে অনেকেই বিশ্বাস করেন। আবার যাঁরা এইসব প্রক্রিয়ায় নির্বাচিত হন, তাঁরা নাকি বলেন, এই পদে তাঁর পূর্বসূরি কী পরিমাণ সম্পদ অর্জন করেছে, তাঁকে তার চেয়ে একটু বেশি সম্পদ অর্জন করতে হবে!

জাতীয় পর্যায়ের মন্ত্রী-এমপি মহোদয়দের ক্ষেত্রে এ কথা এখন সবার কাছেই মোটামুটি একটি বিশ্বাসযোগ্য পর্যায়ে পৌঁছে গেছে। জেলা, উপজেলা, ইউনিয়ন পর্যায়েও একই রকম অবস্থা। সেখানেও নমিনেশনটা একই রকম পণ্য হয়ে দাঁড়িয়েছে। যাঁরা মনোনীত হবেন, পরিশেষে নির্বাচিত হবেন জনগণের দ্বারা, তাঁরা খাতা-কলম নিয়ে বসেন হিসাব করতে-নির্বাচনে কত ব্যয় করবেন, নির্বাচিত হওয়ার পরে তাঁর খরচ ওঠার পরে কত লাভ করতে পারবেন, পরবর্তী নির্বাচনের জন্য কী পরিমাণ ব্যয় করতে পারবেন। এই রকম চিন্তাধারা নিয়েই বেশির ভাগ ক্ষেত্রে আমাদের রাজনীতিবিদেরা নির্বাচিত হওয়ার স্বপ্ন দেখেন। সব ক্ষেত্রে না হলেও যদি এই রকম মনোবৃত্তির মানুষ ৫০ ভাগের কাছাকাছি হয়, তাহলেও সর্বনাশের দিকে ধাবিত হবে সমাজ-রাষ্ট্র।

আমরা শুধু সমাজ-রাষ্ট্রকে কলুষিত করছি না, রাজনীতি যে একটা মহৎ পেশা, এই পেশাকে

এরপর ২৬ পৃষ্ঠায়




> কলুষিত রাজনীতি থেকে বের হয়ে আসতে হবে। আসতেই হবে। নইলে কৃষ্ণগহ্বরে পতিত হবে দেশ ও জাতি; ভবিষ্যৎ শুধু অন্ধকার হবে। এখন থেকেই আমরা চরিত্রবান, সৎ, মেধাবী মানুষদেরই রাজনীতিতে স্থান করে দিতে চাই। আমাদের দেশে এখনো সৎ, মেধাবী রাজনীতিবিদ আছেন। তাঁদের মূল্যায়ন করতে হবে। তাঁদের পথ অনুসরণ করে নতুন প্রজন্ম সেই রকমভাবে তৈরি হবে। গত এক দশকে যেসব তরুণ রাজনীতিতে এসেছেন বা আসার চেষ্টা করছেন, তাঁদের এটা জানা উচিত-রাজনীতি কোনো ব্যবসার জায়গা না, কোনো সম্পদ অর্জনের জায়গা না; শুধুই ত্যাগ, জনসেবা, সমাজসেবা ও রাষ্ট্রসেবার জায়গা। আবারও বলছি-'রাজনীতি ত্যাগের জায়গা, ভোগের নয়'-এই কথা যেন তরুণসমাজ মনে রাখে

# পাকিস্তানের সামনে নতুন চ্যালেঞ্জ

মালিহা লোধি

> একটি পূর্ণাঙ্গ পর্যালোচনা বিদেশে পাকিস্তানের কূটনৈতিক মিশনগুলোকে নীতিগত প্রস্তাব দেওয়ার সুযোগ এনে দেবে। যেহেতু সাম্প্রতিক বছরগুলোতে পররাষ্ট্রনীতিতে সামরিক বাহিনী প্রধান ভূমিকা পালন করেছে, তাই এই পর্যালোচনা বেসামরিক ও সামরিক কর্মকর্তাদের মধ্যে প্রধান প্রধান ইস্যুতে অর্থবহ সংলাপের সুযোগ সৃষ্টি করবে, তাদের দৃষ্টিভঙ্গিকে আরও ঘনিষ্ঠভাবে সংযুক্ত করবে এবং সমন্বয় ও তথ্য আদান-প্রদানের মান বাড়াবে। ভারতের স্থায়ী ও বহুমাত্রিক হুমকির মুখে পাকিস্তানের নিরাপত্তা নিশ্চিত করার জন্য যা করতে হবে, তার সম্পূর্ণ তালিকা এটি নয়; তবে সবচেয়ে জরুরি পদক্ষেপগুলো যা নিতে হবে, তা এখানে বর্ণনা করা হয়েছে। এর ওপরও জাতীয় ঐক্য বজায় রাখা সর্বোচ্চ অগ্রাধিকার হওয়া উচিত

চার দিনব্যাপী পাকিস্তান-ভারত সামরিক সংঘাতে পাকিস্তান শুধু নিজেকে সফলভাবে রক্ষা করতেই সক্ষম হয়নি, বরং পেহেলগামে সন্ত্রাসী ঘটনার প্রতিক্রিয়ায় সামরিক সমাধান চাপিয়ে দেওয়ার ভারতের উদ্দেশ্যকেও ব্যর্থ করে দিয়েছে। পারমাণবিক যুদ্ধের সীমার নিচে প্রচলিত যুদ্ধের পরিসর বাড়ানোর ভারতীয় অপচেষ্টা সফল হয়নি। পাকিস্তান পাল্টা আক্রমণের মাধ্যমে প্রচলিত প্রতিরোধক্ষমতা পুনঃপ্রতিষ্ঠা করেছে এবং ভারতের এই বেপরোয়া সামরিক অভিযানের খরচ অনেক বাড়িয়ে তুলেছে।



এই সাফল্য স্বাভাবিকভাবেই দেশে উদ্‌যাপিত হয়েছে এবং জাতীয় আত্মবিশ্বাস পুনর্জাগরণে সহায়তা করেছে। তবে এখন বিজয়ের উচ্ছ্বাস থেকে বেরিয়ে আসা এবং পরবর্তী চ্যালেঞ্জের জন্য প্রস্তুতি নেওয়ার দিকে মনোযোগ দেওয়া জরুরি। কারণ ভারতের নরেন্দ্র মোদির সরকারের বিবেচনাহীন সংঘর্ষমূলক অবস্থান এবং চলমান উত্তেজনাপূর্ণ পরিস্থিতি বজায় রাখা থেকে বোঝা যায়, নতুন সংকট আসবেই। দীর্ঘ সময় ধরে বিজয়ের আত্মতৃপ্তিতে ভোগার ঝুঁকি হলো, এতে অতিরিক্ত আত্মবিশ্বাস ও ঢিলেমি তৈরি হতে পারে, যখন সামনে হয়তো আরও বড় কোনো চ্যালেঞ্জ অপেক্ষা করছে। প্রকৃতপক্ষে এই মুহূর্তটি গভীর চিন্তা, সুপরিকল্পনা ও কঠোর পরিশ্রমের কথাই বলে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সংকট শেষ হওয়ার পর থেকে পাকিস্তানের বিরুদ্ধে তাঁর বাগ্‌যুদ্ধ আরও জোরদার করেছেন এবং পাকিস্তানবিরোধী উন্মাদনাকে উসকে দিয়েছেন। একের পর এক ভাষণে তিনি দাবি করেছেন যে ভারতের সামরিক পদক্ষেপের মাধ্যমে একটি 'নতুন স্বাভাবিকতা' (নিউ নরমাল) প্রতিষ্ঠিত হয়েছে এবং ভবিষ্যতে যেকোনো সন্ত্রাসী হামলাকে যুদ্ধ ঘোষণার শামিল ধরা হবে এবং এই 'নতুন' নীতির আওতায় সামরিকভাবে জবাব দেওয়া হবে। তিনি পাকিস্তানের প্রতি হুমকির ক্ষেত্রে সিন্ধু পানিচুক্তিকেও নিয়ে গেছেন। মোদি বারবার বলেছেন, পাকিস্তান 'ভারতের নদী' থেকে এক ফোঁটাও পানি পাবে না এবং তিনি পাকিস্তানকে 'গরমটা বোঝাবেন' বলে শপথ করেছেন। চুক্তিটি খারাপভাবে সম্পাদিত হয়েছে বলে দাবি করে তিনি পরিষ্কার করে দিয়েছেন, পাকিস্তানের বিরুদ্ধে অস্ত্র হিসেবে পানি ব্যবহার করতে তিনি বদ্ধপরিকর।



এ ধরনের উসকানিমূলক বক্তব্যের একটি অংশ দেশের অভ্যন্তরীণ জনগণের উদ্দেশে দেওয়া হচ্ছে এবং এটি ভারতের সামরিক অভিযানের অপ্রত্যাশিত ও বিব্রতকর ফলাফলের ক্ষতি নিয়ন্ত্রণের চেষ্টারই অংশ। এমন আগ্রাসী বক্তব্যের একটি সুস্পষ্ট রাজনৈতিক উদ্দেশ্যও আছে, এটি মোদিকে তাঁর মুসলিমবিরোধী ভাবমূর্তি আরও উজ্জ্বল করতে সাহায্য করছে। তবে তাঁর এই হুমকিগুলোকে গুরুত্বের সঙ্গে নিতে হবে। বিশেষ করে মোদি ইতিমধ্যেই পাকিস্তানের সঙ্গে দ্বন্দ্বে জড়ানোর এক উদগ্র বাসনা দেখিয়েছেন। সব দিক বিবেচনায়, ভারত পাকিস্তানের ওপর চাপ অব্যাহত রাখবে। যেমন, পূর্বসতর্কতামূলক যুদ্ধের হুমকি দেবে এবং পানিসম্পদকে অস্ত্র হিসেবে ব্যবহার করবে।

অতএব, পাকিস্তানকে একটি বহুমাত্রিক পরিস্থিতি মোকাবিলার জন্য প্রস্তুত থাকতে হবে, যার অর্থ হলো প্রতিরক্ষা, অর্থনীতি, কূটনীতি এবং জাতীয় ঐক্য ও সংহতি বজায় রাখার ক্ষেত্রে সক্রিয় উদ্যোগ নেওয়া। সামরিক প্রস্তুতির ক্ষেত্রে, প্রথম জরুরি হবে প্রতিরক্ষাব্যবস্থায় যে ঘাটতিগুলো সাম্প্রতিক সংকটে প্রকাশ পেয়েছে তা চিহ্নিত করা এবং ভবিষ্যতের বহুমাত্রিক চ্যালেঞ্জে সম্ভাব্য দুর্বলতার দিকগুলো নির্ধারণ করা। এটি এই বোঝায় যে সরঞ্জামাদি উন্নত করা দরকার-বিশেষ করে বিমানবাহিনী, ক্ষেপণাস্ত্র ও কৃত্রিম বুদ্ধিমত্তাচালিত ইলেকট্রনিক যুদ্ধ ও বিমান প্রতিরক্ষা সক্ষমতার দিকে নজর দিতে হবে। কারণ সাম্প্রতিক যুদ্ধেই দেখা গেছে ভারত ব্যাপকভাবে মনুষ্যবিহীন বিমানের ব্যবহার করেছে পাকিস্তানের বিরুদ্ধে। ইসলামাবাদ চীন থেকে জে-৩৫ এ, পঞ্চম প্রজন্মের স্টিলথ যুদ্ধবিমান সংগ্রহের বিষয়েও আগ্রহী।

তবে প্রতিরক্ষা ব্যয় বৃদ্ধির বিষয়টি অবশ্যই একটি স্পষ্ট প্রতিরক্ষা কৌশলের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে এবং তা এমনভাবে পরিকল্পনা করা উচিত, যাতে গুরুত্বপূর্ণ যুদ্ধ সক্ষমতা ও অগ্রাধিকারে দক্ষতার সঙ্গে সম্পদ বরাদ্দ করা যায়।

একটি শক্তিশালী ও টেকসই প্রতিরক্ষাব্যবস্থার জন্য অর্থনীতি মজবুত করাটা একান্ত অপরিহার্য। বাস্তবিক অর্থে, ভারতকে ঘিরে তৈরি হওয়া চ্যালেঞ্জকে সরকার এমন একটি সুযোগ হিসেবে ব্যবহার করতে পারে, যাতে শুধু আইএমএফ-নির্ধারিত সাময়িক সমন্বয়মূলক পদক্ষেপেই সীমাবদ্ধ না থেকে, সাহসী ও ব্যাপক অর্থনৈতিক সংস্কার গ্রহণ করা যায়। কারণ জাতীয় নিরাপত্তা এমনটাই দাবি করে।

এই সংস্কারের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান হওয়া উচিত কর-ভিত্তি (ট্যাক্স বেজ) প্রসারিত করা, ভর্তুকি কমানো এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানগুলোর বেসরকারীকরণ দ্রুততর করা। দেশীয় সম্পদ আহরণকে অবশ্যই অগ্রাধিকার দিতে হবে। কারণ বহির্বিশ্ব থেকে ধার নেওয়ার নীতি ইতিমধ্যে পাকিস্তানকে অসহনীয় ঋণের মধ্যে ফেলে দিয়েছে।

ভারতের পক্ষ থেকে অর্থনৈতিক চাপ সৃষ্টি করে পাকিস্তানকে দুর্বল করার যে কৌশল থাকতে পারে, তার সর্বোত্তম জবাব হতে পারে এমন অর্থনৈতিক সংস্কার, যা দেশের অর্থনীতিকে শক্তিশালী করবে এবং আত্মনির্ভরতার পথে নিয়ে যাবে। ভারতের চ্যালেঞ্জ তাই একটি

এরপর ৪৪ পৃষ্ঠায়


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208


মার্কিন যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউজের এফিলিয়েটেড PRESIDENTIAL AWARD
& NATIONAL HEALTHCARE CHAMPION AWARD
প্রাপ্ত এবং CIP মুহাম্মদ আব্দুল কাদের ভূঁইয়া (শিশির) পরিচালিত হোম কেয়ার এজেন্সি
ALL COUNTY
হোম কেয়ার
CDPAP
PCA
HHA.RN
NYS LICENSED HOME CARE AGENCY
অন্য এজেন্সিতে চলমান কেইস ট্রান্সফার অথবা নতুন কেইস শুরু করার আগে আমাদের পরামর্শ আপনাকে এগিয়ে রাখবে
PH : 718 593 0932
* DIRECT DEPOSIT * WEEKLY PAYMENT* FESTIVAL BONUS* 401K. INSURANCE
এজেন্সি ট্রান্সফার কেইস এর জন্য স্পেশাল সুবিধা দেওয়া হবে
Get Paid to Take care of Your Friends & Family
150-47 Hillside Ave, Jamaica, NY 11432. Ph: (631) 935-8581, www. allcountyhealthny.com

# PPL-এর আমরা অথরাইজড এজেন্ট

## CDPAP নিয়ে কোন চিন্তা করবেন না।



# COMMITTED HOME CARE



## সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

**PPL & NYS DEPARTMENT OF HEALTH এর অনুমোদিত FACILATOR হিসেবে CDPAP সার্ভিস TRANSFER এ সহযোগিতা করে থাকি।**

## আজই যোগাযোগ করুন - (718) 457-0813

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইন্স্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে CDPAP থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুন্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

আপনি ইচ্ছে করলে ডিরেক্ট 833-247-5346 নাম্বারে কল দিয়ে ট্রান্সফার করতে পারেন। তবে অবশ্যই আপনার হোমকেয়ার সার্ভিসের জন্য COMMITTED HOME CARE নাম উল্লেখ্য করতে হবে।



Giash Ahmed
Vice President
Committed Home Care
Phone : 718-457-0813, Fax : 718-457-0814
Cell : 917-744-7308
giashahmed123@gmail.com

**CORPORATE OFFICE:**
37-05 74 St, 2nd Fl,
Jackson Heights, NY 11372
Tel : 718-457-0813
Fax: 718-457-0814

ঈদ উল আযহার ত্যাগ তিতিক্ষা হউক আত্মসুদ্ধির মহান পাথেয় ও আল্লাহতালার সন্তুস্টি অর্জনের উপায়! বিশ্বের সকল মুসলিম ভাই বোনদেরকে জানাচ্ছি আমাদের আন্তরিক শুভেচ্ছা ও আন্তরিক অভিনন্দন

# ঈদ মোবারক



## দুলাল বেহেদু

সভাপতি : ঢাকা জেলা এসোসিয়েশন ইউ এস এ ইনক

স্বত্বাধিকারী : স্মার্ট স্টাফিং সার্ভিসেস ইনক


عيد مبارك
Eid Mubarak
May the divine blessings of Allah bring
you hope, faith, and joy on Eid and forever.
Eid Mubarak!
Shah Nawaz
Chairman, Board of Trustee
Bangladesh Society Inc.
Editor & Publisher
Weekly Ajkal USA
President & CEO
Shah Nawaz Group
Rano Nawaz
Managing Editor
Weekly Ajkal USA
Vice President
Shah Nawaz Group

# আজই ভোটার হিসেবে নিবন্ধন করুন

## আপনার ভোট গুরুত্বপূর্ণ



### ভোট দেওয়ার জন্য কীভাবে নিবন্ধন করবেন:

অনলাইনে নিবন্ধন করতে e-register.vote.nyc দেখুন

আপনি ডাকযোগে নিবন্ধন করতে পারেন অথবা জমা দিতে পারেন। আপনি ডাকঘর বা নির্বাচন অফিস থেকে ভোটার নিবন্ধন ফর্ম পেতে পারেন, তারপর আপনি এটি ডাকযোগে পাঠাতে পারেন অথবা আপনার স্থানীয় নির্বাচন বোর্ডে জমা দিতে পারেন।

জুনের প্রাথমিক নির্বাচনে ভোট দেওয়ার জন্য আপনাকে ডেমোক্র্যাট বা রিপাবলিকানদের মতো কোনও দলের সাথে নিবন্ধিত হতে হবে।

প্রাইমারি নির্বাচনের দিন

২৪ জুন

**নিবন্ধনের শেষ দিন ১৪ জুন**

আরও তথ্যের জন্য কল নম্বর ৩৪৭-৯৬৫-৩১৯৪ ইমেল নম্বর *kazi@drumnyc.org*

www.DrumBeatsNYC.org

DRUM
DESIS RISING UP AND MOVING

# Home prices doubled in Queens in 10 years

**Shah Nawaz**



Home prices more than doubled in 24 neighborhoods across New York City over the past decade—including seven in Queens—according to a new report from real estate research site Property Shark that highlights dramatic shifts in the city's housing market between 2014 and 2024.

The Queens neighborhoods to experience this change included Breezy Point, Hamilton Beach, Long Island City, Brookville, Jamaica, Hollis and Rochdale. Only Brooklyn accounted for more neighborhoods among the list of 24, with eight.

Breezy Point had the second-highest price growth among all New York City neighborhoods over the ten-year period, with a 192% increase, trailing only Two Bridges in Manhattan, which had a 288% jump. The median sales price in Breezy Point went up from $248,000 in 2014 to $725,000 in 2024.

Hamilton Beach ranked right behind Breezy Point, with a 172% increase, from $170,000 in 2014 to $462,000 in 2024. Long Island City had a 132% jump, from $287,000 to $667,000. Brookville experienced a 110% boost, from $317,000 to $667,000. Jamaica's median rent rose 105%, from $276,000 to $565,000. Hollis had a 103% rise, from $353,000 to $715,000. The median rent in Rochdale climbed 102%, from $297,000 to $600,000.

Some of the main contributing factors to these neighborhoods experiencing such dramatic increases in median rent over a period of just ten years included rezoning, infrastructure upgrades, climate resilience projects, the influence of hybrid work following the COVID-19 pandemic and recovery from Hurricane Sandy, which struck New York City in 2012.

Post-Sandy recovery efforts and flood mitigation projects were heavily influential in the severe price growth in Breezy Point. This work led to climate gentrification in the neighborhood, with the homes becoming more expensive thanks to their climate resilience.

Hamilton Beach, like Breezy Point, was also heavily influenced by major climate resilience upgrades after being impacted by Hurricane Sandy. However, unlike with Breezy Point, demand is still being suppressed in Hamilton Beach by environmental constraints and deliberate policy. Commercial density is limited there by post-Sandy rezoning, which has restricted the types of retail and mixed-use developments that can be built. While no large-scale projects have entered the pipeline in Hamilton Beach, its close proximity to JFK Airport and waterfront appeal, along with an increase in hybrid work, has still made it attractive and opens the door for renewed interest.

The rapid development of residential towers and commercial spaces in Long Island City has helped to boost the local economy of the area. However, this has also led to a significant increase in the median sales price.

Jamaica was the only Queens neighborhood on the list that was impacted the most by gentrification. Rezoning and the completion of several large-scale mixed-income development projects like The Monarch have brought plenty of luxury housing to Jamaica, which has outpaced the market-rate and affordable homes added to the area. The Monarch, which opened in 2024, is one of many projects in the neighborhood that has brought hundreds of luxury apartments to the area. The high-end amenities make these apartments attractive to commuters and professionals.

The unique mix of asset types, housing structures, zoning regulations and community compositions in Brookville and Rochdale have heavily contributed to them being able to avoid gentrification.

In Brookville, the tightening of zoning and height limitations in 2009 has made the neighborhood feel very suburban. There is a strong sense of community among residents, which accounts for the fact that very few homes become available on the market here. The few homes that do go on the market have their prices inflated due to bidding wars.

Structural protections have also protected Rochdale from gentrification. Similar to Brookville, a scarcity in available homes and a high demand spilling in from nearby areas have heavily contributed to price growth there.

A growing mismatch in incomes between Hollis residents and new developments like Q-188 is signaling pre-gentrification in the neighborhood, with an influx of wealthier residents. Affordable rents at these new developments are often well above what long-term Hollis residents are able to afford.(Source-Astoria Post).



## Shakib Khan and Afran Nisho reunite ahead of 'Taandob' release

**Anik Raj**

The reported rift between superstar Shakib Khan and actor Afran Nisho has officially come to an end. On Tuesday (June 3) night, Nisho visited Shakib's office, where the two held a lengthy discussion, according to sources close to both actors. Also present at the meeting were Shahriar Shakil, Managing Director of Alpha-i; Redoan Rony, CEO of Chorki; and Jabed Sultan Pias, Chief Digital Business Officer of Prothom Alo. Around 12:30am, Shahriar Shakil and Redoan Rony each posted a photo on Facebook featuring Shakib and Nisho together, captioned simply: "Brothers!" While no official comment was made by either actor, sources indicate that tensions arose in 2023 when Nisho allegedly made several indirect remarks aimed at Shakib ahead of the release of his film "Surongo". The comments were not well received by Shakib's fanbase, prompting distance between the two stars. The tension resurfaced recently as Shakib's fans expressed dissatisfaction over Nisho's cameo in the upcoming Eid film "Taandob". The matter, however, has now been resolved following mediation by the film's producers.

## Macy's Fourth of July fireworks will return to the East River this summer



**Ajkal Desk**

The fireworks will be launched from the Brooklyn Bridge and four surrounding barges in the East River, Mayor Eric Adams announced Wednesday. "This year's Macy's 4th of July Fireworks show, set against the city skyline and on the iconic Brooklyn Bridge, is set to deliver an unforgettable night," said Will Coss, executive director of the fireworks show. The city will announce information about public viewing locations and tickets in the coming weeks. Last year, the city gave out 10,000 free tickets to view the show on Piers 84 and 45, which sold out in under an hour. The fireworks can be seen from any spot with an unobstructed view of the lower East River, according to organizers.




## FIFA Club World Cup Teams will be Training in New Jersey

**Ajkal Desk**

Four international soccer clubs will be practicing in New Jersey sites ahead of the FIFA Club World Cup that kicks off at MetLife Stadium later this month.

Al Ahly FC from Egypt, Portuguese clubs CR Flamengo and FC Porto, and FC Salzburg from Austria will be arriving in the United States in the coming days and training in the Garden State, officials said.

Al Ahly FC will practice at The Pingry School in Basking Ridge; CR Flamengo will be at Stockton University in Galloway; FC Porto will be based at Rutgers University in Piscataway; and FC Salzburg will train at the Melanie Lane Training Ground in Whippany.

Not all training sessions will be open to the public, but each club will announce its programming when it arrives in the U.S., officials said.

There are 32 teams from 20 nations participating in the inaugural FIFA Club World Cup that starts June 15 at MetLife Stadium in New Jersey. The tournament will have 63 matches in cities across the U.S. The teams will be practicing in 14 states, including California and Florida.

"These sites and more significantly the people and communities that surround them will welcome the world's best, providing first-class environments and hospitality in support of the teams," FIFA Secretary General Mattias Grafström said.

# Trump's foreign policy frustrations are piling up

Ajkal Desk

Every president thinks they can change the world – and Donald Trump has an even greater sense of personal omnipotence than his recent predecessors. But it's not working out too well for the 47th president. Trump might intimidate tech titans to toe the line and use government power to try to bend institutions like Harvard University and judges, but some world leaders are harder to bully. He keeps being ignored and humiliated by Russian President Vladimir Putin who is defying the US effort to end the war in Ukraine. Russian media is now portraying Trump as the tough talker who always blinks and never imposes consequences.

The president also thought that he could shape China to his will by facing down leader Xi Jinping in a trade war. But he misunderstood Chinese politics. The one thing an authoritarian in Beijing can never do is bow down to a US president. US officials say now they're frustrated that China hasn't followed through on commitments meant to deescalate the trade conflict. As with China, Trump backed down in his tariff war with the European Union. Then Financial Times commentator Robert Armstrong enraged the president by coining the term TACO trade — "Trump Always Chickens Out."

Everyone thought that Trump would be on the same page as Benjamin Netanyahu. After all, in his first term he offered the Israeli prime minister pretty much everything he wanted. But now that he's trying to broker peace in the Middle East, Trump is finding that prolonging the Gaza conflict is existential for Netanyahu's political career, much like Ukraine for Putin. And Trump's ambition for an Iranian nuclear deal is frustrating Israeli plans to use a moment of strategic weakness for the Islamic Republic to try to take out its reactors militarily.

Powerful leaders are pursuing their own versions of the national





interest that exist in a parallel reality and on different historical and actual timelines to shorter, more transactional, aspirations of American presidents. Most aren't susceptible to personal appeals with no payback. And after Trump's attempts to humiliate Ukrainian President Volodymyr Zelensky and South African President Cyril Ramaphosa in the Oval Office, the lure of the White House is waning.

**close dialog** : Trump spent months on the campaign trail last year boasting that his "very good relationship" with Putin or Xi would magically solve deep geopolitical and economic problems between global powers that might be unsolvable.

He's far from the first US leader to suffer from such delusions. President George W. Bush famously looked into the Kremlin tyrant's eyes and "got a sense of his soul." President Barack Obama disdained Russia as a decaying regional power and once dismissed Putin as the "bored kid in the back of the classroom." That didn't work out so well when the bored kid annexed Crimea. More broadly, the 21st century presidents have all acted as though they're men of destiny. Bush came to office determined not to act as the global policeman. But the September 11 attacks in 2001 made him exactly that. He started wars in Afghanistan and Iraq — which the US won, then lost the peace. And his failed second term goal to democratize the Arab world never went anywhere. Obama tried to make amends for the global war on terror and travelled to Egypt to tell Muslims it was time for "a new beginning." His early presidency pulsated with a sense that his charisma and unique background would in itself be a global elixir. Joe Biden traveled the globe telling everyone that "America is back" after ejecting Trump from the White House. But four years later, partly due to his own disastrous decision to run for a second term, America — or at least the internationalist post-World War II version – was gone again. And Trump was back. Trump's "America First" populism relies on the premise that the US has been ripped off for decades, never mind that its alliances and shaping of global capitalism made it the most powerful nation in the planet's history. Now playing at being a strongman who everyone must obey, he is busily squandering this legacy and shattering US soft power — ie. the power to persuade — with his belligerence.

The first four months of the Trump presidency, with its tariff threats, warnings of US territorial expansion in Canada and Greenland and evisceration of global humanitarian aid programs show that the rest of the world gets a say in what happens too. So far, leaders in China, Russia, Israel, Europe and Canada appear to have calculated that Trump is not as powerful as he thinks he is, that there's no price for defying him or that their own internal politics make resistance mandatory.*(Source-CNN)*



# Long Island City middle school teacher arrested on rape charge involving former student

Ajkal Desk

A public school teacher in Long Island City was arrested Tuesday morning at the school where he worked, following allegations that he raped a former student, police said. David Ospino, 36, was taken into custody without incident on June 3 at I.S. 204 Oliver W. Holmes, located at 36-41 28th St. I.S. 204 is a public middle school in District 30 serving grades 6 through 8 in western Queens. Police said the arrest stems from a report filed by a now-14-year-old girl who alleged that Ospino raped her at his home in Forest Hills, outside the school's premises, when she was 13 years old. The alleged incident occurred about a year ago, within the jurisdiction of the 112th Precinct. Ospino has been charged with rape and endangering the welfare of a child, the NYPD confirmed. The city Department of Education and administrators at I.S. 204 have been contacted for comment. Responses were pending as of publication time. The investigation remains ongoing.

# Pakistani TikToker shot dead at home

Ajkal Desk



Sana Yousaf, a 17-year-old TikTok content creator from Pakistan, was tragically shot and killed by an unidentified assailant at her residence in Islamabad.

According to police reports cited by local media, the assailant allegedly entered Sana's home and shot her at point-blank range before fleeing the scene. She sustained two gunshot wounds and succumbed to her injuries on the spot. Her body has been transported to the Pakistan Institute of Medical Sciences (PIMS) for a post-mortem examination. Authorities have launched a formal investigation into the matter, though no arrests have been made at this time. The motive behind the attack remains unclear. According to reports, police have indicated that the suspect may have been an invited guest at Sana Yousaf's residence, located in Islamabad's G-13 sector. Investigators are currently exploring this possibility as part of their ongoing probe. Several media reports have noted that police are investigating all possible angles, including the possibility of an honour killing, as part of the ongoing inquiry into Sana Yousaf's death. Meanwhile, the victim's family has not yet issued a public statement regarding her tragic death. Originally hailing from Chitral, Sana Yousaf was a well-known TikTok personality.

She was also active on Instagram, where she regularly engaged her followers with entertaining videos and humorous reels. Sana, the daughter of a noted social activist, used her platforms to raise awareness about cultural identity, advocate for women's rights, and share educational content aimed at inspiring younger audiences.

# Paladino calls for Mamdani's deportation, prompting backlash from mayoral candidate

Ajkal Desk

Paladino calls for Mamdani's deportation, prompting backlash from mayoral candidate Council Member Vickie Paladino (left) and Assembly





Member Zohran Mamdani (right) are at the center of a heated exchange over citizenship and political eligibility. Assembly Member Zohran Mamdani sharply criticized Republican Council Member Vickie Paladino after she appeared to question his legitimacy as a candidate and called for his deportation in a social media post Monday night.

Mamdani, a Democratic Socialist and a candidate in the mayoral election, described Paladino's comments as a reflection of "Donald Trump's authoritarian administration" after Paladino questioned Mamdani's pathway to US citizenship in a post on X, formerly Twitter.

Quoting a post from October 2019, Paladino highlighted that Mamdani had stated he was unable to vote in the 2016 presidential election because he was not yet a U.S. citizen. Paladino argued that it is "insane" for someone who has not been a citizen for ten years to seek major public office and went on to call for Mamdani's deportation.

"Let's just talk about how insane it is to elect someone to any major office who hasn't even been a US citizen for ten years, much less a radical leftist who actually hates everything about the country and is here specifically to undermine everything we've ever been about. Deport," Paladino wrote in a post on X, formerly known as Twitter.

In a subsequent post, Paladino described Mamdani's path to citizenship as "sketchy to say the least."

Mamdani responded by criticizing Paladino's comments, noting that since launching his mayoral campaign, he has faced death threats and Islamophobic attacks targeting his family. He said calls for his deportation go beyond inflammatory language. "This isn't just hateful rhetoric — it's a reflection of what happens when Donald Trump's authoritarian administration is allowed to shove New Yorkers into unmarked vehicles, tear our communities apart and spit in the face of the Constitution," Mamdani said in a statement, referencing ICE raids in New York City during the Trump administration.

Mamdani accused "MAGA extremists" of attempting to divide New Yorkers but said his campaign represents a movement grounded in unity and belonging. He described his mayoral bid as evidence of New York City's inclusive future.

"But let me be clear: New York belongs to all of us. The MAGA extremists may try to divide us, but the movement we've built is proof of the enduring promise of this city. And we're not going anywhere," he said. Mamdani, who represents the 36th Assembly District covering parts of Astoria, moved to the United States at the age of seven and spent much of his childhood on the Upper West Side. He attended Bank Street School for Children, the Bronx High School of Science, and later graduated from Bowdoin College in 2014. He was born in Uganda and became a naturalized U.S. citizen in 2018.

Paladino's office has not yet responded to a request for comment.

# এই সপ্তাহের কবিতা



## প্রিয় ধ্রুব

### দিমা নেফারতিতি

প্রিয় ধ্রুব,
আকাশের মেঘগুলোর দিকে তাকাও,
দেখবে অমল ধবল মেঘেরও আছে নানান রকম রঙ।
কখনো মেঘগুলো জীবন প্রগলভ উজ্জ্বল, কখনো নিকষ কালো।

প্রমত্তা নদীর ঢেউ এর দিকে তাকাও,
দেখবে, অতলান্ত জলরাশিরও আছে নানান রকম রুপ।
কোথাও জলের ধারা ধীর, স্থির, শান্ত।
কোথাও উত্তাল, রাগী, বুনো মোষের মত।

প্রিয় ধ্রুব, রঙধনু দেখনি তুমি?
আলো, বৃষ্টির ফোঁটা, সাতরঙের উদ্ভাসিত সৌন্দর্য,
সবমিলিয়েই রঙধনু মোহনীয়। তাই নয় কি?

বাংলার প্রকৃতির দিকে তাকিয়ে দেখ,
ষড়ঋতুর আবর্তনে,
নতুন আর পুরাতনের নিত্য বোঝাপড়ায়-
সমৃদ্ধ আবহমান বাংলার প্রকৃতি।

আচ্ছা ধ্রুব, এখন এই নিউইয়র্ক শহরকে প্রতিনিয়ত দেখছো কি তুমি?
তোমার কি মনে হয়না, এ যে সারা পৃথিবীর মানুষের বিশাল কোলাহল?
ইস্ট রিভারের পাড়ে,
ব্রুকলিন ব্রীজের ধারে,
ম্যানহাটনের আলোকময় নগরীতে
কিংবা পাতালরেলের কামড়ায়,
নিয়ত যেন প্রতিবিম্বিত হয় নৃতত্ত্বের বই এর পাতা।
কত রং এর, কত বর্ণের, কত রকমের, কত ভাষার মানুষ।

প্রিয় ধ্রুব,
আমাদের আপামর জীবনটাও এমনই।
সে এক নিত্য বোঝাপড়া, যুথবদ্ধ প্রয়াস।
এসো বাঁচি
সত্যে, শ্রদ্ধায়, সম্মিলনে।
এসো বাঁচি
যুথবদ্ধতায়।
এসো বাঁচি
পিসফুল কোলাবোরেশানে, টিম স্পিরিটে, ডাইভার্সিটিতে।
প্রিয় ধ্রুব এসো বাঁচি
ঐক্যে, সুন্দরে, আনন্দে।

লেখক: কবি, নিউইয়র্ক।





## কস্টের ইতি

### সীমু আফরোজা

মনের কোনে কোনে জমা সব কস্ট
গুলো এক করে ভাসিয়েছি ঐ গগনে
কিন্তু তার ও যে ধারন করার ক্ষমতা নেই সেখানে
খনিকেই সে মেঘের ভেলায় বর্ষনে
ঝাঁপিয়ে দেয় পৃথিবীর বুকে।

অঝোরে সে ঝরছে অব্যক্ত ভাষায় তার
ক্ষনেক্ষনে মুর্ছা যায় বিজলি চমকে হায়
সেই চমকে তার স্মৃতি ছুঁয়ে যায় মেঘের চাদর
অন্তর রোদনে উন্মুক্ত করে দুয়ার সদর
জুড়ায়ে রাখি সযত্নে মনের মেহালে
অশ্রুর পিলাকে শিক্ত তার মায়া ভরা জালে।

যদি কখনও সময় হয় লোঙ্গর ফেলো উঠানে
অনুভবের সঙ্গে মিশে যেতে পারো ঐ উজানে
আকাশ ভাসিয়ে রংধনুর ছড়িয়ে আলো
মুছে যাবে কস্ট সব কেটে যাবে আধার কালো।
নতুন সূর্য উদয়ে সোনা রোদ ছড়াবে পরাগ রেনু
সেই সোহাগে মনের বাগানে বাজিয়ে বেনু
কস্টের ইতি টেনে রঙ্গিন স্বপ্ন দুয়ার খুলে যাক
নতুনের সাথে মিতালী হয়ে আজন্ম থাক।

লেখক: কবি, নিউইয়র্ক।



## আয়রে বোন! আয়রে ভাই!

### মোহাম্মদ আব্দুল আজিজ

আয়রে বোন! আয়রে ভাই!
আয়রে মিলে গাছ লাগাই,
ওরে গাছে গাছে সবুজ করে
বিশ্বটারে আয় বাঁচাই।।

বৃক্ষ মোদের অক্সিজেন দেয়
সতেজ রাখে বায়ু,
বায়ু থেকে কার্বন চোষে
বাড়ায় আরও আয়ু।

ফুল ফল জ্বালানি কাঠ
যখন যাহা চাই,
বৃক্ষের কাছে আমরা এসব
হাত বাড়ালেই পাই।

তাই গাছকে মোদের বন্ধু করে
চিত্তটারে আয় নাচাই।-ঐ

ঔষধপত্র, নানান দ্রব্য
আসবাবপত্র যত,
বাড়ির কাঠ ও সুগন্ধি তেল
দেয় যে অবিরত।

বৃক্ষ হলো পাখির বাসা
করে ছায়া দান,
অল্প কথায় শেষ হবে না
বৃক্ষের গুণগান।

ওরে গাছ যে হলো নীরব বন্ধু
আয়রে করি তা যাচাই।-ঐ

লেখক: কবি, নিউইয়র্ক।



## ত্যাগের মহিমায় কোরবানি

### রহমান আতাউর

আবার এসেছে ত্যাগের মহিমায়
নীলাভ্র অম্বরে রোশনি
ত্যাগের মাধুর্যে উজ্জিবিত বাণী আসমানি।
হে মোমিনমুসলমান ত্যাগের মহিমায়
দাও হালালি কোরবানি।
ঐ শোন শোন,
আবার এসেছে আসমানী আহ্বান,
বিনম্র চিত্তে বিশ্ববিধাতা সমীপে
দাও পশু কোরবান।
স্রষ্টার তরে দাও
মহিমান্বিত ত্যাগ তিতিক্ষা,
হিয়ার অন্তরে অগ্নিপরীক্ষা।
হৃদয় বাতায়ন খোল,
লও গায়েবী কোরবানির দীক্ষা।
ত্যাগের মহিমায় অনিমিষে
পূণ্যময় জিলহজ্ব দশে
ঈদগাহে যাই মিলেমিশে।
ঈদ-উল্- আজ্বহা
খুলেছে দ্বার আবার
সমবেত উচ্চকিৎ কন্ঠে
বজ্রধ্বনি তোল আল্লাহ্ আকবার।
মুক্ত করো হে,
পাপ মোচনের গ্লানি,
জিলহজ্ব দশে করো
পবিত্র পূণ্য যে কোরবানি।
হৃদয় গহণে অযুত অশ্রু আনি
হে মুসলিম, অমিতাভ কৃচ্ছতায়
দাও পশু কোরবানি।
হে প্রভু, মুক্ত করো, মুক্ত করো
মূর্তিমান আতঙ্ক সন্ত্রাসী জেন্দান।
ঈদ-উল্-আজ্বহাতে, তোমার তরে পশু কোরবান।
বহতা তটিনীর মতো,হৃদয়ে অশ্রু আনি
হে করুণাময় রাহমান, আমায় করো দীর্ঘ জিন্দেগানি।
আত্মাকে করোনা কভু অবোধ,
আত্মার হিংস্র পশুকে করো বধ।
দিলে সমীরণ আনো ফাল্গুণী,
হৃষ্টচিত্তে দাও কোরবানি।
বিধাতা সমীপে বিভাসিত,মম নয়ন দু'টি
যেন হয় বিগলিত করুণা।
হিয়াতে হয় যেন সৃষ্টি
অশ্রু বিগলিত জাহ্নবী যমুনা।

লেখক: কবি, নিউইয়র্ক।







## আহত মৃত্তিকা আহত হৃদয়

### আহম্মদ হোসেন বাবু

আমার হাতের রেখাগুলো ক্রমেই শুকিয়ে যাচ্ছে।
যেমন শুকিয়ে যায় আশ্বিনের নদী
শুকায় গ্রীষ্মের রোদে ফসলের মাঠ
বৈশাখের ঝরাপাতা
শীতের রাত্রিতে মেলে দেয়া বস্ত্র
অথবা গ্রীষ্মের ফাটা ঠোঁটের মতন-
আমার হাতের রেখাগুলো ক্রমশ শুকিয়ে যাচ্ছে...

ক্রমেই শুকিয়ে যেতে যেতে মিশে যাচ্ছে হাতের তালুতে
মিশে যাচ্ছে নাকে-মুখে, চোখের কোঠরে।
যেভাবে কুয়াশা মিশে যায় সকালের রোদে
রাত্রি এসে মিশে যায় দিনের আলোয়
নদী মেশে সাগরের জলে
কালো চুল মেশে সাদা চুলের গভীরে
লোহিত কণিকা মিশে যেতে থাকে রক্তের ভেতরে;
যেভাবে রংধনু মিশে যায় নীলিমায়
কালো ধোঁয়া কুণ্ডলি পাকাতে-পাকাতে যেভাবে মেশে বাতাসের গায়
সেভাবে আহত বিবর্ণ সময়, লেপ্টে যায় মুখের বলিরেখায়।
তড়পায় আহত এক পাখি, ক্ষয়ে ক্ষয়ে মাটিতে মেশার অপেক্ষায়...
পোড়া ঘরে গন্ধহীন এই জন্ম, আজন্ম আলাদা হয়ে যায়!
আহত মৃত্তিকা, আহত হৃদয় অপুষ্টিতে ভুগে ভুগে-
দিবা-রাত্রি বিরহের সানাই বাজায়!
এভাবে আমাকে তুমি, আর কত কষ্ট দেবে বলো?

লেখক: কবি, নিউইয়র্ক।



## কাব্যবিলাস

### বেগম মুয়াখ্যিরা খানুম স্বপ্না

সব হারানোর হাহাকারে-হৃদয়টা যখন ক্ষয়,
মায়েই শুধু একটা মানুষ-বুকেতে ধরে রয়।

দূরে থেকেও পরশ বুলায়-মমতারই হাতে,
জনম জনম রাখে ধরে-বুকের আঙ্গিনাতে।

মায়েই মোদের সুখের চাদর-পেলব কথা গাঁথা,
ভালবাসায় স্নেহে সে যে--কোমল সবুজ পাতা।

আমার ইচ্ছের বাঁধন হারা-খেয়ালী সুখ ভেলায়,
মায়েই আমার সাথী শুধু-সকাল সন্ধ্যা বেলায়।

আমার মনে ভরা মায়ের-সেই কথাদের নিঃশ্বাস,
হাজার বেলির সুবাসিত-আমার কাব্যবিলাস।

লেখক: কবি, নিউইয়র্ক।



## কুমিরের প্রতিশোধ

### সুজন দাশ

ব্যাঘ্র মশাই মাছের খোঁজে গেলে নদীর ধারে,
ধরলো চেপে কুমির এসে কে বাঁচাবে তারে?
কুমির ভায়ার মনের কোণে অনেক দুঃখ জমা,
ভাবলো তারে গিলবে আজি করবে না আর ক্ষমা।

রোদ পোহাতে গিয়েছিল সেদিন তারই ছানা,
খেয়েছিল গিলে তাদের শোনেনি তার মানা।
শিশুর প্রতি দুষ্ট বাঘের হয়নি সেদিন মায়া,
পণ করেছে যেভাবে হোক গিলবে তারে ভাইয়া।

তক্কে তক্কে ছিলো কুমির আজ পেয়েছে বাগে,
নিচ্ছে টেনে গহীন জলে ফোঁসছে ক্রোধ ও রাগে !
প্রাণ বাঁচাতে ব্যাঘ্র মশাই বলেন কাতর স্বরে,
'বাঁচাও ভাইয়া চাইছি যে মাফ তোমার দু'পা ধরে।'

কুমির বলে, -হচ্ছে না তা দুষ্ট নিধন হবে,
তোকে খেলেই মিটবে ক্ষুধা প্রাণ জুড়াবে তবে।
উদরে তার নিলো পুরে প্রতিশোধে মেতে,
যেমন কর্ম ফলটি তেমন সবাইকে হয় পেতে।

লেখক: কবি, আটলান্টিক সিটি।


ত্যাগের মহিমায় উদ্ভাসিত পবিত্র ঈদ উল আযহা
উপলক্ষে বিশ্বের সকল মুসলিম ভাই বোনদের
জানাচ্ছি আমার আন্তরিক শুভেচ্ছা ও
সবার জন্য রইলো শুভ কামনা
ঈদ মোবারক
MOSTAK AHMED
MR and Mostak LLC
MAR and Mostak Inc.
Owner and President Real Estate Developer & Sales.
917-562-0132

## সম্পাদকের ঈদ শুভেচ্ছা

১ পৃষ্ঠার পর

এবং শুভানুধ্যায়িদের জানাই ঈদ মোবারক। আপনাদের সেবায় 'সাপ্তাহিক আজকাল' পাঠকপ্রিয় গণমাধ্যম। এই প্রতিষ্ঠানের সম্পাদক এবং প্রকাশকের দায়িত্ব পালন করতে পেরে আমিও আনন্দিত। কমিউনিটির সেবায় 'সাপ্তাহিক আজকাল' সব সময় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। কমিউনিটির প্রয়োজনে আগামী দিনেও আমরা আমাদের অবিচল দায়িত্ব পালন অব্যাহত রাখবো।

## ঈদ জামাত যেখানে

১ পৃষ্ঠার পর

দিন। ঈদের নামাজ শেষ করেই আল্লাহর নামে কোরবানি সম্পন্ন করার জন্য মুসলিম সম্প্রদায় তাদের সকল প্রস্তুতি সম্পন্ন করেছেন কয়েকদিন আগেই। ঈদের দিনসহ তিনদিন কোরবানি দেয়ার বিধান আছে। এদিন পবিত্র জুমার নামাজও আদায় করবেন মুসলমানরা।

নিউইয়র্কের বিভিন্ন মসজিদে আলাদা আলাদা সময়ে ঈদের জামাত অনুষ্ঠিত হবে। বিভিন্ন মসজিদের ইমাম ও মসজিদ কমিটির পক্ষ থেকে নামাজের সময়সূচি ঘোষণা করা হয়েছে। আবহাওয়া ভালো থাকলে অনেক এলাকায় খোলা মাঠে নামাজ আদায়ের ব্যবস্থা করা হয়েছে। মসজিদে একাধিক ঈদের জামাত অনুষ্ঠিত হবে। ঈদ জামাতে খোলা মাঠ ও মসজিদে নারীদের নামাজ আদায় করার ব্যবস্থা রাখা হয়েছে।

জ্যামাইকা বাংলাদেশ মুসলিম সেন্টার (জেএমসি)'র উদ্যোগে নিউইয়র্কে সর্ববৃহৎ ঈদ জামাত অনুষ্ঠিত হবে ৬ জুন সকাল ৮টায় টমাস এডিসন হাই স্কুল মাঠে। জ্যামাইকার দারুল সালাম মসজিদে ঈদের চারটি জামাত অনুষ্ঠিত হবে মসজিদে। প্রথম জামাত সকাল ৭টায়, দ্বিতীয় জামাত সকাল ৮টায়, তৃতীয় জামাত সকাল ৯টায় এবং চতুর্থ জামাত সকাল ১০টায়। দ্বিতীয় জামাত থেকে সব জামাতে মহিলাদের নামাজ আদায়ের ব্যবস্থা রয়েছে।

জ্যাকসন হাইটসের আবু হুরায়রা মসজিদের উদ্যোগে ঈদের একটি জামাত অনুষ্ঠিত হবে মসজিদের সামনে (৭৮-০৪, ৩১ অ্যাভিনিউয়ে)। আবহাওয়া খারাপ থাকলে মসজিদের ভেতরে তিনটি জামাত অনুষ্ঠিত হবে। সকাল ৭টা, সকাল ৮টা এবং সকাল ৮টা ৪৫ মিনিটে। দ্বিতীয় এবং তৃতীয় জামাতে মহিলাদের নামাজের ব্যবস্থা আছে।

জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টারের উদ্যোগে ঈদের জামাত অনুষ্ঠিত হবে ৭৩ স্ট্রিটে। প্রথম জামাত সকাল ৮টা এবং দ্বিতীয় জামাত সকাল ৯টায়। আবহাওয়া খারাপ থাকলে মসজিদের ভেতরে তিনটি জামাত অনুষ্ঠিত হবে-সকাল ৭টা, সকাল ৭টা ৪৫ মিনিট এবং সকাল ৮টা ৩০ মিনিটে।

জ্যামাইকার আমেরিকান মুসলিম সেন্টারের ঈদ জামাত অনুষ্ঠিত হবে ৬ জুন। প্রথম জামাত সকাল ৬টায়, দ্বিতীয় জামাত সকাল ৭টায় এবং তৃতীয় জামাত সকাল ৮টায় মসজিদের ভিতরে। চতুর্থ জামাত সকাল ৯টা ৩০ মিনিটে রফউজ কিং পার্কে এবং পঞ্চম জামাত সকাল ১০টা ৩০ মিনিটে একই পার্কে।

জ্যামাইকার মুসলিম মিশন সেন্টারের উদ্যোগে ঈদের জামাত অনুষ্ঠিত ৬ জুন। মসজিদের ভেতরে প্রথম জামাত সকাল ৬টা ১৫ মিনিটে, দ্বিতীয় জামাত সকাল ৭টা ১৫ মিনিটে এবং তৃতীয় জামাত সকাল ৮টা ৩০ মিনিটে মেজরমার্ক পার্কে (১৫৩-১৭৫ জ্যামাইকা)।

ন্যাশিথ জ্যামাইকার মসজিদ আল কোবার ঈদ জামাত পাশের মাঠে অনুষ্ঠিত হবে সকাল ৮.৩০ মিনিটে। এখানে নিউইয়র্ক সিটির মেয়র এরিক এডামস উপস্থিত থেকে বক্তব্য রাখবেন সকাল ৮.১৫ মিনিটে।

জ্যাকসন হাইটসের মুসা সেন্টারের ঈদের দুটো জামাত অনুষ্ঠিত হবে ৬ জুন মসজিদ সংলগ্ন ৩৫-৩৫, ৭১ স্ট্রিটে। খোলা আকাশের নিচে প্রথম জামাত সকাল ৬টা এবং দ্বিতীয় জামাত সকাল ৮টায় ঈদ জামাত অনুষ্ঠিত হবে।

জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টারের উদ্যোগে ঈদের তিনটি জামাত অনুষ্ঠিত হবে। প্রথম জামাত সকাল ৬টায় মসজিদের অভ্যন্তরে। ৭৩ স্ট্রিটের ওপর দুটি জামাত অনুষ্ঠিত হবে-সকাল ৮টা এবং সকাল ৯টায়।

মসজিদ আল আমান-এর প্রাঙ্গণে ৩টি জামাত অনুষ্ঠিত হবে। প্রথম জামাত সকাল ৭টায়। দ্বিতীয় জামাত সাড়ে ৮টায়। ৩য় জামাত সকাল সাড়ে ৯টায়।

ফুলহাশী জামে মসজিদে একটি জামাত অনুষ্ঠিত হবে পিএস ৬৪ সংলগ্ন প্লে-গ্রাউন্ডে সকাল ৮টা ১৫ মিনিটে। প্রতিকূল আবহাওয়ার কারণে সকাল ৭টা ৩০ মিনিট, সকাল ৮টা ৩০ মিনিট ও সকাল সাড়ে ৯টায় জামাত অনুষ্ঠিত হবে মসজিদের ভেতরে।

বায়তুল মামুর মসজিদে ইউটিকার বায়তুল মামুর মসজিদে একটি জামাত সকাল সাড়ে ৭টায়। বৃষ্টি হলে যথাক্রমে- ৭টা, ৮টা ও ৯টায় তিনটি জামাত অনুষ্ঠিত হবে।

মুসা সেন্টার নিউইয়র্ক ৮০-৫০ পিটকিন অ্যাভিনিউ ওজোনপার্ক : একটি জামাত অনুষ্ঠিত হবে সকাল সাড়ে ৭টায়।

আল-কোরআন মসজিদ : ওজোনপার্কের ৭৬ স্ট্রিট ও হিল মোড়ে অবস্থিত মসজিদের সামনে সকাল সাড়ে ৮টায় একটি জামাত অনুষ্ঠিত হবে।

এস্টোরিয়া-এস্টোরিয়ার আল আমিন মসজিদের উদ্যোগে একটি জামাত অনুষ্ঠিত হবে মসজিদসংলগ্ন ৩৬ স্টিট ও ৩৬ অ্যাভিনিউয়ে। জামাত অনুষ্ঠিত হবে সকাল ৮টায়। আবহাওয়া খারাপ থাকলে মসজিদের ভেতরে তিনটি জামাত অনুষ্ঠিত হবে সকাল ৭টা, সকাল ৮টা এবং সকাল ৯টায়।

ব্রুকলিন: বাংলাদেশ মুসলিম সেন্টারের উদ্যোগে ঈদের দুটি জামাত অনুষ্ঠিত হবে মসজিদের ভেতরে। প্রথম জামাত সকাল ৬টায় এবং দ্বিতীয় জামাত সকাল ৮টায়।

মদিনা মসজিদ: ম্যানহাটন মদিনা মসজিদের উদ্যোগে ঈদের একটি জামাত অনুষ্ঠিত হবে মসজিদসংলগ্ন ওপেনরোড পার্কে সকাল ৮টা ৩০ মিনিটে।

পার্কচেস্টার ইসলামি সেন্টার (পিআইসি)-এ সকাল ৭টায় ঈদের একটি মাত্র জামাত মসজিদের সামনের রাস্তায় অনুষ্ঠিত হবে। মহিলাদের জন্য মসজিদের ভেতরে জামাতের ব্যবস্থা রাখা হয়েছে।

বাংলাবাজার জামে মসজিদ : পিএস-১০৬ প্লেগ্রাউন্ডে ঈদের দুটি জামাত অনুষ্ঠিত হবে। প্রথম জামাত সকাল ৮টায় এবং দ্বিতীয় জামাত ৮টা ৪৫ মিনিটে। বৃষ্টি থাকলে মসজিদের ভেতর ৩টি জামাত যথাক্রমে- সকাল ৭টা ৩০ মিনিট, ৮টা ১৫ মিনিট এবং ৯টায় অনুষ্ঠিত হবে।

পার্কচেস্টার জামে মসজিদে এবং সামনের রাস্তায় সকাল ৮টা এবং ৯টায় ঈদের দুটি জামাত অনুষ্ঠিত হবে। বৃষ্টি হলে মসজিদের ভেতর ৩টি জামাত সকাল ৮টা, ৯টা এবং ১০টায় অনুষ্ঠিত হবে। সব জামাতেই মসজিদের তৃতীয় তলায় মহিলাদের নামাজের ব্যবস্থা থাকবে।

## তারেকের হুঁশিয়ারি দুদু ও বুলুকে





১ পৃষ্ঠার পর

বিএনপি। সম্প্রতি বিভিন্ন সভা, সেমিনার ও কর্মসূচিতে বরকত উল্লাহ বুলু এবং শামসুজ্জামান দুদুর বক্তব্যের কারণে দলের ভাবমূর্তি ক্ষুন্ন হওয়ায় তাদেরকে সতর্ক করা হয়েছে। বৃহস্পতিবার বিএনপির কেন্দ্রীয় দপ্তরের একটি সূত্র এ তথ্য জানিয়েছে।

সূত্রটি জানায়, বরকত উল্লাহ বুলু ও শামসুজ্জামান দুদু সম্প্রতি বিভিন্ন সভা, সেমিনার ও কর্মসূচিতে অংশগ্রহণ করে যেসব বক্তব্য দিয়েছেন, এতে দলের ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে। এ কারণে দল থেকে তাদেরকে সতর্ক করা হয়েছে। একটি দায়িত্বশীল সূত্র জানায়, দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান তাদেরকে সতর্ক করতে কড়া বার্তা দিয়েছেন কেন্দ্রে। আগামীতে কথাবার্তা সংযমের সাথে বলার জন্য নেতৃবৃন্দকে নির্দেশ দিয়েছেন।

## ঘন্টায় ২০ ডলার বেতনের পক্ষে কুমো

১ পৃষ্ঠার পর

তিনি একটি প্রচারণা সমাবেশে ঘোষণা করেছেন যে, নির্বাচিত হলে তিনি নিউইয়র্ক সিটির ন্যূনতম মজুরি ২০ ডলারে উন্নীত করার প্রস্তাব করবেন। যদিও এর জন্য তার নিউইয়র্কের গভর্নর ক্যাথি হোকুল এবং রাজ্য আইনসভার অনুমোদনের প্রয়োজন হবে।

তিনি কর্মজীবী পুরুষ ও মহিলাদের জন্য নিউইয়র্ক সিটি অসহনীয় উল্লেখ করে তিনি বলেন, গত পাঁচ বছরে ৫ লাখ মানুষ নিউইয়র্ক সিটি ছেড়ে চলে গেছে। তারা এখানে বসবাস করতে পারছেন না। এটি অন্যায়।

যদিও তিনি সিটির ক্রয়ক্ষমতার সমস্যা মোকাবেলায় অন্যান্য পরিকল্পনা প্রকাশ করেছিলেন। তবে তার মূল আলোচনার বিষয় ছিল ন্যূনতম মজুরি বৃদ্ধির বিষয়টি। পাশাপাশি কুমো সাশ্রয়ী মূল্যের আবাসনের অভাবের বিষয়টিও তুলে ধরেন।

তিনি বলেন, নিউইয়র্ক সিটি সমস্যায় রয়েছে। আপনি উদ্বেগ, হতাশার মধ্যে এটি অনুভব করতে পারেন।

কুমোর পরিকল্পনা হলো- আগামী দশকে ৫ লাখ সাশ্রয়ী মূল্যের আবাসন ইউনিট তৈরি করা। তবে কুমো উল্লেখ করেছেন যে, কর্মজীবী পরিবারগুলোর 'কেবল আবাসনের চেয়েও বেশি কিছু প্রয়োজন'।

তিনি আরো বলেন, আমাদের বিনামূল্যে প্রাথমিক শিশু যত্ন প্রদান করতে হবে, আমাদের কর কমাতে হবে, আমাদের তাদের পরিবহন খরচ সহায়তা পেতে হবে।

তিনি বর্তমান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নতুন অর্থনৈতিক বিলে মেডিকেইড ও ফুড স্ট্যাম্প প্রোগ্রামে বাজেট কাটছাঁটের কথা বলা হয়েছে- তার তীব্র সমালোচনা করেন।

তিনি বলেন, ওয়াশিংটন শ্রমজীবীদের পাশে নেই, তাই আমাদেরই নিজেদের রক্ষা করতে হবে।

## ঐক্যবদ্ধ ফোবানার আসর নায়াগ্রা ফলসে

১ পৃষ্ঠার পর

মান একাধিকবার বৈঠকে মিলিত হন। তারা নিজেদের সীমাবদ্ধতা ও ভুলবোঝাবুঝির অবসান ঘটিয়ে একসাথে ফোবানা করার ব্যাপারে একমত হন। এ বৈঠকগুলোতে উপস্থিত ছিলেন শাহ নেওয়াজ, গিয়াস আহমেদ, মোহাম্মদ হোসেন খান,আতোক বারী টুটুল, আলী ইমাম মজুমদার, কাজী আজম, ডা.মাহুদুর রহমান, কাজি এলিন, নিশান রহিম দেওয়ান আজিম, কায়াদ সোলায়মান ও মইনুল হক চৌধুরী সহ অনেকেই।

আগামী ২৯-৩১ আগস্ট নিউইয়র্কের নায়াগ্রা ফলসে শেরাটন হোটেলে ফোবানার সম্মেলন অনুষ্ঠিত হবে। এই সম্মেলনকে ঐতিহাসিক এক রূপ দেয়ার জন্য পুরোদমে কাজ চলছে। এ ব্যাপারে শাহ নেওয়াজ আজকালকে বলেন, ফোবানার ইতিহাসে অনন্যমাত্রায় স্থান করে নেবে ৩৯তম ফোবানা। গিয়াস আহমেদ বলেন, ঐক্যবদ্ধ ফোবানা মানেই কমিউনিটির জন্য সুসংবাদ। আমরা প্রবাসীদের প্রত্যাশাকে লালন করেই ঐক্যবদ্ধ ফোবানা করছি।

## ১২ দেশের নাগরিকরা ট্রাম্প নিষেধাজ্ঞায়

১ পৃষ্ঠার পর

ভিসাধারিরা। পুরোপুরি নিষেধাজ্ঞার আওতায় দেশসমূহ হচ্ছে আফগানিস্তান, মিয়ানমার (বার্মা), চাদ, কঙ্গো, গিনী, ইরিত্রিয়া, হাইতি, ইরান, লিবিয়া, সোমালিয়া, সুদান এবং ইয়েমেন। আর আংশিক নিষেধাজ্ঞার আওতায় দেশসমূহ হচ্ছে বুরুন্ডি, কিউবা, লাউস, সিয়েরা লিওন, টগো, তুর্কমেনিস্তান এবং ভেনিজুয়েলা। ৪ জুন বুধবার ট্রাভেল ব্যান'র আদেশ জারিকালে নিজ সোস্যাল মিডিয়ায় প্রেসিডেন্ট ট্রাম্প এক ভিডিও বার্তায় উল্লেখ করেছেন, 'কলোরাডোর বোল্ডার সিটিতে সাম্প্রতিক সন্ত্রাসী হামলায় প্রতীয়মান হচ্ছে যে, ভিসা ইস্যুও ক্ষেত্রে যথাযথভাবে যাচাই-বাছাই না করা এমন কিছু বিদেশী আসছে যারা আমাদের দেশের জন্যে ভয়ংকর রকমের হুমকিস্বরূপ। একইভাবে অস্থায়ী ভিজিট ভিসায় আসার পর যারা ভিসার মেয়াদ ফুরিয়ে যাওয়া সত্ত্বেও বেআইনীভাবে অবস্থান করছে তারাও কমিউনিটির জন্যে নিরাপদ নন। আমরা কখনোই তাদেরকে দেখতে চাই না।' তবে উপরোক্ত ১৯ দেশের নাগরিকের মধ্যে যারা যুক্তরাষ্ট্রের সামগ্রিক উন্নয়ন ও কল্যাণে কাজ করবেন বলে মনে করা হবে-তাদের ভিসা অবারিত থাকবে-নির্দেশনায় বলা হয়েছে।

## ইলন মাস্ককে ডিপোর্ট করার দাবি



১ পৃষ্ঠার পর

কৌশলবিদ হিসেবে দায়িত্ব পালন করা স্টিভ ব্যানন গণমাধ্যমকে সাক্ষাৎকারে বলেন, 'তাদের উচিত ইলন মাস্কের অভিবাসন অবস্থা আনুষ্ঠানিক তদন্ত শুরু করা। কারণ আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, সে একজন অবৈধ বিদেশী এবং তাকে অবিলম্বে দেশ থেকে নির্বাসন করে দেওয়া উচিত'। ব্যানন আরও বলেন, প্রেসিডেন্ট ট্রাম্প প্রশাসনের উচিত মাস্কের কথিত ড্রাগ ব্যবহারের তদন্ত করা। তদন্ত চলাকালীন মাস্কের নিরাপত্তা ছাড়পত্র স্থগিত করা উচিত এবং ফেডারেল সরকারের সাথে তার বিভিন্ন সংস্থার চুক্তিও বাতিল করা উচিত বলে পরামর্শ দেন স্টিভ ব্যানন।

টেসলার মালিক বিলিয়নিয়ার ইলন মাস্ককে গতকাল বৃহস্পতিবার হুমকি দিয়ে ট্রুথ সোশ্যাল-এ কঠিন বার্তা দিয়েছেন প্রেসিডেন্ট ট্রাম্প। হোয়াইট হাউজে ট্রাম্পের দায়িত্ব নেয়ার পর তাঁর সঙ্গে ইলন মাস্কের মধুচন্দ্রিমা শেষ হয়ে যায় এর আগেই। বাজেট বিলের সমালোচনার ২৪ ঘন্টার মধ্যেই ইলন মাস্ক ডোনাল্ড ট্রাম্পের হুমকির মুখে পড়েছেন। এ কারণে মাস্ক যুক্তরাষ্ট্র সরকারের কাছ থেকে পাওয়া বিলিয়ন বিলিয়ন ডলারের 'ফেডারেল সুবিধা' থেকে বঞ্চিত হতে যাচ্ছেন। তা এখন প্রায় নিশ্চিত।

ট্রাম্প তার ট্রুথ সোশ্যাল-এ গতকাল বৃহস্পতিবার লিখেছেন, 'আমাদের বাজেটে কোটি কোটি ডলার সাশ্রয় করার সবচেয়ে সহজ উপায় হচ্ছে ইলনের সংস্থাগুলোতে সরকারী ভর্তুকি ও চুক্তি বাতিল করা। আমি সব সময় ভেবে অবাক হতাম বাইডেন তা করেননি।'

প্রেসিডেন্ট ট্রাম্প ইলন মাস্কের সংস্থাগুলির জন্য ফেডারেল অর্থায়নে কাটছাঁট করার হুমকি দিয়েছেন। সাবেক উপদেষ্টা ইলন মাস্কের সাথে রাষ্ট্রপতি ট্রাম্পের সম্পর্কের চরম অবনতি ঘটে গেল বৃহস্পতিবার। এর ফলে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইলন মাস্কের সংস্থাগুলির জন্য ফেডারেল অর্থায়নের 'বিলিয়ন বিলিয়ন' ডলার ড্রেন করে নিতে পারেন। মাত্র কয়েক মাস আগে ইলন মাস্ক একটি লাল রঙের টেসলা ট্রাম্পের কাছে বিক্রি করেছিলেন। সেদিন তারা দু'জন টেসলায় চড়ে অনেক আনন্দঘন সময় কাটিয়েছেন। সকল মহলকে তাক লাগিয়ে তাদের এই মধুময় সময় সহসাই শেষ হয়ে যায়।

## ঈদের ছুটি ও অভিবাসীদের সুরক্ষার দাবি

৭২ পৃষ্ঠার পর

সংবাদ সম্মেলনে জানানো হয়, গত ২৭ মে, মঙ্গলবার আলবেনীতে ১১ তম মুসলিম এডভোকেসি লেজিসলেটিভ ডে'তে অর্ধশতাধিক স্টেট অ্যাসেম্বলি ও সিনেট সদস্যদের সঙ্গে আলোচনায় তারা বিভিন্ন দাবি তুলে ধরেন। নিউইয়র্ক সিটিতে ঈদের ছুটি কার্যকর থাকলেও স্টেটের অন্যান্য এলাকায় এখনও এই ছুটি বাস্তবায়িত হয়নি। যা মুসলিম ছাত্রছাত্রী ও অভিভাবকদের মধ্যে বৈষম্য তৈরি করছে।তাই সিটির বাইরে পুরো স্টেটে ঈদুল ফিতর ও ঈদুল আজহার দিনে স্কুলে ছুটি ঘোষণার দাবিই ছিল এবার তাদের অন্যতম প্রধান এজেন্ডা।

স্টেটের রাজধানী আলবেনীতে অনুষ্ঠিত অ্যাডভোকেসি ডে'তে মোট ৯ দফা দাবির মধ্যে আটটিই সিনেট ও অ্যাসেম্বলিতে বিল আকারে তোলা হয়েছে। অ্যাডভোকেসি ডে'র সহ আয়োজক হিসেবে ছিল কাউন্সিল অন আমেরিকান ইসলামিক রিলেশনস অব নিউ ইয়র্ক (কেয়ার)। অ্যাডভোকেসি ডে উপলক্ষ্যে ৫০ জনের বেশি কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিত্বের প্রতিনিধি দল আলবেনিতে যায়। অনুষ্ঠানের অংশ হিসাবে আলবেনির লেজিসলেটিভ বিল্ডিংয়ের মিলিয়ন ডলার স্টেয়ার কেসে- এক সংবাদ সম্মেলনও অনুষ্ঠিত হয়।

অভিবাসী সুরক্ষা নিয়েও উদ্বেগ প্রকাশ করে তারা বলেন, মুসলিমসহ বিভিন্ন অভিবাসীদের গণহারে দেশে ফেরত পাঠানো বা নানা হয়রানিমূলক পদক্ষেপের বিরুদ্ধে আইনি সুরক্ষা নিশ্চিত করতে হবে। একইসঙ্গে ব্যাংকিং সেবায় মুসলমানদের প্রতি যে বৈষম্য বা অসুবিধা তৈরি হয়, তা প্রতিরোধে 'ব্যাংকিং বিল অব রাইটস' কার্যকর করার দাবি করা হয়েছে।

সিনেট ও অ্যাসেম্বলিতে উত্থাপিত অন্যান্য দাবির মধ্যে রয়েছে

নিউইয়র্ক মুসলিম আমেরিকান এডভোকেসি কাউন্সিল গঠন করা। যাতে এ কাউন্সিল স্টেট আইন প্রণেতাদের সঙ্গে যোগাযোগ রেখে মুসলিমদের স্বার্থ রক্ষা করতে পারে। নিউইয়র্কের স্কুল কলেজগুলোতে বাকস্বাধীনতা রক্ষার অধিকার নিশ্চিত করা। যাতে কোন বিষয়ে মতামতের জন্য কোন শিক্ষার্থীকে আইনগত হুমকিতে না পড়তে হয়। নিউইয়র্কের বিভিন্ন ডিটেনশন সেন্টারের বন্দীরা যাতে ন্যায্য ও সাংবিধানিক সুবিধা পায়।

সেজন্য নিউইয়র্ক ডিগনিটি নট ডিটেনশন অ্যাক্ট প্রস্তাব করা হয়েছে। স্টেটের সব স্কুলে প্রোটেকশন ফ্রম রিলিজিয়াস ডিসক্রিমিনেশন ইন স্কুল বিল প্রতিষ্ঠা করা। স্কুল ও শিক্ষা প্রতিষ্ঠানে আঞ্চলিক বৈষম্য নিরসন করা এবং সব অঞ্চলের মানুষকে শিক্ষায় সমান সুযোগ দিতে হবে। বিশেষ করে মধ্য ও উত্তর আফ্রিকানদের সুবিধা অন্তর্ভুক্ত করা, ইত্যাদি।

## ঘরে-বাইরে চাপের মুখে ইউনূস

১ পৃষ্ঠার পর

ফখরুদ্দিন আহমেদের নেতৃত্বাধীন সরকারের সময়ের দুই প্রভাবশালীর কেউই দেশে থাকতে পারেননি। ফখরুদ্দীন ও মইনুদ্দীন উভয়ে নির্বাসিত। জেনারেল ওয়াকারও তাই আগেভাগে নিজের অবস্থান স্পষ্ট করে গণতন্ত্রে উত্তরণের যে কোনও সংকটে নিজের দায় এড়িয়ে যাচ্ছেন।

নোবেল বিজয়ী মুহাম্মদ ইউনূসের ওপর আরেকটি বড় চাপ দেশের বাইরের শক্তির। প্রতিবেশি ভারত ইউনূসে খুব অস্বস্তিতে আছে। তিনি বিশ্বের দুই পরাশক্তি মার্কিন যুক্তরাষ্ট্র ও চীনের সঙ্গে এমন এক সম্পর্ক জালে আবদ্ধ করছেন যা ভারতকে দুশ্চিন্তায় ফেলেছে। শেখ হাসিনার সময়েও এই দুইটি দেশের সঙ্গে বাংলাদেশের ঘনিষ্ঠ যোগাযোগ ছিলো। কিন্তু তখন ভারতের কাছে স্পর্শকাতর কোনও বিষয়ে বিগত সরকার অগ্রসর হয়নি। ঢাকা ও দিল্লির মধ্যে একটা আস্থার ভাব ছিলো। এখন সেই আস্থা নেই। তাই ইউনূসের সরকারকে ভারত খুব সন্দেহ করে। ভারতের সঙ্গে সম্পর্কের বিষয়ে মুহাম্মদ ইউনূস খুবই অসতর্ক। তিনি চীন সফরকালে ভারতের উত্তর-পূর্ব সাত রাজ্যের সঙ্গে বাংলাদেশের সমুদ্রসীমার বিষয় সম্পর্কে মন্তব্য সুখকর ছিল না। তিনি সর্বশেষ রাজনৈতিক নেতৃবৃন্দের সঙ্গে আলোচনায় ভারত তাকে উৎখাত করতে চায় বলে মন্তব্য করেছেন। তার এমন মন্তব্য মাহমুদুর রহমান মান্না বৈঠকের পর সাংবাদিকদের সামনে প্রকাশ করেছেন।

ইউনূসের বিরুদ্ধে ভারত সরাসরি শক্ত কোনও পদক্ষেপ না নিলেও ভারতের প্রভাবশালী মিডিয়া প্রচারযুদ্ধে নেমেছে। পোশাক শিল্পের পণ্য রফতানির জন্যে ভারতের বিমানবন্দর ব্যবহার নিষিদ্ধ করেছে। স্থলপথে ভারতে বাংলাদেশের পণ্য রফতানি বন্ধ করেছে। এসব পদক্ষেপের মাধ্যমে ভারত বার্তা দিয়েছে যে, ইউনূসের কর্মকাণ্ড তাদের পছন্দ নয়। ভারত আশা করছে, একটা পর্যায়ে নির্বাচন দিয়ে ইউনূস দ্রুতই বিদায় নেবে। নির্বাচিত সরকার ভারতের সঙ্গে যোগাযোগ বাড়াবে। দিল্লি বাংলাদেশের পরিস্থিতির প্রতি নজর রাখছে। এখন পর্যন্ত ভারতের মূল্যায়ন হলো, বাংলাদেশে স্বল্প সময়ের মধ্যে নির্বাচন অনিবার্য। তাই তাড়াহুড়ো কোনও উপসংহারে না পৌঁছে অপেক্ষা করাই বাস্তবসম্মত।

রাখাইন রাজ্যে করিডর দেওয়া নিয়ে বেশ বিব্রতিতে পড়েছে জনগণ। ইউনূসের সরকারের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা খলিলুর রহমান বলেছেন, মিয়ানমারের রাখাইন রাজ্যে ত্রাণ পৌঁছানোর জন্য বাংলাদেশ একটি চ্যানেল দেবার জন্যে নীতিগত সম্মত হয়েছে। এই ধরনের সিদ্ধান্ত অর্ন্তবর্তি সরকারের এখতিয়ারে পড়ে না। বাংলাদেশের সংবিধান মোতাবেক, কোনও তত্ত্বাবধায়ক সরকারের মেয়াদ ৯০ দিন। এই সরকার রুটিন কাজ পরিচালনা এবং নির্বাচন পরিচালনা করা দায়িত্ব। অর্ন্তবর্তি সরকার এতবড় নীতিগত সিদ্ধান্ত নেওয়াটা সমীচীন নয়। কারণ রাখাইন রাজ্যে ত্রাণ দেওয়ার ক্ষেত্রে ঝুঁকি আছে। সেখানে আরাকান আর্মি নামের যে গ্রুপটি নিজেদের অবস্থান শক্ত করেছে, ওই গ্রুপটি মূলত কট্টর বৌদ্ধদের গ্রুপ। আরাকান আর্মি এবং মিয়ানমারের সামরিক বাহিনী তাঠমাডু মিলিতভাবে রোহিঙ্গাদের বিতাড়িত করেছে। এখন তাদের হাতে ত্রাণ পৌঁছে দিতে বাংলাদেশের চ্যানেল দেওয়ার সিদ্ধান্ত ভালভাবে নেয়নি মিয়ানমার। এ ব্যাপারে তারা প্রতিবাদ জানিয়েছে।

রোহিঙ্গা শব্দটা এসেছে আরবী 'রহম' থেকে এসেছে। 'রহম' মানে রহমত, রহম থেকে রোহান এবং তারপর রোহিঙ্গা। আরবের লোকেদের রাখাইন তথা আরাকান এলাকায় আসাকে রহমত হিসাবে গণ্য করা হয়েছিলো। কিন্তু কট্টর বৌদ্ধরা এটা মেনে নেয়নি। তারা রোহিঙ্গা শব্দ ব্যবহার করেনা। তারা বলে বাঙালী। তাদের ধারণা এরা চট্টগ্রাম থেকে রাখাইনে গেছে। ১৯৮২ সালে এক আইনের মাধ্যমে রোহিঙ্গাদের নাগরিকত্ব কেড়ে নেওয়া হয়। বর্তমানে প্রায় ১১ লাখ রোহিঙ্গা বাংলাদেশের কক্সবাজার জেলায় অবস্থান করছে। রাখাইন রাজ্যে এখনও প্রায় ছয় লাখ রোহিঙ্গা রয়ে গেছেন। রোহিঙ্গাদের ফেরত নেবার ব্যাপারে কোনও অগ্রগতি না থাকলেও আরাকান আর্মিকে ত্রাণ দেবার জন্যে ইউনূস সরকারের মরিয়া ভাব সন্দেহের সৃষ্টি করেছে।

মুহাম্মদ ইউনূসের সরকার ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের বিষয় নিয়েও বিতর্কের জন্ম দিয়েছে। মুজিবনগর সরকারের কর্মকর্তা-কর্মচারি, স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী, কলাকুশলী, স্বাধীন বাংলা ফুটবল দল, মুক্তিযুদ্ধকালে যেসব বাঙালী কর্মকর্তা বিদেশে বাংলাদেশের পক্ষে কূটনৈতিকভাবে অবদান রেখেছেন; তাদেরকে সহযোগি মুক্তিযোদ্ধা হিসাবে অভিহিত করার সিদ্ধান্ত নিয়েছে। নতুন এই সিদ্ধান্ত বিতর্কের জন্ম দিয়েছে। অর্ন্তবর্তি সরকার নির্বাচন করার মতো মূল দায়িত্ব অগ্রাধিকারে নেবার বদলে বিতর্কিত নানা সিদ্ধান্ত নিয়ে বেশ আলোচনায় আছে।

মুহাম্মদ ইউনূস লন্ডন সফরে যাচ্ছেন। সেখানে একটি দাতব্য সংস্থার পুরস্কার গ্রহণ করতে যাচ্ছেন তিনি। এক বছরেরও কম সময়ে তিনি এগারতম সফরে বিদেশে যাচ্ছেন তিনি। দেশের ভেতরে নানা সমস্যার সমাধানে মনযোগি না হলেও বিদেশ সফরে তার আগ্রহ প্রশ্নের জন্ম দিয়েছে।



ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791

بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'উয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খযরজের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহরা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহ্হামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফিয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়্যতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের নিরিখে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রায় আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে ম'উনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের নবীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় যেন না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশদের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাউযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের মধ্যস্থলে হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে ম'উনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু ফীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে শলাপরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই দুরভিসন্ধির কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম. এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই ভিন্ন ভিন্ন সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এখনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা কুরবানির বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মণ্ডী বাহাউদ্দিন জেলার সাদুল্লাহ্পুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রীতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কোনোই বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)



# 'রেড মিট' শরীরের জন্য কতটা ক্ষতিকর



অধ্যাপক ডা. তৌফিকুর রহমান ফারুক

'রেড মিট' বা লাল মাংস সাধারণত পশুর মাংসে বিশেষ করে গরুর মাংসে পাওয়া যায়। লাল মাংস ও প্রক্রিয়াজাত মাংস স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। কারণ, লাল মাংসে সম্পৃক্ত চর্বির পরিমাণ বেশি থাকে। ফলে এটি গ্রহণে পেটের নাড়ির ক্যানসারের ঝুঁকি বেশি থাকে। এ মাংস পাকস্থলী, অগ্নাশয়, খাদ্যনালি ও অন্ত্রের ক্যানসার সৃষ্টি করে। তবে লাল মাংস বা গরুর মাংস প্রয়োজনীয় খাদ্য উপাদানে পূর্ণ। এতে প্রচুর পরিমাণে আয়রন বা লোহা পাওয়া যায়, যা গর্ভবতী, বাড়ন্ত শিশু ও কিশোর-কিশোরীদের রক্তশূন্যতা প্রতিরোধ করে। এ লোহা বা আয়রন সহজে অন্ত্রে শোষিত হয়। এতে প্রচুর পরিমাণে ভিটামিন বি১২ আছে, যা রক্ত তৈরিতে ভূমিকা রাখে। এ মাংসে প্রচুর পরিমাণে উন্নতমানের প্রোটিন পাওয়া যায় যা দেহ গঠনে সাহায্য করে।



গরুর মাংসে প্রচুর পরিমাণে জিংক নামক মিনারেল বা খনিজ পদার্থ থাকে, যা শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়। চর্বি ছাড়া গরুর মাংসে অর্থাৎ লিনকাট মাংসে যেহেতু চর্বির পরিমাণ অনেক কম থাকে ও প্রচুর প্রোটিন থাকে, তাই তিন আউন্স চর্বি ছাড়া মাংসে মাত্র ১৮০ ক্যালরি শক্তি থাকে এবং এতে ১০টিরও বেশি জরুরি খাদ্য উপাদান থাকে।

যারা বেশি বেশি লাল মাংস, মিষ্টি জাতীয় খাবার ও ফ্রেন্স ফ্রাই বা আলু ভাজা খান তাদের হৃদরোগ, ক্যানসার ও অন্য কিছু কারণে মৃত্যুর ঝুঁকি বেশি। লিনকাট বা চর্বি ছাড়া মাংসে অর্থাৎ ৩ আউন্স পরিমাণ মাংসে ১০ গ্রামের কম মোট চর্বি, ৪.৫ গ্রামের কম সম্পৃক্ত চর্বি ও ৯৫ মিলিগ্রামের কম কোলেস্টেরল থাকে। তাই গরুর মাংস কেনার সময় লেবেল দেখে কিনতে হবে, যদি মাংস প্রাইম ধরনের হয় তবে এটি সুস্বাদু ও নরম হলেও এতে সম্পৃক্ত চর্বির পরিমাণ অনেক বেশি। সিলেক্ট গ্রেডে অর্থাৎ লিনকাট মাংসে চর্বির মাত্রা কম থাকে। তাছাড়া গরু পালনের সময় শস্যদানা বেশি খাওয়ানো হলে সেসব গরুর মাংসে চর্বি বেশি থাকে। অন্যদিকে যেসব গরু পালনের সময় বিভিন্ন ধরনের ঘাস বেশি খাওয়ানো হয়, সেগুলোর মাংসে চর্বি কম থাকে ও বেশি পরিমাণে হৃদবান্ধব 'ওমেগা-৩' অসম্পৃক্ত চর্বি বেশি থাকে।

সাদা মাংসে মায়োগ্লোবিন নামে এক ধরনের আয়রন বা লোহাযুক্ত প্রোটিন কম থাকে। আয়রনের রং যেহেতু লাল তাই মায়োগ্লোবিন কম থাকার জন্য সাদা মাংসের রং হাল্কা থাকে। সাদা মাংস সাধারণত পোল্ট্রি অর্থাৎ মুরগি ও টার্কির কিছু কিছু অংশে যেমন বুকের মাংসপেশিতে পাওয়া যায়, কিন্তু পায়ের রানের মাংসে আবার মায়োগ্লোবিন বেশি থাকায় মাংসের রং লাল। লাল মাংসে এলডিএল বা খারাপ কোলেস্টেরল বা সম্পৃক্ত চর্বি সাদা মাংসের তুলনায় বেশি থাকে। কিন্তু যে পাখি উড়ে যেমন হাঁস তাদের বুকের মাংসেও মায়োগ্লোবিন বেশি থাকায় মাংসপেশি লাল। মাছের মাংস সাদা মাংস।

এরপর ২৯ পৃষ্ঠায়

# গরমের ফলে আছে ঔষধি গুণ

আখতারুন নাহার আলো



গরমের সময় অনেক রসালো ফল পাওয়া যায়। এ ফল আমাদের দেহে পানির অভাব পূরণের পাশাপাশি শরীরের বিভিন্ন কাজে লাগে। এ সময় পাওয়া যায় আম, কাঁঠাল, জাম, তালের শাঁস, লিচু, বাঙ্গি, তরমুজ, জামরুল ইত্যাদি।

* আম

স্বাদ ও গুণের জন্য আমকে ফলের রাজা বলা হয়। ক্যারোটিন সমৃদ্ধ এ ফল ত্বকের মসৃণতা, চুলের উজ্জ্বলতা ও চোখের স্বাস্থ্য ভালো রাখে। এতে আছে ভিটামিন এ, সি, শর্করা, পটাশিয়াম। আম পাকার সঙ্গে সঙ্গে এটি শর্করা দিতে পূর্ণ হয়ে যায়। অর্থাৎ গ্লুকোজ, ফ্রুক্টোজ ও সুক্রোজ বেশি পরিমাণে থাকে। আমের আকারের ওপর এর ক্যালরি নির্ভর করে। একটি মাঝারি মাপের আমে প্রায় ৫০-১০০ ক্যালরি থাকে। এই ফল শরীরকে ঠান্ডা রাখে। প্রচুর আঁশ থাকে বলে এটা পরিপাকতন্ত্রের ওপর ভালো কাজ করে। ফলে কোষ্ঠকাঠিন্য দূর হয়। যাদের রক্তে পটাশিয়াম বেশি আছে, তাদের এর পরিমাণ বুঝে আম খাওয়া উচিত। ডায়াবেটিস নিয়ন্ত্রণে থাকলে দিনে মাঝারি মাপের দুটি আম খেতে পারেন। তবে সেটাও একসঙ্গে নয়। হৃদরোগীরা আম খেলে কোনো ক্ষতি নেই। এই ফল দ্রুত হজম ও শোষণ হয়। এজন্য ছোট শিশুদের আম দিলে ভালো হয়। আম রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়। কাঁচা আমে শর্করা ও পেকটিনের পরিমাণ বেশি। গ্যালিক অ্যাসিডের জন্য কাঁচা আম টক স্বাদযুক্ত হয়।

* কাঁঠাল

কাঁঠাল বেশ শক্তিদায়ক ফল। এতে শর্করার পরিমাণ বেশি থাকে। যাদের ওজন কম ও দুর্বল স্বাস্থ্যের তারা কাঁঠাল খেলে উপকার পাবেন। এটি রসালো, রুচিকর ও আঁশযুক্ত। অ্যান্টি-অক্সিডেন্টের জন্য এটি ত্বক ও চুলের স্বাস্থ্য ভালো রাখে। এতে ক্যালসিয়ামও প্রচুর আছে। কাঁচা-পাকা কাঁঠাল এবং কাঁঠালের বিচি পুষ্টিকর ও স্বাদযুক্ত। এতে ক্যারোটিন আছে ৪৭০০ মাইক্রোগ্রাম। সকাল ও বিকালের নাশতায় কাঁঠাল-মুড়ি বেশ উপাদেয় ও স্বাস্থ্যকর নাশতা।

এরপর ৪২ পৃষ্ঠায়

# হজ পালনে ডায়াবেটিস রোগীর সতর্কতা

ডা. নাজমা আক্তার



প্রতি বছরের মতো এবারও বিশ্বের নানা প্রান্ত থেকে মুসলিম ধর্মাবলম্বীরা সৃষ্টিকর্তার সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে হজ পালনের জন্য সৌদি আরব যাচ্ছেন। এ পুরো ধর্মীয় আনুষ্ঠানিকতা সুষ্ঠুভাবে পালনের জন্য প্রত্যেকের মানসিক প্রস্তুতির পাশাপাশি শারীরিক প্রস্তুতিরও প্রয়োজন, বিশেষ করে ডায়াবেটিস রোগীদের। হজ পালনের দীর্ঘ আনুষ্ঠানিকতায় অনেক সময় এসব রোগীর ডায়াবেটিসের নিয়মকানুন যেমন- নির্দিষ্ট সময়ে পরিমিত আহার বা শারীরিক ব্যায়াম, নিয়মিত রক্তের সুগার পরীক্ষা ব্যাহত হওয়ার আশংকা থাকতে পারে। আর ডায়াবেটিস রোগীদের ক্ষেত্রে নানা রকম ইনফেকশনে আক্রান্ত হওয়ার ঝুঁকিও অনেকাংশে অন্যদের তুলনায় বেশি থাকতে পারে। কখনো কখনো পানিশূন্যতা, হিট স্ট্রোক বা রক্তের সুগার বেড়ে যাওয়া বা হাইপো বা কমে গিয়ে সংকটাপন্ন অবস্থাও তৈরি হতে পারে।

* ডায়াবেটিস রোগীদের স্বাস্থ্য ঝুঁকি

এসব ঝুঁকির মধ্যে রয়েছে রক্তের সুগার বেড়ে যাওয়া, রক্তের সুগার কমে যাওয়া, পানিশূন্যতা, হিট স্ট্রোক, নানা ধরনের ইনফেকশন (যেমন-ডায়রিয়া, শ্বাসতন্ত্রের ইনফেকশন ইত্যাদি) ও পায়ের ক্ষত বা আলসার। তবে হজযাত্রার আগে কিছু প্রস্তুতি ও হজ পালনের সময় কিছু সতর্কতা একজন ডায়াবেটিস হজ পালনকারীকে নির্বিঘ্নে হজ পালনে সহায়তা করতে পারে।

* হজপূর্ব প্রস্তুতি

হজযাত্রার আগেই প্রত্যেক ডায়াবেটিস রোগীর তার চিকিৎসকের পরামর্শ নিতে হবে। একজন চিকিৎসক হজ পালনে ডায়াবেটিস রোগীর সতর্কতা থাকার ব্যাপারগুলো পরামর্শ দেবেন, মুখে খাওয়ার

এরপর ৪৬ পৃষ্ঠায়



# ফ্যাটি লিভার বিপাকের সমস্যা থেকেও হয় এ রোগ

ডা. শাহজাদা সেলিম

ফ্যাটি লিভার রোগ, এটি হেপাটিক স্টেটোসিস নামেও পরিচিত। এটি এক ধরনের বিপাকীয় সমস্যা, যেখানে লিভারের কোষে অতিরিক্ত চর্বি জমা হয়। এ রোগটি প্রধানত দু'ধরনের হতে পারে- অ্যালকোহলিক ফ্যাটি লিভার ডিজিজ এবং নন-অ্যালকোহলিক ফ্যাটি লিভার ডিজিজ।

* কারণ

নন-অ্যালকোহলিক ফ্যাটি লিভার ডিজিজ-এর কারণগুলো প্রধানত জীবনযাত্রা এবং বিপাকীয় সিনড্রোমের সঙ্গে সম্পর্কিত। মূল কারণগুলো হলো-

দৈহিক স্থূলতা : শরীরে অতিরিক্ত ফ্যাট জমে গেলে লিভারেও ফ্যাট জমা বাড়ে।

টাইপ ২ ডায়াবেটিস : ইনসুলিন রেজিস্টান্সের কারণে রক্তে শর্করার মাত্রা বেড়ে গেলে লিভারে ফ্যাট জমা হতে পারে।

বিপাকীয় সিনড্রোম : উচ্চরক্তচাপ, উচ্চ ট্রাইগ্লিসারাইড, নিম্ন এইচডিএল কোলেস্টেরলসহ অন্যান্য বিপাকীয় সমস্যা।

পলিসিস্টিক ওভারি সিনড্রোম : নারীদের মধ্যে হরমোনাল অস্বাভাবিকতা, যা ওজন বাড়িয়ে দিতে পারে।

অসামঞ্জস্যপূর্ণ খাদ্যাভ্যাস : উচ্চ-ক্যালরি, উচ্চ-ফ্যাট এবং প্রক্রিয়াজাত খাবার অতিরিক্ত সেবন করলে।

জেনেটিক কারণ : পারিবারিক ইতিহাসে নন-অ্যালকোহলিক ফ্যাটি লিভার ডিজিজ বা অন্যান্য লিভারের রোগ থাকলে এর ঝুঁকি বৃদ্ধি পায়।

* করণীয়

রোগটি প্রতিরোধে কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেওয়া যেতে পারে-

ওজন কমানো : স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস এবং নিয়মিত ব্যায়ামের মাধ্যমে ওজন কমানো গুরুত্বপূর্ণ।

খাদ্যাভ্যাস পরিবর্তন : শাকসবজি, ফলমূল, পুরো শস্য এবং লিন প্রোটিনের ওপর ভিত্তি করে একটি ব্যালেন্সড ডায়েট গ্রহণ করা।

ক্যালরি নিয়ন্ত্রণ : প্রয়োজনের তুলনায় অতিরিক্ত ক্যালরি গ্রহণ না করা।

নিয়মিত ব্যায়াম : সপ্তাহে অন্তত ১৫০ মিনিট মাঝারি

এরপর ৩০ পৃষ্ঠায়

# হ্যান্ডস অন ফিজিক্যাল থেরাপি রিহাবিলেইশন

## এ. ভুঁইয়া

এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট

**আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।**

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

**আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি**

**আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি**

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway

170-08 Hillside Ave, Jamaica, NY 11432

Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



# হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



**ডাঃ এফ হক**
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকিায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

## Captor USA, Inc.

Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

## বিএনপি কি তাহলে এক দফার আন্দোলনে গেল

৫ পৃষ্ঠার পর

'তারুণ্যের রাজনৈতিক ভাবনা ও অর্থনৈতিক মুক্তি' শিরোনামে যে সেমিনারের আয়োজন করল, সেখানে দলের বাইরের তরুণ লেখক-ভাবুকেরাও কথা বলেছেন। রাজনীতির সংস্কার চাইলে কর্মসূচির ধরনও পরিবর্তন দরকার।

কেবল নির্বাচনের দিন-তারিখ নয়, আরও অনেক বিষয়ে সরকারের সঙ্গে বিএনপির নেতৃত্বের দূরত্ব তৈরি হয়েছে। আস্থার ঘাটতি দেখা দিয়েছে। বিএনপির এক নেতা অভিযোগ করেন, বিএনপি সরকারকে পুরোপুরি সমর্থন করলেও সরকার তাদের প্রতি বিমাতাসুলভ আচরণ করছে। বিএনপি যে তিন উপদেষ্টার পদত্যাগ চাইছে, তাঁদের একজনকে নিয়ে প্রধান উপদেষ্টা বৈঠক করলেন, যা ছিল দুই পক্ষের জন্য অস্বস্তিকর। বিএনপি লিখিত ও মৌখিকভাবে তিন উপদেষ্টার পদত্যাগ চেয়েছে। পদত্যাগের দাবির জবাবে প্রধান উপদেষ্টা কী বলেছেন, জানতে চাইলে বিএনপির ওই নেতা জানান, তিনি বলেছেন, 'আপনাদের কথা শুনলাম।' মোটাদাগে আলোচনার ফলাফল শূন্য। দুই পক্ষই যে নিজ নিজ অবস্থানে অনড়, জাপান সফরে থাকা প্রধান উপদেষ্টার বক্তব্যে তা স্পষ্ট। তিনি বলেছেন, একটি দল ডিসেম্বরে নির্বাচন চায়। অথচ বিএনপির এক নেতা জানালেন, তাঁদের দলসহ ৩০টি দল ডিসেম্বরে নির্বাচন চাইছে। অন্যদিকে ডিসেম্বরের পর নির্বাচনের পক্ষে আছে ১৩টি দল। আওয়ামী লীগ সরকারের আমলে বিএনপির এক দফার আন্দোলন ছিল নির্দলীয় সরকারের অধীনে একটি অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচনের দাবিতে। আন্দোলন করতে গিয়ে দলের বহু নেতা-কর্মী জেল-জুলুমের শিকার হয়েছেন। আওয়ামী লীগ সরকার বিএনপির দাবি অগ্রাহ্য করে চব্বিশে একটি প্রহসনের নির্বাচন করলেও শেষ রক্ষা হয়নি। আগস্টে গণ-অভ্যুত্থানে তাদের বিদায় নিতে হয়েছে।

বিএনপির আক্ষেপ, অন্তর্বর্তী সরকারের আমলেও তাদের রাস্তায় নেমে আন্দোলন করতে হচ্ছে যথাসময়ে নির্বাচনের দাবিতে। আওয়ামী লীগ সরকারের আমলে বিএনপির দাবি ছিল সুষ্ঠু নির্বাচনের। এখনকার দাবি যথাসময়ে সুষ্ঠু নির্বাচনের।

বিএনপির নেতারা প্রশ্ন তুলেছেন, অতীতে তত্ত্বাবধায়ক সরকারগুলো যদি তিন মাসের মধ্যে ভালো নির্বাচন দিতে পারে, অন্তর্বর্তী সরকার কেন ১৬-১৭ মাসে পারবে না?

ডিসেম্বর না জুন-এই বিরোধের সমাধান কী? সরকারের পক্ষ থেকে বলা হয়েছে আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ ঘোষণার পর দেশে 'যুদ্ধাবস্থা' বিরাজ করছে। দেশের ভেতরে ও বাইরে চক্রান্তকারীরা নানাভাবে সরকারের কাজে প্রতিবন্ধকতা তৈরি করছে। সেই প্রতিবন্ধকতা দূর করার জন্যও তো রাজনৈতিক দলগুলোর সঙ্গে সরকারের ভালো বোঝাপড়া থাকা দরকার ছিল। বিএনপি জানিয়ে দিয়েছে, ডিসেম্বরে নির্বাচন না হলে সরকারের প্রতি সমর্থন ধরে রাখা কঠিন হবে। এর মাধ্যমে দলটি অন্তর্বর্তী সরকারের প্রতি অনাস্থারই পূর্বাভাস দিয়েছে।

ডিসেম্বরে নির্বাচন না করার পক্ষে সরকারের যুক্তি হলো বর্তমানে আইনশৃঙ্খলা পরিস্থিতি যে অবস্থায় আছে, তাতে একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচন করা সম্ভব হবে না। বিএনপি মনে করে, নির্বাচন নিয়ে অনিশ্চয়তা আছে বলেই সবখানে অস্থিরতা চলছে। নির্বাচনের রোডম্যাপ ঘোষণা করতে সরকার যত দেরি করবে, পরিস্থিতি সামাল দেওয়া ততই কঠিন হবে।

সোহরাব হাসান: প্রথম আলোর যুগ্ম সম্পাদক ও কবি।

## রাজনীতি কোনো ব্যবসা না

১২ পৃষ্ঠার পর

আমরা কলুষিত করছি। রাজনীতিবিদদের প্রথম থেকেই এই সিদ্ধান্ত নিতে হবে-আমি রাজনীতি করে কোনো অসৎ আয় করব না, আমার জীবন চলার জন্য যত সামান্য সম্পদ বা অর্থের দরকার, সেটুকুই আমাকে অর্জন করতে হবে। সব সময় ত্যাগের মনোভাব নিয়ে রাজনীতি করতে হবে। কেউ যদি তাঁর নিজস্ব উপার্জিত অর্থ, যেমন আইন পেশা, ডাক্তারি পেশাসহ অন্যান্য পেশা ও পারিবারিক সম্পদ নিয়ে নিজের সংসার, কর্মজীবন পরিচালনা করতে পারেন, তাহলেই তাঁর রাজনীতি করা উচিত। তাহলে তিনি শুধু রাজনীতি নিয়েই সমাজের সেবা করতে পারবেন। যা কিছুই বলি না কেন, নিঃস্বার্থভাবে সেবা করার মানসিকতা রক্ত, মাংসে, মস্তিষ্কে ও মনোজগতে থাকতে হয়। নিঃস্বার্থভাবে দেশসেবা, সমাজসেবা, সমাজ সংস্কার সবাই করতে পারে না। যাঁরা লোভ-লালসার ঊর্ধ্বে উঠে নিজের সময়-সম্পদ ব্যয় করে অপরের উপকারের জন্য নিজেকে নিয়োজিত করতে পারবেন-তাঁরাই আসুক রাজনীতি করতে। রাজনীতিবিদদের অনেক মেধাবী হতে হয়। অর্থনীতি, সমাজনীতি, পররাষ্ট্রনীতি, বহির্বিশ্বের পরিবর্তন-সবকিছুর ওপরই তাঁদের সম্যক জ্ঞান থাকতে হয়। শুধু রাজনীতি না, প্রতিনিয়ত পরিবর্তনশীল পৃথিবীর সঙ্গে নিজেকে খাপ খাইয়ে নিতে হয়। যা কিছু সবার জন্য মঙ্গল, সেটা নিয়েই সারাক্ষণ চিন্তা করতে হয়। রাজনীতিবিদের চরিত্র, আচার-আচরণ দেখে যেন সমাজ ভালো কিছু শেখে, তাহলেই রাজনীতি সার্থক হয়। যদি রাজনীতিবিদদের দেখে সমাজের মানুষ তাঁদের বিপুল পরিমাণ সম্পদ নিয়ে প্রশ্ন তোলে, তাহলেই মনে করতে হবে সেইসব রাজনীতিকের সবকিছু ব্যর্থ, তাঁদের রাজনীতিবিদ হওয়ার কোনো যোগ্যতা নেই; তাঁদের রাজনীতি মিথ্যার বেসাতির ওপর প্রতিষ্ঠিত। এ দেশে গত কয়েক দশকে যা কিছু ঘটে গেল, সবকিছুর শীর্ষেই ছিল রাজনীতিবিদদের চরিত্র, তাঁদের জ্ঞান-বিদ্যাবুদ্ধি, আচার-আচরণের বহিঃপ্রকাশ। এই প্রক্রিয়া ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। অর্থাৎ রাজনীতির মধ্যে 'পলিটিক্স' ঢুকে গেছে। অর্থাৎ, পেশিশক্তি, জোরজবরদস্তি, চোখ রাঙানি, অপনীতি শেখানো, যা কিছু মন্দ সবকিছুই ঢুকে গেছে এই রাজনীতির মধ্যে। কলুষিত রাজনীতি থেকে বের হয়ে আসতে হবে। আসতেই হবে। নইলে কুম্ভীপাকে পতিত হবে দেশ ও জাতি; ভবিষ্যৎ শুধু অন্ধকার হবে। এখন থেকেই আমরা চরিত্রবান, সৎ, মেধাবী মানুষদেরই রাজনীতিতে স্থান করে দিতে চাই। আমাদের দেশে এখনো সৎ, মেধাবী রাজনীতিবিদ আছেন। তাঁদের মূল্যায়ন করতে হবে। তাঁদের পথ অনুসরণ করে নতুন প্রজন্ম সেই রকমভাবে তৈরি হবে। গত এক দশকে যেসব তরুণ রাজনীতিতে এসেছেন বা আসার চেষ্টা করছেন, তাঁদের এটা জানা উচিত-রাজনীতি কোনো ব্যবসার জায়গা না, কোনো সম্পদ অর্জনের জায়গা না; শুধুই ত্যাগ, জনসেবা, সমাজসেবা ও রাষ্ট্রসেবার জায়গা। আবারও বলছি-'রাজনীতি ত্যাগের জায়গা, ভোগের নয়'-এই কথা যেন তরুণসমাজ মনে রাখে।

লেখক: প্রকৌশলী।

## প্রশ্নবিদ্ধ জাপা'র রাজনৈতিক ভবিষ্যৎ কোন পথে

১০ পৃষ্ঠার পর

বাস্তবতা। দলটির আচরণ কখনো ইসলামপন্থি, কখনো ধর্মনিরপেক্ষ আবার বামের দিকেও ঝোঁক আছে। ক্ষমতার ছায়ার ছায়ায় থাকাটাই মূল লক্ষ্য। বর্তমান বাস্তবতাতেও অস্পষ্ট দলটির আচরণ। গেল রমজানে বেশ কয়েকটি স্থানে ইফতার আয়োজনের চেষ্টা করেও ব্যর্থ হয়। যদিও আঙুল নানা দিকেই ঘুরানো যায়। আবার রাজনৈতিক ইস্যু খোঁজার চেষ্টা চলে গাজার পক্ষে মিছিল করতে না দেয়া নিয়েও। জাতীয় পার্টি অন্তর্বর্তী সরকারের আলোচনাতেও ডাক পেয়েছিল। অংশও নিয়েছিল। জুলাই আন্দোলনের সৈনিকরা তাতে না করেন। নতুন মোড়কে আসে জাতীয় পার্টির অবস্থান। দিনে দিনে বেলা অনেকটাই গড়িয়েছে। এবার কী দলটি নিষিদ্ধ হবার পথে? এই তো ক'দিন আগে জাতীয় পার্টি ও ১৪ দল নিষিদ্ধের দাবি জানিয়েছে 'জুলাই ঐক্য'। দুঃশাসনের মূল সহযোগী হিসেবে কাজ করা ১৪ দল এবং জাতীয় পার্টিকে নিষিদ্ধ করার দাবি জানিয়েছে 'জুলাই ঐক্য'। নেতারা বলছেন, বিগত সাড়ে ১৫ বছরের দুঃশাসনের মূল সহযোগী হিসেবে কাজ করা ১৪ দল এবং জাতীয় পার্টি এই রাজনৈতিক শক্তিগুলোও দায়মুক্তি পেতে পারে না। অবিলম্বে এসব দলের নিবন্ধন বাতিল ও নিষিদ্ধকরণ এবং বিচারের আওতায় আনার আহ্বান জানানো হয়। জাতীয় পার্টিসহ ১৪ দলের কার্যক্রম নিষিদ্ধ চেয়ে নির্বাচন কমিশনকে লিগ্যাল নোটিশও দেয়া হয়েছে। এতে উল্লেখ করা হয়, ফ্যাসিবাদী দল আওয়ামী লীগের নেতৃত্বাধীন মহাজোটের শরিক জাতীয় পার্টিসহ ১৪ দলের রাজনৈতিক কার্যক্রম নিষিদ্ধকরণের কথা। জাতীয় পার্টিকে ঘিরে 'নিষিদ্ধকরণ' আলোচনা নতুন নয়। ৫ই আগস্টের পর থেকেই প্রত্যক্ষ-পরোক্ষভাবে চলছে। ইদানীংকালে এই সুর শক্তিশালী হয়েছে। আওয়ামী লীগ সাময়িক নিষিদ্ধের পরই জোর পড়েছে আলোচনায়। হয়তো চলে গেছে নীতিনির্ধারকদের টেবিলেও। ইঙ্গিত তো সেদিকেই যায়। নিষিদ্ধকরণের দাবি বাস্তবায়ন হবে কিনা, তা সময়ই বলবে। তবে জাতীয় পার্টির সামনে এখন একটি স্পষ্ট বাস্তবতা-কেবল অতীতের ছায়া নিয়ে টিকে থাকা যাবে না। রাজনৈতিক দলের বৈধতা আসে জনগণের আস্থা ও নৈতিক অবস্থান থেকে, যার অনেকটাই প্রশ্নবিদ্ধ। উল্টো জন্ম দেয় হাস্যরসের। সামনে কী আসছে দলটির ভাগ্যে এটাই দেখার পালা।

লেখাটি শেষ করা যাক রংপুর জেলার মিঠাপুকুর উপজেলার এক কৃষকের গল্প দিয়ে। তাকে আমি ছোটবেলা থেকেই চিনি। তার নাম আনসার। এরশাদ ও লাঙল বলতে পাগল। ভীষণ ভালোবাসেন, শ্রদ্ধা করেন এরশাদকে। সাবেক এই প্রেসিডেন্টের রংপুর ঈদগাহ মাঠের জানাজায় তার কান্না অনেকেরই নজর কেড়েছিল। তিনি একটা কথা বলতেন- রংপুরের হাওয়াক ভোট দেমো নাতো কাক দেমো? লাঙল হামার মার্কা। লাঙল মার্কাত যায় দাঁড়াক তাকে হামরা ভোট দেমো। গত ঈদে চাচার সঙ্গে কথা হলো। জাতীয় পার্টির কথা বলতেই, ভীষণ বিরক্ত। আনসার চাচার মতো মানুষও যে জাতীয় পার্টি, লাঙল বিমুখ হতে পারেন তা ভাবাই যায় না। তিনি বলেন, নেতারা হামার কথা ভাবে না। ওরা নকল এমপি বানাইলেই খুশি। ভাওতো পারলো না। এরপর যা যা বলেছেন, তা লেখা যায় না।

## কেন প্রশ্ন দ্বৈত নাগরিকত্ব নিয়ে

৭ পৃষ্ঠার পর

দেশটিতে পাচার করেছে। হাসিনা সরকারের সিংহভাগ মন্ত্রীই এখন পালিয়ে নিজের ওই দ্বিতীয় দেশটিতে মহানন্দে দিন গুজরান করছে। এরই মধ্যে এত বিপুল অর্থ তারা পাচার করে সেখানে নিয়ে গেছে যে, তা দিয়ে তারা কয়েক পুরুষ বিদেশের মাটিতেই আরাম আয়েশে কাটাতে পারবে। আমরা দেখেছি, যখনই কেউ ইউরোপ বা আমেরিকার মতো উন্নত কোনো দেশের নাগরিকত্ব গ্রহণ করে, তারা ওই দেশটিকেই তার শেষ জীবনের স্থায়ী ঠিকানা হিসেবে বিবেচনা করে। তাই যতদিন পারা যায়, তারা বাংলাদেশ থেকে লুটপাট করে, লুটপাটের অর্থ বাইরে পাঠিয়ে দেয়, তারপর বিপদ দেখলে দ্রুত সটকে পড়ে। সবসময়ই এদের এক পা এখানে থাকে তো অপর পা থাকে ওখানে। এই ঘটনার পুনরাবৃত্তি আমরা চাই।

গত ১৫ বছর দেশের শাসন ক্ষমতায় ছিল আওয়ামী লীগ। সে সময় সবচেয়ে ক্ষমতাধর ছিল শেখ পরিবার, শেখ হাসিনার আত্মীয় স্বজনরা। সেই আত্মীয়স্বজনদের কেউ একজনও কি ধরা পড়েছে? তারা সবাই কীভাবে নিরাপদে বিদেশে চলে যেতে পারলো? বিদেশে যেয়ে তাদের কেউ কি খুব কষ্টে আছে? আসলে তারা রাজার হালে আছে। টাকা পয়সা তো অনেক আগে থেকে পাঠানো শুরু করেছিল। শেষ পর্যায়ে এসে কেবল প্রাণটা নিয়ে উড়াল দিয়েছে। আবার যদি আমরা একেবারে শীর্ষ নেতৃত্বের, অর্থাৎ শেখ হাসিনার পরিবারের কথাই ধরি, কে ছিল না বিদেশি নাগরিক? একমাত্র শেখ হাসিনা নিজে ছাড়া আর সবাই ছিলেন। তার নিজের পুত্র-কন্যা, তার বোন, বোনের পুত্র-কন্যা, কে ছিলেন না? তিনি দেশ শাসন করেছেন, শাসনের নামে লুটপাট করেছেন। নিজের পরিবার পরিজনের পাশাপাশি অনুগত চামচাদের লুটপাটের অবাধ সুযোগ করে দিয়েছেন। অন্তর্বর্তীকালীন সরকার অবশ্য প্রায়ই বলছেন, পাচার হয়ে যাওয়া সেই অর্থ তারা ফেরত আনার চেষ্টা করছেন। কিন্তু সেটা আসলেই সহজ? তাদের সেই আশাবাদ কি বাস্তবসম্মত? বিদেশের, ধরা যাক যুক্তরাষ্ট্রের, নাগরিকত্ব গ্রহণ করতে গেলে শপথবাক্য পাঠ করতে হয়। কি সেই শপথ-পড়েছেন কেউ? সেখানে কি যুক্তরাষ্ট্রের স্বার্থ সমুন্নত রাখার কথা বলা হয়নি? তাহলে যেমন একজন লোককে যখন আমার দেশের রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ দায়িত্বে বসাবেন, তখন যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনায় তিনি কোন দেশের স্বার্থের প্রতি অনুগত থাকবেন? পৃথিবীর অনেক দেশেই একারণে দ্বৈত নাগরিকত্ব গ্রহণের সুযোগই নেই। প্রতিবেশী দেশ ভারতেই এই সুযোগ নেই, সিঙ্গাপুরেও নেই। অন্য দেশের নাগরিকত্ব গ্রহণ করতে চাও? তাহলে নিজ দেশের নাগরিকত্ব ত্যাগ করে যাও। তবে ভারত বা সিঙ্গাপুরের মতো বাস্তবতা হয়তো আমাদের দেশে নেই। কারণ এরই মধ্যে এদেশের বিপুল সংখ্যক মানুষ যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য বা অন্য কোনো দেশের নাগরিকত্ব নিয়ে ফেলেছে। তাই আমি দ্বৈত নাগরিকত্বের বিপক্ষে নই। কেউ দ্বৈত নাগরিক হয়ে থাকলে থাকুন, কোনো সমস্যা নেই। তবে তাকে রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ বা নীতিনির্ধারণী কোনো পদে বসানো যাবে না। এই যে বর্তমানে সংস্কার কার্যক্রম চলছে, এর দায়িত্বে কোনো দ্বৈত নাগরিক কেন থাকবেন? বিদেশ থেকে এসে তারা আমাদের পলিসি তৈরি করে দিয়ে যাবেন? এটা হয় না। দ্বৈত নাগরিকত্ব নিয়ে এরই মধ্যে যথেষ্ট আলোচনা হয়েছে। আমরা মনে করি, মানুষের মনে থাকা এবং উচ্চারিত হওয়া সন্দেহগুলোর নিরসন হওয়া দরকার। এ কাজটা সরকারকেই করতে হবে। আর যদি এ বিষয়ে নীরব থাকার সিদ্ধান্ত নেয় সরকার, তাহলে বুঝতে হবে ডাল মে কুছ কালা হ্যায়।






# হজ ও ঈদুল আজহা

মাওলানা আবদুর রশিদ



শারীরিক ও মানসিকভাবে সুস্থ, অবস্থাপন্ন মুসলমানের জন্য হজ একটি অবশ্য পালনীয় ইবাদত। তাদের জন্য জীবনে অন্তত একবার হজ পালনের বাধ্যবাধকতা আরোপ করা হয়েছে মহান স্রষ্টার পক্ষ থেকে। মুসলিম উম্মাহর ঐক্যের প্রতীক হিসেবে চিহ্নিত করা হয় এ ইবাদতকে। ৯ জিলহজ আরাফাতের ময়দানে অবস্থান করা হজ পালনের অবিচ্ছেদ্য অংশ। আরাফাতের ময়দানে হজ সমাবেশে লাখ লাখ হাজির লাব্বাইক আল্লাহুম্মা লাব্বাইক ধ্বনিতে মুখরিত হন। এ সমাবেশে দুনিয়ার সব প্রান্ত থেকে নানা জাতি-বর্ণ-ভাষী মুসলমান সমবেত হয়েছেন মহান আল্লাহর কাছে সমর্পিত হতে। হজ পালনের মাধ্যমে মহান স্রষ্টার প্রতি বিশ্বাসীদের আনুগত্য যেমন প্রকাশ পায় তেমনি দেহ ও মনকে আল্লাহমুখী করা সম্ভব হয়। এ ইবাদতের মাধ্যমে মুমিনরা আত্মশুদ্ধির সুযোগ পান। হজব্রত পালনের মাধ্যমে বান্দা অতীতের ভুলত্রুটির জন্য আল্লাহর কাছ থেকে ক্ষমা লাভ করে নিষ্পাপ হওয়ার সুযোগ পায়। হজের মাধ্যমে ভ্রাতৃত্ববোধের ভাবনা বিকশিত হয়। নানা ভাষা বর্ণ জাতির লাখ লাখ মানুষ একই ধরনের পোশাক পরে আল্লাহর কাছে নিজেদের সমর্পিত করে। হজ উপলক্ষে মানব জাতির যে মহামিলন ঘটে তা বিশ্বজুড়ে সৌহার্দের পরিবেশ গড়ে তুলতে অনুপ্রেরণা জোগায়। বিশ্বশান্তি ও পারস্পরিক সহমর্মিতার শিক্ষা দেয় এ ইবাদত।

কোরবানি ইসলামি শরিয়তের মর্যাদাপূর্ণ এক ইবাদত। আদিপিতা হজরত আদম (আ.)-এর আমল থেকে কোরবানি প্রথার শুরু। তবে এ প্রথা মহিমান্বিত হয়ে উঠেছে মুসলিম জাতির পিতা ইবরাহিম (আ.) ও তাঁর শিশুপুত্র ইসমাইল (আ.)-এর মহান আত্মবিসর্জনের স্মৃতিকে কেন্দ্র করে। কোরবানি হজরত ইবরাহিম (আ.)-এর সুন্নত। হানাফি মাজহাব মতে, নিসাব পরিমাণ সম্পদের মালিক হলে কোরবানি প্রাপ্তবয়স্ক, স্বাভাবিক জ্ঞানসম্পন্ন, মুসলমান নারী-পুরুষের এরপর ৬৪ পৃষ্ঠায়

## হজের খুতবায় শায়খ সালেহ বিন হুমাইদ

মুফতি আবদুল্লাহ তামিম

প্রতিবছরের মতো এবারও পবিত্র হজের মূল দিন ৯ জিলহজে আরাফার ময়দান থেকে হজের খুতবা প্রদান করা হয়েছে। মসজিদুল হারামের খতিব ও সৌদি আরবের প্রভাবশালী আলেম, শায়খ ড. সালেহ বিন হুমাইদ এবার খুতবা প্রদান করেন। বৃহস্পতিবার লাখো হাজি সমবেত হয়েছেন ঐতিহাসিক আরাফাতের ময়দানে। সেখানে মসজিদে নামিরা থেকে হজের খুতবা দেন শায়খ ড. সালেহ বিন হুমাইদ। তিনি বলেন, আমাদের পরিপূর্ণ মুমিন হতে হবে। আল্লাহর আনুগত্য করতে হবে। আল্লাহর কাছে আমাদের গুনাহগুলোর জন্য ক্ষমা প্রার্থনা করতে হবে। যারা ক্ষমা প্রার্থনা করবে আল্লাহ তাদের জন্য রেখেছেন চিরস্থায়ী জান্নাত।

তিনি আরও বলেন, নবীজি বলেন, ইসলাম হলো আল্লাহ এক এ বিষয়ে সাক্ষ্য দিতে হবে, নামাজ পড়বে, রোজা রাখবে, জাকাত দিবে, সক্ষম হলে হজ করবে। আল্লাহর জন্যই সব ইবাদত করতে হবে। আল্লাহ চান পৃথিবীর মানুষ যেনো তাকওয়াবান হয়ে যান। আল্লাহ মানুষকে লক্ষ্য করে বলেন, তোমরা আল্লাহ ছাড়া আর কারও ইবাদত করবে না।

তিনি আরও বলেন, সমাজের বন্ধন দৃঢ় করতে তোমরা পরস্পর ভ্রাতৃত্ববন্ধন রক্ষা করবে। আত্মীয়তা রক্ষা করবে। তোমরা আল্লাহর ইবাদত করবে। তিনি আরও বলেন, আজ একটি বিশেষ দিনে লাখ মুসলিম একত্রিত হয়েছি, এটি এমন একটি দিন যে দিন আল্লাহ অগণিত মানুষকে জাহান্নাম থেকে মুক্তি দেন। এরপর ৬১ পৃষ্ঠায়



## বছরের যে ১০ দিনকে সেরা বলেছেন নবীজি

মুহাম্মদ এনায়েত কবীর

জিলহজ। আরবি বছরের শেষ মাস। হজ ও কুরবানির ঈদের মাস। ২৮ মে বুধবার সন্ধ্যায় মিষ্টি হাসি দিয়েছে জিলহজের নতুন চাঁদ। অনেকটা নীরবেই আমাদের মাঝে এসে গেছে আমলের গুরুত্বপূর্ণ মাসটি। সূর্যের অস্ত উদয় হিসেবে এই মাসও অন্য মাসের মতো। তবে সম্মানের বিচারে জিলহজের রয়েছে অনন্য উচ্চতা। এই মাসের গুরুত্ব ও ফজিলত বুঝাতে স্বয়ং আল্লাহ তাআলা জিলহজের প্রথম দশকের কসম খেয়েছেন। নবীজিও জিলহজের শ্রেষ্ঠত্বের ঘোষণা দিয়েছেন।



এক হাদিসে প্রিয় নবীজি ইরশাদ করেন -মনে রেখো! জিলহজ হলো সবচেয়ে সম্মানিত মাস। (মুসনাদে আহমদ, হাদিস নং ১১৭৬২)

জিলহজের প্রথম দশক বিপুল মর্যাদা ও ফজিলতের দশক। বছরের সেরা দশক। অন্য সময়ের তুলনায় এই দশকের ইবাদত অনেক দামি। আল্লাহর কাছে অতি পছন্দনীয় এবং প্রিয়। এই দশকে অল্প ইবাদতেও আল্লাহর রহমত এবং সন্তুষ্টি অর্জন করা সম্ভব। অথচ অন্য মাসে জান মাল বিলিয়ে দেওয়া ছাড়া এই দশকের সমান মর্যাদা লাভ করা যায়।

এক হাদিসে প্রিয় নবীজি বলেন, জিলহজের প্রথম দশ দিনের আমল আল্লাহর কাছে যত প্রিয়, অন্য কোনো সময়ের আমল তত প্রিয় নয়। সাহাবায়ে কেরাম প্রশ্ন করলেন, আল্লাহর পথে জিহাদও কি এর চেয়ে প্রিয় নয়?

নবীজি বললেন, না, আল্লাহর পথে জিহাদও এই দশ দিনের নেক আমলের চেয়ে বেশি প্রিয় নয়। কিন্তু ওই ব্যক্তির কথা ভিন্ন, যে নিজের জান মাল নিয়ে জিহাদে বেরিয়ে যান এবং কোনো কিছু নিয়ে আর ঘরে ফিরে আসেনি। (সহিহ বুখারি: হাদিস নং -৯৬৯)

জিলহজের প্রথম দশকের শ্রেষ্ঠত্বের ঘোষণা করেছেন জগতের সর্বশ্রেষ্ঠ মানুষ। এক হাদিসে নবীজি ইরশাদ করেন -জগতের সর্বোত্তম দিন হলো জিলহজের প্রথম দশ দিন। (মুসনাদে বাযযার- হাদিস নং-১১২৭)

সবাই সবকিছুতে সেরা তালাশ করে। বাড়তি মূল্যায়ন করে।এটাই স্বাভাবিক। কিন্তু বছরের সেরা এই দিনগুলোর মূল্যায়ন করে কয়জন?

পরকালীন পুঁজি সংগ্রহের মৌসুম এই সময়কে আমলে আমলে কাটাতে হবে। ঈমান আমলের আলোয় জীবনকে করতে হবে সমৃদ্ধ ও আলোকিত। এরপর ২৯ পৃষ্ঠায়



## কাবা শরিফের আশপাশে রয়েছে যা

মুফতি বিলাল হুসাইন খান

কাবা শরিফকে 'বাইতুল্লাহ', 'আল-বাইতুল হারাম', 'আল-বাইতুল আতীক' ও 'কেবলা'ও বলা হয়। বিশ্ব ইতিহাসের প্রথম ইবাদতগাহ। সর্বপ্রথম ফেরেশতারা কাবা শরিফ নির্মাণ করেন। তার পর যুগে যুগে এটির সংস্কার হতে থাকে। ফেরেশতাসহ এ পর্যন্ত নির্মাণ ও সংস্কার কর্মে ১২ জনের নাম তালিকাভুক্ত হয়েছে।

হাতিম

রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নবুওয়াত লাভের পাঁচ বছর পূর্বে তথা তার ৩৫ বছর বয়স কালে কুরাইশেরা বন্যার তোড়ে ধসে পড়ার উপক্রম বহু বছরের ইবরাহিমি কাবা'কে ভেঙে নতুনভাবে নির্মাণের সিদ্ধান্ত নেয়। এ নির্মাণকালে তাদের হালাল উপার্জনের কমতি থাকায় তথা বাজেট সংকটের কারণে বাইতুল্লাহর উত্তর দিক থেকে প্রায় ৩ মিটার বাদ দিয়ে বাকী অংশটুকু নির্মাণ করে। বাইতুল্লাহর এই বাদ দেওয়া অংশটুকুকে বলা হয় 'হাতিম'। এরপর ৩০ পৃষ্ঠায়

### নামাজের সময় সূচি Prayer Times For New York City জুন ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ০৭ | ৩:৪৭ | ৫:২৫ | ১২:৫৫ | ৪:৫৫ | ৮:২৫ | ১০:০৪ |
| ০৮ | ৩:৪৬ | ৫:২৫ | ১২:৫৫ | ৪:৫৫ | ৮:২৬ | ১০:০৪ |
| ০৯ | ৩:৪৬ | ৫:২৫ | ১২:৫৫ | ৪:৫৫ | ৮:২৬ | ১০:০৫ |
| ১০ | ৩:৪৬ | ৫:২৪ | ১২:৫৬ | ৪:৫৬ | ৮:২৭ | ১০:০৬ |
| ১১ | ৩:৪৫ | ৫:২৪ | ১২:৫৬ | ৪:৫৬ | ৮:২৭ | ১০:০৭ |
| ১২ | ৩:৪৫ | ৫:২৪ | ১২:৫৬ | ৪:৫৬ | ৮:২৮ | ১০:০৭ |
| ১৩ | ৩:৪৫ | ৫:২৪ | ১২:৫৬ | ৪:৫৬ | ৮:২৮ | ১০:০৮ |

source: salahtimes.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

**347-659-8842**

**7 DAYS OPEN**

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



## ‘রেড মিট’ শরীরের জন্য কতটা ক্ষতিকর

২৪ পৃষ্ঠার পর

* কম চর্বিযুক্ত খাবার কী কী : কম চর্বিযুক্ত খাবার হলো যাতে সম্পৃক্ত চর্বি ও কোলেস্টেরলের মাত্রা কম থাকে। যেহেতু চর্বি জাতীয় খাবারে ক্যালরি অনেক বেশি থাকে, তাই অধিক চর্বিযুক্ত খাবার কম খেতে হবে। অধিক চর্বিযুক্ত খাবার ওজন বাড়ানোর পাশাপাশি রক্তের চর্বির মাত্রা কিছুটা বাড়ায় ও রক্তে খারাপ চর্বির মাত্রা বাড়িয়ে রক্তনালিতে চর্বির আস্তর বা প্লাক তৈরি করে হৃদযন্ত্রের করোনারি ধমনিতে ও অন্য রক্তনালিতে ব্লক তৈরি করতে পারে। তাই ওজন নিয়ন্ত্রণের জন্য বা ওজন কমানোর জন্য ও হৃদরোগ প্রতিরোধের জন্য বা হৃদরোগ হলে কম কার্বোহাইড্রেটযুক্ত খাবারের পাশাপাশি কম চর্বিযুক্ত খাবার খেতে হবে। খাবারে চর্বি জাতীয় খাবারের পরিমাণ কমালে মোট ক্যালরির পরিমাণ কমবে। অতি কম চর্বিযুক্ত খাবার হলো যদি মোট ক্যালরির শতকরা ১৫ ভাগের কম চর্বি জাতীয় খাবার থেকে আসে। অধিক চর্বিযুক্ত খাবারেও সম্পৃক্ত চর্বির পরিমাণ বেশি থাকতে পারে কারণ সব চর্বিতেই কিছু না কিছু সম্পৃক্ত চর্বি থাকে। তাই কোনো ব্যক্তি যদি মাত্র শতকরা ২০ ভাগ সম্পৃক্ত চর্বিযুক্ত খাবার গ্রহণ করেন তাহলেও তার মোট ক্যালরির শতকরা ৭ শতাংশ সম্পৃক্ত চর্বি থেকে আসবে। একজন ব্যক্তির মোট ক্যালরির ৩৫ ভাগের বেশি চর্বিযুক্ত খাবার থাকা যাবে না। খাবারে মোট ক্যালরি থেকে চর্বির মাত্রা শতকরা ৩৫-৪০ ভাগ থেকে কমিয়ে ১৫-২০ ভাগ করলে রক্তের খারাপ কোলেস্টেরল যেমন এলডিএল ও টোটাল কোলেস্টেরলের মাত্রা শতকরা ১০-২০ ভাগ কমে যাবে। রক্তে সাধারণত চার ধরনের কোলেস্টেরল থাকে। এর মধ্যে ট্রাইগ্লিসেরাইড, এলডিএল ও টোটাল কোলেস্টেরল বেশি থাকলে তা হৃদরোগের জন্য ঝুঁকি, আর রক্তে এইচডিএল বেশি থাকলে তা হৃদযন্ত্রের জন্য ভালো ও হৃদরোগ প্রতিরোধক। অসম্পৃক্ত চর্বিযুক্ত খাবার যেমন সামুদ্রিক মাছ, অলিভ অয়েল খেলে রক্তে ভালো কোলেস্টেরল বা এইচডিএল বাড়ে। কম চর্বিযুক্ত খাবার ও সম্পৃক্ত চর্বিযুক্ত খাবার কমালেও রক্তে এলডিএল কোলেস্টেরল বা খারাপ কোলেস্টেরল তেমন নাও কমতে পারে। অধিক চর্বিযুক্ত বা খুবই কম চর্বিযুক্ত খাবার কোনোটাই তেমন ভালো নয়, তাই মধ্য পন্থা অবলম্বন করা উচিত। রক্তনালির ব্লক দূর করার জন্য খাবারের তেমন ভূমিকা নেই। রক্তে চর্বির মাত্রা বেশি থাকলে যদিও ব্লক হওয়ার ঝুঁকি বেশি তথাপি খাবারে চর্বির পরিমাণ রক্তের চর্বির মাত্রাকে মাত্র ১০ শতাংশ নিয়ন্ত্রণ করে। বাকি ৯০ শতাংশ চর্বি শরীরে লিভারে ও অন্য অঙ্গে বেশি পরিমাণ তৈরি হয় ফলে রক্তে চর্বির মাত্রা বাড়ে। এ কারণে ব্লকের মাত্রা নিয়ন্ত্রণে খাবারের চর্বির মাত্রার চেয়ে ওষুধের ভূমিকাও আছে।

* চর্বিযুক্ত খাবার খাওয়া কি একদম নিষেধ : চর্বিযুক্ত খাবার কম খাওয়া উচিত। বিশেষ করে সম্পৃক্ত চর্বি যা সাধারণত প্রাণিজজাতীয় খাবারে বেশি থাকে, তা ছাড়া উদ্ভিদ জাত বিশেষ করে পাম তেল ও নারিকেল তেল বর্জনীয় কারণ এতে বেশি পরিমাণে সম্পৃক্ত চর্বি থাকে। কিন্তু মাছের তেল বিশেষত সামুদ্রিক মাছের তেল ও উদ্ভিজ্জ তেল যেমন সানফ্লাওয়ার ওয়েল, ক্যানোলা ওয়েল, অলিভ ওয়েলে প্রচুর পরিমাণে অসম্পৃক্ত চর্বি থাকে। ফলে এতে ওমেগা-৩ ফ্যাটি এসিড বেশি থাকে যা হৃদরোগ প্রতিরোধ করে। তাই তেল বা চর্বিযুক্ত খাবার পুরোপুরি বাদ দেওয়া ঠিক নয়। কিছু ভিটামিন যেমন এ, ডি, ই, কে শুধু চর্বির মাধ্যমেই শরীরে প্রবেশ করে। ফলে একদম তেল ছাড়া বা চর্বি ছাড়া খাবার খেলে শরীরে এইসব ভিটামিনের অভাব দেখা দেয় ও জটিলতা বাড়ে। জটিলতা হিসাবে রাতকানা রোগ, অস্টিওপোরোসিস ও হাড়ে ক্যালসিয়াম কমে হাড় দুর্বল হওয়া ও সহজে ভেঙে পড়া, যৌন দুর্বলতাসহ ত্বকে রুক্ষতা হতে পারে। খাবারে চর্বি ও তেল সম্পূর্ণ বন্ধ করলে খাবারের স্বাদ কমে যায়, খাবারের পরিমাণ কম গ্রহণ করলে অপুষ্টি দেখা দেয় তখন অন্য গুরুত্বপূর্ণ খাবারের উপাদানের অভাব হতে পারে।

## বছরের যে ১০ দিনকে সেরা বলেছেন নবীজি

২৭ পৃষ্ঠার পর

এ দশকে যে কোনো ধরনের নফল আমল করা যায়। নির্ধারিত কোনো নিয়ম বা সংখ্যা নেই। তবে রোজা রাখা উত্তম। সম্ভব হলে নয়টি রোজা রাখা। কেননা নবীজি এই নয় দিন রোজা রাখতেন।

হযরত হাফসা (রা.) থেকে বর্ণিত। চারটি আমল নবীজি কখনো ছাড়তেন না। আশুরার রোজা, জিলহজ্জের প্রথম দশকের রোজা। (সুনানে নাসায়িঃ হাদিস নং - ২৪১৫)। অপর এক হাদিসে বর্ণিত, নবীজি জিলহজ্জের নয়টি রোজা রাখতেন। (মুসনাদে আহমদঃ হাদিস নং-২২৩৩৪)। কিন্তু জিলহজ্জের এই দশক আমাদের কাছে অতটা গুরুত্ব পায় কি?

জিলহজ্জের প্রথম দশকের গুরুত্ব ও মহিমা সবার উপলব্ধিতে আসুক। সৌভাগ্যের এবং ইবাদতের এই সুবর্ণ সময়ে চারদিকে ছড়িয়ে পড়ুক আমলের সৌরভ।

লেখক: শিক্ষক, শেখ জনুরুদ্দীন রহ. দারুল কুরআন চৌধুরীপাড়া মাদরাসা, ঢাকা- ১২১৯







## ৯ মাসেই কেন এমন বিরোধ, অবিশ্বাস

১০ পৃষ্ঠার পর

পানির ধারা বর্ষণ করা হলো। এটা সত্য যে রাষ্ট্র ও সরকার এমন মারমুখী হবে বলেই নিশ্চিত মৃত্যু জেনেও ১ হাজার ৪০০ মানুষ জীবন দিয়েছেন। তাঁদের বেশির ভাগ শিশু ও তরুণ।

জীবনের বাস্তবতাকে দেখার আগেই তাঁদের জীবন থেমে গেছে। আর কয়েক হাজার মানুষ অঙ্গ হারিয়েছেন, চোখ হারিয়েছেন, তাঁদের জন্যও দুর্বিষহ এক জীবনবাস্তবতা।

বিপরীতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের কর্মসূচিতে লাঠিপেটা থেকে শুরু করে জলকামান, কাঁদানে গ্যাস ব্যবহার করা হলো। বিশ্ববিদ্যালয়টির শিক্ষার্থীরা সরকারের এই বিপরীতমুখী আচরণকে চ্যালেঞ্জ করেছেন। সেই ভিডিও ব্যাপকভাবে ছড়িয়েছে।

অন্তর্বর্তী সরকারের যাত্রার একেবারে শুরু থেকেই এই দ্বিমুখী আচরণ দেখা যাচ্ছে। কারও কারও ক্ষেত্রে গরম, কারও কারও ক্ষেত্রে ঠান্ডা-এই দ্বিমুখী আচরণের কারণেই প্রশ্ন তৈরি হচ্ছে, এনসিপি, জামায়াতে ইসলামী, হেফাজতে ইসলামসহ ইসলামপন্থীদের একটা অংশের প্রতি সরকারের আশীর্বাদ রয়েছে কি না।

দায়িত্ব নেওয়ার ৯ মাস পর এসে অন্তর্বর্তী সরকারকে রাজনৈতিকভাবে সংকটজনক মুহূর্ত পার করতে হচ্ছে। এ সংকটের সূচনাবিন্দুটা হতে পারে আওয়ামী লীগ নিষিদ্ধের দাবি নিয়ে এনসিপির কর্মসূচি।

কয়েকটি ধর্মভিত্তিক দলও একই দাবি নিয়ে মাঠে নামে। একপর্যায়ে সরকার নির্বাহী আদেশে অনলাইন ও অফলাইনে আওয়ামী লীগের কর্মকাণ্ডে সাময়িক নিষেধাজ্ঞা দেয়। বিএনপি কর্মসূচিতে না নামলেও সরকারের পদক্ষেপকে স্বাগত জানায়।

নির্বাচন কমিশন বিএনপির প্রতি পক্ষপাতমূলক আচরণ করছে, এমন আওয়াজ তুলে নির্বাচন কমিশন পুনর্গঠনের দাবিতে এনসিপি কর্মসূচি পালন করে।

নির্বাচন কমিশন বিএনপির প্রতি পক্ষপাতমূলক আচরণ করছে, এমন আওয়াজ তুলে নির্বাচন কমিশন পুনর্গঠনের দাবিতে এনসিপি কর্মসূচি পালন করে ।ছবি : প্রথম আলো

এরপর আমরা এনসিপি আর বিএনপিকে মুখোমুখি অবস্থানে চলে যেতে দেখলাম। নির্বাচন কমিশন বিএনপির প্রতি পক্ষপাতমূলক আচরণ করছে, এমন আওয়াজ তুলে নির্বাচন কমিশন পুনর্গঠনের দাবিতে এনসিপি কর্মসূচি পালন করে। অথচ নির্বাচনব্যবস্থা সংস্কার কমিশন প্রতিবেদন দেওয়ার আগেই এবারের কমিশন গঠন করা হয়।

ঢাকা দক্ষিণ সিটিতে ইশরাক হোসেনের মেয়র ঘোষণা নিয়ে রাজনীতি উত্তপ্ত হয়ে ওঠে। বিএনপি জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ও উপদেষ্টা পরিষদ থেকে ছাত্র প্রতিনিধিদের পদত্যাগের দাবি জানায়। এনসিপি উপদেষ্টা পরিষদ থেকে তিনজন উপদেষ্টাকে পদত্যাগের দাবি জানায়।

দুই পক্ষের বাগ্‌যুদ্ধ, পাল্টাপাল্টি অবস্থানের মধ্যেই বিভাজনটা আরও বিস্তৃত হলো সোশ্যাল মিডিয়া ইনফ্লুয়েন্সারদের তকমার রাজনীতি ও ষড়যন্ত্রতত্ত্বের মধ্য দিয়ে। কে কতটা বেশি বিদেশি এজেন্ট, তা প্রমাণে তারা উঠে-পড়ে লাগেন। সামগ্রিকভাবে পরিস্থিতি এমন জায়গায় চলে যায় যে বাংলাদেশের স্থিতিশীলতার জন্য অন্তর্বর্তী সরকার, অভ্যুত্থানের পক্ষের রাজনৈতিক শক্তিগুলোর মধ্যে যে দৃঢ় ঐক্যটা থাকা দরকার, তার বদলে একে-অপরের প্রতি সন্দেহ, অবিশ্বাস ও দূরত্ব তৈরি হলো।

একপর্যায়ে প্রধান উপদেষ্টা দায়িত্ব ছেড়ে দেওয়ার ইচ্ছাও প্রকাশ করেন। যাহোক, দ্রুতই রাজনৈতিক শক্তিগুলো ঐক্য ও সংহতির পক্ষে বিবৃতি দেওয়ায় এবং রাজনৈতিক দলগুলোর সঙ্গে প্রধান উপদেষ্টার সংলাপ হওয়ায় উত্তেজনাকর পরিস্থিতি কিছুটা থিতু হয়েছে। কিন্তু আদৌ কি সংকটের সমাধান হলো?

অন্তর্বর্তী সরকার, বিএনপি, এনসিপি- কারও কর্মকাণ্ডেই এর প্রতিফলন দেখা যাচ্ছে না।

প্রশ্ন হলো, দুনিয়াকাঁপানো চব্বিশের গণ-অভ্যুত্থান বাংলাদেশকে বদলে দেওয়ার যে অভূতপূর্ব সম্ভাবনা নিয়ে এসেছিল, মাত্র ৯ মাসের মাথায় এসে সেটা কেন এত বড় অনিশ্চয়তার মুখে পড়ল? গোষ্ঠীতান্ত্রিক রাজনৈতিক সংস্কৃতি থেকে আমরা কি কখনোই বের হতে পারব না?

১৯৭১ ও ১৯৯০-দুবার বড় পরিবর্তনের সুযোগের মুখোমুখি হয়েছিল এ ভূখণ্ডের মানুষ। কিন্তু দুবারই আমরা নিদারুণভাবে ব্যর্থ হয়েছি। একবার মুক্তিযুদ্ধের পক্ষের শক্তিগুলোর দ্বন্দ্ব ও রক্তক্ষয়ী সংঘাত, আরেকবার অভ্যুত্থানের পক্ষের শক্তিগুলোর অনৈক্য, সেই ব্যর্থতাকে ডেকে এনেছিল। চব্বিশের গণ-অভ্যুত্থানে ইতিহাসের পুনরাবৃত্তি হবে কি না, সেটা সময়ই বলে দেবে।

মনোজ দে: প্রথম আলোর সম্পাদকীয় সহকারী

## ফ্যাটি লিভার বিপাকের সমস্যা থেকেও হয় এ রোগ

২৪ পৃষ্ঠার পর

মাত্রার অ্যারোবিক ব্যায়াম করা উচিত। যেমন হাঁটা, সাইক্লিং, সাঁতার ইত্যাদি।

রেজিস্ট্যান্স এক্সারসাইজ : ওজন উত্তোলন বা রেজিস্ট্যান্স ব্যান্ড ব্যবহার।

* ডায়াবেটিস এবং চর্বি নিয়ন্ত্রণ

রক্তে শর্করার নিয়ন্ত্রণ : ওষুধ, ইনসুলিন বা ডায়েটের মাধ্যমে এটি করা যায়।

লিপিড প্রোফাইল নিয়ন্ত্রণ : ওষুধ বা খাদ্যাভ্যাসের মাধ্যমে রক্তের লিপিড নিয়ন্ত্রণ করা।

* জীবনযাত্রার পরিবর্তন : ধূমপান পরিহার করতে হবে। অতিরিক্ত অ্যালকোহল সেবন লিভারের ওপর চাপ বাড়ায়। প্রতিদিন ৭-৮ ঘণ্টা ঘুম নিশ্চিত করতে হবে।

* চিকিৎসা ও মনিটরিং : নিয়মিত চিকিৎসকের পরামর্শ এবং প্রয়োজনীয় পরীক্ষা করা। নিয়মিত লিভার এনজাইম চেক করা। প্রয়োজনে লিভারের অবস্থা নির্ণয়ের জন্য ইমেজিং এবং বায়োপসি করা।

* মানসিক স্বাস্থ্য সুরক্ষা : মানসিক চাপ নিয়ন্ত্রণের জন্য মেডিটেশন, যোগব্যায়াম বা অন্য কোনো রিলাক্সেশন টেকনিক ব্যবহার করা। সঠিক সময়ে সঠিক পদক্ষেপ গ্রহণ করলে নন-অ্যালকোহলিক ফ্যাটি লিভার ডিজিজ-এর ঝুঁকি হ্রাস করা সম্ভব। একজন স্বাস্থ্যসেবা প্রদানকারীর সঙ্গে পরামর্শ করে ব্যক্তিগত স্বাস্থ্য পরিস্থিতি অনুযায়ী সঠিক ব্যবস্থাপনার পরিকল্পনা করা উচিত।

লেখক : সহযোগী অধ্যাপক, হরমোন ও ডায়াবেটিস বিশেষজ্ঞ, এন্ডোক্রাইনোলজি বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়।

## কাবা শরিফের আশপাশে রয়েছে যা

২৭ পৃষ্ঠার পর

হাতিম শব্দের অর্থ খণ্ডিত অংশ। বাইতুল্লাহ থেকে এ অংশটুকু খণ্ডিত করে দেওয়া হয়েছে বিধায় এমন নামকরণ করা হয়েছে।

এ হাতিমকে একটি স্বল্প উচ্চ অর্ধ গোলাকার প্রাচীর দিয়ে ঘিরে রাখা হয়েছে। এ স্থানটি বাইতুল্লাহর অংশ বিধায় তাওয়াফের সময় তার বাইরে দিয়েই তাওয়াফ করতে হয়। তবে পুরো হাতিম বাইতুল্লাহর অংশ নয়; বরং বাইতুল্লাহ সংলগ্ন ৩ মিটার পরিমাণ স্থান বাইতুল্লাহর অংশ।

**মীযাবে রহমত**

কুরাইশরা যখন বাইতুল্লাহ নির্মাণ করে, তখন তারাই সর্বপ্রথম বাইতুল্লাহর ছাদ সংযোগ করে। এর আগে ছাদ ছিল না। এ ছাদ নির্মাণের সময় তারা ছাদের পানি সরানোর জন্য হাতিমের দিকে একটি পরনালা সংযোগ করে। এই পরনালাকেই বলা হয় 'মীযাবে রহমত'।

**কাবার গিলাফ**

সর্বপ্রথম হযরত ইসমাঈল (আ.) কাবা শরীফে গিলাফ পরিধান করান। একটি ঐতিহাসিক বর্ণনামতে, ইয়ামানের বাদশাহ আসআদ হিময়ারী 'তুব্বা' গিলাফের সূচনা করেন। ইসলামী যুগে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও খলীফারা নিজ নিজ যুগে কাবা শরিফকে গিলাফ পরিধান করান।

সৌদি সরকার ১৩৯৭ হিজরি মোতাবেক ১৯৭৭ সালে এর জন্য একটা নতুন কারখানা স্থাপন করেন। তখন থেকে আজ পর্যন্ত এ কারখানাতেই গিলাফ তৈরি করা হচ্ছে।

**হজরে আসওয়াদ**

হজরে আসওয়াদ মাতাফ থেকে ১.১০ মিটার উঁচুতে বাইতুল্লাহর দক্ষিণ-পূর্ব কোণে স্থাপিত একটি পাথর। পাথরটি জান্নাত থেকে আনা। পাথরটি দুধের চেয়ে সাদা ছিল। বনী আদমের গুনাহ এটিকে কালো করে দিয়েছে। এই কালো হওয়ার কারণেই এটিকে হজরে আসওয়াদ বলা হয়। কারণ, আসওয়াদ শব্দের অর্থ কালো। বর্তমানে পাথরটিকে একটি রুপার ফ্রেমে এঁটে রাখা হয়েছে।

**মাকামে ইবরাহিম**

'মাকামে ইবরাহিম' একটি পাথরকে বলা হয়, যার উপর দাঁড়িয়ে হযরত ইবরাহিম (আ.) বাইতুল্লাহ নির্মাণ করেছিলেন এবং দেয়াল গাঁথার সময় প্রয়োজনে অলৌকিকভাবে পাথরটি আপনা আপনি উঁচু-নিচু হতে। হজরে আসওয়াদের ন্যায় এ পাথরটিও জান্নাত থেকে আসে।

পাথরটি হলুদ লালের মাঝে সাদাটে রংয়ের। পাথরটি প্রায় চতুষ্কোণ বিশিষ্ট। ২০ সেন্টিমিটার উঁচু। বর্তমানে পাথরটি কাবা শরীফ থেকে প্রায় ১৩.৫০ মিটার পূর্বে একটি পিতলের জালির মধ্যে রাখা অবস্থায় রয়েছে।

**জমজম**

'জমজম' হল আল্লাহর সৃষ্ট একটি অলৌকিক কূপের নাম, যা তৃষ্ণার্ত শিশু ইসমাঈল ও তার মা হাজেরার জন্য সৃষ্ট হয়। ১৮ ফুট দৈর্ঘ্য, ১৪ ফুট প্রস্থ ও অনধিক ৫ ফুট গভীরতার এ ছোট্ট কূপটি পৃথিবীর অত্যাশ্চর্য বৈশিষ্ট্যমণ্ডিত। বিগত প্রায় চার হাজার বছরের অধিককাল ধরে এই কূপ থেকে দৈনিক হাজার গ্যালন পানি মানুষ পান করছে ও সুস্থতা লাভ করছে। কিন্তু কখনোই পানি কম হতে দেখা যায়নি বা নষ্ট হয়নি। এতে যেমন পানীয় আছে, তেমনি খাদ্যও আছে। আবার এতে সকল রোগের নিরাময়ও রয়েছে। বর্তমানে এ কূপটি মাতাফের অভ্যন্তরে অবস্থিত আছে।

**মাতাফ**

'মাতাফ' দ্বারা বোঝানো হয়েছে কাবা শরীফের চতুর্দিকস্থ খোলা আঙিনা, যেখানে তাওয়াফের চক্কর লাগানো হয়। হযরত আব্দুল্লাহ ইবনে যুবায়ের (রা.) সর্বপ্রথম মাতাফকে পাকা করেন। সর্বশেষে সৌদি সরকার তাদের নিজস্ব কারখানায় তৈরিকৃত এমন সাদা মার্বেল পাথর মাতাফে স্থাপন করেন, যা প্রচণ্ড রোদের তাপ সইতে পারে এবং সর্বদাই ঠান্ডা থাকে। ফলে তাতে খালি পায়েও তাওয়াফ করা যায়।

**মসজিদে হারাম**

'মসজিদে হারাম' বলে বোঝানো হচ্ছে কাবা শরিফের চতুর্দিকস্থ মসজিদকে। এই মসজিদ শুরু থেকে ছিল না। হযরত আবু বকর (রা.)-এর যুগ পর্যন্ত বাইতুল্লাহর চতুর্দিকে ঘেরানো এই মসজিদে হারাম ছিল না। চতুর্দিকে ছিল বসতবাড়ি।

হযরত উমর (রা.)-এর যুগে মুসল্লিদের স্থান সংকুলানের অভাব বোধ হওয়ায় তিনি আশপাশের বাড়িঘর ক্রয় করে তাতে মসজিদে হারাম নির্মাণ করেন। কালে কালে বহু সংস্কার ও সম্প্রসারণের কাজ হয়। বর্তমানে এ মসজিদে হারামে ভিড়ের সময় একসঙ্গে দশ লাখের চেয়ে বেশী মুসল্লি নামাজ আদায় করতে পারেন।

**সাফা ও মারওয়া**

'সাফা ও মারওয়া' দুটি পৃথক পৃথক ছোট্ট পাহাড়। কাবা গৃহের পূর্ব-দক্ষিণে 'সাফা পাহাড়' অবস্থিত। সেখান থেকে সোজা উত্তর দিকে প্রায় অর্ধ কিলোমিটার (৪৫০ মিটার) দূরে 'মারওয়া পাহাড়' অবস্থিত।

উভয় পাহাড়ে সাতবার সাঈতে ৩.১৫ কিলোমিটার পথ অতিক্রম করতে হয়। সাফা ও মারওয়া পাহাড়দ্বয়ের মাঝে হযরত হাজেরা (আ.)-এর দৌড়ানোর কাহিনী খুবই প্রসিদ্ধ।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

আজকাল বিজ্ঞাপনের মূল্য তালিকা

বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার
পাত্র/ পাত্রী চাই: এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার
লোক আবশ্যক: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
বেবি সিটার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
ড্রাইভার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

আপনি আমাদের অফিসে এসে বিজ্ঞাপন দিতে পারবেন। আপনাদের সুবিধার জন্য আমরা ফোন, ইমেইল, ফ্যাক্সেও বিজ্ঞাপন নেই। ফোন-ইমেইল-ফ্যাক্সে বিজ্ঞাপন দিলে আপনার ডেবিট/ক্রেডিট কার্ডের নাম্বার এবং এক্সপাইরেশন ডেট দিতে হবে। আমাদের পেপার শুক্রবারে ছাপা হয়। আমরা সারা সপ্তাহব্যাপী বিজ্ঞাপন নেই। আমাদেরকে বিজ্ঞাপন দেবার শেষ সময় বৃহস্পতিবার রাত ১০টা।

Email: ajkalnews@gmail.com

যে কোন তথ্যের জন্য ফোন করুন >> ৬৪৬-২৬৭-৭৭৫১ | ৯১৭-৫১৯-১১৫১




KARNAFULLY
TRAVEL INC.

# EXCLUSIVE UMRAH PACKAGE FOR NOVEMBER 2025

| JFK-JEDDAH | MADINA-JFK | TOTAL DAYS |
|---|---|---|
| 19TH NOV | 29TH NOV. | 9 DAYS (2 Jummah Makka & Madina) |

## PACKAGE INCLUDES

1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *

**KARNAFULLY TRAVEL INC.**

37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com


বিসমিল্লাহির রাহমানির রাহীম
ত্যাগের মহিমায় উদ্ভাসিত হোক সবার জীবন
পবিত্র ঈদ-উল-আযহা
সবার জীবনে বয়ে আনুক
অনাবিল সুখ, শান্তি ও সমৃদ্ধি
সবাইকে পবিত্র
ঈদ-উল-আযহার
শুভেচ্ছা
ও
ঈদ
মুবারক
Midea
914-222-9477
KINGHOME
Midea
MITSUBISHI ELECTRIC
GREE
DAIKIN
তোফায়েল চৌধুরী
প্রেসিডেন্ট
Gree Mechanical Yonkers
আমাদের কল করুন
914-202-9828 / 914-222-9477 / 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers, NY 10710

নিউ ইয়র্ক বাংলাদেশ সোসাইটি ইনক এর ট্রাস্টি বোর্ড চেয়ারম্যান নির্বাচিত হওয়ায় এবং নিউ ইয়র্ক বাংলাদেশি আমেরিকান লায়ন্স ক্লাবের ( ডিস্ট্রিক্ট 2nd /2025-2026) এর সম্মানিত ভাইস গভর্নর নির্বাচিত হওয়ায় শাহ্ নেওয়াজ কে আমাদের আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি!
সে সাথে প্রবাসি সকল ভাই বোনদেরকে জানাচ্ছি
পবিত্র ঈদ উল আযহার শুভেচ্ছা!!

ঈদ মোবারক!!





রেদওয়ানা রাজ্জাক (সেতু)
এডভোকেট, ঢাকা বার



ইঞ্জিনিয়ার মোঃ আব্দুল খালেক
সাবেক সভাপতি : নিউ ইয়র্ক সিটি বি এন পি

GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনি

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillsid
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.c


AGE
ARE
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
সাথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
ং স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903


Eid Mubarak
বাংলাদেশ সোসাইটি ইন্‌কের ট্রাস্টি বো
বাংলাদেশ সোসাইটির কার্যকরী কমিটি
প্রানঢালা অভিনন্দন ও শুভেচ্ছা। সেই
শাহ্ নেওয়াজ, চে
EXECUTIVE COMMITTEE 2025-2026
কার্যনির্বাহী
পরিষদ ২০২৫-২০২৬
আতাউর রহমান সেলিম
সভাপতি
Athaur Rahman Salim, President
মোহাম্মদ আলী
সাধারণ সম্পাদক
Mohammad Ali, General Secretary
মো: মহিউদ্দীন দেওয়ান
সিনিয়র সহ-সভাপতি
কামরুজ্জামান কামরুল
সহ-সভাপতি
আবুল কালাম ভূঁইয়া
সহ-সাধারণ সম্পাদক
মফিজুল ইসলাম ভূঁইয়া (রুমি)
কোষাধ্যক্ষ
ডিউক খান
সাংগঠনিক সম্পাদক
অনিক রাজ
সাংস্কৃতিক সম্পাদক
রিজু মোহাম্মদ
জনসংযোগ ও প্রচার সম্পাদক
জামিল আনসারী
সমাজকল্যাণ সম্পাদক
মো: আখতার বাবুল
সাহিত্য সম্পাদক
আক্তার আলী লিটন
ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক
মোহাম্মদ হাসান (জিলানী)
স্কুল ও শিক্ষা সম্পাদক
হারুন উর রশিদ
কার্যকরী সদস্য
জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী
কার্যকরী সদস্য
মোঃ সিদ্দিক পাটওয়ারী
কার্যকরী সদস্য
আবুল কাশেম চৌধুরী
কার্যকরী সদস্য
মনসুর আহমেদ
কার্যকরী সদস্য
হাসান খান
কার্যকরী সদস্য
BANGLADESH SOCIETY, INC.
BANGLADE
বাংলাদেশ


ঈদ মোবারক
র্ডে আমাকে চেয়ারম্যান নির্বাচিত করায়
ট এবং ট্রাস্টি বোর্ডের সকল সদস্যকে
সঙ্গে সবাইকে জানাই ঈদ মোবারক।
য়ারম্যান, ট্রাস্টি বোর্ড
বোর্ড অব ট্রাস্টীস
২০২৫-২০২৭
শাহ এম নেওয়াজ
চেয়ারম্যান, বোর্ড ট্রাস্টীস
আতাউর রহমান সেলিম
সদস্য, বোর্ড ট্রাস্টীস
মোঃ আক্তার হোসেন
সদস্য, বোর্ড ট্রাস্টীস
কাজী আজহারুল হক মিলন
সদস্য, বোর্ড ট্রাস্টীস
আজিমুর রহমান (বোরহান)
সদস্য, বোর্ড ট্রাস্টীস
মোঃ আতোয়ারুল আলম
সদস্য, বোর্ড ট্রাস্টীস
আব্দুর রহিম হাওলাদার
সদস্য, বোর্ড ট্রাস্টীস
ডাঃ মোহাম্মদ এনামুল হক
সদস্য, বোর্ড ট্রাস্টীস
জুনেদ আহমদ চৌধুরী
সদস্য, বোর্ড ট্রাস্টীস
কাজী সাখাওয়াত এস আজম
সদস্য, বোর্ড ট্রাস্টীস
ফখরুল ইসলাম দেলোয়ার
সদস্য, বোর্ড ট্রাস্টীস
আহসান হাবিব
সদস্য, বোর্ড ট্রাস্টীস
নাঈম টুটুল
সদস্য, বোর্ড ট্রাস্টীস
SH SOCIETY, INC
সোসাইটি, ইনক


নিউ ইয়র্ক সহ বিশ্বের সকল মুসলিম ভাই
বোনদের জানাচ্ছি আমার সালাম ও পবিত্র ঈদ
উল আযহার আন্তরিক শুভেচ্ছা।
সে সাথে সুখ ও সুস্থতা কামনা করছি!
ঈদ মোবারক
মোঃ রিয়াজুল (MD. RIAJUL)
বিশিষ্ঠ শেফ / বাংলাদেশি, ইন্ডিয়ান, পাকিস্তানি, থাই, চাইনিজ সহ
সব ধরনের এশিয়ান ফুড প্রস্তুত এ পারদর্শী।
929-278-3160


MUNA CONVENTION
PENNSYLVANIA CONVENTION CENTER
PHILADELPHIA, PA
August 8th, 9th & 10th, 2025
Torchbearers of
ISLAM
Spreading the Faith Globally
CONVENTION HIGHLIGHTS
Youth Conferences
Children's Learn & Fun
Parallel Sessions
Young Sisters Programs
Matrimonial Services
Women's Cultural Event
Entertainment
Halal Food Counter
Bazaar and Expo
Discounted Hotels
SCAN ME TO REGISTER
INQUIRIES? EMAIL US
CON.INFO@MUNA.US
Venue
PENNSYLVANIA CONVENTION CENTER
119 North Broad St, Philadelphia, PA 19107
Omar Suleiman
Imam Dalouer Hossain
Imam Siraj Wahhaj
Altaf Husain
Abdul Nasir Jangda
Hamzah Abdul-Malik
Asif Hirani
Mohammad Elshinawy
Mohamed Abu Taleb
Sheikh Abdur Rashid
MUSLIM UMMAH of NORTH AMERICA (MUNA)
FOR REGISTRATION & BAZAAR BOOKING
MUNACONVENTION.COM
bazaar@muna.us
+1 (888) 824-MUNA




## ফিনল্যান্ডে জিয়াউর রহমানের শাহাদাত বার্ষিকী পালন

৭০ পৃষ্ঠার পর

আলোচনা সভায় বক্তারা শহীদ জিয়াউর রহমানের জীবনী, রাজনৈতিক দর্শন এবং বাংলাদেশের স্বাধীনতা ও পুনর্গঠনে তাঁর অসামান্য অবদানের স্মৃতিচারণ করেন। তারা বলেন, জিয়াউর রহমান কেবল একজন রাষ্ট্রনায়ক ছিলেন না, তিনি ছিলেন একটি বিপ্লব, একটি চেতনা, একটি আত্মমর্যাদার নাম, যিনি জাতিকে জাগিয়ে তুলেছিলেন স্বাধীনতার স্বপ্নে, আত্মনির্ভরশীলতায়। তিনি আজীবন জনগণের অধিকার প্রতিষ্ঠায় লড়েছেন। তাঁর 'বহুদলীয় গণতন্ত্র' ও 'বাংলাদেশি জাতীয়তাবাদ' আজও সবার অনুপ্রেরণা। বর্তমান রাজনৈতিক সংকটময় সময়ে শহীদ জিয়ার আদর্শই পারে জাতিকে আলোর পথে ফিরিয়ে নিতে।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন সিনিয়র সহ-সভাপতি মফিজ মোহাম্মদ, প্রধান উপদেষ্টা আবদুর রশীদ, সহ-সভাপতি বদরুল মনির ফেরদৌস, সাংগঠনিক সম্পাদক রবিউল ইসলাম ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক আলাউদ্দিন মোহাম্মদ।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সহ-সভাপতি তাপস খান, এনামুল হক, উপদেষ্টা ফয়েজ আহমেদ, ফিনল্যান্ড বিএনপির যুগ্ম সম্পাদক ও ফিনল্যান্ড স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক শামীম বেপারি, ফারহান ইসলাম, মো. ইসলাম সোহাগ, শাওন, ফারদিন, মাহিন, রফিকুল ইসলাম রুবেল, আবদুল্লাহ আরিফ, এমরান হোসেন খান পলাশ, আল আমিন, জাহিদ, রাকিব আহমেদ, আনিসুল অনিক, মানিক হোসেন, পারভেজ মনোয়ার, ফিনল্যান্ড স্বেচ্ছাসেবক দলের অন্যান্য সদস্যগণ এবং আরও অনেক নেতা-কর্মী।

দোয়া মাহফিল শেষে শহীদ প্রেসিডেন্টের আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয় এবং আগত অতিথিদের আপ্যায়ন করা হয়।



## কনস্যুলারের ফি বাড়ানোয় বাংলাদেশ সোসাইটির উদ্বেগ

৩ পৃষ্ঠার পর

বুধবার নিউইয়র্কের বাংলাদেশ কনস্যুলেটে তারা এ স্মারকলিপি প্রদান করে। স্মারকলিপি গ্রহণ করেন ডেপুটি কনসাল জেনারেল আনিসুজ্জামান। এ সময় উপস্থিত ছিলেন সোসাইটি ভারপ্রাপ্ত সভাপতি মহিউদ্দিন দেওয়ান, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, কোষাধ্যক্ষ মফিজুল ইসলাম রুমি, কার্যকরি সদস্য জাহাঙ্গীর সোহরাওয়ার্দী ও আবুল কাশেম চৌধুরী সংগঠনটির কর্মকর্তারা বলছে, প্রবাসীরা দুই হাত ভরে সরকারের পাশে দাঁড়িয়ে রেমিটেন্সের বন্যা বইয়ে দিচ্ছে, অথচ সরকার তাদের বারবার হতাশ করছে। প্রবাসীরাই সরকারের সবচেয়ে বড় সহযোগী হলেও, তাদেরকে নানা জোগান্তির মাধ্যমে প্রতিদান দেওয়া হচ্ছে। বর্তমান সরকারকে প্রবাসীবান্ধব সরকার বলা হলেও বাস্তবে একের পর এক প্রবাসী বিরোধী সিদ্ধান্ত নিচ্ছে। এ রকম ফি বৃদ্ধি সেই প্রমাণ করে। তাই সব ধরনের ফি পূর্বের অবস্থানে ফিরিয়ে আনতে হবে।

বাংলাদেশ সোসাইটি মনে করে সরকারের উচিত হবে প্রবাসীদের সঙ্গে আলোচনা করে যুক্তিযুক্ত ও মানবিক সিদ্ধান্ত নেওয়া। না হলে সরকারের প্রতি প্রবাসীদের আস্থা ও সমর্থন ব্যাহত হতে পারে।



## লং আইল্যান্ডে দু'দিনের বুটিক বন্ধু মেলা অনুষ্ঠিত

৭০ পৃষ্ঠার পর

সংস্কৃতির আবহ ছড়িয়ে দিয়েছিল নানা রকমের ঐতিহ্যবাহী পোশাক, গহনা ও খাবারের সমাহার। শাড়ি, সালোয়ার-কামিজ, পাঞ্জাবী, ফতুয়া ও হস্তশিল্পজাত জুয়েলারির স্টলগুলো ছিল দর্শনার্থীদের আকর্ষণের কেন্দ্রবিন্দু। শুধু নাসাও বা সাফোক কাউন্টি নয়, নিউইয়র্ক সিটির বিভিন্ন এলাকা থেকে প্রবাসী বাংলাদেশিরা ভিড় করেছিলেন এই আয়োজনে। মেলা পরিণত হয়েছিল এক প্রাণবন্ত উৎসবমুখর মিলনমেলায়। মেলায় বক্তব্য রাখেন এস জে বুটিকের উদ্যোক্তা ও ফ্যাশন ডিজাইনার সুলতানা এলিন। তিনি বলেন, এই মেলার মূল উদ্দেশ্য ছিল ঈদের আনন্দকে প্রবাসেও বহুগুণ বাড়িয়ে তোলা। পাশাপাশি আমাদের দেশীয় পণ্যের প্রসার এবং নতুন প্রজন্মকে নিজের সংস্কৃতির সঙ্গে পরিচয় করিয়ে দেওয়া। এছাড়াও অনুষ্ঠানে বক্তব্য রাখেন এলিগেন্স ট্রাভেলের নির্বাহী পরিচালক শামীম আল আমিন। প্রবাসে থেকেও নিজস্ব সংস্কৃতিকে ধারণ করে এমন একটি আয়োজন প্রবাসী বাংলাদেশিদের মাঝে এনেছে আনন্দ ও গর্বের অনুভূতি। ঈদ ফেস্টিভ্যাল বুটিক বন্ধু মেলা হয়ে উঠেছে একটি সার্থক সাংস্কৃতিক মিলনমেলা।




## নিউইয়র্ক সিটি কম্পট্রোলার পদে মার্ক লেভিন

৩ পৃষ্ঠার পর

সবুজায়ন, বৃক্ষ রোপণ, স্মল বিজনেস লোন, মেন্টাল হেলথ সার্ভিসের উন্নয়ন, স্ট্রিট সেফটির উন্নয়ন নিয়ে তিনি নানা কর্মসূচি নিয়েছেন। অনুষ্ঠানে মিজান চৌধুরী, জাসির আহমেদসহ কমিউনিটির প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। মার্ক লেভিন



তাঁর বক্তৃতায় আগামী দিনে ভোট দিয়ে তাঁকে জয়যুক্ত করে সকলের জন্য কাজ করার সুযোগ করে দিতে ভোটারদের কাছে অনুরোধ জানান। আগামী ১৪ জুন থেকে ২২ জুন পর্যন্ত প্রাথমিক ভোটগ্রহণ শুরু। ভোটারদের কাছে নিজেদের অধিকার প্রয়োগের জন্য আয়োজকরা এই সময়ে কমিউনিটির উন্নয়নে মার্ক লেভিনকে ভোট প্রদানের আহবান জানিয়েছেন। তারা আশা করছেন, মার্ক লেভিন নির্বাচিত হলে তাঁর দীর্ঘ অভিজ্ঞতা দিয়ে তিনি বাংলাদেশি কমিউনিটির পাশে দাঁড়াতে পারবেন।

বাড়ী ক্রয়ের এখনই সঠিক সময়!

SELL YOUR PROPERTY FASTER WITH TOP $$$

Resdential, Commercial, Foreclosure HUD Sale, Short Sale Specialist.

20 Years Experience

BUY - SELL - RENT



আপনার বাড়ীর Free Market Analysis and Consultation এর জন্য যোগাযোগ করুনঃ

মোহাম্মদ সেলিম রেজা

Lic. Real Estate Sales Person

আমরা বাংলায় কথা বলি

ফোনঃ 929-393-7331



Mohammad Salim Reza (MBA)

NYC Licensed Realtor, Professional/ Couteous!

Tel. 929-393-7331

Email: mrezarealtor@gmail.com

EXIT

EXIT REALTY PRIME

189-10 Hillside Ave, Suite E, Queens, NY 11423

Office: 718-262-0205, Fax: 718-262-0254

Khalil Biryani House

ভোজন রসিক ও খাদ্য পিপাসুদের জন্য সুখবর!

নিউইয়র্ক ও আন্তর্জাতিক জগতে স্বনামধন্য ও বাংলাদেশি মুখরোচক ১০০% হালাল খাবারের জন্য আপনার বন্ধুবান্ধব ও পরিবারসহ নিকটবর্তী ও পছন্দের যে কোন শাখায় আসুন। আমরা আপনাদের সেবায় নিয়োজিত



* KHALIL BIRYANI HOUSE
BRONX – 718-409-6840

* KHALIL HALAL CHINESE
BRONX – 347-621-2884

* KHALIL SWEETS
BRONX – 646-763-5073

* KHALIL BIRYANI HOUSE
JAMAICA – 718-374-3225

* KHALIL BIRYANI HOUSE
JACKSON HEIGHTS – 929-328-0680



## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

### আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি



সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা




ইন্ডিয়া মাল্টিপল / মেডিকেল ভিসা



১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা




USA 5 YEARS MULTIPLE TOURIST VISA

### দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন








## SCHENGEN TOURIST VISA

এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ

# BANGLA TRAVELS

JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

*Visa Issued by Consulate General

**NEW YORK OFFICE**

7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com

**DHAKA OFFICE**

NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net

## সেই ৯ মাস, এই ৯ মাস

৬ পৃষ্ঠার পর

তবে আগে রাজনীতি না করেও ইতিহাসে সফল রাষ্ট্রনায়কের সংখ্যা নেহাত কম নয়। মুক্তিযুদ্ধের অধিকের সঙ্গে ঢাকায় এখন শীতাতপনিয়ন্ত্রিত প্রলাদোপম ভবনে অনুলিক ডিজিটাল প্রযুক্তিসমৃদ্ধ সরকারি দফতরের কোনো তুলনা টানাই চলে না। এক নজরে দেখে নেওয়া যাক মুজিবনগর সরকারকে কী কী কাজ করতে হয়েছিল। অত্যন্ত গণহত্যা, ধ্বংসযজ্ঞ, গ্রামের পর গ্রামে অগ্নিসংযোগের মুখে এক কোটি লোক উদ্বাস্তু হয়ে ভারতে চলে গিয়েছিল। ভারত সরকার ও ভারতীয় নাগরিকরা তাদের আশ্রয় দিলেও আর্থিক কথা, 'অতুভাগণ' ও স্বেচ্ছাসেবকদের অনেক কাজ বাংলাদেশীরা করেছে। শরণার্থী শিবিরে আশ্রয়প্রাপ্তরা ছাড়া সরকারি অনেক কর্মকর্তা-কর্মচারীর পরিবারসহ থাকা-খাওয়ার ব্যবস্থা কলকাতা ও আশে-পাশে করতে হয়েছে। দেশ থেকে যাওয়া যুবকদের ক্যাম্পে রাখা, ভারতীয় প্রশিক্ষণ শিবিরে পাঠানোর নিয়মিত কাজ ছিল। ভারত সরকার ও বিশ্বব্যাপী অন্যান্য দেশ ও আন্তর্জাতিক সংগঠনের সঙ্গে যোগাযোগ, প্রতিনিধি পাঠানো, দেন-দরবার, আলোচনা করে মুক্তিযুদ্ধের যৌক্তিকতা বুঝিয়ে সমর্থন আদায় করতে হয়েছে। অস্ত্র সংগ্রহ করতে হয়েছে, যদিও দাতা ও ব্যবস্থাপক মুখ্যত ভারত। কিন্তু দায়-দায়িত্ব তো তাজউদ্দিন মন্ত্রিসভার। দেশের চতুর্দিকের সীমান্ত দিয়ে প্রশিক্ষিত গেরিলারা প্রবেশ করেছে। যুদ্ধের নেতৃত্ব ও পরিচালনায় জেনারেল ওসমানীর নেতৃত্বে মুক্তিবাহিনীর সেনা কমান্ড ছিল, তবে নীতি নির্ধারণ তো তাজউদ্দিন মন্ত্রিসভার। আর ইতিহাস সন্ধানী প্রত্যেকেই জানেন যে, ওই সরকারকে অভ্যন্তরীণ বিরোধ সামলাতে হয়েছে। প্রথম থেকেই তাজউদ্দিনের প্রধানমন্ত্রী হওয়া নিয়ে একাংশের বিরোধিতা ছিল। পররাষ্ট্রমন্ত্রী খন্দকার মোশতাকের ভূমিকা সন্দেহজনক ছিল, যিনি পরে ১৯৭৫ সালে বঙ্গবন্ধু হত্যার অন্যতম চক্রান্তকারী। তারপরেই তাজউদ্দিনের কর্তৃত্বের বাইরে 'মুজিব বাহিনী'র অস্ত্র প্রশিক্ষণ হয়েছিল। এত সব প্রতিবন্ধকতা ঠেলে তাজউদ্দিনের অস্থায়ী সরকার মুক্তিযুদ্ধ সফল করার পর্বতপ্রমাণ কাজ কিভাবে সমাধা করেছিলেন? সুচারুভাবে মুজিবনগরের দফতর গুছিয়ে ঢাকায় এসেছিলেন। বঙ্গবন্ধু ফেরার পর তাঁর হাতে সরকার পরিচালনার ভার ছেড়ে দিয়েছিলেন। প্রফেসর ড. ইউনূসের অন্তর্বর্তী সরকারের কাজের পরিধি কতটুকু? আমাদের ১৯৯৬ থেকে ২০০৮ পর্যন্ত যে সাংবিধানিক তত্ত্বাবধায়ক সরকারের ব্যবস্থা ছিল, তিনটি সংসদ নির্বাচন হয়েছিল, তাদের কাজ ছিল তিন মাসের মধ্যে নির্বাচন সমাধা করে বিদায় নেওয়া। ড. ইউনূস সরকারের মেয়াদ স্থির হয়নি। হাসিনার সরকারটি উৎখাত হয়ে গেছে। ড. ইউনূস ও তাঁর কয়েকজন উপদেষ্টার কথায় প্রধান তিনটি কাজ এই সরকারের। সেগুলো হলো: (১) জুলাই আন্দোলন দমাতে ব্যাপক হত্যাকাণ্ড ও মানবতার বিরুদ্ধে অপরাধের দায়ে হাসিনা ও সহযোগীদের বিচার করা, (২) গণতন্ত্রায়ন ও সুশাসনের লক্ষ্যে প্রয়োজনীয় কিছু রাষ্ট্রীয় সংস্কার এবং (৩) সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠান করা। বলা বাহুল্য সরকারের দৈনন্দিন রুটিন শাসনকার্য তথা আইন-শৃঙ্খলা ঠিক রাখা, দ্রব্যমূল্য ও অর্থনীতির সূচকগুলি নিয়ন্ত্রণে রাখা প্রভৃতি তো আছেই। বিচার ও সংস্কারের প্রক্রিয়া নতিকহনে করে যেতে পারলে ভবিষ্যত সরকারের সময় তা চালু থাকবে। কিন্তু অন্তর্বর্তী সরকার এখনই হাঁফিয়ে গেলেন কেন? গত বৃহস্পতিবার প্রধান উপদেষ্টা যে সমস্যাগুলোর কথা বলেছেন তার সবই অন্যদের দোষ। তাঁকে কাজ করতে দিচ্ছে না। প্রতিবন্ধকতা তৈরি করা হচ্ছে। নিজেদের সক্ষমতা-অক্ষমতার মূল্যায়ন কোথায়? সঙ্গত প্রশ্ন করতে হয়, আপনাদের নিয়ত ঠিক আছে তো? এখানেই মুক্তিযুদ্ধের তাজউদ্দিন সরকারের সঙ্গে তুলনা। তাঁদের নিয়ত ঠিক ছিল, কাজ যতই দুরূহ হোক। আপনাদের কাজ যতটুকুই হোক, নিয়ত আছে তো?

## ফখরুল সভাপতি ও এনায়েত সেক্রেটারি

৭২ পৃষ্ঠার পর

কমিটি গঠন করা হয়েছে। এতে সংগঠনটির প্রতিষ্ঠাতা ও বর্তমান সভাপতি মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার আবারো সভাপতি হয়েছেন। সাধারণ সম্পাদক মনোনীত হয়েছেন মোহাম্মদ এনায়েত হোসেন মুন্সী। গত ৩ জুন জ্যামাইকার একটি রেস্টুরেন্টে সংগঠনের কার্যকরী ও উপদেষ্টা পরিষদের যৌথ সভায় এই কমিটি গঠিত হয়।

সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভাটি সঞ্চালনা করেন ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রিজু মোহাম্মদ। সভায় নতুন কমিটি ও প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন, সংগঠনকে ভবিষ্যতে আরো শক্তিশালী, গতিশীল এবং কার্যকর করার বিষয়ে আলোচনা পাশাপাশি এক্ষেত্রে সবার সার্বিক সহযোগিতা চাওয়া হয়। সভায় নতুন উপদেষ্টা ও কার্যকরী পরিষদের নতুন কর্মকর্তাদের ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়। নতুন উপদেষ্টা পরিষদ : প্রধান উপদেষ্টা- এবিএম ওসমান গণি। উপদেষ্টা যথাক্রমে ডা. ওয়াজেদ এ খান, হুমায়ুন নূর, রেজাউল করীম চৌধুরী, হাজী শামসুল ইসলাম, মনজুর আহমেদ চৌধুরী, সালেহ আহমেদ, অধ্যাপিকা হুসনে আরা বেগম, এমডি কামরুজ্জামান, ডা. টমাস দুলু রায়, এবিএম সালাহউদ্দিন আহমেদ, প্রফেসর শাহাদত হাসান, মোহাম্মদ সাদেক, শাহ জে চৌধুরী, ওমর খসরু, মোহাম্মদ মনির হোসেন, সৈয়দ আতিকুর রহমান, জুলফকার হায়দার, আপন এইচ ইমাম, মোহাম্মদ কাদের ভূঁইয়া শিশির, মঞ্জোরা শহীদুল্লা, বসির সরকার ও মিলি ভূঁইয়া। কার্যকরী কমিটি : সভাপতি- মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার, সিনিয়র সহ সভাপতি-একেএ মিসবাহউজ্জামান, সহ সভাপতি- মোহাম্মদ কামরুল ইসলাম সনি ও রাসেক মালিক, সাধারণ সম্পাদক- মোহাম্মদ এনায়েত হোসেন মুন্সী, সহ সাধারণ সম্পাদক- ইসমাইল হোসেন স্বপন, কোষাধ্যক্ষ- আখতার বাবুল, সাংগঠনিক সম্পাদক-রাশেদুজ্জামান রিন্টু, প্রচার ও জনসংযোগ সম্পাদক- সাইফুল ইসলাম রিয়াদ, ক্রীড়া সম্পাদক- নুরুল খান, সমাজকল্যাণ সম্পাদক- ইকবাল আহমেদ, সাহিত্য সম্পাদক- ইফফাত ইয়াসমীন, সাংস্কৃতিক সম্পাদক- লিপা জামান, পরিবেশ এন্ড এনভোয়রমেন্টাল সম্পাদক- জিন্নুর রহিম, কমিউনিটি আউটরীচ সম্পাদক-শরীফ হোসেন, স্কুল ও শিশু বিষয়ক সম্পাদক-তানজা আইরিন এবং তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক- মহিউদ্দিন পাটোয়ারী। কার্যকরী সদস্য : বিলাল আহমেদ চৌধুরী, সাইফুল ইসলাম, মোহাম্মদ সেন্টুল মিয়া, ইকবাল আহমেদ চৌধুরী, মোহাম্মদ জে মোল্লা সানী, রিন্টু মোহাম্মদ, লিটন আহমেদ, মোহাম্মদ আনোয়ার হোসেন, রেজাউল আলম অপু, নওশাদ হায়দার, এস এম সোলায়মান, আলম সরকার, হুমায়ুন আহমেদ, সাইফ আলম, নেহার ভূঁইয়া রাসেল ও আব্দুল সাত্তার।

## গরমের ফলে আছে ঔষধি গুণ

২৪ পৃষ্ঠার পর

* জাম : জামের রসে কিছুটা কষভাব রয়েছে। অপেক্ষী এ ফলের রসে আছে এক ধরনের বিশেষ এনজাইম। যা ত্বকের দাগ ওঠাতে অব্যর্থ। লৌহ বেশি আছে বলে জাম রক্তস্বল্পতায় উপকারী। অন্যান্য খনিজ পদার্থের পাশাপাশি এতে অক্সালিক অ্যাসিডের মাত্রা বেশি থাকে বলে কিডনিতে পাথর হলে না খাওয়াই ভালো। আবার জাম বায়ুবর্ধক বলে উচ্চরক্তচাপের রোগীদের নীমিত পরিমাণে খাওয়া উচিত। পাকা জামের রস পাকস্থলী ও যকৃতকে সুস্থ রাখে। এদিকে জৈব অ্যাসিডের পরিমাণ বেশি বলে পেটে গ্যাস সৃষ্টি হয় ও পেট ভার বোধ হয়। জামের ফুল, ফল, পাতা, ছাল, শেকড় সব কিছুই বনৌষধিতে ব্যবহৃত হয়। জামের বিচির গুঁড়া ডায়াবেটিক রোগীর চিনির পরিমাণ কমাতে সাহায্য করে।

* তালের শাঁস : এটি রসালো, সুস্বাদু ও ঠান্ডা। এটি খেলে শীতল আমেজ আনে ও শরীরে পানির অভাব পূরণ করে। শর্করা ও ক্যালরি কম থাকে বলে ডায়াবেটিসে খেতে বাধা নেই। এটি অ্যান্টি-অক্সিডেন্ট ও ক্যালসিয়াম সমৃদ্ধ ফল। তাল শাঁস কোষের ক্ষয়রোধ করে তারুণ্য ধরে রাখে। দাঁতের স্বাস্থ্য ভালো রাখে ও হাড় ক্ষয় রোধ করে। রোদে পোড়া ত্বকে যে একটা লালচে ভাব পড়ে সেটা দূর করতে পারে তালের শাঁস। এছাড়া চিকেনপক্স হলে ত্বকে যে ক্ষত সৃষ্টি হয় তা নিরাময় করে ও পক্সের দাগ দূর করে। এটি রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়।

* লিচু : এটি তৃষ্ণা নিবারক। শরীরকে শীতল ও সতেজ রাখে। লিভার ও ব্রেনকে সুরক্ষা দেয়। রক্তচাপ নিয়ন্ত্রণ করে, রক্তে চর্বির পরিমাণ কমায়। অ্যান্টি-অক্সিডেন্ট সমৃদ্ধ লিচুতে ভালো পরিমাণে ক্যালসিয়াম রয়েছে।

* বাঙ্গি : হলুদ রঙের ক্যারোটিনযুক্ত এ ফলটি বেশ মিষ্টি হয়ে থাকে। বাঙ্গির ফুল ওজন কমায়। কারণ এতে ক্যালরির পরিমাণ কম থাকে। অল্প খেলেও পেট ভরে যায়। বাঙ্গি মূত্র ও মূত্রথলির প্রদাহ রোধ করে। কোষ্ঠকাঠিন্য, অ্যাসিডিটি ও পেপটিক আলসারে বাঙ্গি কার্যকর। এটি আঁশযুক্ত এবং ত্বকের স্বাস্থ্য ভালো রাখে। এতে ভিটামিন এ, ফোলেট, পটাশিয়াম ও সামান্য পরিমাণে প্রোটিন ও ভিটামিন সি আছে। বাঙ্গির অন্ত্রের স্বাস্থ্যের উন্নতি ঘটায়, শরীরের অপমাত্রা কমায়, ক্লান্তি দূর করে, রক্তচাপ ও স্ট্রোকের ঝুঁকি কমায় ও হাড় ক্ষয় রোধ করে।

## আল্লাহর মাইর দুনিয়ার বাইর

৬ পৃষ্ঠার পর

কারফিউ বলবৎ করা হয়। এই সিদ্ধান্ত ঢাকাসহ সব বিভাগীয় সদর, সিটি করপোরেশন, পৌরসভা, শিল্পাঞ্চল, জেলা ও উপজেলা সদরের জন্য কার্যকর হবে বলে জানায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়। তবে কারফিউ মানেনি শিক্ষার্থীসহ সাধারণ মানুষ। তারা বেরিয়ে আসেন রাস্তায়। এরপর উদ্ভূত পরিস্থিতিতে দেশ ছাড়েন আপনিসহ আপনার পরিবার।

## বাংলাদেশিরা ভয়ে কোর্টে যাচ্ছেন না

৭২ পৃষ্ঠার পর

কারণ হয়ে উঠেছে। আদালতে হাজিরা দিতে গিয়ে অনেক আবেদনকারীর আবেদন প্রত্যাখাত হবার পরক্ষণেই 'আইন পুলিশ' তাদেরকে গ্রেপ্তার করছে। আদালত থেকে বের হবার পর তারা গ্রেপ্তার হতে পারেন এই আতঙ্ক এখন হাজিরা দিতে ভয় পাচ্ছেন। আদালতে বেশ কয়েকজন বাংলাদেশিকে এমন পরিস্থিতি মোকাবেলা করার ঘটনা তারা জানিয়েছেন। অনেকে ইমিগ্রেশন কোর্টের হেয়ারিং এ অংশ নিচ্ছেন না। এটর্নিদের কাছে ধর্না দিচ্ছেন শুনানীর তারিখ পেছাতে।

দেশজুড়ে আদালত প্রাঙ্গণে বসানো হয়েছে 'আইন এজেন্ট'। আদালতে নিয়ম মেনে হাজির হওয়া অভিবাসীদের হাতকড়া পরিয়ে তুলে নেওয়া হচ্ছে আদালত ভবনের ভেতর থেকে। ইমিগ্র্যান্ট অধিকার কর্মীরা জানান, অনেক সময় অভিবাসন কর্তৃপক্ষের মৌখিক আবেদনে বিচারকরা মামলা শুনানি বন্ধ করে দিচ্ছেন, যেখানে নিয়ম অনুযায়ী লিখিত আবেদন জমা দেওয়া এবং আসামিকে ১০ দিনের মধ্যে প্রতিক্রিয়া জানানোর সুযোগ দেওয়ার বিধান রয়েছে। আমেরিকান ইমিগ্রেশন ল ইয়ার্স অ্যাসোসিয়েশনের সিনিয়র পরিচালক গ্রেগরি চেন জানান, কিছু বিচারক লিখিত নোটিশ ছাড়াই তাৎক্ষণিকভাবে মামলা খারিজ করছেন।

লিলি বোচ, আমেরিকান ফ্রেন্ডস সার্ভিস কমিটির একজন পর্যবেক্ষক জানান, পরিবারের সদস্যরা যারা স্বজনদের আইনি শুনানিতে সহযোগিতা করতে এসেছিলেন, তারা দেখেছেন কীভাবে মুহূর্তের মধ্যে আতঙ্কের ছায়ায় ঢেকে যায়। শুনানি শেষে তারা খুশি ছিল, কিন্তু হঠাৎ স্বজনকে হাতকড়া পরে নিয়ে যাওয়া হয়। আইনি নিয়ম অনুযায়ী, আদালতের শুনানি উন্মুক্ত থাকার কথা, কিন্তু সম্প্রতি কিছু ক্ষেত্রে অভিবাসন অফিসাররা আদালতের কক্ষ খালি করে দিচ্ছেন। সাংবাদিক, পর্যবেক্ষক ও দর্শকদের হুমকির অভিযোগও উঠেছে।

গ্রেগরি চেন বলেন, ট্রাম্প প্রশাসন অনেক অভিবাসনের আইনি পথ বন্ধ করে দিয়েছে। যেমন- প্যারোল, আশ্রয় আবেদন বা পারিবারিক পুনর্মিলন। এখন এসব মাধ্যমে যারা এসেছেন, তাদেরই অপরাধী বানানো হচ্ছে। তিনি আরো বলেন, এই গ্রেফতার শুধু মানবাধিকার লঙ্ঘন নয়, বরং করদাতাদের অর্থ এবং বিচারব্যবস্থার মর্যাদাও ক্ষতিগ্রস্ত করছে।

ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটির সহকারী সচিব ট্রিশিয়া ম্যাকলাফলিন অভিবাসনের বিষয় ব্যাখ্যা করে বলেন, যাদের বৈধ দাবি থাকবে, তারা আদালতে শুনানির মাধ্যমে প্রক্রিয়া চালিয়ে যেতে পারবে। কিন্তু যাদের বৈধতা প্রমাণ হবে না, তাদের দ্রুত ফেরত পাঠানো হবে।

## হঠাৎ বদলে গেলো দৃশ্যপট

৫ পৃষ্ঠার পর

সোচ্চার থাকবে। কিন্তু আদতে দেখা গেল ভিন্ন দৃশ্য। নতুন দল গঠনের আগে-পরে অভ্যুত্থানে নেতৃত্বে থাকা কারও কারও বিরুদ্ধে ক্ষমতা ব্যবহার করে অনিয়ম দুর্নীতির অভিযোগ আসতে শুরু করে। একজন তরুণ উপদেষ্টার ব্যক্তিগত কর্মকর্তাকে বহিষ্কার করতে হয় দুর্নীতির অভিযোগ আসার পর। শতকোটি টাকার অবৈধ সম্পদ অর্জনের অভিযোগ উঠে তার বিরুদ্ধে। ৯ মাসের একটি সরকারের উপদেষ্টার ব্যক্তিগত কর্মকর্তার বিরুদ্ধে এমন অভিযোগ মানুষকে শুধু হতাশই করেনি চরমভাবে ক্ষুব্ধও করেছে।

এসব কারণেই সবক্ষেত্রে একক্রম আধিপত্য থাকা সরকার ও এনসিপি তথা বৈষম্যবিরোধী প্ল্যাটফরমের নেতারা কোণঠাসা হতে শুরু করেন। সাবেক প্রেসিডেন্ট আবদুল হামিদের দেশত্যাগের খবরে বৈষম্যবিরোধীদের প্ল্যাটফরম থেকে যে প্রতিক্রিয়া দেখানো হয় তার জেরে অতি সম্প্রতি পরিস্থিতি হঠাৎ পরিবর্তন হয়। এনসিপিসহ এই প্ল্যাটফরমের নেতারা প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের বাসভবন ঘেরাও করেন। তারা টানা অবস্থান নিয়ে প্রধান উপদেষ্টার বাসভবন অনেকটা অবরুদ্ধ করে রাখেন। আন্দোলন আর আল্টিমেটামের সরকার তড়িঘড়ি করে আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ করার ঘোষণা দেয়। এ নিষেধাজ্ঞার বিষয়ে অন্যান্য রাজনৈতিক দলগুলোর মধ্যে মিশ্র অবস্থান ছিল। কেউই তড়িঘড়ি ব্যবস্থা চায়নি। সরকার সিদ্ধান্ত নেয়ার পর অবশ্য সবাই স্বাগত জানিয়েছে। হামিদ ইস্যুতে এনসিপি'র আন্দোলনে অবশ্য জামায়াত, ইসলামী দলসহ আরও অনেকে যুক্ত হয়। আর এই আন্দোলনের পরই একের পর এক আন্দোলনে বিব্রতকর পরিস্থিতি তৈরি হয় সরকারের জন্য। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের আচমকা আন্দোলনের সময় একজন উপদেষ্টাকে পর্যন্ত আক্রান্ত হতে হয়। তথ্য উপদেষ্টার উপস্থিতি ও বক্তব্য ঘিরে পরিস্থিতি আরও জটিল হয়ে উঠে। পরে যমুনার পাশে শিক্ষার্থীদের আন্দোলন থামে দাবি পূরণের সরকারি আশ্বাসে। এরপর ঢাকা দক্ষিণ সিটির মেয়র হিসেবে আদালতের রায় পেয়েও শপথ নিতে না পারা ইশরাক হোসেনের সমর্থকরা আন্দোলনে নামেন। তাদের আন্দোলনে টানা আট দিন দক্ষিণ সিটি এলাকায় অচলাবস্থা পরিস্থিতি তৈরি হয়। ইশরাকের সমর্থকরা সরাসরি অভিযোগ তুলেন সরকারে থাকা তরুণ উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার দিকে। তিনি ইশরাককে শপথ নিতে চাইছেন না অভিযোগ করে এই উপদেষ্টারও পদত্যাগ দাবি করেন ইশরাক সমর্থকরা। বৃহস্পতিবার উচ্চ আদালতে ইশরাকের বিরুদ্ধে করা রিট খারিজ হওয়ার পর আল্টিমেটাম দিয়ে ইশরাক সমর্থকরা অবশ্য সড়ক ছেড়ে দিয়েছেন। কিন্তু পরিস্থিতি তাদের যেকোনো মুহূর্তে আবার রাস্তায় ডেকে আনতে পারে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও ছাত্রদল নেতা শাহরিয়ার সাম্যের হত্যাকাণ্ডের প্রতিবাদে ছাত্রদল ও বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীরা টানা আন্দোলন করে আসছেন। তারাও শাহবাগ অবরোধ করে প্রতিবাদ জানাচ্ছেন। এভাবে দিনের পর দিন যমুনা ও আশপাশের এলাকায় প্রতিবাদ, অবরোধ কর্মসূচি ঘিরে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ক্ষুব্ধ ও হতাশ হন- এটা স্বাভাবিক বিষয়। নিষেধাজ্ঞা দিয়েও আইনশৃঙ্খলা বাহিনী এসব বিক্ষোভ ও প্রতিবাদ থামাতে পারেনি। কারণ শুরুতে এনসিপিসহ তাদের মিত্ররাই এই বিক্ষোভের সূচনা করেছিলেন। নৈতিক জায়গা থেকে আইনশৃঙ্খলা বাহিনী অন্যদের বিরুদ্ধে কঠোর অবস্থানে যেতে পারেনি।

আর এমন নানা ঘটনার জেরেই প্রধান উপদেষ্টা নিজের দায়িত্ব পালন নিয়ে ভাবতে শুরু করেন। বৃহস্পতিবার দুপুরে উপদেষ্টা পরিষদের নিয়মিত বৈঠক শেষে অনির্ধারিত আলোচনায় দেশের সার্বিক পরিস্থিতি নিয়ে অন্য উপদেষ্টাদের সঙ্গে কথা বলেন অধ্যাপক মুহাম্মদ ইউনূস। সেখানে ক্ষোভ ও হতাশার কথা তুলে ধরেন তিনি।

উপদেষ্টা পরিষদের এই বৈঠকের পর প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের সঙ্গে দেখা করেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম। ওই দিন রাতে তিনি বিবিসি বাংলাকে বলেন, অধ্যাপক মুহাম্মদ ইউনূস 'পদত্যাগের বিষয়ে ভাবছেন।' প্রফেসর ইউনূসের পদত্যাগ বিষয়ে নাহিদই প্রথম খোলামেলা তথ্য প্রকাশ করেন। এরপর গুজবের নানা ডালপালা ছড়ায়।

গণমাধ্যমে আসা তথ্য অনুযায়ী উপদেষ্টা পরিষদের বৈঠকে ঢাকায় প্রতিদিন সড়ক আটকে আন্দোলন, সংস্কারসহ বিভিন্ন বিষয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে ঐকমত্য না হওয়া, রাষ্ট্রীয় কাজে নানা পক্ষের অসহযোগিতার বিষয়টি আলোচনায় আসে। আলোচনার এক পর্যায়ে কাজ করতে না পারার বিষয়টি তুলে ধরেন প্রধান উপদেষ্টা। তিনি আরও বলেন, সংস্কারের বিষয়েও এখনো তেমন কিছু হলো না। তাহলে তিনি কেন থাকবেন? একপর্যায়ে প্রধান উপদেষ্টা তাদের বলেন, তারা যেন আরেকটি অন্তর্বর্তী সরকার গঠন করেন। কারণ, তিনি চলে যেতে চান। বর্তমানে যে পরিস্থিতি আছে তাতে অবাধ ও নিরপেক্ষ নির্বাচন আয়োজন নিয়েও সংশয় প্রকাশ করেন তিনি। এই পরিস্থিতিতে নির্বাচন হলে ব্যালট ছিনতাইয়ের মতো ঘটনা ঘটলে পুলিশ প্রশাসন তা ঠেকাতে পারবে কি-না, সে বিষয়ে সংশয় প্রকাশ করেন তিনি। অন্যদিকে ভালো নির্বাচন করতে না পারলে মানুষ তাকে দায়ী করবে- এমন আশঙ্কাও প্রকাশ করেন। বিভিন্ন পক্ষের অসহযোগিতার বিষয়টি জাতির উদ্দেশে ভাষণের মাধ্যমে তুলে ধরার কথা বলেন প্রধান উপদেষ্টা। একপর্যায়ে তার ভাষণের একটি খসড়াও তৈরি করা হয়। পরে অবশ্য উপদেষ্টাদের অনুরোধে সিদ্ধান্ত গ্রহণের জন্য আরও সময় নেন প্রফেসর ইউনূস। একই দিন সংবাদ সম্মেলন করে বিএনপি বিদ্যমান পরিস্থিতিতে দলের অবস্থান তুলে ধরে। দলের পক্ষ থেকে উপদেষ্টা পরিষদের কয়েকজন সদস্যের বিষয়ে আপত্তি তুলে তাদের সরিয়ে দেয়ার দাবি জানানো হয়। পাশাপাশি নির্বাচনী রোডম্যাপ ঘোষণা করতে সরকারের প্রতি আহ্বান জানিয়ে বলা হয়, ডিসেম্বর নির্বাচন ধরে দ্রুত রোডম্যাপ ঘোষণা না করলে সরকারের প্রতি বিএনপি'র সহযোগিতা অব্যাহত রাখা কঠিন হয়ে দাঁড়াবে।

তার আগে বুধবার অফিসার্স অ্যাড্রেসে সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে তার অবস্থান তুলে ধরেন। বিদ্যমান পরিস্থিতি ও সরকারের অবস্থান নিয়ে তিনি হতাশা প্রকাশ করেন। আগামী ডিসেম্বরের মধ্যে নির্বাচন হওয়া উচিত বলেও তিনি মত দেন। বলেন, একটি নির্বাচিত সরকার আসলে দেশের স্থিতিশীলতা আরও উন্নত হবে বলে তিনি মনে করেন।

যমুনা ঘিরে উত্তাপ রাজনৈতিক অঙ্গনেও উদ্বেগের জন্ম দেয়। বৃহস্পতিবার সরকারের তথ্য উপদেষ্টা মাহফুজ আলম আগে দেয়া বিভিন্ন বক্তব্যের জন্য দুঃখ প্রকাশ করে ঐক্যের আহ্বান জানান। চরমোনাই'র পীরের দল ইসলামী আন্দোলনের কার্যালয়ে ৫ দল বৈঠক করে পরিস্থিতি নিয়ে। এই বৈঠক থেকেও ঐক্যের আহ্বান জানানো হয়। তাদের এই মতামতের বিষয়ে জামায়াতের আমীর ডা. শফিকুর রহমানও টেলিফোনে সমর্থন দেন বলে জানানো হয়। অন্যদিকে জামায়াত আমীর নিজেও পরিস্থিতি নিয়ে দ্রুত সর্বদলীয় বৈঠকের আহ্বান জানান। দলের সর্বোচ্চ পর্যায়ের বৈঠক থেকেই এ আহ্বান জানানো হয়। জাতীয় সরকার গঠনেরও পরামর্শ দেয়া হচ্ছে কয়েক দলের তরফে।

সর্বশেষ: পরিস্থিতি নিয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে উদ্বেগ বেড়েছে। নিজেদের মধ্যে করণীয় নিয়ে আলাপ আলোচনাও শুরু হয়েছে। প্রধান উপদেষ্টা পদত্যাগ করছেন না এটা তার ঘনিষ্ঠজনরা নিশ্চিত করেছেন। পদত্যাগ না করলেও তিনি নতুন করে ভাবছেন। উপদেষ্টা পরিষদে পরিবর্তনের আভাস পাওয়া যাচ্ছে। পরিস্থিতি নিয়ে বিএনপি ও জামায়াত নেতাদের সঙ্গে বৈঠক করেছেন প্রফেসর ইউনূস। সর্বদলীয় বৈঠকও ডাকা হতে পারে। তবে পরিস্থিতি কোন দিকে যাবে তা এখনও নিশ্চিত করে বলা যাচ্ছে না।




- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

**MD Golam Mostofa, ESQ.**
**NY State Attorney**

*LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.*
*Barrister-At-Law, London.*
*Attorney-At-Law, NY.*

**Address:**
Queens: 148-45 Hillside Ave, Jamaica, NY 11435
Long Island: 405 Elm Dr, Roslyn, NY 11576

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি



ZAM ZAM
TRAVEL US

আমাদের সার্ভিস সমূহ

এয়ার টিকেটিং

হজ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার

হোটেল বুকিং

ভিসা প্রোসেসিং

ওমরাহ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার

কেন আমাদের সার্ভিস নিবেন?

- বিশেষজ্ঞ দল
- যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- প্রিমিয়াম সহায়তা
- নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير ITHRAA ALKHAIR

এয়ার লাইন সমূহ

SAUDIA | QATAR AIRWAYS | Emirates | TURKISH AIRLINES

ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh

নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus

www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

## নিউইয়র্কে নুরুজ্জামান ও সহিদুলকে কুমিল্লা সোসাইটির সংবর্ধনা

৭০ পৃষ্ঠার পর

নিউইয়র্ক সিনিয়র একাল্ট ডে কেয়ার হলে আনন্দঘন পরিবেশে এই সংবর্ধনা অনুষ্ঠানটি কুমিল্লা জেলাবাসীর মিলন মেলায় পরিণত হয়। সংগঠনের সভাপতি জাকির হোসেনের সভাপতিত্বে এবং সাবেক সভাপতি মিয়া মোহাম্মদ দাউদ ও সাবেক সাধারণ সম্পাদক এইচ এম মিজানুর রহমানের পরিচালনায় অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সংগঠনের প্রধান উপদেষ্টা আবুল খায়ের আখন্দ, প্রধান নির্বাচন কমিশনার আবুল বাশার মিলন, বীর মুক্তিযোদ্ধা আব্দুল হালিম মুন্সী, সহ সভাপতি মাষ্টার সিরাজুল ইসলাম ও মোয়াজ্জেম হোসেন, সাবেক সভাপতি হাজী খলির উদ্দিন ভূঁইয়া, অবসরপ্রাপ্ত সাধারণ সম্পাদিকা সালমা সুমি, বিশিষ্ট রাজনীতিবিদ আবদুর রহিম বাদশাহ, খলিল বিরিয়ানীর সিইও খলিলুর রহমান, প্রিন্সিপাল মো. হাবীবুল্লাহ, প্রফেসর আব্দুল করিম, প্রফেসর মফিজুল ইসলাম, সাবেক ব্যাংক কর্মকর্তা আতিকুর রহমান, সাবেক ছাত্রনেতা রেজা আবদুল্লাহ, কমিউনিটি এক্টিভিস্ট কাজী রবিউজ্জামান, কামাল হোসেন, বিপ্লব হোসেন, নুরে আলম জিকু, বিজয় কৃষ্ণ সাহা, বিপ্লব রাশিয়া, সাবেক চেয়ারম্যান সহিদ উল্যাহ চৌধুরী, স্বপন মাষ্টার প্রমুখ। অনুষ্ঠানে কুমিল্লা জেলাবাসীসহ নিউইয়র্কের অন্যান্য জেলার নানা শ্রেণী-পেশার বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশি উপস্থিত ছিলেন।

এসময় ড. মোহাম্মদ নুরুজ্জামান আয়োজকদের প্রতি বিশেষ কৃতজ্ঞতা জানিয়ে তার হাসপাতালসহ আজকের এ অবস্থানে আসার নানা স্মৃতিচারণ করেন। বলেন, আল্লাহর দয়ায় এবং মানুষের ভালবাসায় আজকের এ অবস্থানে আসতে সক্ষম হয়েছি। তিনি তার অর্জিত সাফল্যের নানা দিক উল্লেখ করে আজীবন দরিদ্রসহ সাধারণ মানুষের সেবায় নিজেকে নিয়োজিত রাখার প্রত্যয় ব্যক্ত করেন। মেকোভিল গ্রুপের অনন্য ভূমিকার কথা তুলে ধরে দেশ ও এলাকার উন্নয়ন কর্মকান্ড এগিয়ে নিতে তিনি সকলের সার্বিক সহযোগিতা ও দোয়া কামনা করেন। তিনি প্রবাসীদের অবদানকে শ্রদ্ধার সাথে স্মরণ করে বলেন, বাংলাদেশের সামগ্রিক উন্নয়নে অসাধারণ ভূমিকা রাখছে প্রবাসীরা। দেশ সেবায় আরো ভূমিকা রাখার জন্য সকলের প্রতি আহ্বান জানান। তিনি প্রবাসী কুমিল্লাবাসীকে একটি পরিবারের মত ঐক্যবদ্ধভাবে কাজ করারও আহ্বান জানান।

ক্রিকেটার সহিদুল ইসলাম বলেন, সততা ও নিষ্ঠার সঙ্গে অর্পিত দায়িত্ব পালনের মাধ্যমে আল্লাহর দয়ায় এবং মানুষের ভালবাসায় আজকের এ অবস্থানে আসতে সক্ষম হয়েছি। তিনি তাকে সম্মানিত করার জন্য প্রবাসী কুমিল্লাবাসীকে বিশেষ ধন্যবাদ জানান। সভায় বক্তারা শিক্ষাবিদ ড. মোহাম্মদ নুরুজ্জামান এবং কৃতি ক্রিকেটার মো. সহিদুল ইসলামের আরো সাফল্য কামনা করেন।

## পাকিস্তানের সামনে নতুন চ্যালেঞ্জ

১২ পৃষ্ঠার পর

সম্ভাবনার জানালা, সেটি আর সাবধানী, পুরানো ধাঁচের অর্থনৈতিক কৌশলের কারণে নষ্ট করা যাবে না।

ভারতের তরফ থেকে সিন্ধু পানিচুক্তি বাতিল বা স্থগিতের হুমকির পরিপ্রেক্ষিতে পাকিস্তানের প্রতিক্রিয়া সতর্কভাবে মূল্যায়ন ও নির্ধারণ করা উচিত। কারণ এটি নিঃসন্দেহে পাকিস্তানের নিরাপত্তার ও অস্তিত্বের জন্য সবচেয়ে বড় হুমকি। এ প্রসঙ্গে সমস্ত আইনি বিকল্প খতিয়ে দেখা জরুরি এবং একবার সেই পথ নির্বাচন করা হলে, সেটির প্রতি যথাযথ কূটনৈতিক সমর্থন গড়ে তুলে দৃঢ়তার সঙ্গে অনুসরণ করতে হবে।

এ ক্ষেত্রে পাকিস্তানের পক্ষে যেটি কাজ করতে পারে তা হলো, আন্তর্জাতিক মহলে ভারতের চুক্তি স্থগিতের সিদ্ধান্তের প্রতি সমর্থনের চেয়ে বরং অসন্তোষই বেশি দেখা গেছে। এমনকি, যুক্তরাষ্ট্রও ব্যক্তিগত যোগাযোগে নয়াদিল্লিকে সিন্ধু পানিচুক্তি মেনে চলার এবং তা বজায় রাখার পরামর্শ দিয়েছে।

এটিও এমন একটি সময়, যখন কূটনীতি শুধু কথায় নয়, বাস্তব কর্মপন্থায়ও দেশের প্রথম প্রতিরক্ষা স্তর হওয়া উচিত। পাকিস্তানকে টিকে থাকতে হলে এই যুদ্ধ কেবল সামরিক নয়, বরং কূটনৈতিক ময়দানেই লড়তে হবে। আমাদের কূটনৈতিক কৌশল হওয়া উচিত কেবল তাৎক্ষণিক প্রতিক্রিয়ার ওপর ভিত্তি করে নয়, বরং দূরপ্রসারী কৌশলের ওপর। শুধু কয়েকটি পশ্চিমা দেশের রাজধানীতে একটি প্রতিনিধিদল পাঠিয়ে কূটনীতিকে কার্যকর করা সম্ভব নয়। পররাষ্ট্রনীতি হওয়া উচিত কৌশলগত লক্ষ্য পূরণের মাধ্যম, তাৎক্ষণিক প্রতিক্রিয়ার নয়।

আসলে, এটি উপযুক্ত সময় একটি বিস্তৃত পররাষ্ট্রনীতির পর্যালোচনা করার, যাতে করে একটি সুসংগঠিত কৌশলগত পরিকল্পনা তৈরি করা যায়। এই পর্যালোচনা আরও জরুরি হয়ে উঠেছে, কারণ জেনারেল পারভেজ মোশাররফের সময় থেকে আজ পর্যন্ত কোনো পূর্ণাঙ্গ পররাষ্ট্রনীতির মূল্যায়ন হয়নি। যদিও এই সময়ের মধ্যে বিশ্বরাজনীতিতে বড় ধরনের পরিবর্তন এবং ভূরাজনৈতিক পালাবদল ঘটেছে।

একটি পররাষ্ট্রনীতি পর্যালোচনা পরিবর্তনশীল বৈশ্বিক প্রেক্ষাপটে নীতিকে অভিযোজিত করতে, নতুন সুযোগ কাজে লাগাতে এবং ভারতের চ্যালেঞ্জের পরিপ্রেক্ষিতে অগ্রাধিকারগুলো পুনর্নির্ধারণে সহায়ক হবে। এটি বিদ্যমান নীতিগুলোর কার্যকারিতা মূল্যায়ন করতে, উন্নতির ক্ষেত্রগুলো চিহ্নিত করতে এবং নির্ধারিত লক্ষ্য অর্জনের জন্য নীতি পুনর্গঠন করতেও সাহায্য করবে। এই পর্যালোচনাটি বিশেষভাবে প্রয়োজনীয়। কারণ সাম্প্রতিক বছরগুলোতে পাকিস্তানের পররাষ্ট্রনীতি মূলত বিচ্ছিন্ন আঞ্চলিক ও বৈশ্বিক ঘটনার প্রতি তাৎক্ষণিক প্রতিক্রিয়ার ভিত্তিতে পরিচালিত হয়েছে, যা কোনো সুসংগঠিত ও সুপরিকল্পিত কৌশলের অংশ ছিল না। একটি পূর্ণাঙ্গ পর্যালোচনা বিদেশে পাকিস্তানের কূটনৈতিক মিশনগুলোকে নীতিগত প্রস্তাব দেওয়ার সুযোগ এনে দেবে। যেহেতু সাম্প্রতিক বছরগুলোতে পররাষ্ট্রনীতিতে সামরিক বাহিনী প্রধান ভূমিকা পালন করেছে, তাই এই পর্যালোচনা বেসামরিক ও সামরিক কর্মকর্তাদের মধ্যে প্রধান প্রধান ইস্যুতে অর্থবহ সংলাপের সুযোগ সৃষ্টি করবে, তাদের দৃষ্টিভঙ্গিকে আরও ঘনিষ্ঠভাবে সংযুক্ত করবে এবং সমন্বয় ও তথ্য আদান-প্রদানের মান বাড়াবে। ভারতের স্থায়ী ও বহুমাত্রিক হুমকির মুখে পাকিস্তানের নিরাপত্তা নিশ্চিত করার জন্য যা করতে হবে, তার সম্পূর্ণ তালিকা এটি নয়; তবে সবচেয়ে জরুরি পদক্ষেপগুলো যা নিতে হবে, তা এখানে বর্ণনা করা হয়েছে। এর ওপরও জাতীয় ঐক্য বজায় রাখা সর্বোচ্চ অগ্রাধিকার হওয়া উচিত।

(পাকিস্তানের ডন পত্রিকায় প্রকাশিত লেখাটি ইংরেজি থেকে অনূদিত)


বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
ওমরা ভিসা
এয়ার টিকেট
১ দিন মক্কায় ট্যুর
১ দিন মদিনা ট্যুর
মক্কা থেকে মদিনা গাড়িতে
এয়ারপোর্ট থেকে হোটেল (4 Star Hotel with Breakfast.)
মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ (একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)
* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।
NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com
NAFS TRAVEL
37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)





Amader Service.com
Your Trusted Service Partner
আমাদের সেবাসমূহ
ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী
হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেক্ট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা
অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিসট্যান্ট
৬. হোম কেয়ার
এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।
Get all services you need in one place from professional expart, at home!
এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।
GET IT ON Google Play
GET IT ON App Store
CONTACT
+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com



বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া
kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY
লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।





বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।
Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com
মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২

NY INSURANCE
BROKEAGE INC.
NY I
NY INSURANCE BROKERAGE
TLC INSURANCE SPECIALIST
718 476-2025

NY CAR & LIMO
SERVICES INC
NY CAR & LIMO SERVICES INC B02902
BLACK & GREEN CAR BASE
718 727 4444

BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730

DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR

# জাতীয় পার্টির মত বিনিময় সভা

৭০ পৃষ্ঠার পর

গড়ে তোলা হবে। বক্তারা বলেন অনতিবিলম্বে মিথ্যা মামলা প্রত্যাহার করে সরকার শুভ বুদ্ধির পরিচয় দিবে।
সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় পার্টির কেন্দ্রীয় কমিটির প্রেসিডিয়াম সদস্য আলমগীর সিকদার লোটন, তার বক্তব্যে বলেন, জাতীয় পার্টির প্রয়াত চেয়ারম্যান সাবেক রাষ্ট্রপতি এইচ এম এরশাদ এর ক্ষমতা হস্তান্তরের পর থেকে প্রত্যেকটি সরকার জাতীয় পার্টির সাথে বিমাতা সুলভ ব্যবহার করেছে, বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার ও একই ব্যবহার করতেছে, তাই দলের সকল নেতা ও কর্মীদের ঐক্যবদ্ধ হয়ে কাজ করে জাতীয় পার্টির চেয়ারম্যান জি এম কাদেরের হাত কে শক্তিশালী করতে হবে এবং আমাদের পার্টির ভবিষ্যৎ অত্যন্ত সুপ্রসন্ন।
সভায় বক্তব্য রাখেন জাতীয় পার্টি যুক্তরাষ্ট্র শাখার সভাপতি ও কেন্দ্রীয় সদস্য মোহাম্মদ এ বার ভূঁইয়া, উপদেষ্টা সৈয়দ শওকত আলী, উপদেষ্টা গিয়াস মজুমদার, উপদেষ্টা তোফায়েল চৌধুরী, সহ-সভাপতি এস এম ইকবাল, সহ-সভাপতি ও কেন্দ্রীয় সদস্য মাহফুজুর রহমান অনিক, সহ-সভাপতি নুর ইসলাম বর্গন, যুগ্ম সাধারণ সম্পাদক ও কেন্দ্রীয় সদস্য আলতাফ হোসেন, সাংগঠনিক সম্পাদক ও কেন্দ্রীয় সদস্য আব্দুল নূর, যুব সংহতির সভাপতি ও কেন্দ্রীয় আন্তর্জাতিক সম্পাদক আব্দুল কাদির লিপু, জাতীয় মুক্তিযোদ্ধা পার্টির সাধারণ সম্পাদক গোলাম মোহাম্মদ কাদের, দপ্তর সম্পাদক শক্তি গুপ্তা, সহ প্রচার সম্পাদক রুবেল আহমেদ, শিল্প ও বাণিজ্য সম্পাদক ভারান জুলহান, জাতীয় স্বেচ্ছাসেবক পার্টির কেন্দ্রীয় সদস্য মিজান খান, জাতীয় পার্টি হবিগঞ্জ জেলা শাখার যুগ্ম সাধারণ সম্পাদক ও চেয়ারম্যান শাহ মোহাম্মদ আবদাল, শ্রম বিষয়ক সম্পাদক এ এস এন রুবেল, সহ-শ্রম সম্পাদক রবিউল ইসলাম প্রমুখ।

# হজ পালনে ডায়াবেটিস রোগীর সতর্কতা

২৪ পৃষ্ঠার পর

ওষুধ বা ইনসুলিনের মাত্রা নির্ধারণ করে দেবেন ও ডায়াবেটিসের সুগার বেড়ে যাওয়া বা কমে যাওয়ার লক্ষণ, পূর্বসতর্কতা ও প্রতিরোধে করণীয় নিয়েও পরামর্শ দিয়ে থাকেন। প্রত্যেক রোগীই তার চিকিৎসকের প্রেসক্রিপশন বা চিকিৎসাপত্র সঙ্গে রাখবেন। হজ পালনকালীন প্রয়োজনীয় ওষুধের তালিকা অনুযায়ী সরবরাহ নিশ্চিত করতে হবে।
হজ পালনের কমপক্ষে দুই সপ্তাহ আগেই ইনফ্লুয়েঞ্জা ও মেনিনজাইটিসের (মেনিনগোকক্কাল) ভ্যাকসিন বা টিকা নিতে হবে।
প্রত্যেকেই যথেষ্ট পরিমাণে ওষুধ, ইনসুলিন, ইনসুলিনের পেন বা কলম, সিরিঞ্জ, নিডল ও রক্তের সুগার চেক করার গ্লুকোমিটার সঙ্গে রাখতে হবে বা গুছিয়ে নিতে হবে। সূর্যের তাপ থেকে রক্ষা পেতে সবাই ছাতা সঙ্গে নেবেন।
পায়ের ক্ষত এড়াতে আরামদায়ক জুতা ও কটনের নরম মোজা নিতে হবে। ইনসুলিন কখনো বিমানের লাগেজে দেওয়া যাবে না। এতে ইনসুলিন জমে গিয়ে কার্যকারিতা হারাতে পারে। প্রয়োজনে হাত ব্যাগে ইনসুলিন বহনকারী কোল্ড কনটেইনার বা বক্স ব্যবহার করা যেতে পারে। হ্যান্ড স্যানিটাইজার নিতে ভুল করবেন না।

* হজ চলাকালীন সতর্কতা

অতিরিক্ত ইনসুলিন হজ ক্যাম্পের ফ্রিজে সংরক্ষণ করতে হবে। আর হজ চলাকালীন প্রয়োজনীয় ইনসুলিন শীততাপ নিয়ন্ত্রিত বাক্সের মধ্যে রাখতে হবে।
নিয়মিত রক্তের সুগার চেক করতে হবে। বিশেষ করে আওয়াফের আগে ও পরে।
সঙ্গে সব সময় চকোলেট বা খেজুর রাখুন।
হজ ক্যাম্পে আগেই জানিয়ে রাখুন আপনি একজন ডায়াবেটিস রোগী। প্রয়োজনে হজ ক্যাম্পের চিকিৎসকের পরামর্শ নিন।

* খাদ্য গ্রহণে সতর্কতা

হজ ক্যাম্পে সুষম খাবার গ্রহণ করুন। শাকসবজি, ফলমূল ও আঁশযুক্ত খাবার গ্রহণ করুন।
অতিরিক্ত মসলাদার বা মিষ্টান্ন পরিহার করুন।
সারা দিনে পর্যাপ্ত পরিমাণে পানি পান করুন।
অতিরিক্ত চা, কফি বা সুগার সমৃদ্ধ পানীয় পরিহার করুন।
রক্তের সুগার কমে গেলে (২৭০ মি. গ্রাম) সঙ্গে সঙ্গে ২-৩টি খেজুর অথবা ১ চা চামচ মধু বা অর্ধেক গ্লাস ফলের জুস খেয়ে নিন। ১৫ মিনিট পর আবার রক্তের সুগার চেক করুন ও প্রয়োজনে মেডিকেল টিমের সাহায্য নিন।

* পায়ের যত্নে সতর্কতা

ডায়াবেটিসে আক্রান্তদের হজ পালনের সময় পায়ের যত্নে অতিরিক্ত সতর্কতা অবলম্বন করতে হবে। কখনই খালি পায়ে হাঁটা যাবে না। আরামদায়ক জুতার ও মোজা ব্যবহার করতে হবে। প্রতিদিন ক্যাম্পে গিয়ে ভালো করে পা সাবান-পানি দিয়ে পরিষ্কার করে ময়েশ্চারাইজার ব্যবহার করতে হবে। কোনো ক্ষত, কাটাছেঁড়া, ফোসকা থেকে রক্তের পরিবর্তন ইত্যাদি দেখা দিলে অবিলম্বে চিকিৎসকের পরামর্শ নিতে হবে।
একটি সঠিক পূর্বপরিকল্পনা, চিকিৎসকের পরামর্শ ও আন্তরিক প্রচেষ্টায় একজন ডায়াবেটিস রোগীর পক্ষেও একটি সুস্থ, সুষ্ঠু ও নিরাপদ হজ পালন সম্ভব।

লেখক : সহযোগী অধ্যাপক, হরমোন ও ডায়াবেটিস রোগ বিভাগ, মার্কস মেডিকেল কলেজ ও হাসপাতাল, মিরপুর, ঢাকা।

# নিউইয়র্ক মহানগর-উত্তর বিএনপির শাহাদত বার্ষিকী পালিত

৭০ পৃষ্ঠার পর

অনুষ্ঠান সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক ফয়েজ চৌধুরী।
অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা বেবি নাজনিন, বিশেষ অতিথি ছিলেন বিএনপি জাতীয় নির্বাহী কমিটির সদস্য জিল্লুর রহমান জিলু, বেগম খালেদা জিয়ার প্রাক্তন এপিএস ড. জিয়াউল ইসলাম মুন্না, যুক্তরাষ্ট্র বিএনপির প্রাক্তন কোষাধ্যক্ষ জলিল ভূইয়া, যুবদলের প্রাক্তন কেন্দ্রীয় আন্তর্জাতিক সম্পাদক আবু সাঈদ আহমেদ, স্বেচ্ছাসেবক দলের সহ আন্তর্জাতিক সম্পাদক সাইফুর খান হারুন, বিএনপি নেতা জাকের তালুকদার ও মোস্তফা কামাল পাশা বাবুল।
অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বেবি নাজনিন বলেন, শহীদ জিয়া বাংলাদেশের একজন ক্ষণজন্মা মানুষ। তিনি ১৯৭১ সালে জীবনের ঝুঁকি নিয়ে যেমনি স্বাধীনতা যুদ্ধের ঘোষণা দিয়েছিলেন তেমনি ক্রান্তিলগ্নে দেশের হাল ধরে দেশকে অনেক উচ্চতায় নিয়ে যান। তাঁর সুযোগ্য নেতৃত্বে দেশ উন্নতির শিখরে আরোহন করেছিল। অথচ ৮১ সালে দেশি বিদেশী ষড়যন্ত্রে তাঁকে হত্যা করা হয়।
বিশেষ অতিথির বক্তব্যে বিএনপি জাতীয় নির্বাহী কমিটির সদস্য জিল্লুর রহমান ৩০ মে-কে 'জাতীয় শোক দিবস' হিসেবে ঘোষণার দাবি জানান।
সভাপতির বক্তব্যে আহবাব চৌধুরী বলেন, জিয়াউর রহমান এদেশের মানুষের হৃদয়ে খোদাই করা একটি নাম। এই নাম কখনো মুছা যাবে না। মাত্র সাড়ে চার বছর এদেশের ক্ষমতায় ছিলেন কিন্তু এই সাড়ে চার বছরে এতো জনহিতকর কাজ করে গেছেন যে বাংলাদেশের কোন সরকার কিংবা রাষ্ট্রপ্রধান আজ অবধি তাঁকে অতিক্রম করতে পারেনি। আর তাই মৃত্যুর ৪৪ বছর পরে দেশবাসী তাঁকে মনে রেখেছে।
সভায় স্বাগত বক্তব্য রাখেন সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আনোয়ার জাহিদ এবং সকলকে কৃতজ্ঞতা জানিয়ে বক্তব্য রাখেন সিনিয়র সহ সভাপতি কাজী আমিনুল ইসলাম স্বপন। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন এ জি এম জাহাঙ্গীর হাসাইন, আব্দুর রহিম সোহেল আহমেদ, সেকুল খান মাহবুব, লিয়াকত আলী, মোহাম্মদ আলী রাজা, কোরাল চৌধুরী , আনোয়ারুল আলম ভূইয়া , সুলতান খান, আতিকুর রহমান সাবু, মমতাজ উদ্দিন, সুলতান মাহমুদ সিদ্দিকি ফারুক কবির, সুলাল রহমান, আক্তারুল ইসলাম নান্নু, খন্দোকার আব্দুল বাকী, শেখ হোসাইন ইসলাম মিঠু, মো. মুজা উদ্দিন , মো. মুস্তাফিজুর রহমান (প্রিন্স), মো. মোস্তাগীর, মো. আসাদুজ্জামান আসাদ, মো. নজরুল ইসলাম , সফিকুল ইসলাম, শামীম হোসেন, মোস্ত আসিফ, জিয়াউল হক জামিল, মো. আশিকুল হক , বীর মুক্তিযোদ্ধা আব্দুর রফিক, মোহাম্মদ আনোয়ার হোসেন, আব্দুল আহাদ হেলাল, মোহ দেলোয়ার হোসেন মুক্তিযোদ্ধা শফিউল্লাহ, আশফাক চৌধুরী, রুবেল আহমেদ, হোসাইন রুবেল, তানির চৌধুরী, মো. মিলন আলী, আবুল কালাম আজাদ, মিরাজ মাহমুদ সিদ্দিক, রাজ্জাক মুন্না, মো. ফখরুল ইসলাম, শেক্সপিয়র আহমেদ। অনুষ্ঠানে মোনাজাত পরিচালনা করেন হাফেজ মাওলানা এবাদুর রহমান চৌধুরী।

# প্রথমবার বিশ্বকাপের টিকিট কাটল উজবেকিস্তান

৬০ পৃষ্ঠার পর

এশিয়ার অন্যতম শক্তিশালী দল আরব আমিরাত ম্যাচের দ্বিতীয়ার্ধে বেশ কয়েকবার উজবেকদের বক্সে হানা দেয়। তবে উজবেকিস্তানের গোলকিপার উতকির ইউসুপোভ আমিরাতের অন্তত তিনটি আক্রমণ জোরালোভাবে রুখে দেন।
গোলকিপারের দক্ষতায় শেষ পর্যন্ত প্রয়োজনীয় এক পয়েন্ট নিয়েই মাঠ ছাড়ে উজবেকিস্তান। আর তাতেই প্রথমবারের মতো বিশ্বকাপের মূল পর্বে খেলা নিশ্চিত হয় দেশটির।
এর আগে এশিয়া থেকে জাপান ও ইরান, আর্জেন্টিনা ও নিউজিল্যান্ড আগেই তাদের টিকিট নিশ্চিত করেছে। এবার ইতিহাসের পাতায় যোগ হল উজবেকিস্তানের নামও।

# জিয়াউর রহমানের জন্য মহিলা দলের দোয়া মাহফিল

৭০ পৃষ্ঠার পর

মহিলা দলের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক সাবেক এমপি হেলেন জেরিন খান। অনুষ্ঠান পরিচালনা করেন মার্জিয়া ইসলাম। দোয়া মাহফিলে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মহিলা নেত্রী মার্জিয়া ইসলাম, ফাতেমিনা চৌধুরী, খালিদা আক্তার, জাহ্রা রহমান, আমিনা বেগম, মলিকা আক্তার, সানজিদা আক্তার, মিথিলা, ফারহানা জামান, আক্তার, ইয়াসমিন আফরোজ, ফাহমিনা, ফাতেমা রিতা ও বেবি।
অনুষ্ঠানে দলের নেতৃবৃন্দ বলেন, জিয়াউর রহমানের এই শাহাদাত বার্ষিকীতে সবার অঙ্গীকার তালবাহানা বাদ দিয়ে অবিলম্বে নির্বাচন দিয়ে জনগণের ভোটের মাধ্যমে জন প্রতিনিধিত্ব নির্বাচিত করে গণতন্ত্র প্রতিষ্ঠা করা এবং দিল্লি নয়, পিণ্ডি নয়, নয় অন্য কোনো দেশ সবার আগে বাংলাদেশ।

# গ্রেপ্তার অভিযান বেড়েছে ৩৭ শতাংশ

৭০ পৃষ্ঠার পর

বৈঠকে 'আইস' নেতাদের প্রকৃত গ্রেপ্তারের মাত্রা নিয়ে তাদের হতাশা প্রকাশ করেছিলেন। যখন তারা আইস'কে প্রতিদিন 'ন্যূনতম' ৩,০০০ অভিবাসীকে গ্রেপ্তার করার জন্য চাপ দিয়েছিলেন।
হোয়াইট হাউসের প্রাক্তন প্রেস সচিব কারাইন জিন-পিয়ের দাবি করেছেন যে, তিনি আর ডেমোক্র্যাট নন এবং বাইডেন প্রশাসনের স্মৃতিকথা 'রোটেশন' প্রচার করছেন। হোয়াইট হাউস প্রাথমিকভাবে জানুয়ারিতে প্রতিদিন ১,৮০০ কোটা দাবি করেছিল। ট্রাম্পের উপদেষ্টা স্টিফেন মিলার এবং জাতীয় নিরাপত্তা সচিব ক্রিস্টি নোয়েম গত ২১ মে এক বৈঠকে আইস কর্মকর্তাদের প্রকৃত গ্রেপ্তারের বিষয়ে তাদের হতাশা প্রকাশ করেছেন বলে অভিযোগ রয়েছে। গত সপ্তাহে ফক্স নিউজের উপস্থাপক শন হ্যানিটির সঙ্গে এক সাক্ষাৎকারে মিলার নতুন কোটা নিশ্চিত করেন।
হোয়াইট হাউসের ওই কর্মকর্তা বলেন, 'প্রেসিডেন্ট ট্রাম্পের নেতৃত্বে আমরা আইসিই-এর জন্য প্রতিদিন ন্যূনতম ৩,০০০ গ্রেপ্তারের লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে চাই এবং রাষ্ট্রপতি ট্রাম্প প্রতিদিন এই সংখ্যা বাড়ানোর জন্য চাপ অব্যাহত রাখবেন। যাতে আমরা চার বছর ধরে আমাদের দেশে প্লাবিত সমস্ত অবৈধ অভিবাসি থেকে পরিত্রাণ পেতে পারি।'
ট্রাম্প প্রশাসন গণ-নির্বাসনের এজেন্ডার অংশ হিসাবে অবৈধ অভিবাসীদের চিহ্নিত করার দিকে মনোনিবেশ করেছে যাদের অপরাধমূলক পূর্বসূরি বা নির্বাসনের আদেশ রয়েছে। সংস্থার মতে, অভিযানের প্রথম ১০০ দিনের মধ্যে আইস ৬৬,৪৬৩ জন অবৈধ অভিবাসীকে গ্রেপ্তার করেছে এবং ৬৫,৬৮২ জনকে নির্বাসিত করেছে।



# আলোয় ঝলমল কুইন্স ঈদ বাজার

৩ পৃষ্ঠার পর

আয়োজকরা বিশেষভাবে নানা ধরনের বাঙালি ও আন্তর্জাতিক পণ্য, পোশাক এবং হাতে তৈরি সামগ্রী উপস্থাপন করেন।
এই মেলায় প্রায় অর্ধশতাধিক বাংলাদেশী নারী উদ্যোক্তাদের পাশাপাশি ভারত, পাকিস্তান ও নেপালের নারী উদ্যোক্তারা অংশগ্রহণ করেন এবং তারা নিজেদের দেশীয় পণ্য, হস্তশিল্প ও সাংস্কৃতিক উপাদান প্রদর্শন ও বিক্রয় করেন। বিভিন্ন দেশের এই উদ্যোক্তারা মেলায় তাদের অনন্য পণ্য তুলে ধরেন। মেলায় শাড়ি, সেলোয়ার কামিজ, শিশুদের কাপড়, হিজাব ও জুয়েলারিসহ আধুনিক ও ঐতিহ্যবাহী বিভিন্ন ডিজাইনের পোশাকের স্টলগুলো দর্শকদের বিশেষ আকর্ষণীয় করে তোলে। নারীদের পোশাকের পাশাপাশি মেলায় ছেলেদের জন্য পাঞ্জাবির স্টলও ছিল। বাংলাদেশ, ভারত, নেপাল ও পাকিস্তানের তৈরি পোশাক মেলায় স্থান পেয়েছে। অনেক স্টলেই ক্রেতাদের জন্য ছিল বিশেষ ছাড়ের ব্যবস্থা।
'দ্য বিউটিফুল লেডিস অফ ইউএসএ' গ্রুপটি যুক্তরাষ্ট্রসহ বিশ্বজুড়ে বাঙালিদের জনপ্রিয় গ্রুপ। উত্তর আমেরিকার বাঙালি কমিউনিটিতে গত কয়েক বছর ধরে এই গ্রুপটি সামাজিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে নেতৃত্ব দিয়ে প্রবাসে বাঙালি সংস্কৃতির বিকাশ ও সমৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।
গ্রুপের এডমিন দিলশী আনন্দ বলেন, এই গ্রুপটিকে এমন একটি প্রতিশ্রুতিশীল মঞ্চে রূপান্তর করা হয়েছে। যেখানে নারীদের জন্য এক সুন্দর, উদ্দীপনাময় ও সহযোগিতামূলক পরিবেশ তৈরি করবে, এবং তারা নিজেদের মেধা ও সৃজনশীলতাকে বিকাশের সর্বোচ্চ সুযোগ পাবে। এটি হবে এমন একটি মঞ্চ যেখানে নারী উদ্যোক্তারা দক্ষতা অর্জন, ব্যবসায়িক জ্ঞান বৃদ্ধি এবং নেটওয়ার্ক সম্প্রসারণের মাধ্যমে তাদের ব্যবসার সফলতা ও টেকসই উন্নয়নের দিকে অগ্রসর হতে পারবে।
এডমিন নাদিয়া চৌধুরী বলেন, পারস্পরিক সম্মান ও সহিষ্ণুতার উপর ভিত্তি করে একে অপরকে উৎসাহিত করার মধ্য দিয়েই গড়ে ওঠে একটি দৃঢ় ও সুন্দর বন্ধন, যা শুধু আমাদের একতার ভিত্তিকে মজবুত করে না, বরং আগামীর পথে চলার সাহস ও অনুপ্রেরণাও জোগায়। এডমিন শাম্মী নাইক বলেন, নারীদের মাঝে শক্তিশালী বিশ্বাস ও উদ্দীপনা সঞ্চার করাই আমাদের মুখ্য উদ্দেশ্য, যাতে তারা সাহসের সঙ্গে নিজেদের উন্নয়ন ও অগ্রগতির পথে অটল থেকে এগিয়ে যেতে পারে। আমাদের এই প্রচেষ্টা তাদের আত্মনির্ভরতা ও নেতৃত্ব গড়ার ক্ষেত্রে সহায়ক হবে।

জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে
TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES
রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA- ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry
Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600
Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস
Global Tax and Financial Services
Year round Tax, Immigration, Real Estate & Multi Services



Cell: 718-581-6081, 718-779-7600
Email: rahmangfs@yahoo.com
Maksudur Rahman
I.R.S Registered Tax Preparer
Jamaica Hollis Office
Jackson Heights Office

আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

# ব্যাথার যন্ত্রনায় ভুগছেন ? আর কোন চিন্তা নয়!

জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রেই আছে ২০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ফিজিক্যাল থেরাপির বিশ্বস্ত প্রতিষ্ঠান!

## প্লাস ফিজিক্যাল থেরাপি পিসি
## PLUS PHYSICAL THERAPY PC

**40-16 74th street Elmhurst, NY 11373**

*আমরা অভিজ্ঞ মহিলা থেরাপিস্ট দ্বারা যত্নসহকারে মহিলা এবং পুরুষ রোগীদের ১০০ শতাংশ সেবা দিয়ে থাকি।*





যে কোন ধরনের ব্যাথা নিরাময়ের জন্য আমাদের এখানে এসে সম্পূর্ণ সুস্থ ও নিরাময় বোধ করুন।





বিস্তারিত জানতে কল করুন

**তাহেরা রহমান : ৬৪৬-৮৭২-৯৭৬৮**



# Starling Car Service LLC

*Best Choice for your trip*



একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

- 24 Hours Service
- Experienced & Professional Driver
- Affordable Price
- Airport Service
- Long Distance - Short Distance Hourly Service
- Special Occasions Service
- Wheelchair Available
- Corporate Transporation







**Please Contact:**
**Md. Kamroul Hasan**
President & CEO
718-612-8825



2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com

We arrange **Base Letter & Base Affiliate**



# BOUTIQUE STORE FOR SALE
# বুটিক স্টোর বিক্রি হবে!!

জ্যাকসন হাইটস এর প্রান কেন্দ্র ১০০% ব্যবসায়িক ও অভিজাত এলাকা ৭৪ স্ট্রিটের উপর সম্পুর্ণ চালু অবস্থায় বুটিক শপ মালিকের ব্যক্তিগত অসুবিধা ও অপারগতার কারনে বিক্রি করা হবে আগ্রহী ক্রেতারা যোগাযোগ করুন



Store-1



Store-2

মোট ২ টি স্টোরের যে কোন একটি ক্রেতার পছন্দ অনুযায়ি বিক্রি করা হবে ২ টি স্টোরই অত্যন্ত লাভজনক প্রতিষ্ঠান।

বিস্তারিত জানতে কল করুন

**Cell: 646-250-5204**

## অনুশীলন নেই, রোজা রেখেছেন হামজা

৬০ পৃষ্ঠার পর

মতো টিম ম্যানেজার আমের খান ও টিম অ্যাটেনডেন্ট মোহাম্মদ মহসিনও রোজা রেখেছেন। আজও তারা রোজা রাখবেন বলে জানা গেছে। আগামী ১০ জুন সিঙ্গাপুরের বিপক্ষে বড় ম্যাচ। ম্যাচকে কেন্দ্র করে ঈদের দিনও অনুশীলন রাখতে পারে টিম ম্যানেজমেন্ট। সেক্ষেত্রে সকালে ঈদ উদযাপন করে সন্ধ্যা সাতটায় অনুশীলন করার পরিকল্পনা করছে ম্যানেজমেন্ট। আজ টিম হোটেলে কিছুটা বিশ্রামের মধ্যেই কেটেছে হামজাদের দিন। তবে আগামীকাল থেকেই শুরু হয়ে যাবে অনুশীলন। ভুটানের বিপক্ষে ঘরের মাঠে অ্যাওয়ে জার্সিতে খেললেও সিঙ্গাপুরের বিপক্ষে হোম জার্সিতে খেলবে বাংলাদেশ। আজ টিম হোটেলে সেই জার্সিতে ফটোশুট করেছেন ফুটবলাররা।

## একটি বিশ্বকাপ জিততে ২০৩৪ পর্যন্তও খেলবেন রোনালদো!



৬০ পৃষ্ঠার পর

বলে দিচ্ছে, রোনালদোর বয়সটা কেবলই সংখ্যা। তার এখনই থেমে যাওয়ার কোনো ইঙ্গিত দেখা যাচ্ছে না। শুধু তাই নয়, বিশ্বকাপ জিততে প্রয়োজনে ২০৩৪ সাল পর্যন্ত ক্যারিয়ারকে টেনে নিতে পারেন বলেও ধারণা করছেন ইউরোপের ফুটবল বিশেষজ্ঞরা। এই ৪০ বছর বয়সেও দারুণ প্রতিভা এবং প্রবল উচ্চাকাঙ্ক্ষা অটুট রয়েছে রোনালদোর। তিনি বর্তমানে সৌদি প্রো লিগের ক্লাব আল-নাসরের হয়ে খেলছেন এবং পর্তুগাল জাতীয় দলের অধিনায়ক হিসেবে দায়িত্ব পালন করছেন।

২০২২ সালে কাতার বিশ্বকাপে আর্জেন্টিনাকে শিরোপা জিতিয়ে ফুটবল জগতে নিজের শ্রেষ্ঠত্ব প্রমাণ করেছেন মেসি। এ সাফল্য রোনালদোকে নতুন করে উদ্বুদ্ধ করেছে বলেই মনে করা হচ্ছে।

বিশ্বকাপে রোনালদোর সর্বোচ্চ সাফল্য ২০০৬ সালে সেমিফাইনালে পৌঁছা। এখন তার লক্ষ্য ২০২৬ সালের বিশ্বকাপ এবং সম্ভব হলে ২০৩৪ সাল পর্যন্ত খেলা চালিয়ে যাওয়া। ফুটবল বিশ্লেষকরা মনে করেন, রোনালদোর শারীরিক ফিটনেস এবং মানসিক দৃঢ়তা তাকে এই দীর্ঘমেয়াদী লক্ষ্য অর্জনে সহায়তা করতে পারে। তিনি এরইমধ্যে আন্তর্জাতিক ফুটবলে সর্বোচ্চ গোলের রেকর্ড গড়েছেন। ২২০ ম্যাচে করেছেন ১৩৭ গোল। বিশ্বকাপ জয়ী সাবেক জার্মান ফুটবলার ইয়ুর্গেন ক্লিন্সম্যান নেশন্স লিগের সেমিফাইনালে রোনালদোর হাতে জার্মানির পরাজয়ের পর ইএসপিএনকে দেয়া সাক্ষাৎকারে বলেন, 'যদি তিনি দলের জন্য তার সক্রিয়ভাবে কাজ করে যেতে পারেন, তবে কোনো সন্দেহ নেই যে তিনি এখনো খেলা চালিয়ে যেতে পারেন- এই গ্রীষ্মে এবং আগামী বছর যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোতে অনুষ্ঠিতব্য বিশ্বকাপেও।' 'এটি সত্যিই অবিশ্বাস্য! সৌদি আরবে যাওয়ার পর আমরা তাকে কিছুটা চোখের আড়াল করেছি; কিন্তু সেখানেও তিনি তার কাজ করে দেখিয়েছেন।' 'একইভাবে কাতারে আমরা মেসির ক্ষেত্রে যা দেখেছি, তিনি তার ক্যারিয়ারের শেষ পর্যায়ে এসে সব ট্রফি দিয়ে সাফল্য অর্জন করেছেন - দুটি কোপা আমেরিকা এবং এরপর বিশ্বকাপ! রোনালদোও এখনো সাফল্যের জন্য প্রস্তুত। হয়তো আগামী গ্রীষ্মে বিশ্বকাপে তিনি এবং তার পর্তুগাল এই সাফল্য অর্জন করবে। পর্তুগাল কিন্তু এখন একটি অসাধারণ দল।' সাবেক নরওয়েজিয়ান ফুটবলার ইয়ান ইয়াগে ফিয়োর্টফট, ক্রিস্টিয়ানো রোনালদোর ২০২৬ সালের বিশ্বকাপে অংশগ্রহণের সম্ভাবনা নিয়ে মন্তব্য করেন। এক্স-এ পোস্ট করা এক মন্তব্যে তিনি উল্লেখ করেন, '৪০ বছর বয়সী রোনালদো এবং ফ্রান্সিসকো কনসেইকাও পর্তুগালের হয়ে ম্যাচ ঘুরিয়ে দিয়েছেন।' রোনালদোর সমর্থনে ফিয়োর্টফট বলেন, 'তিনি যতদিন অবসর বিলম্ব করবেন, ততদিনই সর্বোচ্চ মঞ্চে পারফর্ম করে যেতে পারবেন। তার বয়স এখন ৪০। অথচ এই বয়সেও তিনি তার কাজ করে যাচ্ছেন। পর্তুগালের জাতীয় দলের কোচেরও প্রশংসা করতে হবে আমাদেরকে, যিনি রোনালদোর জন্য সঠিক ভূমিকা খুঁজে বের করেছেন।' ফিয়োর্টফট বলেন, 'হ্যাঁ, কেউ কেউ বলে দেখা যায় যে নতুন খেলোয়াড় মাঠে নামলে দল আরও ভালো খেলে; কিন্তু, তিনি ১৩৭টি গোল করেছেন - এক, তিন, সাত! আমি যখন ছোট ছিলাম, কোনো খেলোয়াড় তাদের দেশের হয়ে ৫০টি গোল করলে তা অসাধারণ বলে গণ্য হতো। আর এই লোকটির ২২০টি ম্যাচও রয়েছে! এই মানুষটি সম্ভবত ২০৩৪ সালে সৌদি আরবেও (বিশ্বকাপ) খেলবে! তিনি যা করছেন তা অবিশ্বাস্য!'

অন্যদিকে, মেসি তার বিশ্বকাপ জয়ের পর ইন্টার মিয়ামির হয়ে মেজর লিগ সকারে দুর্দান্ত পারফর্ম করছেন। যদিও রোনালদোর সংকল্প এবং তার অবিশ্বাস্য ধারাবাহিকতা ফুটবল ভক্তদের মধ্যে প্রবল আগ্রহ সৃষ্টি করেছে। আপাতদৃষ্টিতে ২০৩৪ বিশ্বকাপ খেলা তার জন্য অসম্ভব। তবে, ২০৩০ বিশ্বকাপ তিনি যদি খেলেন, তাহলে সেটা অস্বাভাবিক কিছু হবে না। এরপরও যদি তিনি ২০৩৪ বিশ্বকাপে অংশ নেন, তবে তা হবে ফুটবল ইতিহাসে একটি মাইলফলক।

রোনালদো এরই মধ্যে ইচ্ছা প্রকাশ করেছেন, তার ছেলের সঙ্গে একই ম্যাচে খেলবেন। ১৪ বছর বয়সী রোনালদো জুনিয়র এরই মধ্যে পর্তুগাল অনূর্ধ্ব-১৯ দলের হয়ে অভিষেক ঘটিয়েছেন আন্তর্জাতিক ফুটবলে।

রোনালদো এবং মেসির এই প্রতিদ্বন্দ্বিতা ফুটবল ইতিহাসে সবচেয়ে আলোচিত বিষয়। দুজনেই তাদের অসাধারণ কৃতিত্বের মাধ্যমে ফুটবলকে নতুন উচ্চতায় নিয়ে গেছেন। এখন দেখার বিষয়, রোনালদো কি তার ক্যারিয়ারের শেষ পর্যায়ে এসে মেসির মতো বিশ্বকাপ শিরোপা জিততে পারবেন।

## আটলান্টিক সিটিতে মার্টি স্মলের উদ্যোগে সুহৃদ সমাবেশ

৩ পৃষ্ঠার পর

ডেমোক্র্যাট দলীয় প্রার্থীদের বিজয়ী করার জন্য আহ্বান জানান। সুহৃদ সমাবেশে বিএএনজে সভাপতি জহিরুল ইসলাম বাবুল, সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম খোকা, ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আবদুর রকিব, বিএএসি সভাপতি শহীদ খান সহ আটলান্টিক সিটির বিভিন্ন কমিউনিটির নেতৃবৃন্দ, মিডিয়া ব্যক্তিত্ব, মূলধারার রাজনৈতিক নেতৃবৃন্দ, সামাজিক ও ধর্মীয় সংগঠনের নেতৃবৃন্দ ছাড়াও কমিউনিটির সর্বস্তরের মানুষজন অংশগ্রহণ করেন।

## বেঙ্গালুরুর শিরোপা উদযাপনে নিহত ১১

৬০ পৃষ্ঠার পর

উদযাপন শেষ করে সন্ধ্যা সাড়ে ৬টায় দল হোটেলে ফিরে গেলেও ভক্তরা তখনও স্টেডিয়ামের আশেপাশে অবস্থান করছিলেন। যার ফলে ট্রাফিক জ্যাম ও বিশৃঙ্খলা আরও বাড়ে। এরপর ধীরে ধীরে সেখান থেকে মানুষ সরে গেলেও দিনটি আইপিএলে ইতিহাসে একটি কালো অধ্যায় রচনা করে ফেলে।

## এনওয়াইপিডিতে ৫ বাংলাদেশি আমেরিকান'র পদোন্নতি

৩ পৃষ্ঠার পর

দায়িত্বশীলতার পাশাপাশি পরিবারের ভূমিকা কৃতজ্ঞচিত্তে স্মরণ করেন পুলিশ কমিশনার। বাংলাদেশি আমেরিকান পুলিশ কর্মকর্তার মধ্যে সার্জেন্ট থেকে লেফটেন্যান্ট পদে পদোন্নতি পেয়েছেন শেখ আহমেদ ও মোহাম্মদ আহমেদ। এছাড়া পুলিশ অফিসার মোহাম্মদ শোয়েব ও মোহাম্মদ আলী সার্জেন্ট পদে এবং মাইনুল হাসান ডিটেকটিভ পদে পদোন্নতি পেয়েছেন বাংলাদেশি আমেরিকান পুলিশ অ্যাসোসিয়েশন-বাপার প্রেসিডেন্ট সার্জেন্ট ডিটেকটিভ জোহাদ এরশাদুর সিদ্দিক, ভাইস প্রেসিডেন্ট ক্যাপ্টেন একেএম আলম এবং সেক্রেটারি ডিটেকটিভ রাসেকুর মালিক অনুষ্ঠানে উপস্থিত হয়ে পদোন্নতি পাওয়া বাংলাদেশি কর্মকর্তাদের অভিনন্দন জানান।

## বেঙ্গল ক্লাবের জমজমাট বাংলা বর্ষবরণ

৩ পৃষ্ঠার পর

শিল্পীদের পরিবেশনায় বৈশাখের গান দিয়ে অনুষ্ঠানমালার সূচনা ঘটে। অনুষ্ঠানে কবিতা আবৃত্তি করেন শামীমা শম্পী। সমগ্র অনুষ্ঠান সুষ্ঠুভাবে সামাল দিয়েছেন সংগঠনের সভাপতি রানা কবির, সাধারণ সম্পাদক কাজল বাড়ৈ, সহ সভাপতি আলী চৌধুরী অন্তু, মিঠুন চৌধুরী, জয়দেব কর্মকার, আরিফ মাহমুদ লিমন, কোষাধ্যক্ষ হেলাল হাসান, যুগ্ম সম্পাদক লিখন, সাবের রেজা ফরহাদ, সাংগঠনিক সম্পাদক আসিফ জুয়েল, কায়সার, সাংস্কৃতিক সম্পাদক সুমেল আহমেদ, আসিফ আনোয়ার, প্রচার সম্পাদক কৃষ্ণ চৌধুরী। এছাড়াও সার্বিক সহযোগিতায় ছিলেন মিরাজ খান, মনির হোসেন, মামুন ইসলাম, বাদল, অপরাজিতা ও অন্যান্য স্থানীয় নেতৃবৃন্দ।

## ট্রাম্প-ইলন মাস্কের মধুচন্দ্রিমা শেষ

৩ পৃষ্ঠার পর

ওভাল অফিসে প্রবেশ করেন এবং স্বয়ং ট্রাম্পের চেয়েও বেশি মনোযোগ কাড়েন। তখন মাস্ক ছিলেন ট্রাম্পের ছায়াসঙ্গী, এয়ার ফোর্স ওয়ান, মেরিন ওয়ান, হোয়াইট হাউজ এবং ট্রাম্পের ফ্লোরিডার মার-আ-লাগো রিসোর্ট, সর্বত্র ছিল তার সরব উপস্থিতি। দক্ষিণ আফ্রিকায় জন্মগ্রহণকারী ৫৩ বছর বয়সী এই বিলিয়নেয়ার-যিনি এপ্রিল মাসে হোয়াইট হাউজের আইএসএসের জন্য নিজ নিজ দৃষ্টিভঙ্গি নিয়ে ট্রেজারি সচিব স্কট বেসেন্টের সাথে সরাসরি দ্বন্দ্ব শুরু করেছিলেন।

হোয়াইট হাউসের ঘনিষ্ঠ আরেকজন ব্যক্তি যোগ করে বলেন, 'আমি মনে করি, এটা ভালো হয়নি।' 'তবে আমি এও বিশ্বাস করি যে একটি সাধারণ চেতনা রয়েছে যে সেভাবে কাজ করে দেখবেই।'

টেসলা এবং স্পেসএক্স-এর সিইও গত বুধবার টানা দ্বিতীয় দিনের জন্য একটি আক্রমণ শুরু করেছেন। তিনি ঘোষণা করেন, এটি একটি নতুন ব্যয় আইনের খসড়া তৈরি করা উচিত যা ঘাটতি ব্যাপকভাবে বাড়ায় না এবং ঋণের সীমা ৫ ট্রিলিয়ন ডলারে বাড়ায় না।

দ্বিতীয় তথ্যদাতা যোগ করেন যে এটি ঘোষণায় যে মাস্কের ৩০ শে মে থেকে সরকারের বিশেষ কর্মচারী হিসাবে তার প্রস্থান নিয়ে সমস্যা ছিল। হোয়াইট হাউসের একটি বিল অনুমোদনের সাথে মিলিত হয়েছিল যা বুধবার কংগ্রেসনাল বাজেট অফিস পূর্বাভাস দিয়েছিল যে এটি যুক্ত হবে ফেডারেল ঘাটতিতে ২.৪ ট্রিলিয়ন ডলার।

২০শে মার্চ, আরকনেস্টারের সিইও জুলি স্পেলম্যান সুইট ওয়াল স্ট্রিট বিশ্লেষকদের বলেন যে তথ্যপ্রযুক্তি পরামর্শদাতা এবং পরিচালন সংস্থা ডিওজিই পর্যালোচনা করার পরে ফেডারেল চুক্তি হারিয়েছে। তারপর থেকে, বিশেষজ্ঞ ছাড়াই, আয়ারল্যান্ড ভিত্তিক কোম্পানির জন্য ব্যবসার উন্নতি হয়েছে, যার মধ্যে সুইটের অভিষেকের ছয় দিন পর বিমান বাহিনীর সাথে ৮৩০৬ মিলিয়ন ডলারের চুক্তি ঘোষণা করা হয়েছে। প্রেস সচিব ক্যারোলিন লেভিট মঙ্গলবার মাস্কের স্বল্প প্রাথমিক প্রকাশনাগুলির গুরুত্ব পুনরুদ্ধার করেছেন। তার স্বাভাবিক সংবাদ সম্মেলনের সময় সাংবাদিকদের বলেছিলেন যে, প্রেসিডেন্ট ইতিমধ্যে জানেন এই আইনের প্রকল্পে ইলন মাস্কের ভঙ্গি কী এবং এটি তার মতামত পরিবর্তন করে না। তবে সরকারের কেন্দ্র থেকে ইলন মাস্কের বিদায়কে অনেকে ইতিবাচক হিসেবে দেখছেন।







KARNAFULLY TRAVEL INC. (Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**



## মেয়র পদে মামদানিকে বাংলাদেশিদের সমর্থন

৭২ পৃষ্ঠার পর

হিসেবে শুধু মুসলিম কমিউনিটিই নয়, অভিবাসী সমাজে জনপ্রিয় একজন ব্যক্তিত্বে পরিচিতি এই মামদানি। সিটির পাবলিক অ্যাডভোকেট পদে পুনরায় জুমানি উইলিয়ামস এবং সিটি কম্পট্রোলার জাস্টিন ব্রানান প্রার্থী হয়েছেন। এই সমাবেশ থেকে তাদের প্রতিও সমর্থন জানানো হয়। মামদানির বিপরীতে লড়ছেন নিউইয়র্ক স্টেটের সাবেক গভর্নর এন্ড্রু কুমো ও সিটির বর্তমান মেয়র এরিক এডামস। তারা ২ জনই বিতর্কিত। কুমো নারী কেলেংকারিতে তিনি পদত্যাগ করেছিলেন। এডামসের বিরুদ্ধে রয়েছে নানা দুর্নীতির অভিযোগ।

ডাইভারসিটি প্লাজার সমাবেশে মেয়র প্রার্থী মামদানি বলেন, আমরা ঐক্যবদ্ধ নই। গত নির্বাচনে মুসলিম ভোটারের মধ্যে মাত্র ৭ শতাংশ ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করেন। এই ভোটাররা ঐক্যবদ্ধ থাকলে মেয়রসহ সিটির গুরুত্বপূর্ণ সব আসনেই বিজয়ের ক্ষেত্রে নেয়ামক শক্তিতে পরিণত হতে পারবেন। এবারের নির্বাচনে আমরা জয়ী হওয়ার জন্যই প্রতিদ্বন্দ্বিতা করছি। তিনি আরো বলেন, একসময় আমার সঙ্গে এন্ড্রু কুমোর ভোটের ব্যবধান অনেক ছিল। গত সপ্তাহে এই ব্যবধান কমেছে ১২ শতাংশে এবং বর্তমানে ভোটের ব্যবধান মাত্র ৮ শতাংশে। এই অবস্থা অব্যাহত থাকলে আমি নির্বাচনে জয়লাভ করবো। রাইজ আপ এনওয়াইসি, মুসলিম ভোট প্রজেক্ট, মুসলিম অ্যাকশন কোয়ালিশন, মুসলিম কমিউনিটি ফোরাম, মুনা এপিজে অ্যাকশন, বাংলাদেশি আমেরিকান অ্যাডভোকেসি গ্রুপ (বাগ), জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সম্মিলিত উদ্যোগে সিটির মেয়র প্রার্থী জোহরান মামদানি, পাবলিক অ্যাডভোকেট জুমানি উইলিয়াম, সিটি কম্পট্রোলার জাস্টিন ব্রানানের সমর্থনে আয়োজিত এই সমাবেশে বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান শাহ নেওয়াজ, জ্যাকসন হাইটস বাংলাদেশি বিজনেস অ্যাসোসিয়েশনের সভাপতি গিয়াস আহমেদ, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রেসিডেন্ট ফখরুল ইসলাম দেলোয়ার, সহ-সভাপতি এ এফ মিসবাহউজ্জামান, বাগের প্রেসিডেন্ট জয়নাল আবেদীন, মুনার আবু নাসিয়া সিরাজুল ইসলাম, রাইজ আপের শামসুল হক, ব্যানানের প্রতিনিধি কাজী তোফাওয়ার, কমিউনিটি অ্যাকটিভিস্ট বদরুন নাহার খান মিতা, কাজী শাখাওয়াত হোসেন আজম। উল্লেখ্য আগামী ২৪ জুন ডেমোক্র্যাটিক প্রাইমারির এই নির্বাচন অনুষ্ঠিত হবে। এই নির্বাচনে যিনি জিতবেন তাকেই সিটির ভবিষ্যত মেয়র হিসেবে বিবেচনা করা হয়। নভেম্বরের বিজিত মেয়র প্রার্থীকে রিপাবলিক্যান প্রার্থীর বিরুদ্ধে লড়তে হবে।

## মেডোব্রুক মর্টগেজের আকিবের অ্যাওয়ার্ড লাভ



৭২ পৃষ্ঠার পর

অর্জন করেছেন। পুরস্কারপ্রাপ্তির প্রতিক্রিয়ায় আকিব হোসাইন বলেন, 'আমার ক্লায়েন্টরাই আমার মূল চালিকাশক্তি। তাদের সহযোগিতা ও ভালোবাসা ছাড়া আমি এই সফলতা অর্জন করতে পারতাম না। আমি সবসময় ক্লায়েন্টদের আমার পরিবারের সদস্য মনে করি। তাদের প্রতি আমার কৃতজ্ঞতা। বাড়ি কেনা প্রতিটি মানুষের জন্য একটি স্বপ্ন। আমি ক্লায়েন্টদের সব প্রশ্ন মনোযোগ দিয়ে শুনি এবং তাদের প্রতিটি উদ্বেগ ও আগ্রহকে সম্মান করি।'

আকিব জানান, বিশেষ করে বাংলাদেশি ইমিগ্রান্টরা তার প্রতিষ্ঠানের উপর আস্থা রাখেন। তাদের জন্য বাড়ি কেনার প্রক্রিয়াকে সহজ করে তুলি। চলতি বছরে ২৫ মিলিয়ন ডলারের ৭৫টি মর্টগেজ লোন ক্লোজ করেছি, যার স্বীকৃতি হিসেবেই এ পুরস্কার।

নিউইয়র্কে বাড়ি কেনার ক্ষেত্রে মেডোব্রুক মর্টগেজ ইতোমধ্যেই একটি নির্ভরযোগ্য প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। ঋণের ধরন নির্বাচন থেকে শুরু করে ডাউন পেমেন্ট পরিকল্পনা ও ইন্টারেস্ট রেট নির্ধারণ পর্যন্ত প্রতিটি ধাপে গ্রাহককে পাশে পায় প্রতিষ্ঠানটি।



## জিয়াউর রহমানের শাহাদত বার্ষিকীতে মিলাদ

৭২ পৃষ্ঠার পর

জ্যাকসন হাইটসের জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টারে অনুষ্ঠিত হয়। যুক্তরাষ্ট্র বিএনপির সিনিয়র নেতা এবং যুক্তরাষ্ট্র স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন কমিটির অন্যতম যুগ্ম আহ্বায়ক আবদুল সবুরের সভাপতিত্বে এবং যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সহ সাংগঠনিক সম্পাদক মোশাররফ হোসেন সবুজের পরিচালনায় দোয়া মাহফিলের পূর্বে সংক্ষিপ্ত আলোচনায় অংশগ্রহণ করেন যুক্তরাষ্ট্র বিএনপি র সাবেক সহ সভাপতি বাবর উদ্দিন, ডা. আব্দুল সবুর, যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সহ-সভাপতি মঞ্জুর আহমেদ চৌধুরী, যুক্তরাষ্ট্র বিএনপি নেতা এম বাদেল রহমান, যুক্তরাষ্ট্র জাসাসের সভাপতি ইঞ্জিনিয়ার সায়েম রহমান, যুক্তরাষ্ট্র মুক্তিযোদ্ধা দলের সাবেক সাধারণ সম্পাদক মোঃ নুরুজ্জামান, জাসাসের সাধারণ সম্পাদক জাহাঙ্গীর সরোয়ার্দী, বিএনপি নেতা যুবা মোহাম্মদ জসীম জিয়া পরিষদের সদস্য সচিব জাকির হাওলাদার স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় কমিটির সহ-আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক খোরশেদ আলম, যুক্তরাষ্ট্র শ্রমিক দলের সাংগঠনিক সম্পাদক আবুল কালাম, বিএনপি নেতা রাশেদ চৌধুরী বিল্লব!

বিশেষ দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন যুক্তরাষ্ট্র বিএনপি নেতা সাবেক ছাত্র নেতা মাজহারুল ইসলাম মিরন, এজেএম জাহাঙ্গীর হোসাইন, সালেহ আহমেদ চৌধুরী, জাবেদ উদ্দিন, মনির হোসেন, জাফর তালুকদার, মাসুদ হোসেন,, আবুল কালাম, হাইবুর খান মিন্টু, কামাল হাওলাদার, , আলী করিম, মাওলানা আবুল কালাম, আলী আজম, হুমায়ুন কবির, আহমেদ বাচ্চু, মাহফুজুর রহমান, ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন। অনুষ্ঠানে বিশেষ দোয়া পরিচালনা করেন জ্যাকসন হাইটস মসজিদের ইমাম মাওলানা আব্দুল সাদেক।

## মুক্তিযোদ্ধার সংজ্ঞা কেন পরিবর্তন করল সরকার

৭২ পৃষ্ঠার পর

বিশ্লেষকদের অনেকে।

এছাড়া মুক্তিযুদ্ধের সময় শেখ ফজলুল হক মনির নেতৃত্বে গঠিত মুজিব বাহিনী পরে বাংলাদেশ লিবারেশন ফোর্স নাম নিয়েছিল, এই বাহিনীর সদস্যরাও নতুন সংজ্ঞা অনুযায়ী মুক্তিযোদ্ধা স্বীকৃতি থেকে বাদ পড়ছেন। সরকারি সূত্রগুলো বলছে, এই বাহিনী ও এর সদস্যদের স্বীকৃতি থাকবে মুক্তিযুদ্ধের সহযোদ্ধা হিসেবে। অবশ্য বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধের বিরোধিতাকারী হিসেবে এদেশের যেসব গোষ্ঠীর নাম বহাল রাখা হয়েছে সর্বশেষ এই সংজ্ঞায়, তাদের মধ্যে জামায়াতে ইসলামীর নাম রয়েছে।

মুক্তিযোদ্ধা সংজ্ঞা নিয়ে অনেক প্রশ্ন বা নানা আলোচনার বিষয়ে অন্তর্বর্তী সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক উপদেষ্টা ফারুক-ই আজম বিবিসি বাংলাকে বলেছেন, মুক্তিযোদ্ধা তালিকায় শতাধিক ভুয়া মুক্তিযোদ্ধা রয়েছে। তাদের বাছাই করা এবং মুক্তিযোদ্ধা নিয়ে বিতর্ক নিরসনের জন্য সংজ্ঞায় পরিবর্তন প্রয়োজন ছিল। আর সেই বিবেচনায় এখন পরিবর্তন আনা হয়েছে। তবে বিশ্লেষকদের অনেকে বলছেন, মুক্তিযোদ্ধা সংজ্ঞা নিয়ে যে গেজেট প্রকাশ করা হয়েছে, তাতে অস্পষ্টতা রয়েছে। সেকারণে বিভ্রান্তি ও বিতর্ক তৈরি হয়েছে।

এছাড়াও রাজনীতিক ও বিশ্লেষকদের অনেকে মুক্তিযুদ্ধ সম্পর্কিত স্পর্শকাতর বিষয়ে সংশোধনী আনার ক্ষেত্রে অন্তর্বর্তী সরকারের এখতিয়ার নিয়ে প্রশ্ন তুলেছেন। তারা বলেছেন, নির্বাচিত সরকার এমন স্পর্শকাতর বিষয়ে সিদ্ধান্ত নিতে পারে। কিন্তু অনির্বাচিত সরকার রাজনৈতিক সিদ্ধান্ত নেওয়ার কারণে বিতর্ক বাড়তে পারে। যদিও ৫৩ বছরেও মুক্তিযুদ্ধ সম্পর্কিত বিষয়গুলোয় বিতর্কের অবসান হয়নি। এর দায় রাজনৈতিক দলগুলোর বলেও মনে করেন বিশ্লেষকেরা।(সূত্র-বিবিসি বাংলা)



## ফিলাডেলফিয়ায় বিপুল উৎসাহ উদ্দীপনায় প্রথম বইমেলা

৭২ পৃষ্ঠার পর

নেন। ফলক উন্মোচন ও সাংস্কৃতিক পরিবেশনার মধ্য দিয়ে মেলার শুভসূচনা হয়। সঞ্চালনায় ছিলেন কামরুল হাসান ও মিনহাজুর রহমান মারুফ। শিশু-কিশোরদের জন্য শিশুকানন অরুণ সুজনী পর্বটি পরিচালনা করেন আব্দুল হাফিজ চৌধুরী ও ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ। তাওয়েলা ও তাওয়েলিন বাজায় ফারিয়া রুবাইয়াত ও তানাজ আহমেদ।

দুপুর ১টায় বইমেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন নাট্যকার, কবি বদরুজ্জামান আলমগীর। প্রবাসী মুক্তিযোদ্ধা ও অতিথিরা দুই দেশের জাতীয় সংগীত পরিবেশন করেন। এই পর্বটি সঞ্চালনা করেন আব্দুল হাফিজ চৌধুরী।

পেনসিলভেনিয়ার গভর্নর জশ শাপিরোর পক্ষ থেকে শুভেচ্ছা বার্তা পাঠ করেন আকবর হোসেন, এবং ফিলাডেলফিয়া





মেয়র শেরেল পার্কারের শুভেচ্ছা বাণী পড়ে শোনান ডক্টর নীনা আহমেদ।

বিকাল ২:৩০টায় পৃষ্ঠপোষকদের বক্তব্য ও সমন্বয়কদের পরিচয়ের মাধ্যমে মূলমঞ্চের প্রথম পর্ব শুরু হয়। উপস্থিত ছিলেন ডা. জিয়াউদ্দিন আহমেদ, ড. ইকরাম চৌধুরী, আহমেদ সায়েম, জোহরা খাতুন কলি, আব্দুল হাফিজ, কামরুল হাসান ও আশরাফুল ইসলাম আরিফ। এ পর্বে বিশেষ অতিথি হিসেবে বাংলাদেশের এক ঐতিহাসিক পরিচিত বন্ধু ফিলিপ টেইলর। পৃষ্ঠপোষক ও সমন্বয়কদের পক্ষে ড. ইকরাম চৌধুরী বক্তব্যের মাধ্যমে তুলে আনেন বইমেলার প্রয়োজনের কথা।

আবু আমিন রহমান, কাবেরী বিশ্বরিয়া, জিয়াউদ্দিন আহমেদ, আবু তাহের, শওকত ইমাম, ফেরদৌস নাজমী, কামরুজ্জামান ও সুব্রত রায়-কে মুক্তিযোদ্ধা সম্মাননা পদক প্রদান করা হয়।বিশ্বজিৎ সাহা-কে প্রদান করা হয় আজীবন সম্মাননা পদক। কবিতা ও লেখাপাঠে অংশ নেন- ফারুক আজম, রুমানা আলম, দিলরুবা আফরোজ রুনা, আহমেদ সায়েম, এবং বদরুজ্জামান আলমগীর। সাহিত্যপত্রিকা ফিলাডেলফিয়া এর মোড়ক উন্মোচন করেন প্রবাসী কবি, লেখক ও বিশিষ্টজন।



নারীর মর্যাদায়ন : সমাজ ও রাষ্ট্র গঠনে নারীর ভূমিকা শীর্ষক গোলটেবিল আলোচনায় অংশ নেন ডা. ফাতেমা আহমেদ, শামসুন্নাহার, নাজনীন কবিতা, ফারহানা আফরোজ পাপিয়া, তাহমিনা শিকদার ও মনি খান। অনুষ্ঠান সঞ্চালনা করেন সালমা হক ববিতা। গোলটেবিল আলোচনাটি পরিচালনা করেন অধ্যাপক আবুল খায়ের মিয়া। নাজনীন কবিতা, মনি খান, তাহমিনা শিকদার, ইসরাত পারভীন ও দিতি হোসেন-কে নারী উদ্যোক্তা ২০২৫ সম্মাননা প্রদান করা হয়। বিশেষ অতিথির বক্তব্য রাখেন জনপ্রিয় লেখক সাদাত হোসাইন, যিনি উপস্থিত দর্শকদের জীবনের অনবদ্যতা গল্প উপহার দেন।

বিশ্ব পরিস্থিতি ও সংস্কৃতি বিষয়ক সেমিনার : বর্তমান বিশ্বপরিস্থিতি ও বাঙালি সংস্কৃতির মনোবাঞ্ছা শীর্ষক আলোচনায় অংশ নেন রাজিয়া নাজমী, ড.জীবন বিশ্বাস, জাফর সিরাজ ও বদরুজ্জামান আলমগীর।

সাংস্কৃতিক সন্ধ্যার সঞ্চালনায় ছিলেন মাসুমুল হাসান সারোয়ার ড্যানিয়েল ও সাবনুম মনিরা কস্তুরি। সঙ্গীত পরিবেশনায় অংশ নেন জাফর সিরাজ, বিজয়া সেনগুপ্তা, মুরাদ হোসেন, এমান রনী, জাকির হোসেন, প্রিয়াংকা বিশ্বাসী, স্বরা দাশ, সাদিয়া এবং শিউলি বেগম। বইমেলা উপলক্ষে একটি দৃষ্টিনন্দন দেওয়াল ম্যাগাজিন প্রকাশিত হয়। দেওয়াল পত্রিকার নাম জীবন আমার বোন- যা সম্পাদনা করেন জোহরা খাতুন কলি।

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



**STAR Photography**

শহরের সেরা ফটোগ্রাফার
এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

**NEHER SIDDIQUEE**
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

**REAL ESTATE, DIVORCE, IMMIGRATION & SMALL BUSINESS**



বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা,
ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয়
অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী
বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন

নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি

**Hasan Malik, Esq.**
718-433-9243

37-13 74TH ST, FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372

ATTORNEY ADVERTISING

# Store for Sale / স্টোর বিক্রি হবে

ব্রঙ্কসের জনবহুল এলাকা, সাবওয়ে ও বাস স্টপের কাছে সম্পুর্ন চালু অবস্থায় বাংলাদেশি মালিকানাধীন ব্যক্তিগত অসুবিধার কারনে একটি ডিপার্টমেন্টাল স্টোর জরুরি ভিত্তিতে বিক্রি করা হবে। অথবা ১জন ভালো পার্টনার প্রয়োজন।

* সহনশীল ভাড়া * ইলেক্ট্রিক, ইলেক্ট্রনিক ও ফার্নিচার সহ অন্যান্য সামগ্রি বিক্রি করা যাবে।

ফার্নিচার ডেলিভারির জন্য ১জন ভ্যান ড্রাইভার আবশ্যক

শুধুমাত্র সিরিয়াস ও আগ্রহীরা যোগাযোগ করুন : প্রয়োজনে মেসেজ রাখুন

**Cell: 646-404-0921**

# আইটেম গানে কে এগিয়ে?

আজকাল বিনোদন









কোরবানির ঈদে প্রেক্ষাগৃহে মুক্তি প্রতীক্ষিত উল্লেখযোগ্য তিনটি সিনেমা হলো 'তাণ্ডব', 'ইনসাফ' এবং 'টগর'। ঈদের আমেজ বাড়াতে ইউটিউব চ্যানেলগুলোতে একে একে মুক্তি পেয়েছে নতুন সিনেমা তিনটির আইটেম সং। মুক্তির পরই গানগুলো দর্শক জনপ্রিয়তা পাচ্ছে। কিন্তু সংগীতপ্রেমীদের কাছে এ তিনটি গানের মধ্যে কোনটি শীর্ষে রয়েছে জানেন? এবারের ঈদে 'তাণ্ডব' সিনেমায় দেখা যাবে শাকিব খান, জয়া আহসান ও সাবিলা নূরকে। মুক্তি প্রতীক্ষিত সিনেমা 'ইনসাফ'-এ রয়েছেন শরীফুল রাজ, তাসনিয়া ফারিণ ও মোশাররফ করিম। আর 'টগর' সিনেমায় অভিনয় করেছেন চিত্রনায়িকা পূজা চেরী ও চিত্রনায়ক আদর আজাদ।

১। লিচুর বাগানে: ঈদুল আযহার সিনেমার প্রধান আকর্ষণই মনে করা হচ্ছে শাকিব খান অভিনীত ও রায়হান রাফি পরিচালিত সিনেমা 'তাণ্ডব'কে। সে অনুযায়ী দর্শকরাও মুখিয়ে ছিল এর নতুন গান দেখার জন্য। দর্শকের অপেক্ষার প্রহর শেষ করে মঙ্গলবার (৩ জুন) এ সিনেমার আইটেম গান 'লিচুর বাগানে' মুক্তি পায়। চরকির অফিশিয়াল ইউটিউব চ্যানেলে মুক্তি পাওয়া গানটির ভিউ সংখ্যা এখন ছুঁতে চলেছে ৬ মিলিয়ন ভিউ।

২। আকাশেতে লক্ষ তারা ২: এদিকে বুধবার রাতে মুক্তি পেয়েছে পরিচালক সঞ্জয় সমদ্দারের প্রথম দেশি সিনেমা 'ইনসাফ'-এর আইটেম গান। অনুপম মুভি সংয়ের ইউটিউব চ্যানেলে মুক্তি পাওয়া এ গানের শিরোনাম 'আকাশেতে লক্ষ তারা ২.০'। সুরের তালে তালে এ গানে নৃত্য পরিবেশন করে মঞ্চ মাতিয়েছেন তাসনিয়া ফারিণ, শরীফুল রাজ ও মোশাররফ করিম। দর্শকপ্রিয়তায় এ গানের বর্তমানে ৮৭৬ হাজার ভিউ সংখ্যা ছাড়িয়েছে।

৩। ও সুন্দরী: টগর সিনেমার দ্বিতীয় গান 'ও সুন্দরী'। এ গানে নাচে-গানে মাত করেন সিনেমার মুখ্য দুই চরিত্রের অভিনয়শিল্পী আদর আজাদ ও পূজা চেরী।

তবে চমক হিসেবে এ গানের নাচে অংশ নিতে দেখা যায় সংগীতশিল্পী ইমরান মাহমুদুল ও আতিয়া আনিসাকে। টাইগার এরপর ৬১ পৃষ্ঠায়





## রুজভেল্ট আইল্যান্ডে আভা ছড়ালেন তিশা

আজকাল বিনোদন

ছোট পর্দার জনপ্রিয় অভিনেত্রী তানজিন তিশা। বর্তমানে কাজ করেন বেছে বেছে। জীবনটাকে উপভোগ করছেন তিনি। সম্প্রতি 'ঘুমপরী' ওয়েব ফিল্মের জন্য সেরা অভিনেত্রীর পুরস্কার জিতেছেন তিশা।

তানজিন তিশা ছুটি কাটাতে দেশের বাইরে ঘুরে বেড়াচ্ছেন। সেসব ছবি সামাজিক যোগাযোগ মাধ্যমে শেয়ার করেছেন অভিনেত্রী। বর্তমানে তানজিন তিশা অবস্থান করছেন যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্কে, রুজভেল্ট আইল্যান্ডে। গত শুক্রবার নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে বেশ কয়েকটি ছবি পোস্ট এরপর ৬১ পৃষ্ঠায়




## টাকা ছাড়াই যেভাবে দেখা যাবে 'ব্যাচেলর পয়েন্ট সিজন-৫'

আজকাল বিনোদন

দীর্ঘ অপেক্ষার পালা শেষ করে কয়েকদিন পরেই দেখা যাবে জনপ্রিয় নাটক 'ব্যাচেলর পয়েন্ট সিজন-৫'। দেখা যাবে ঈদুল আজহার দিনেই। এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান নির্মাতা কাজল আরেফিন অমি। তিনি বলেন, গত ৪ সিজনের চেয়েও এবার বড় পরিসরে আসছেব্যাচেলর পয়েন্ট সিজন- ৫'।

জনপ্রিয় নাটকটির এবার ১২০টি এপিসোড থাকবে। ঈদের দিন থেকে বঙ্গতে ৮টি এপিসোড দেখা যাবে। এরজন্য বঙ্গ অ্যাপটি মাত্র ৪০ টাকায় সাবসক্রাইব করতে হবে। তবে যারা টাকা খরচ ছাড়াই ব্যাচেলর পয়েন্ট দেখতে চান, তাদেরকে অপেক্ষা করতে হবে একমাস। পরের মাসে অর্থাৎ জুলাইয়ের প্রথম বৃহস্পতিবার সন্ধ্যা ৭টায় বঙ্গ অ্যাপে আরও ৮ এপিসোড রিলিজ হবে। একইসঙ্গে বুম ফিল্মসের অফিসিয়াল ইউটিউব চ্যানেলেও প্রথম এপিসোড রিলিজ পাবে এবং সাড়ে ৯টায় চ্যানেল আইয়ের পর্দায় প্রথম এপিসোড দেখা যাবে। পরদিন রাত ৯টায় বুম ফিল্মসের ইউটিউবে দ্বিতীয় এপিসোড রিলিজ হবে এবং সাড়ে ৯টায় চ্যানেল আইতে দেখা যাবে। এভাবে সপ্তাহের প্রতি বৃহস্পতিবার এবং শুক্রবার রাতে ইউটিউব ও টেলিভিশনে দেখা যাবে 'ব্যাচেলর পয়েন্ট'-সিজন ৫।

উল্লেখ্য, ২০২২ সালের ২৪ ডিসেম্বর ১১৬তম পর্ব প্রচারের মধ্য দিয়ে শেষ হয় 'ব্যাচেলর পয়েন্ট সিজন ৪'। শুরু থেকে প্রতিটি সিজনই ব্যাপক সাড়া ফেলে দর্শকের মাঝে। আর সিজন ৪ শেষ হতেই শুরু হয় দর্শকের সিজন ৫ এর জন্য অপেক্ষা।



## বদলে যাওয়া এ কোন শাহরুখ

আজকাল বিনোদন

মেয়ে সুহানা খানের সঙ্গে 'কিং' নামের সিনেমায় অভিনয় করছেন বলিউড বাদশাহ শাহরুখ খান। সিনেমাটি নিয়ে খবরের যেন শেষ নেই। প্রায় প্রতিদিনই নানা কারণে আলোচনায় থাকে সিনেমাটি। কদিন আগেই জানা গেল এ সিনেমায় শাহরুখের সঙ্গে দেখা যাবে দীপিকা পাড়ুকোনকে। সত্যি কথা বলতে 'কিং' ঘিরে ভক্তদের উন্মাদনা তুঙ্গে।

এরমধ্যে নতুন করে উত্তেজনা বাড়িয়ে দিয়েছে দুটি ছবি। সেখানে একদম ভিন্ন লুকে দেখা গেছে শাহরুখকে। সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে সেই ছবিগুলো। ধারণা করা হচ্ছে, 'পাঠান'খ্যাত সিদ্ধার্থ আনন্দ পরিচালিত 'কিং' সিনেমায় ভয়ানক এক গডফাদার চরিত্রে দেখা যাবে কিং খানকে।

মঙ্গলবার চলচ্চিত্র সমালোচক ও বাণিজ্য বিশ্লেষক সুমিত কাদেল দুটি ছবি শেয়ার করেছেন তার ভেরিফায়েড আইডি থেকে। যার একটিতে দেখা যাচ্ছে, ছোট চুলে কালো টিশার্ট পরা শাহরুখ, শক্তিশালী পেশি আর চোখে সানগাস। অন্য একটি ছবিতেও ছোট চুলে দেখা গেছে কিং খানকে। মুখে চুরুট, ধোঁয়া উড়িয়ে হেঁটে চলেছেন। ছবিগুলো শেয়ার করে সুমিত কাদেল লিখেছেন, 'ট্রেড মহলে কিছু গুঞ্জন শোনা যাচ্ছে যে এটা হয়তো শাহরুখ খানের 'কিং' ছবির লুক হতে এরপর ৬১ পৃষ্ঠায়

## মুক্তির আগেই রেকর্ড ভাঙছে 'হাউসফুল ৫'

আজকাল বিনোদন

বলিউডে ঈদের আমেজ বাড়াতে প্রেক্ষাগৃহে মুক্তি পেতে চলেছে জনপ্রিয় ফ্র্যাঞ্চাইজি 'হাউসফুল'র পঞ্চম সিক্যুয়াল। বলিউডের প্রায় অর্ধেক তারকা ধরা দিতে চলেছেন নতুন এ সিনেমায়।




সিনে বিশ্লেষকরা বলছেন, বলিউডের ইতিহাসে সুনামি নিয়ে আসতে চলেছে নতুন সিনেমা 'হাউসফুল ৫'। ছবিটির মাধ্যমে ফ্লপ সিনেমা থেকে আবারও ব্লক বাস্টার হিট সিনেমার নায়কের খাতায় আবারও নাম লেখাতে চলেছেন বলিউড অভিনেতা অক্ষয় কুমার। অক্ষয় কুমার ছাড়াও এ সিনেমায় অভিষেক বচ্চন, রিতেশ দেশমুখ, সঞ্জয় দত্ত, জ্যাকি শ্রফ, নানা পাটেকার, ফারদিন খান, চাঙ্কি পাণ্ডে, জ্যাকলিন ফার্নান্দেজ, সোনম বাজওয়া, চিত্রাঙ্গদা সিং, শ্রেয়স তালপাড়ে, জনি লিভার এবং রণজিতের মতো তারকারা অভিনয় করেছেন।

সিনেমাটি প্রেক্ষাগৃহে মুক্তির আগে একে একে ইউটিউব চ্যানেলে মুক্তি দেয়া হয়েছে এর ট্রেলার, টিজার ও গান। সবকটিতেই মিলিয়ন মিলিয়ন ভিউ বাগিয়ে নিয়েছে 'হাউসফুল ৫'।

শুধু তাই নয়, সিনেমাটি দেখার জন্য অগ্রিম টিকিট বুকিংয়ের হিড়িক পড়েছে দর্শকের। বাণিজ্য ওয়েবসাইট স্যাকনিল্কের প্রতি-বেদনে বলছে, বুধবার (৪ জুন) সন্ধ্যা পর্যন্ত ১ লাখ ১৬ হাজারের বেশি টিকিট বিক্রি হয়ে গেছে সিনেমাটির। অগ্রিম বুকিংয়ের প্রথম দিন সন্ধ্যা পর্যন্ত এটি আয় করেছে ৩ কোটি টাকার বেশি। কিন্তু ব্লক সিটের হিসেবসহ আয় দাঁড়ায় ৮ কোটি ৪৮ লক্ষ টাকা। যা বলিউডের মুক্তি পাওয়া সব সিনেমার রেকর্ড ভাঙতে চলেছে।

এদিকে নির্মাতারা জানিয়েছে, এরপর ৬১ পৃষ্ঠায়



## পরকীয়ার গুঞ্জনে মুখ খুললেন সারিকা

আজকাল বিনোদন

ব্যবসায়ী মাহিম করিম খানের সঙ্গে প্রথম বিয়ে ভাঙার পর আহমেদ রাহীকে দ্বিতীয়বার বিয়ে করেন জনপ্রিয় অভিনেত্রী ও মডেল সারিকা সাবরিন। কিন্তু বিয়ের তিন বছর পেরোতেই আবারও বিবাহবিচ্ছেদের গুঞ্জন উঠেছে তার জীবনে। আর এজন্য দায়ী করা হয়েছে পরকীয়াকে। গুঞ্জন ছড়িয়ে পড়ায় বিষয়টি নিয়ে সংবাদমাধ্যমে খোলামেলা কথা বলেন অভিনেত্রী। শোবিজ পাড়ায় গুঞ্জন উঠেছে, গুলশানের এক কেমিক্যাল ব্যবসায়ীর সঙ্গে পরকীয়ায় জড়িয়েছেন সারিকা। স্বামীর সঙ্গে দাম্পত্য কলহ বেড়ে যাওয়ায় নতুন এক এরপর ৬১ পৃষ্ঠায়


শুরু হতে যাচ্ছে প্রথমবারে মতো অনলাইন ভিত্তিক মিউজিক্যাল রিয়েলিটি শো
"গোল্ডেন এইজ প্রেজেন্ট ৫২ রাইজিং স্টার ইউ এস এ"
GOLDEN AGE HOME CARE
Licensed Home Health Care Agency
Presents
52 RISING STAR
USA
রেজিস্ট্রশনের জন্য আজই আপনার খালি গলায় গাওয়া যেকোনো একটি বাংলা গান মোবাইলে ভিডিও করে পাঠিয়ে দিন আমাদের কাছে।
বিস্তারিত জানতেঃ
facebook.com/BayannoUSA
অথবা
youtube.com/@bayannousa
রেজিস্ট্রেশনের জন্য যোগাযোগ করুনঃ
০১৮৭৮১৮৪৩০৫ অথবা +১ (৩৪৭) ৫৪৫-৭০৩৯
নিয়মাবলীঃ
১. যেকোনো একটি বাংলা গান খালি গলায় অথবা একটি বাদ্যযন্ত্রের মাধ্যমে মোবাইলে রেকর্ড করতে হবে।
২. ধারনকৃত ভিডিওটি এবং আপনার নাম, মোবাইল নম্বর ও ঠিকানাসহ পাঠিয়ে দিন উপরোক্ত যেকোনো একটি মাধ্যমে।
Title sponsor
GOLDEN AGE HOME CARE
Licensed Home Health Care Agency
Media Partner
News Print Partner
আজকাল
Online Partner
ONLINE
Magazine Partner
LOOK@ME

জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

# বাংলাদেশী ডাক্তার

## মেডিসিন বিশেষজ্ঞ

## Internal Medicine

### Geriatric Medicine

## শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

**TEL: 718-205-6561**





যেসব বিষয়ে পরামর্শ দিই

- ASYLUM Cases
- Business Immigration/Non-Immigrant Work Visa (H-1B, L1A/L1B, O, P, R-1, TN)
- PERM Labor Certification (Employment based Green Card)
- Family Petition
- Deportation
- Cancellation of Removal
- Visas for physicians, nurses, extra-ordinary ability cases
- Appeals
- All other immigration matters

Khagendra Gharti-Chhetry, Esq
Attorney-At-Law

ইমিগ্রেশনসহ যে কোন আইনি সহায়তার জন্য
এ পর্যন্ত আমরা দুই শতাধিক বাংলাদেশীকে বিভিন্ন ডিটেনশন সেন্টার থেকে মুক্ত করেছি।
এখনো শতাধিক বাংলাদেশী ডিটেইনির মামলা পরিচালনা করছি।

আপনাদের সুবিধার্থে আমাদের বাফেলো শাখা থেকেও ইমিগ্রেশন সেবা দিচ্ছে।



বিস্তারিত জানতে যোগাযোগ করুন।
বাফেলো ঠিকানা :
Nasreen K. Ahmed
Chhetry & Associates P.C.
2290 Main Street, Buffalo, NY 14214

Nasreen K. Ahmed
Sr. Legal Consultant
LLM, New York.
Cell: 646-359-3544
Direct: 646-893-6808
nasreenahmed2006@gmail.com

C&A **CHHETRY & ASSOCIATES P.C.**
363 7th Avenue, Suite 1500, New York, NY 10001
Phone: 212-947-1079 ext. 116

PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005



EARN 100K TO 200K PER YEAR

- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

**PROVIDED JOBS TO 7000+ STUDENTS. 100% JOB PLACEMENT RECORD FOR THE LAST 17 YEARS.**

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu

Washington University of Science and Technology

Authorized Employment Agency by: NYC Consumer and Worker Protection

Certified Training Institute by:

If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:

info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

## জ্যামাইকার হিলসাইডে অভিজ্ঞ ও নির্ভুল ট্যাক্স ফাইলিং প্রতিষ্ঠান



IRS e-file

## নুসরাত জেরিন

CALL: 917-436-0954

- সর্বোচ্চ ট্যাক্স রিটার্ন
- কম সময় এবং নূন্যতম ফি
- ট্যাক্স, ইমিগ্রেশন
- কন্সালটেশন, নোটারী পাবলিক
- নির্ভুল, ঝামেলামুক্ত ও সঠিক ট্যাক্স ফাইলিংসহ যাবতীয় কাজ এর জন্য যোগাযোগ করুন।

168-47 Hillside Avenue (FL2)
Suite B, Jamaica, NY 11432
**718-480-6904, 917-436-0954**
Email: globalnusrat@gmail.com

# Clearview Eye Center






## কুইন্সের বহু বছর যাবত চোখের চিকিৎসায় সাফল্য অর্জনকারী ডাক্তার সাজ্জাদ আখতার এর চিকিৎসা নিন

* চোখ আপনার জীবনের অমুল্য সম্পদ
* সময় থাকতে অভিজ্ঞ ডাক্তারের পরামর্শ নিয়ে চোখের সঠিক যত্ন নিন
* আমরা বাংলায় কথা বলি





All kinds of eye's Problems Solved by

**SAJJAD AKHTAR, M.D.**

117-04 Jamaica Ave, Richmond hill, NY 11418

**Tel : 718-847-3937**

25-19 35th Street, Suite: CFAstoria, NY 11103

**Tel : 718-728-3606**

We Accept most of Insurances.



ESTD 2017

# Tribune Training Academy

Workplace Safety Training School

40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



## 40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

**40-HR OSHA/SST: $400 (LIMITED TIME OFFER)**

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.



# Zillur Tax Accounting and Insurance

Accounting, Tax Filling, Audit, Insurance and Real State

## Zillur Rahim



IRS Enrolled Agent, MBA

**646-322-3254**

### Our Services:

- Personal tax filling
- Business tax filling
- New Business Set-up
- Immigration
- Insurance and all kind of form fill up
- Notary

IRS e-file

We help Buying, Selling and Renting

**Zillur Rahim**
Exit Realty Prime

88-11A, 169th St. (2nd floor) Jamaica NY-11432

**646-322-3254, 718-374-3110**

Email : zillurincometaxnyc@gmail.com

Zillurtaxandinsurance.com


সাপ্তাহিক
সত্যের সন্ধানে আপোষহীন
ইনকিলাব
WWW.WEEKLYINQILAB.COM
WEEKLY INQILAB
আপনার পত্রিকা
সংগ্রহ করুন
এখন পাওয়া
যাচ্ছে সর্বত্র
ইনকিলাব
আপোষহীন সংবাদে অঙ্গীকারবদ্ধ
ইনকিলাব এখন পাঠকের হাতের মুঠোয়
অনলাইনে খবর পড়ুন যেকোনো সময়, যেকোনো জায়গা থেকে
www.weeklyinqilab.com
Design by: ihopeprint.com, 929-538-7903
929-328-5971 | info@weeklyinqilab.com
86-11 101 Avenue, Ozone Park, NY-11416



ঈদ উপলক্ষে
10%
DISCOUNT
DUO NEST
REAL ESTATE TUTORING CENTER
নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন
কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!
DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি
কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?
দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।
শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।
আমাদের সুযোগ ও সুবিধা
একককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
পরীক্ষায় আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা
Design by: ihopeprint.com, 929-538-7903
CALL US TODAY TO START YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434
duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2
Jamaica, NY 11432
www.duonest.us




New York Bangladesh Press Club
নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব
বার্ষিক
বনভোজন
২০২৫
তারিখ: ১৪ জুন, শনিবার
Place: Glen Island Park
Weyman Ave, New Rochelle, NY 10805
Pavilion 2
সম্মানিত সুধী,
নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব আগামী ১৪ জুন ২০২৫ শনিবার সকাল ১০ টায় ওয়েস্টচেস্টারের Glen Island Park-এ বনভোজন এর আয়োজন করেছে।
এ অনুষ্ঠানে আপনি সপরিবারে আমন্ত্রিত।
আমন্ত্রণে
মনোয়ারুল ইসলাম
সভাপতি, ৮৪৫-৩৯২-৮৪১৯
মমিনুল ইসলাম মজুমদার
সাধারণ সম্পাদক, 646-645-6904
শেখ সিরাজুল ইসলাম, আলমগীর হোসেন সরকার, সৈয়দ ইলিয়াস খসরু, রশীদ আহমদ, মাহাথির ফারুকী, রওশন হক, জাহিদ রহমান, আবিদুর রহিম, মুস্তাফিজুর রহমান।
দিনভর এই আয়োজনে থাকছে বাহারী খাবার, খেলাধুলা, র‍্যাফেল ড্র, সাংস্কৃতিক অনুষ্ঠান, আরও অনেক বিনোদন।
www.nybdpressclub.org

# Five Star Banquet Hall

5 BANQUET




> Weddings > Events > Catering

> আমাদের শেফ বাংলাদেশী
> আমরা হালাল ফুড পরিবেশন করি
> আমরা বাংলা সহ সব ভাষায় কথা বলি

13-05 43rd Ave
Queens, NY 11101
718-704-4243
718-784-8484
www.5starbanquethall.com

উৎসব হোক
জমজমাট
খাবার হোক
মনোমুগ্ধকর
ফাইভস্টার ব্যানকুইট হল


আমেরিকাসহ সাড়া বিশ্বের প্রবাসি মুসলিম
ভাই বোনদের জানাচ্ছি আমার সালাম ও
পবিত্র ঈদ উল আযহার শুভেচ্ছা !!
ঈদ মোবারক !!
মো: গিয়াস উদ্দিন
সাবেক ছাত্র নেতা এবং সাবেক প্রতিষ্ঠাতা যুগ্ম সম্পাদক
যুক্তরাষ্ট্র বি এন পি

# বেঙ্গালুরুর শিরোপা উদযাপনে নিহত ১১

## পেটানোর অভিযোগ আহত ভক্তের

আজকাল স্পোর্টস

আঠেরোবারের চেষ্টায় আইপিএল চ্যাম্পিয়ন হয়েছে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু। স্বপ্নপূরণ হয়েছে বিরাট কোহলির। যে কারণে এবারের আইপিএল বেঙ্গালুরু সমর্থকদের জন্যও ছিল বিশেষ কিছু। আনন্দে মাতোয়ারা বেঙ্গালুরু তাই উদ্যোগ নিয়েছিল ঘরের মাঠে গিয়ে সমর্থকদের সঙ্গে নিয়ে গ্রান্ড সেলিব্রেশন করার।



প্রিয় দলের প্রিয় তারকাদের সঙ্গে শিরোপা উদযাপন করতে বেঙ্গালুরুতে সেই অনুষ্ঠানে উপস্থিত হয়েছিলেন হাজার হাজার ভক্ত। কিন্তু তাদের সেই আনন্দ মুহূর্তেই রূপ নিলো বিষাদে।

বেঙ্গালুরুতে শিরোপা উদযাপনের অনুষ্ঠানে হুড়োহুড়িতে প্রাণ হারান ১১ জন সমর্থক। আহত হন প্রায় ৫০ জন, যাদেরকে হাসপাতালে ভর্তি করানো হয়।

মর্মান্তিক এ ঘটনায় পুলিশের লাঠিচার্জের অভিযোগ করেন এক ভক্ত। চিন্নাস্বামী স্টেডিয়ামের বাইরে দাঁড়িয়ে বেঙ্গালুরু সমর্থক বলেন, 'আমরা ভুলটা কোথায় করলাম বুঝতে পারছি না... আমাদের তো টিকিট ছিল।'

প্রশান্ত শেঠি নামের এক স্নাতকোত্তর শিক্ষার্থী ভারতীয় গণমাধ্যম এনডিটিভিকে বলেন, 'আমরা প্রিয় তারকাদের দেখতে এসেছিলাম। ফাংশনের জন্য টিকিট কিনেছিলাম, কিন্তু ভিতরে ঢুকতেই পারিনি। পুলিশ হঠাৎ সব রাস্তা বন্ধ করে দেয়, সব প্রবেশপথ বন্ধ করে দেয় এবং হঠাৎ করে প্রধান গেটের সামনে লাঠিচার্জ শুরু করে।'

তিনি যোগ করেন, 'আমরা তো আমন্ত্রণ পেয়েছিলাম, টিকিট কিনেছিলাম, তবু মার খেতে হলো। অপমানিত হতে হলো। ভক্তদের জন্য এটা একটা ভয়ঙ্কর দিন।'

বেঙ্গালুরুর এই প্রোগ্রামের টিকিট মুহূর্তেই বিক্রি হয়ে যায়। কিন্তু যথেষ্ট নিরাপত্তা ব্যবস্থা না থাকায় স্টেডিয়ামের প্রধান ফটকসহ অন্যান্য গেটের বাইরে হুমড়ি খেয়ে পড়েন ভক্তরা। দুপুর সাড়ে ৩টার দিকে ভিড় অতিরিক্ত বেড়ে যায়। ফলে পুলিশ ও স্টেডিয়াম কর্তৃপক্ষ সব গেট বন্ধ করে দেয়। যাতে টিকিটবিহীন লোকজন বৈধ টিকিটধারীদের সঙ্গে ভিতরে ঢুকতে না পারে। বিকাল সাড়ে ৪ টার দিকে ভিড় আরও বাড়ে। যার ফলে পুলিশ বলপ্রয়োগ করে তাদেরকে ছত্রভঙ্গ করে দেয়।

এরপর ৪৮ পৃষ্ঠায়



## অনুশীলন নেই, রোজা রেখেছেন হামজা

আজকাল স্পোর্টস

গত ৪ জুন ভুটানের বিপক্ষে ২-০ গোলের দুর্দান্ত জয় দিয়ে বাংলাদেশের ফুটবলের নবজাগরণের যাত্রা শুরু করেছেন হামজা চৌধুরী-সোহেল রানারা। সামনে লাল-সবুজ দলের সিঙ্গাপুর পরীক্ষা। এশিয়ান কাপ বাছাইয়ের সেই ম্যাচের এখনও ৫ দিন বাকি। তাই ভুটান ম্যাচের পর দিন গতকালও কোনো অনুশীলন রাখা হয়নি। হোটেলেই রিকভারি সেশন চলছে খেলোয়াড়দের। আগামী ৭ জুন বাংলাদেশে ঈদুল আজহা। মুসলিম ধর্মাবলম্বীদের অনেকেই এই ঈদের আগে রোজা রেখে থাকেন। হামজা চৌধুরীও রোজা রেখেছেন। অনুশীলন না থাকায় কাজটা একটু সহজ হয়েছে তারকা এই ফুটবলারের জন্য।

ইউরোপে বড় হলেও হামজা মুসলিম ধর্মপরায়ণ। দলীয় সূত্রে জানা গেছে, হামজার

এরপর ৪৮ পৃষ্ঠায়



## চিলির বিপক্ষে আর্জেন্টিনার হয়ে খেলবেন মেসি?

আজকাল স্পোর্টস

লাতিন আমেরিকা অঞ্চলের বাছাইপর্বে বাংলাদেশ সময় আজ শুক্রবার সকাল ৭টায় চিলির মুখোমুখি হবে আর্জেন্টিনা। এই ম্যাচে সান্তিয়াগোতে বিশ্বচ্যাম্পিয়নদের আতিথ্য দেবে চিলি। মেসিভক্তদের মনে কৌতূহল, আজ আর্জেন্টিনার জার্সিতে দেখা যাবে আটবারের ব্যালন ডি'অরজয়ী তারকাকে? কেননা মেসিকে ৭ সর্বশেষ মাস প্রিয় জার্সি গায়ে খেলতে দেখেননি তারা।

৩৭ বছর বয়সী মেসি সর্বশেষ জাতীয় দলে খেলেছেন গেল বছরের নভেম্বরে। এরপর পেশির চোটে মার্চ উইন্ডোতে বিশ্বচ্যাম্পিয়নদের দুই ম্যাচে (প্রতিপক্ষ উরুগুয়ে ও ব্রাজিল) অংশ নিতে পারেননি। তবে ইতিমধ্যেই ২০২৬ বিশ্বকাপের টিকিট নিশ্চিত করে ফেলেছে ডিফেন্ডিং চ্যাম্পিয়ন আর্জেন্টিনা। চিলির ম্যাচটি তুলনামূলক কম গুরুত্বের হলেও ভক্তদের জন্য সুখবর হলো, আগামীকালের ম্যাচ খেলার জন্য পুরোপুরি প্রস্তুত মেসি।

আর্জেন্টিনার কোচ লিওনেল স্কালোনি বুধবার ম্যাচপূর্ব সংবাদ সম্মেলনে সেটি নিশ্চিত করেছেন। তিনি বলেন, 'আমরা এমন একটি অবস্থানে আছি যেখানে নতুন কিছু চেষ্টা করা যায়। বাস্তবিক অর্থে, সে (মেসি) খেলতে প্রস্তুত রয়েছে। কিন্তু আমরা পরে সিদ্ধান্ত নেবো।'

মেসি শুরুর একাদশে থাকবেন কিনা, তা নিয়েও ভক্তদের কৌতূহল রয়েছে। যে কারণে এই বিষয়টি নিয়েও স্কালোনিকে প্রশ্ন করেন সাংবাদিকরা। তবে এ জবাব স্পষ্ট করে দিতে পারেননি স্কালোনি।

এরপর ৬১ পৃষ্ঠায়



## ২০২৬ পর্যন্ত বাংলাদেশের কাণ্ডারি শান্ত

আজকাল স্পোর্টস

২০২৩ বিশ্বকাপের পর থেকেই বাংলাদেশের অধিনায়ক নাজমুল হোসেন শান্ত। তবে সে সময় তাকে অধিনায়কত্বটা দেওয়া হয়েছিল এক বছরের জন্য। যা শেষমেশ বাড়িয়ে চ্যাম্পিয়ন্স ট্রফি পর্যন্ত করা হয়।

এর মাঝে শান্ত একবার নেতৃত্ব ছেড়ে দেওয়ার কথা জানিয়েছিলেন বিসিবিকে। তবে এরপরও তাকে বুঝিয়ে নেতৃত্বে রাখে বোর্ড। তবে টি-টোয়েন্টিতে তিনি নেতৃত্ব ছেড়ে দিয়েছেন গেল বছরের শেষ দিকে। বাকি দুই ফরম্যাটে নেতৃত্ব দিচ্ছেন দলকে। ওয়ানডে ফরম্যাটে তার নেতৃত্বের ভবিষ্যৎ কী, তা এখনও জানা যায়নি। তবে টেস্ট ফরম্যাটে আরও এক বছর তিনিই থাকছেন নেতৃত্বে। গতকাল এক বিবৃতিতে এমনটাই জানিয়েছে বিসিবি।

বিসিবির প্রকাশিত প্রেস বিজ্ঞপ্তিতে লেখা হয়েছে, 'টপ অর্ডার ব্যাটার নাজমুল হোসেন শান্ত বাংলাদেশের টেস্ট অধিনায়ক হিসেবে আরও এক বছর থাকছেন, যে দায়িত্ব তিনি ২০২৪ সালে পেয়েছিলেন। মেহেদী হাসান মিরাজ সহ-অধিনায়কের দায়িত্ব চালিয়ে যাবেন। এই জুটি আগের মৌসুমে টেস্ট দলকে নেতৃত্ব দিয়েছিল, এরাই দায়িত্বে বহাল থাকবেন।'

আইসিসি টেস্ট চ্যাম্পিয়নশিপের চতুর্থ চক্র শুরু হচ্ছে শিগগিরই। বাংলাদেশের শ্রীলঙ্কা সফর দিয়ে শুরু হবে যাত্রাটা। এই যাত্রার শুরুতে নাজমুল হোসেন শান্তই থাকছেন বাংলাদেশের কাণ্ডারি।

এই সিরিজ খেলতে চলতি মাসে শ্রীলঙ্কায় যাচ্ছে বাংলাদেশ দল। সিরিজের শুরুতে দুটি টেস্ট ম্যাচ খেলবে বাংলাদেশ ও শ্রীলঙ্কা। আর সেই টেস্টের জন্য বুধবার (৪ জুন) ১৬ সদস্যের স্কোয়াড ঘোষণা করে বিসিবি। সেই দলের অধিনায়ক হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে নাজমুল হোসেন শান্তকে। আর সেখানেই জানানো হয়েছে তার ২০২৬ সাল

এরপর ৬১ পৃষ্ঠায়

## একটি বিশ্বকাপ জিততে ২০৩৪ পর্যন্তও খেলবেন রোনালদো!

আজকাল স্পোর্টস



বয়স তার ৪০; কিন্তু ফুটবল মাঠে যখন খেলতে নামেন, তখন তার শরীরের বয়স নেমে আসে অনেক নিচে। কখনো কখনো মনে হবে, ২৫-২৬ বছরের তরুণরাও ক্রিস্টিয়ানো রোনালদোর সঙ্গে কুলিয়ে উঠবেন না। ক্যারিয়ারজুড়ে পারফরম্যান্স দিয়েই তিনি অসংখ্য প্রতিকূলতাকে জয় এবং সমালোচকদের মুখ বন্ধ করে এসেছেন। ২০২৬ এর গ্রীষ্মে নামবেন ষষ্ঠ বিশ্বকাপ খেলতে। যেখানে তিনি অংশ নেবেন অন্যতম প্রধান তারকা হিসেবে।

ক্যারিয়ারে ৫টি ব্যালন ডি'অর এবং ৫টি চ্যাম্পিয়ন্স লিগ শিরোপা জয় করেছেন ক্রিস্টিয়ানো রোনালদো। সঙ্গে একটি ইউরো এবং একটি উয়েফা নেশন্স কাপ রয়েছে তার ঝুলিতে। কিন্তু লিওনেল মেসির মত একটি বিশ্বকাপ শিরোপা নেই রোনালদোর ঘরে। ২০২২ সালে মেসি প্রথমবারের মত বিশ্বকাপ শিরোপা জয় করে ফেলেছেন।

এবার কি তাহলে রোনালদোও বিশ্বকাপ শিরোপা জয় করতে মরিয়া! অন্তত মাঠের পারফরম্যান্স, তার কঠোর পরিশ্রম এবং এই বয়সেও নিজেকে পুরো ৯০ মিনিটের জন্য ফিট রাখা- অস্বাভাবিক। এসবই বলে দেয়, বিশ্বসেরার খেতাব জিততে তিনি কতটা মরিয়া।

বুধবার রাতে উয়েফা নেশন্স লিগের সেমিফাইনালে জার্মানির বিপক্ষে তার পারফরম্যান্স এবং একটি অসাধারণ গোলই

এরপর ৪৮ পৃষ্ঠায়

## প্রথমবার বিশ্বকাপের টিকিট কাটল উজবেকিস্তান



আজকাল স্পোর্টস

আবুধাবিতে স্বাগতিক সংযুক্ত আরব আমিরাতের বিপক্ষে ম্যাচটিতে ১ পয়েন্ট পেলেই চলত উজবেকিস্তানের। মাঠে নেমে ঠিক সে কাজটাই করেছেন তারা। আমিরাতের সঙ্গে গোলশূন্য ড্র করে ইতিহাসের পাতায় ঠাঁই করে নিয়েছে মধ্য এশিয়ার দলটি। প্রথমবার মতো ফুটবল বিশ্বকাপের মঞ্চে জায়গা করে নিয়েছে উজবেকরা। যদিও গুরুত্বপূর্ণ এই ম্যাচে উজবেকিস্তানকে কঠিন চ্যালেঞ্জের মুখে পড়তে হয়েছিল।

এরপর ৪৬ পৃষ্ঠায়

## চিলির বিপক্ষে আর্জেন্টিনার হয়ে খেলবেন মেসি?

৬০ পৃষ্ঠার পর

স্কালোনি বলেন, 'আমরা সম্প্রতি মেসির সঙ্গে যোগাযোগ করেছি। সে শুরু থেকে খেলবে কি না, সেটা এখনো ঠিক করিনি। তার শারীরিক অবস্থা কেমন, সেটা জানা গুরুত্বপূর্ণ।'

বেশ কয়েকজন মূল খেলোয়াড় ইনজুরি ও নিষেধাজ্ঞার কারণে খেলতে পারবেন না। এর মধ্যে বেনফিকার অভিজ্ঞ ডিফেন্ডার নিকোলাস ওতামেন্দি এক ম্যাচের জন্য নিষিদ্ধ থাকায় চিলির বিপক্ষে ম্যাচ মিস করবেন। তার জায়গায় টটেনহাম হটস্পারের ক্রিস্টিয়ান রোমেরোর সঙ্গী হিসেবে লিওনার্দো বালার্দি অথবা ফাকুন্দো মেদিনা দলে জায়গা পেতে পারেন।

আর্জেন্টিনার মিডফিল্ডেও বড় পরিবর্তন আসবে। কারণ, লিভারপুলের আলেক্সিস ম্যাক অ্যালিস্টার ইনজুরি এবং চেলসির এনজো ফার্নান্দেজ ও রোমার লিয়ান্দ্রো পারেদেস হলুদ কার্ডের কারণে এক ম্যাচ নিষিদ্ধ রয়েছেন।

চোট ও নিষেধাজ্ঞার কারণে অভিজ্ঞ কয়েকজন না থাকায় এটি তরুণ ও নতুন খেলোয়াড়দের জন্য বড় সুযোগ মনে করেন স্কালোনি। আগামী বছর যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডায় অনুষ্ঠিত হতে যাওয়া বিশ্বকাপের শিরোপা ধরে রাখার মিশনেও এটি কাজে দিবে বলে ধারণা তার।

স্কালোনি বলেন, 'আমাদের অনেক খেলোয়াড় বাইরে আছে। যাদের ডাক দিয়েছি এবং যারা ফিট রয়েছে, তাদের খেলার সুযোগ দেওয়া হবে। এখনো একাদশ ঠিক করিনি। কিন্তু এমন খেলোয়াড়দের মাঠে নামাব, যারা এখনো বেশি খেলার সুযোগ পায়নি; অথচ তারা এখন প্রস্তুত।'

তিনি যোগ করেন, 'ফলাফল সবসময় গুরুত্বপূর্ণ। কিন্তু এই মুহূর্তে তা অতটা জরুরি নয়। আমরা মূলত নতুনদের মানিয়ে নিতে সাহায্য করতে চাই, তাদের অভিজ্ঞতা দিতে চাই।'

৪৭ বছর বয়সী এই কোচ জোর দিয়ে বলেন, আর্জেন্টিনার মানসিকতা অপরিবর্তিত এবং ভালো পারফরম্যান্স দেওয়াই এখনো মূল লক্ষ্য। স্কালোনি বলেন, 'আমরা খেলতে চাই। নতুন খেলোয়াড়দের দেখা, এমনকি যারা ভালো করছে তাদেরও দেখা- সবই আমাদের জন্য গুরুত্বপূর্ণ। এমন নয় যে আমরা বেশি ম্যাচ খেলি, তাই এই ম্যাচ খেলতে চাই না। বরং আমরা মনে করি, এটি একটি ভালো ম্যাচ। কিছু চ্যালেঞ্জ থাকবে, কিন্তু আমরা ভালো অবস্থানে আছি।'

## হজের খুতবায় শায়খ সালেহ বিন হুমাইদ

২৭ পৃষ্ঠার পর

